১৬২ পি, নং ।—১৮৯৫ সাল ১৪ জানুয়ারি ।—বাঁকুড়া জিলার অন্তর্গত রাইপুরের গ্রাম্য সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু গৌরীপ্রসাদ সরকার বর্দ্ধমান জিলার অন্তর্গত খণ্ডঘোষের গ্রাম্য সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন ।

১৬৫ পি, নং ।—১৮৯৫ সাল ১৫ জানুয়ারি ।—ময়মনসিংহ জিলার অন্তর্গত নিকলির গ্রাম্য সব-রেজিষ্ট্রার শ্রীযুত মৌলবী আবুল মজফর আবদুল আলি খাঁ উক্ত জিলার অন্তর্গত নেত্রকোণার গ্রাম্য সব রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন ।

ময়মনসিংহ জিলার অন্তর্গত নেত্রকোণার গ্রাম্য সব রেজিষ্ট্রার শ্রীযুত মৌলবী মেহের আলি মল্লিক উক্ত জিলার অন্তর্গত নিকলির গ্রাম্য সব রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন ।

২০৯ পি, নং ।—১৮৯৫ সাল ২১ জানুয়ারি ।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৯৪ সালের ২৯ ডিসেম্বর তারিখের ৩২৪৮ পি, নং বিজ্ঞাপন পরিবর্ত্তন করিয়া, বর্দ্ধমান জিলার অন্তর্গত জামালপুরের সব-রেজিষ্টরী আফিসের সদর স্থান জামালপুরে না হইয়া ময়নায় হইবার অনুমতি দিলেন।

এচ্, জে, এস্, কটন্,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী ।

বঙ্গদেশের গবর্ণমেণ্ট,—মেরিন্ ডিপার্টমেণ্ট ।

১৮৯৫ সাল ২ জানুয়ারি ।

মেরিন্ ১ নং ।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি পেট্রোলিয়ম বিষয়ক ১৮৮৬ সালের আইনের ১১ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া এবং ১৮৯২ সালের নবেম্বর মাসের ২ তারিখের কলিকাতা গেজেটের ১ খণ্ডের ৯৭৬ পৃষ্ঠায় প্রকাশিত নবেম্বর মাসের ১ তারিখের মেরিন্ ১০৩ নং বিজ্ঞাপনক্রমে অনুমোদিত বিধি রহিত করিয়া তিনি, নিম্ন বঙ্গ প্রদেশে পেট্রোলিয়ম নিকটে রাখিবার ও চালান করিবার লাইসেন্স দেওন সম্বন্ধে নিয়ম করণার্থ নিম্নলিখিত সংশোধিত বিধি অনুমোদন করিবার প্রস্তাব করিতেছেন । উক্ত বিধি গেজেটে প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাস অতীত হইলে পর বিবেচনা করা যাইবে । কোন ব্যক্তি উক্ত কালের মধ্যে উক্ত বিধি সম্বন্ধে কোন পরামর্শ দিলে বা মন্তব্য প্রকাশ করিলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব আহ্লাদ পূর্ব্বক তাহা বিবেচনা করিবেন ।

সি ডবলিউ, অড্লিং,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী ।

উপক্রমণিকা ।

১ । নিম্নলিখিত বিধিগুলি আশঙ্কাজনক পেট্রোলিয়মের প্রতি যত দূর বর্ত্তে ততদূর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন সমস্ত দেশে এবং অন্যান্য পেট্রোলিয়মের প্রতি যতদূর বর্ত্তে ততদূর ১৮৯১ সালের ১২ আইন দ্বারা সংশোধিত ১৮৮৬ সালের ১২ আইনের ১ ধারার ৩ প্রকরণমতে বিজ্ঞাপন দিয়া স্থানীয় গবর্ণমেণ্ট আইনের অবশিষ্টাংশ উপস্থিত সময়ে যে স্থানে প্রচলিত করেন কেবল সেই স্থানে প্রচলিত হইবে ।

2. In these Rules, including the forms annexed thereto,—

I. All words and expressions defined in the Act shall have the meanings respectively assigned to them in the Act:

II. "the town of Calcutta" means all places within the local limits of the original civil jurisdiction of the High Court of Judicature at Fort William in Bengal: and

III. "the Municipality of Calcutta" means the municipal limits of Calcutta as defined in the Calcutta Municipal Consolidation Act, 1888.

Possession of Petroleum.

3. Licenses for the possession of petroleum within the town of Calcutta shall be granted only when (1) the quantity of petroleum to be kept in one place does not exceed 50,000 gallons, and (2) the place intended to be used for the keeping of the petroleum fulfils the following conditions, namely: (*a*) if the quantity of petroleum to be kept in the place does not exceed 5,000 gallons, the building itself shall be constructed of masonry with a terraced or iron roof, and the doorways and other openings of the building shall be built up to a height of not less than two feet above the level of the road or street, or the floor shall be sunk at least two feet below the level of the road or street, so that the petroleum cannot flow out of the place in case of fire; (*b*) if the quantity of petroleum to be kept in the place exceeds 5,000 gallons, the building itself shall be constructed of masonry with a terraced or iron roof, and the doorways and other openings of the building shall be built up to a height of not less than three feet above the level of the road or street, or the floor shall be sunk at least three feet below the level of the road or street, so that the petroleum cannot flow out of the place in case of fire, and there shall be a clear open space of at least twenty feet round the building.

4. Licenses for the possession of petroleum *in places* outside the town of Calcutta, and *which are not situated within any Municipal limits* shall, if the quantity of petroleum to be kept in the place does not exceed 50,000 gallons, be granted on the same terms as those granted in the town of Calcutta for the possession in one place of not more than 5,000 gallons. If a license for the possession in one place of a larger quantity than 50,000 gallons be required, the license shall be granted on the same conditions as those granted in the town of Calcutta for the possession in one place of petroleum exceeding in quantity 5,000 gallons: provided that, if the place in which the petroleum is to be kept is situated within one hundred yards of the river Hooghly or Tolly's Nullah, or the Circular Canal, the building shall further be surrounded by a wall or earthen embankment not less than four feet high, with a trench close to, and completely surrounding the building, of sufficient capacity to hold all the petroleum stored, and to prevent its escape beyond the limits of the trench in case of fire.

5. *Licenses under Act XII of* 1886 *for the possession of petroleum are not required in places situated within Municipal limits, other than Calcutta.*

6. Notwithstanding anything in rules 3 and 4, and subject to such conditions as may be prescribed in each case, a license may be granted for the possession of any stated quantity of petroleum in a place specially prepared for the storage of petroleum in bulk, in accordance with plans and specifications approved by the Local Government. The capacity in gallons shall be conspicuously marked on every storage-tank or other receptacle in such place.

7. The District Magistrate, or, in the town of Calcutta, the Commissioner of Police, or any Police Officer of, or above, the rank of head constable appointed by him in writing for this purpose, may enter any place in respect of which a license for the possession of petroleum has been granted, for the purpose of inspecting the same at any time after sunrise and before sunset.

8. The District Magistrate, Commissioner of Police or any Police Officer as aforesaid, may require a sample to be delivered to him from any tank or other receptacle containing

২। এই বিধিগুলিতে ও তৎসংযুক্ত কারমে—

প্রথম।—যে সকল শব্দের ও শব্দাবলির অর্থ আইনে নির্দ্দিষ্ট হইয়াছে তাহার যেং অর্থ ক্রমান্বয়ে আইনে নির্দ্দিষ্ট হইয়াছে সেইং অর্থ থাকিবে।

দ্বিতীয়।—“ কলিকাতা নগর ” শব্দে বঙ্গদেশস্থ কোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের সরেনও দেওয়ানী বিচারাধিকারের স্থাম সীমার অন্তর্গত সমস্ত স্থান বুঝাইবে। এবং

তৃতীয়।—“ কলিকাতা মুনিসিপালিটী ” শব্দে ১৮৮৮ সালের কলিকাতার মুনিসিপল আইন সংগ্রহ বিষয়ক আইনে নির্দ্দিষ্ট কলিকাতার মুনিসিপাল সীমা বুঝাইবে।

পেট্রোলিয়ম নিকটে রাখিবার কথা।

৩। কলিকাতা নগরে পেট্রোলিয়ম নিকটে রাখিবার লাইসেন্স কেবল এইং স্থলে দেওয়া যাইবে অর্থাৎ (১) কোন এক স্থানে যে পেট্রোলিয়ম রাখা হইবে তাহার পরিমাণ ৫০,০০০ গ্যালনের অধিক না হইলে এবং (২) পেট্রোলিয়ম রাখিবার নিমিত্ত যে স্থান ব্যবহার করিবার অভিপ্রায় থাকে তৎসম্বন্ধে নিম্নলিখিত নিয়ম পালিত হইলে যথা (ক) যে পরিমাণ পেট্রোলিয়ম ঐ স্থানে রাখা হইবে তাহা ৫০০০ গ্যালনের অধিক না হইলে ঘরটি ইষ্টক নির্ম্মিত হইবে ও তাহার পাকা বা লোহার ছাদ থাকিবে, ও ঐ ঘরের দ্বার ও অন্যান্য ফুকর রাস্তার বা ষ্ট্রীটের সমতল হইতে অন্যূন ২ ফুট উচ্চ করিয়া রাখিতে হইবে অথবা মেজ্যা রাস্তা বা ষ্ট্রীটের সমতলের অন্যূন ২ ফুট নীচে নামাইয়া দিতে হইবে, যেন আগুন লাগিলে পেট্রোলিয়ম ঐ স্থানের বাহিরে গড়াইয়া আসিতে না পারে (খ) যে পরিমাণ পেট্রোলিয়ম ঐ স্থানে রাখা হইবে তাহা ৫০০০ গ্যালনের অধিক হইলে ঘরটি ইষ্টক নির্ম্মিত হইবে ও উহার পাকা বা লোহার ছাদ থাকিবে ও ঐ ঘরের দ্বার ও অন্যান্য ফুকর রাস্তার বা ষ্ট্রীটের সমতলের অন্যূন ৩ ফুট উচ্চ করিয়া রাখিতে হইবে অথবা মেজ্যা রাস্তা বা ষ্ট্রীটের সমতলের অন্যূম ৩ ফুট নীচে নামাইয়া দিতে হইবে, যেন আগুন লাগিলে পেট্রোলিয়ম ঐ স্থানের বাহিরে গড়াইয়া যাইতে না পারে এবং ঐ ঘরের চারিদিকে অন্যূন ২০ ফুট করিয়া খোলা স্থান থাকিবে।

৪। কলিকাতা নগরের বহির্ভূত এবং কোন মুনিসিপল সীমার অন্তর্গত নহে এমত কোন স্থানে পেট্রোলিয়ম রাখিবার লাইসেন্স ঐ স্থানে যে পরিমাণ পেট্রোলিয়ম রাখা হইবে তাহা ৫০,০০০ গ্যালনের অধিক না হইলে কলিকাতার এক স্থানে ৫০০০ গ্যালনের অনধিক পরিমাণ পেট্রোলিয়ম রাখিবার নিমিত্ত যেং নিয়মে লাইসেন্স দেওয়া যায় সেইং নিয়মে দেওয়া যাইবে। যদি এক স্থানে ৫০,০০০ গ্যালনের অধিক পরিমাণ রাখিবার লাইসেন্স আবশ্যক হয় তাহা হইলে কলিকাতার এক স্থানে ৫,০০০ গ্যালনের অধিক পরিমাণ পেট্রোলিয়ম রাখিবার নিমিত্ত যেং নিয়মে লাইসেন্স দেওয়া যায় সেইং নিয়মে লাইসেন্স দেওয়া যাইবে। কিন্তু যে স্থানে পেট্রোলিয়ম রাখিতে হইবে সেই স্থান হুগলী নদী, বা টালির নালা কিম্বা সরকুলের খালের একশত গজের মধ্যে থাকিলে ঘরটি চারি ফুটের কম উচ্চ না হয় এমত প্রাচীর বা মাটির বাঁধ দিয়া পরিবেষ্টিত রাখিতে হইবে এবং ঐ ঘরের নিকট ও তাহা সম্পূর্ণ পরিবেষ্টন করিয়া এরূপ একটী খাত থাকিবে যাহাতে গুদামজাত সমস্ত পেট্রোলিয়ম ধরিতে পারে এবং আগুন লাগিলে যাহাতে খাতের সীমার বাহিরে পেট্রোলিয়ম যাওয়া নিবারিত হয়।

৫। কলিকাতাভিন্ন অন্য মুনিসিপল সীমার অন্তর্গত স্থানে পেট্রোলিয়ম নিকটে রাখিবার নিমিত্ত ১৮৮৬ সালের ১২ আইনমত লাইসেন্সের প্রয়োজন নাই।

৬। এই বিধির ৩ ও ৪ ধারায় যাহা কিছু থাকে তাহা সত্তেও এবং প্রত্যেক স্থলে যেং নিয়ম নির্দ্দিষ্ট হয় সেইং নিয়মের অধীনে রাশীকৃত পেট্রোলিয়ম গুদামজাত করিয়া রাখিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেন্টের অনুমোদিত নক্সা ও বিশেষ বিবরণ অনুসারে বিশেষমতে প্রস্তুত কোন স্থানে যে কোন কথিত পরিমাণ পেট্রোলিয়ম রাখিবার লাইসেন্স দেওয়া যাইতে পারিবে। উক্ত স্থানে গুদামজাত করণের প্রত্যেক টাঙ্কে বা অন্য আধারে যত গ্যালন ধরিতে পারে তাহা প্রকাশ্য রূপে চিহ্ন করা থাকিবে।

৭। জিলার মাজিষ্ট্রেট সাহেব কিম্বা কলিকাতা নগরে পোলীসের কমিশনর সাহেব কিম্বা এতদর্থে তৎকর্ত্তৃক লিখনক্রমে নিযুক্ত হেড কনষ্টাবলের পদস্থ বা তদূর্দ্ধ পদস্থ পোলীসের কোন কর্ম্মচারী, যে স্থান সম্বন্ধে পেট্রোলিয়ম রাখিবার লাইসেন্স দেওয়া গিয়াছে সেই স্থান পরিদর্শন করিবার নিমিত্ত সূর্য্যোদয়ের পর ও সূর্য্যাস্তের পূর্ব্বে যে কোন সময়ে ঐ স্থানে প্রবেশ করিতে পারিবেন।

৮। কোন জিলার মাজিষ্ট্রেট সাহেব, পোলীসের কমিশনর সাহেব কিম্বা উপরোক্ত পোলীসের কোন কর্ম্মচারী কোন লাইসেন্স প্রাপ্ত বাটীতে গুদামজাত পেট্রোলিয়ম পূর্ণ কোন টাঙ্ক বা অপর পাত্র-

petroleum stored in any licensed premises. The procedure prescribed in sections 12 and 13 of the Act shall apply to any demand for samples made under this Rule, and to the testing of such samples.

9. The following fees shall be charged for licenses for the possession of petroleum under the Act in places situated within the Municipality of Calcutta :—

	Rs.
Licenses for the possession of dangerous petroleum—	
When the quantity to be stored exceeds 40 gallons (section 5), for every 40 gallons or fraction of 40 gallons	5
When the quantity to be stored does not exceed 40 gallons (section 6)	3

Licenses for the possession of other petroleum—

	Rs.	
When the quantity to be stored exceeds 500, but does not exceed 1,000 gallons	12	
When the quantity to be stored exceeds 1,000 gallons but does not exceed 5,000 gallons	2	extra for each 1,000 gallons or part of 1,000 gallons in excess of 1,000 gallons.
When the quantity to be stored exceeds 5,000 gallons ...	4	for every (additional) 1,000 gallons or part of 1,000 gallons in excess of 5,000 gallons.

10. The fees for licenses for the possession of petroleum in places situated beyond the limits of the Municipality of Calcutta shall be half those prescribed in Rule 9.

11. Every license for the possession of petroleum in any place shall specify the maximum quantity of petroleum which may be stored in that place.

12. Licenses for the possession of petroleum shall be in force for one year from the date of the grant of the license : provided that the Licensing Officer or the Local Government may, at any time, for good and sufficient reason, cancel a license.

13. Any sheds on the land belonging to the Commissioners of the Port of Calcutta and appertaining to the Budge Budge Petroleum Depôt, and any sheds used by the Port Commissioners for the temporary storage of petroleum brought into the Port of Calcutta under Rule 3 of the Rules made by the Lieutenant-Governor of Bengal under section 8 of the Act, whether such sheds now exist, or may hereafter be erected, shall be deemed to be places in respect to which licenses for the possession of petroleum have been granted under these Rules.

14. Any tank or other receptacle for the storage of petroleum in bulk that may be erected on the land belonging to the Commissioners of the Port of Calcutta, and appertaining to the Budge Budge Petroleum Depôt, shall be deemed to be a place in respect of which a license for the possession of petroleum has been granted under Rule 5 of these Rules.

Transport of Petroleum.

15. (1) Licenses for the transport of petroleum other than dangerous petroleum in quantities exceeding 500 gallons may be either general or special. Licenses for the transport of dangerous petroleum shall be special only.

(2) Licenses for the transport of petroleum other than "in bulk" shall only be granted if the petroleum to be transported is packed in air-tight tins or other vessels not easily broken, or is contained in bottles securely stopped and carefully packed so as to avoid risk of breakage.

(3) Licenses for the transport of petroleum other than dangerous petroleum in bulk by railway may be granted, if the petroleum is contained in waggons approved by the Railway Administration over whose line it is proposed to transport it.

হইতে তাঁহাকে নমুনা দেওয়া হউক এই বলিয়া আদেশ করিতে পারিবেন। এই ধারামতে নমুনার যে দাওয়া করা যায় তৎসম্বন্ধে ও উক্ত নমুনার পরীক্ষাকরণ সম্বন্ধে আইনের ১২ ও ১৩ ধারার নির্দ্দিষ্ট কার্য্যপ্রণালী খাটিবে।

৯। কলিকাতা মুনিসিপালিটীর অন্তর্গত সকল স্থানে আইনমত পেট্রোলিয়ম রাখিবার লাইসেন্সের নিমিত্ত নিম্নলিখিত ফী লওয়া যাইবে।

	টাকা।
আশঙ্কাজনক পেট্রোলিয়ম রাখিবার লাইসেন্স,—	
যে পরিমাণ গুদামজাত করা হইবে তাহা ৪০ গ্যালনের অধিক হইলে (আইনের ৫ ধারা) প্রত্যেক ৪০ গ্যালন বা ৪০ গ্যালনের ভগ্নাংশ নিমিত্ত	৫৲
যে পরিমাণ গুদামজাত করা হইবে তাহা ৪০ গ্যালনের অধিক না হইলে (আইনের ৬ ধারা)	৩৲
অন্য পেট্রোলিয়ম রাখিবার লাইসেন্স,—	
যে পরিমাণ গুদামজাত করা হইবে তাহা ৫০০ গ্যালনের অধিক কিন্তু ১০০০ গ্যালনের অধিক না হইলে	১২৲
যে পরিমাণ গুদামজাত করা হইবে তাহা ১০০০ গ্যালনের অধিক কিন্তু ৫০০০ গ্যালনের অধিক না হইলে ১০০০ গ্যালনের উপর প্রত্যেক ১০০০ গ্যালন বা ১০০০ গ্যালনের কোন অংশ নিমিত্ত অতিরিক্ত ...	২৲
যে পরিমাণ গুদামজাত করা হইবে তাহা ৫০০০ গ্যালনের অধিক হইলে ৫০০০ গ্যালনের উপর প্রত্যেক অতিরিক্ত ১০০০ গ্যালন বা ১০০০ গ্যালনের কোন অংশ নিমিত্ত	৪৲

১০। কলিকাতা মুনিসিপালিটীর সীমার বহির্ভূত স্থানে পেট্রোলিয়ম রাখিবার লাইসেন্সের ফী ৯ বিধির নির্দ্দিষ্ট ফীর অর্দ্ধেক হইবে।

১১। কোন স্থানে পেট্রোলিয়ম রাখিবার প্রত্যেক লাইসেন্সে ঊর্দ্ধসংখ্যা যত পেট্রোলিয়ম ঐ স্থানে গুদামজাত করা যাইতে পারে তাহা লিখিত থাকিবে।

১২। পেট্রোলিয়ম রাখিবার লাইসেন্স যে তারিখে দেওয়া যায় সেই তারিখ অবধি উক্ত লাইসেন্স এক বৎসর বাহাল থাকিবে। কিন্তু যে কর্ম্মচারী লাইসেন্স দেন তিনি বা স্থানীয় গবর্ণমেণ্ট যে কোন সময়ে উত্তম ও উপযুক্ত কারণে কোন লাইসেন্স রহিত করিতে পারিবেন।

১৩। কলিকাতার পোর্ট কমিশনরদের অধিকৃত এবং বজবজস্থ পেট্রোলিয়ম ডিপোর অন্তর্গত ভূমিতে যেং শেড এক্ষণে আছে বা পরে প্রস্তুত করা যাইবে এবং আইনের ৮ ধারামতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত বিধির ৩ বিধিমতে যে পেট্রোলিয়ম কলিকাতা বন্দরে আনীত হয় সেই পেট্রোলিয়ম কিয়ৎকালের নিমিত্ত গুদামজাত করিবার জন্যে পোর্ট কমিশনরদের ব্যবহৃত যেং শেড এইক্ষণে আছে বা পরে প্রস্তুত করা যাইবে সেইং শেড সম্বন্ধে এই সকল বিধি অনুসারে পেট্রোলিয়ম রাখিবার লাইসেন্স দেওয়া গিয়াছে বলিয়া জ্ঞান হইবে।

১৪। রাশীকৃত পেট্রোলিয়ম গুদামজাত করিবার নিমিত্ত যে টাঙ্ক বা অন্য আধার পোর্ট কমিশনরদের অধিকৃত ও বজবজের পেট্রোলিয়ম ডিপোর অন্তর্গত ভূমিতে নির্ম্মাণ করা যাইবে সেই স্থানসম্বন্ধে এই সকল বিধির ৫ বিধিমতে পেট্রোলিয়ম রাখিবার লাইসেন্স দেওয়া গিয়াছে বলিয়া জ্ঞান হইবে।

পেট্রোলিয়ম চালান দিবার বিধি।

১৫। (১) আশঙ্কাজনক পেট্রোলিয়ম ভিন্ন ৫০০ গ্যালনের অধিক পরিমাণ অন্য পেট্রোলিয়ম চালান করিবার লাইসেন্সপত্র সাধারণ বা বিশেষ হইতে পারিবে। আশঙ্কাজনক পেট্রোলিয়ম চালান করিবার কেবল বিশেষ লাইসেন্সপত্র দেওয়া যাইবে।

(২) রাশীকৃত ভিন্ন অন্য পেট্রোলিয়ম যাহাতে বায়ু প্রবেশ করিতে না পারে এমন টিনে, বা যাঁহা সহজে ভাজে না এমন পাত্রে প্যাক করা থাকিলে কিম্বা খুব আঁটিয়া ছিপি দেওয়া বোতলে থাকিলে এবং যাহাতে ভাঙ্গিবার আশঙ্কা না থাকে এরূপভাবে প্যাক করা থাকিলেই ঐ পেট্রোলিয়ম চালানের লাইসেন্স দেওয়া যাইবে।

(৩) আশঙ্কাজনক পেট্রোলিয়ম ভিন্ন রাশীকৃত অন্য পেট্রোলিয়ম যে রেলওয়ে কর্ত্তৃপক্ষদের লাইন দিয়া চালান দিবার প্রস্তাব হয়, ঐ পেট্রোলিয়ম যদি সেইং রেলওয়ের কর্ত্তৃপক্ষদের অনুমোদিত মাল গাড়ীতে থাকে তাহা হইলে ঐ পেট্রোলিয়ম রেল পথে চালান দিবার লাইসেন্স দেওয়া যাইতে পারিবে।

(4) Licenses for the transport of petroleum other than dangerous petroleum in bulk by steamer or barge may be granted if the vessel is certified to be fit for the service by an Officer appointed by the Local Government in this behalf.

16. General licenses for a period of twelve months shall be issued for transport by cart only. Such licenses shall authorise the holders to transport by cart any petroleum, *bonâ fide* their own property, without restriction as to destination or quantity.

17. The holder of a general license shall, with each consignment of petroleum conveyed under cover of his license, issue a pass in Form G appended to these Rules, specifying the places from and to which the petroleum is to be conveyed, and the quantity of petroleum covered by it. Each pass shall be numbered, and the number of the general license shall be legibly marked on a conspicuous part of the last case on the cart.

18. Special licenses for the transport of petroleum shall be in force for such period not exceeding six months from the date of the grant of the license as may be specified in the license.

19. The Licensing Officer may, for special reasons to be reported to Government, refuse a license in any case. The reasons for refusing a license shall be communicated to the applicant, if a request to that effect is preferred by him.

20. (1) Every special license for the transport of petroleum shall specify the places from and to which, respectively, the petroleum is to be conveyed, the quantity of petroleum covered by the license, and the time for which the license is in force.

*(2) Petroleum transported to Calcutta or Howrah under a license shall be conveyed by land and not by water between Garden House and Cossipur.

21. Applications for special licenses for the transport of petroleum by rail, by cart, by boat, or by steamer, or by two or more of these modes of conveyance, shall specify the description and quality of petroleum to be transported, and the places from and to which, respectively, the petroleum is to be conveyed, and shall describe the receptacles in which it is to be contained, or, in the case of petroleum to be transported in bulk, shall state that the waggon or vessel in which it is to be carried has been approved or certified, as the case may be, as required by sub-rules (3) and (4) of rule 14. In the case of applications for lisences for the transport of dangerous petroleum under section 5 of the Act, the application shall also contain the particulars required by sub-section (2) of that section.

22. When a license has been granted under these Rules for the transport of petroleum, the District Magistrate, or, in the town of Calcutta, the Commissioner of Police, or any Police Officer of, or above the rank of head constable, appointed by him in writing for this purpose, may, at any time after sunrise and before sunset, and on or before the arrival of the petroleum at its place of destination, board any steamer or boat, or detain any cart, used for such transport, for the purpose of inspecting the license and seeing whether its provisions are being complied with.

23. The following fees shall be charged for licenses for the transport of petroleum under the Act:—

	Rs.
Licenses for the transport of dangerous petroleum—	
When the quantity to be transported exceeds 40 gallons (section 5), for every 40 gallons or fraction of 40 gallons ...	4
When the quantity to be transported exceed 3 gallons, but does not exceed 40 gallons (section 6)	2

* NOTE.—This Rule shall not be read as prohibiting the conveyance by water between Garden House and Cossipur of petroleum which is brought under a license from beyond the limits of Calcutta or Howrah, and is not intended to be landed within those limits.

(৪) আশঙ্কাজনক পেট্রোলিয়ম ভিন্ন রাশীকৃত অন্য পেট্রোলিয়ম ষ্টীমরে বা বজরায় চালান দিবার লাইসেন্স স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক তৎপক্ষে নিযুক্ত কোন কর্ম্মচারী ঐ জলযান্ ঐরূপ চালানের পক্ষে উপযুক্ত বলিয়া সার্টিফিকেট দিলে দেওয়া যাইতে পারিবে।

১৬। সাধারণ লাইসেন্সপত্র কেবল মাত্র গরুর গাড়ী যোগে চালান করণার্থ বার মাসের জন্য দেওয়া যাইতে পারিবে। ঐরূপ লাইসেন্সপত্র দ্বারা অধিকারী যে পেট্রোলিয়ম প্রকৃত প্রস্তাবে তাহার নিজের সম্পত্তি গন্তব্য স্থান ও পরিমাণের নিয়ম না করিয়া গরুর গাড়ী যোগে তাহা চালান করিবার ক্ষমতা প্রাপ্ত হইবেন।

১৭। সাধারণ লাইসেন্সধারী তাঁহার লাইসেন্স বলে পেট্রোলিয়মের যে প্রত্যেক কান্সাইনমেণ্ট যায় তাহার সহিত যে স্থান হইতে যে স্থানে পেট্রোলিয়ম লইয়া যাওয়া যাইবে এবং যে পরিমাণ পেট্রোলিয়ম লাইসেন্স দ্বারা রক্ষিত তাহা নির্দ্দেশ করিয়া এই বিধি সংযুক্ত G চিহ্নিত ফারমে পাস প্রদান করিবেন। প্রত্যেক পাসে নম্বর দেওয়া থাকিবে এবং গরুর গাড়ীর শেষ বাক্সের প্রকাশ্য স্থানে সাধারণ লাইসেন্সের নম্বর স্পষ্ট করিয়া মার্কা করা থাকিবে।

১৮। পেট্রোলিয়ম চালান করিবার বিশেষ লাইসেন্সে লাইসেন্স দিবার তারিখ অবধি ছয় মাসের অনধিক যত কাল নির্দ্দিষ্ট থাকে উক্ত লাইসেন্স তত কাল বাহাল থাকিবে।

১৯। যে কর্ম্মচারী লাইসেন্স দেন তিনি বিশেষ কোন হেতুতে কোন স্থলে লাইসেন্স দিতে অস্বীকার করিতে পারেন,। অস্বীকার করণের সেই হেতু গবর্ণমেণ্টে রিপোর্ট করিতে হইবে। প্রার্থক লাইসেন্স দিতে অস্বীকার করণের হেতু জানিতে চাহিলে তাঁহাকে অস্বীকার করণের হেতু জানাইতে হইবে।

২০। (১) পেট্রোলিয়ম চালান করিবার প্রত্যেক বিশেষ লাইসেন্সে পেট্রোলিয়ম যে স্থান হইতে যে স্থানে লইয়া যাইতে হইবে, যে পরিমাণ পেট্রোলিয়ম লাইসেন্স দ্বারা রক্ষিত এবং লাইসেন্স যত কাল বাহাল থাকিবে তাহা লিখিতে হইবে।

*(২) পেট্রোলিয়ম লাইসেন্সমতে কলিকাতায় বা হাবড়ায় চালান করা গেলে গার্ডন হৌস ও কাশীপুরের মধ্যে স্থল পথে লইয়া যাইতে হইবে, জল পথে নয়।

২১। রেলওয়ে, গরুর গাড়ী, নৌকা বা ষ্টীমর দ্বারা অথবা এইরূপ দুই বা তদধিক যান দ্বারা পেট্রোলিয়ম চালান করিবার বিশেষ লাইসেন্স পাইবার দরখাস্তে, যে পেট্রোলিয়ম চালান করিতে হইবে তাহার বর্ণনা ও প্রকার ও যে স্থান হইতে যে স্থানে পেট্রোলিয়ম লইয়া যাইতে হইবে তাহা লিখিত হইবে এবং পেট্রোলিয়ম যেরূপ পাত্রে থাকিবে তাহার বর্ণনা লিখিতে হইবে, কিম্বা রাশীকৃত পেট্রোলিয়ম চালান করণ স্থলে, যে মাল গাড়ীতে বা জলযানে তাহা লইয়া যাইতে হইবে ১৪ বিধির (৩) ও (৪) প্রকরণের আদেশমতে সেই গাড়ী বা জলযান অনুমোদিত বা স্থলভেদে তাহার সার্টিফিকেট দেওয়া হইয়াছে, এই কথা লিখিতে হইবে। আশঙ্কাজনক পেট্রোলিয়ম চালান করিবার নিমিত্ত আইনের ৫ ধারামত লাইসেন্স পাইবার দরখাস্তকরণস্থলে উক্ত ধারার (২) প্রকরণের আদিষ্ট বিশেষ বিবরণও উক্ত দরখাস্তে থাকিবে।

২২। এই সকল বিধিমতে পেট্রোলিয়ম চালান করিবার লাইসেন্স দেওয়া গেলে, জিলার মাজিস্ট্রেট সাহেব কিম্বা কলিকাতা নগরে পোলীসের কমিশনর সাহেব অথবা এতদর্থে তৎকর্ত্তৃক লিখনক্রমে নিযুক্ত হেড-কনষ্টাবলের পদস্থ কিম্বা তদূর্দ্ধ পদস্থ পোলীসের কর্ম্মচারী সূর্য্যোদয়ের পর ও সূর্য্যাস্তের পূর্ব্বে যে কোন সময়ে পেট্রোলিয়ম গন্তব্য স্থানে পঁহুছিলে বা তৎপূর্ব্বে লাইসেন্স দেখিবার নিমিত্ত ও লাইসেন্সের বিধানানুসারে কার্য্য হইতেছে কি না ইহা দেখিবার নিমিত্ত যে ষ্টীমর বা নৌকা বা গরুর গাড়ী ঐরূপ চালান করিবার নিমিত্ত ব্যবহৃত হয় সেই ষ্টীমর বা নৌকায় উঠিতে কিম্বা সেই গরুর গাড়ী আটক করিতে পারিবেন।

২৩। আইনমতে পেট্রোলিয়ম চালান করিবার লাইসেন্স নিমিত্ত নিম্নলিখিত ফী লওয়া যাইবে।—

আশঙ্কাজনক পেট্রোলিয়ম চালান করিবার লাইসেন্স,—

	টাকা
যে পরিমাণ চালান করিতে হইবে তাহা ৪০ গ্যালনের অধিক হইলে (৫ ধারা) প্রতি ৪০ গ্যালন বা ৪০ গ্যালনের ভগ্নাংশ জন্য ...	৪
যে পরিমাণ চালান করিতে হইবে তাহা ৩ গ্যালনের অধিক কিন্তু ৪০ গ্যালনের অনধিক হইলে (৬ ধারা)	২

* মন্তব্য।—যে পেট্রোলিয়ম লাইসেন্সমতে কলিকাতা বা হাবড়ার সীমার বহির্ভূত স্থান হইতে আনীত হয় ও ঐ২ সীমার মধ্যে নামাইয়া লইবার অভিপ্রায় না থাকে গার্ডন হৌসে ও কাশীপুরের মধ্যগত স্থানে জল পথে তাহা চালান করা এই বিধিতে নিষিদ্ধ হইতেছে বলিয়া এই বিধির অর্থ করিতে হইবে না।

	Rs.
Special license for the transport of other petroleum—	
When the quantity to be transported exceeds 500, but does not exceeds 5,000 gallons	1
For every additional 5,000 gallons or a part of 5,000 gallons ...	1
General license for the transport of petroleum by cart for twelve months	100

General.

24. Licenses for the possession of transport of dangerous petroleum in quantities exceeding 40 gallons and licenses for the possession of petroleum in bulk will be granted, subject to the provisions of section 5 of the Act, in the case of dangerous petroleum, under the signature of an Under-Secretary to the Government of Bengal, on the recommendation of the Commiss'oner of Police, if the application for the license is made in the town of Calcutta, or of the Commissioner of the Division, if the application is made elsewhere.

Applications for such licenses should be made through the Commissioner of Police, Calcutta, or the Divisional Commissioner, as the case may be.

25. Licenses for the possession or transport of dangerous petroleum in quantities not exceeding 40 gallons, and licenses for the possession or transport of other petroleum, except the possession of petroleum in bulk, will be granted in the town of Calcutta by the Commissioner of Police, or Deputy Commissioner of Police, at Budge Budge, by the Superintendent of the Petroleum Wharf, and elsewhere by the District Magistrate, or by such other Officer as the Local Government, may from time to time, by an order in writing, appoint in this behalf.

26. Subject to the restrictions contained in section 5 of the Act and Rules 3 and 4 of these Rules, the Licensing Officer may, in his discretion, grant a license for the possession or transport of such quantity of petroleum as he thinks fit.

27. Licenses granted under these Rules shall be in the forms and shall have endorsed on them the Rules and conditions respectively prescribed for them in the schedule hereto annexed. Every such license shall, on the breach of any such condition, be liable to be forefeited.

28. Every application for the renewal of a license shall be made in the same manner as an application for an original license. Every such application shall be made at a date not less than fifteen days before the date on which the original license expires. The same fee shall be charged for the renewal of a license as for a new license.

SCHEDULE.

FORM A.

License to possess dangerous Petroleum to be granted under section 5 or section 6 of Act XII of 1886.

No. Fee Rs.

LICENSE is hereby granted to for the storage, in the place described below, of gallons of dangerous petroleum, subject to the Rules and conditions on the back of this license.

Description of place above referred to.

Under-Secretary to the Government of Bengal.

Commissioner or Deputy Commissioner of Police, or District Magistrate, or Superintendent of the Petroleum Wharf at Budge Budge ... } When the amount of petroleum does not exceed 40 gallons.

টাকা।

অন্য পেট্রোলিয়ম চালান করিবার বিশেষ লাইসেন্স,—

	টাকা
যে পরিমাণ চালান করিতে হইবে তাহা ৫০০ গ্যালনের অধিক হইলে কিন্তু ৫০০০ গ্যালনের অনধিক হইলে	১৲
প্রত্যেক অতিরিক্ত ৫০০০ গ্যালন অথবা ৫০০০ গ্যালনের অংশ জন্য ...	১৲
বার মাসের জন্য গরুরগাড়ী যোগে পেট্রোলিয়ম চালান করিবার সাধারণ লাইসেন্স	১০০৲

সাধারণ বিধি ।

২৪ । ৪০ গ্যালনের অধিক পরিমাণ পেট্রোলিয়ম রাখিবার কি চালান করিবার লাইসেন্স এবং রাশীকৃত পেট্রোলিয়ম রাখিবার লাইসেন্স, ঐ লাইসেন্স পাইবার দরখাস্ত কলিকাতা নগরে করা গেলে পোলীসের কমিশনর সাহেবের সুপারিশক্রমে অথবা অন্যত্র উক্ত দরখাস্ত করা গেলে খণ্ডের কমিশনর সাহেবের সুপারিশক্রমে বঙ্গদেশের গবর্ণমেন্টের কোন ছোট সেক্রেটরী সাহেবের স্বাক্ষরযুক্ত হইয়া প্রদত্ত হইবে এবং আশঙ্কাজনক পেট্রোলিয়মের স্থলে ঐ লাইসেন্স আইনের ৫ ধারার বিধানাধীনে দেওয়া যাইবে ।

এইরূপ লাইসেন্স পাইবার দরখাস্ত কলিকাতার পোলীসের কমিশনর সাহেবের অথবা স্থলভেদে খণ্ডের কমিশনর সাহেবের হাত দিয়া পাঠাইতে হইবে ।

২৫ । ৪০ গ্যালনের অনধিক পরিমাণ আশঙ্কাজনক পেট্রোলিয়ম রাখিবার বা চালান করিবার লাইসেন্স এবং রাশীকৃত পেট্রোলিয়ম রাখার লাইসেন্স ভিন্ন অন্য পেট্রোলিয়ম রাখিবার বা চালান করিবার লাইসেন্স কলিকাতা নগরে পোলীসের কমিশনর সাহেব, বা ডেপুটী কমিশনর সাহেব, বজ্‌বজে পেট্রোলিয়ম ওয়ার্কের সুপরিন্টেণ্ডেণ্ট ও অন্যত্র জিলার মাজিষ্ট্রেট সাহেব অথবা স্থানীয় গবর্ণমেণ্ট লিখিত আজ্ঞাক্রমে তৎপক্ষে অন্য যে কর্ম্মচারিকে সময়েং নিযুক্ত করেন তিনি দিবেন ।

২৬ । যে কর্ম্মচারী লাইসেন্স দেন তিনি আইনের ৫ ধারার এবং এই বিধির ৩ ও ৪ বিধির নিষেধাধীনে আপন বিবেচনামতে যে পরিমাণ পেট্রোলিয়ম উচিত বোধ করেন সেই পরিমাণ পেট্রোলিয়ম রাখিবার বা চালান করিবার লাইসেন্স দিতে পারিবেন ।

২৭ । এতৎসংযুক্ত তফসীলে ক্রমান্বয়ে যেং ফারম ও যেং বিধি ও নিয়ম নির্দ্দিষ্ট হইল সেইং ফারমে ও ঐ ঐ ফারমের পৃষ্ঠে সেই সেই বিধি ও নিয়ম লিখিয়া এই বিধিমত লাইসেন্সগুলি দেওয়া যাইবে। উক্ত কোন নিয়ম লঙ্ঘন হইলে ঐরূপ প্রত্যেক লাইসেন্স রহিত করা যাইতে পারিবে ।

২৮ । মূল লাইসেন্স লইবার দরখাস্ত যেরূপে করিতে হয় কোন লাইসেন্স নূতন করিয়া লইবার দরখাস্তও সেই প্রকারে করিতে হইবে । মূল লাইসেন্সের মিয়াদ যে তারিখে অতীত হয় সেই তারিখের অন্যূন পনের দিন পূর্ব্বে ঐরূপ প্রত্যেক দরখাস্ত করিতে হইবে । নূতন লাইসেন্সের জন্য যে ফী লওয়া যায় কোন লাইসেন্স নূতন করিয়া লইবার জন্যও সেই ফী লওয়া যাইবে ।

তফসীল ।

A ফারম ।

১৮৮৬ সালের ১২ আইনের ৫ ধারামতে কিম্বা ৬ ধারামতে আশঙ্কাজনক পেট্রোলিয়ম রাখিবার যে লাইসেন্স দেওয়া হইবে ।

নম্বর ।　　　　　　　　　　　　　　　　ফী　　　　টাকা ।

—— নিম্নে যে স্থানের বর্ণনা লিখিত হইল সেই　　　　　　　স্থানে গ্যালন আশঙ্কাজনক পেট্রোলিয়ম গুদামজাত করিয়া রাখিবার লাইসেন্স এই লাইসেন্সের পৃষ্ঠলিখিত বিধি ও নিয়মাধীনে এতদ্দ্বারা শ্রী　　　　　　　　　　　　কে দেওয়া গেল ।

উল্লিখিত স্থানের বর্ণনা ।

বঙ্গদেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটরী ।

পোলীসের কমিশনর বা ডেপুটী কমিশনর সাহেব বা জিলার মাজিষ্ট্রেট সাহেব কিম্বা বজ্‌বজস্থ পেট্রোলিয়ম ওয়ার্কের সুপরিন্টেণ্ডেণ্ট । } পেট্রোলিয়মের পরিমাণ ৪০ গ্যালনের অনধিক হইলে ।

Endorsement on Form A.

Rules.

[Here enter Rules 1 to 14 (inclusive) and 23 to 27 (inclusive) under section 11 of the Act.]

Conditions.

1. All petroleum in the licensed place shall be contained in vessels labelled in accordance with section 7 of the Act.

2. No goods of a combustible nature shall be stored in the licensed place.

3. No cask or other receptacle containing petroleum shall be opened, or the oil drawn off, within the building in which the petroleum is stored.

4. No smoking, light, or fire in any form shall be permitted at any time within such building.

5. The license holder is prohibited from delivering any quantity of dangerous petroleum exceeding three gallons to any one who has not a license under section 5 or 6 of the Act, or any less quantity of such petroleum, except in accordance with the conditions of the proviso to section 6 of the Act as to the vessels in which the petroleum must be contained.

FORM B.

License to possess Petroleum other than dangerous Petroleum to be granted under Section 10 of Act XII of 1886.

No. Fee Rs.

License is hereby granted to for the storage, in the place described below, of cases containing gallons of petroleum, subject to the Rules and conditions on the back of this license.

Description of the place above referred to.

The 18 . *Commissioner or Deputy Commissioner of Police.*
District Magistrate.
Superintendent of Petroleum Wharf at Budge Budge.

Endorsement on Form B.

Rules.

[Here enter Rules 1 to 14 (inclusive) and 23 to 27 (inclusive) under section 11 of the Act.]

Conditions.

1. No goods of a combustible nature shall be stored in the licensed place.

2. No cask or other receptacle containing petroleum shall be opened, or the oil drawn off, within the building in which the petroleum is stored.

3. No smoking, light, or fire in any form shall be permitted at any time within such building.

FORM C.

License to possess Petroleum other than dangerous Petroleum in bulk to be granted under Section 10 of Act XII of 1886.

No. Fee Rs.

License is hereby granted to for the storage, in the place described below, of gallons of petroleum, subject to the Rules and conditions on the back of this license.

Description of the place above referred to.

The 18 . *Under-Secretary to the Government of Bengal.*

A ফারমের পৃষ্ঠলিপি।

বিধি।

[এই স্থানে আইনের ১১ ধারামত ১ হইতে ১৪ পর্য্যন্ত ও ২৩ হইতে ২৭ পর্য্যন্ত বিধি দিতে হইবে।]

নিয়ম।

১। লাইসেন্স প্রাপ্ত স্থানে যত পেট্রোলিয়ম থাকে তাহা আইনের ৭ ধারা অনুসারে চিরকুট লাগান পাত্রে থাকিবে।

২। দহনশীল কোন দ্রব্য লাইসেন্সপ্রাপ্ত স্থানে গুদামজাত করিয়া রাখিতে হইবে না।

৩। যে ঘরের ভিতর পেট্রোলিয়ম গুদামজাত করা থাকে সেই ঘরের মধ্যে পেট্রোলিয়ম পূর্ণ কোন পিপা বা অন্য পাত্র খুলিতে হইবে না অথবা তাহা হইতে তৈল বাহির করিতে হইবে না।

৪। উক্ত ঘরের মধ্যে কোন সময়ে কোন প্রকারের ধূম পান করিতে কিম্বা আলোক বা অগ্নি জ্বালিতে দিতে হইবে না।

৫। আইনের ৫ বা ৬ ধারামতে যে কোন ব্যক্তি লাইসেন্সপ্রাপ্ত হয় নাই লাইসেন্সধারির প্রতি এইরূপ নিষেধ হইল যে, তিনি ৩ গ্যালনের অধিক পরিমাণ আশঙ্কাজনক পেট্রোলিয়ম তাহাকে না দেন কিম্বা আইনের ৬ ধারার নিয়মবিধিতে পেট্রোলিয়ম যে পাত্রে রাখিতে হইবে তৎসম্বন্ধে যে নিয়ম আছে সেই নিয়মাধীনে ভিন্ন তদপেক্ষা কম পরিমাণ পেট্রোলিয়ম না দেন।

B ফারম।

[১৮৮৬ সালের ১২ আইনের ১০ ধারামতে আশঙ্কাজনক পেট্রোলিয়ম ছাড়া অন্য পেট্রোলিয়ম রাখিবার যে লাইসেন্স দিতে হইবে।]

নম্বর। ফী টাকা।

নিম্নে যে স্থানের বর্ণনা লিখিত হইল, সেই স্থানে গ্যালন পেট্রোলিয়ম পূর্ণ বাক্স গুদামজাত করিবার নিমিত্ত, লাইসেন্স এই লাইসেন্সের পৃষ্ঠলিখিত বিধি ও নিয়মাধীনে এতদ্দারা শ্রী কে দেওয়া গেল।

উল্লিখিত স্থানের বর্ণনা।

১৮৯ সাল তাং। } পোলীসের কমিশনর বা ডেপুটী কমিশনর সাহেব।
জিলার মাজিষ্ট্রেট সাহেব।
বজবজস্থ পেট্রোলিয়ম ওয়ার্কের সুপরিন্টেণ্ডেণ্ট।

B ফারমের পৃষ্ঠলিপি।

[এই স্থানে আইনের ১১ ধারামত ১ হইতে ১৪ পর্য্যন্ত ও ২৩ হইতে ২৭ পর্য্যন্ত বিধি দিতে হইবে।]

নিয়ম।

১। দহনশীল কোন দ্রব্য লাইসেন্স প্রাপ্ত স্থানে গুদামজাত করিয়া রাখিতে হইবে না।

২। যে ঘরের ভিতর পেট্রোলিয়ম গুদামজাত করা থাকে সেই ঘরের মধ্যে পেট্রোলিয়ম পূর্ণ কোন পিপা বা অন্য পাত্র খুলিতে হইবে না অথবা তাহা হইতে তৈল বাহির করিতে হইবে না।

৩। উক্ত ঘরের মধ্যে কোন সময়ে কোন প্রকারের ধূমপান করিতে কিম্বা আলোক বা অগ্নি জ্বালিতে দিতে হইবে না।

C ফারম।

[১৮৮৬ সালের ১২ আইনের ১০ ধারামতে আশঙ্কাজনক পেট্রোলিয়ম ভিন্ন রাশাকৃত অন্য পেট্রোলিম রাখিবার যে লাইসেন্স দেওয়া হইবে।]

নম্বর। ফী টাকা।

নিম্নে যে স্থানের বর্ণনা লিখিত হইল সেই স্থানে গ্যালন পেট্রোলিয়ম গুদামজাত করিবার নিমিত্ত লাইসেন্স, এই লাইসেন্সের পৃষ্ঠলিখিত বিধি ও নিয়মাধীনে এতদ্দারা শ্রী কে দেওয়া গেল।

উল্লিখিত স্থানের বর্ণনা।

১৮৯ সাল তাং। } বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

ENDORSEMENT ON FORM C.

Rules.

[Here enter Rules 1 to 14 (inclusive) and 23 to 27 (inclusive) under section 11 of the Act.]

Conditions.

(Here enter such conditions as the Local Government has prescribed under Rule 5.)

FORM D.

Special License to transport dangerous Petroleum granted under Section 5 or Section 6 of Act XII of 1886.

No. Fee Rs.

LICENSE is hereby given to of to transport cases containing in all gallons of dangerous petroleum from to , subject to the Rules and conditions on the back of this license, and by the following route, namely—

The amount of petroleum in each case is stated below.

This license shall continue in force till the day of 18 .

Under-Secretary to the Government of Bengal.

Commissioner or Deputy Commissioner of Police. District Magistrate. Superintendent of the Petroleum Wharf at Budge Budge.	In the case of the transport of dangerous petroleum in amount not exceeding 40 gallons.

ENDORSEMENT ON FORM D.

Rules.

[Here enter Rules 1, 2, and 15 to 27 (inclusive) under section 11 of the Act.]

Conditions.

1. The petroleum shall be contained in vessels labelled in accordance with section 7 of the Act.

2. The petroleum shall be carried (here describe mode or modes of conveyance).

3. When the petroleum is carried by steamer, it shall be stowed in such part of the steamer and in such manner as may be approved by the Licensing Officer, or any Officer appointed by him in writing in this behalf.

4. When the petroleum is carried by rail, it shall be subject to all the regulations which may, from time to time, be prescribed generally or specially in that behalf by the Railway Authorities of the line or lines over which it may be conveyed.

5. When the petroleum is being carried by boat, no smoking, fire or light of any description shall be allowed in the boat so long as it is within the limits of the Port of Calcutta or of the Municipalities of Calcutta and Howrah. The boat conveying the petroleum should also, from sunrise to sunset, show at its stern a red flag, 18 inches long and 12 inches broad, having the words "Petroleum Boat" marked on it in black letters.

C ফারমের পৃষ্ঠলিপি।

বিধি।

[এই স্থানে আইনের ১১ ধারামত ১ হইতে ১৪ পর্য্যন্ত ও ২৩ হইতে ২৭ পর্য্যন্ত বিধি দিতে হইবে।]

নিয়ম।

(স্থানীয় গবর্ণমেন্ট ৫ বিধিমতে যেং নিয়ম নির্দ্দেশ করিয়াছেন সেইং নিয়ম এই স্থানে দিতে হইবে।)

D ফারম।

১৮৮৬ সালের ১২ আইনের ৫ ধারামতে বা ৬ ধারামতে প্রদত্ত আশঙ্কাজনক পেট্রোলিয়ম চালান করিবার বিশেষ লাইসেন্স।

নম্বর ফী টাকা।

স্থান নিবাসি শ্রী কে সর্ব্বসুদ্ধ গ্যালন আশঙ্কাজনক পেট্রোলিয়মের বাক্স নিম্নলিখিত পথ দিয়া স্থান হইতে স্থানে চালান করিবার লাইসেন্স, এই লাইসেন্সের পৃষ্ঠলিখিত বিধি ও নিয়মাধীনে এতদ্দ্বারা দেওয়া গেল। পথ :—

প্রত্যেক বাক্সের পেট্রোলিয়মের পরিমাণ নিম্নে লিখিত হইল—

এই লাইসেন্স ১৮৯ সালের মাসের তারিখ পর্য্যন্ত বাহাল থাকিবে।

বঙ্গদেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটরী।

পোলীসের কমিশনর বা ডেপুটি কমিশনর সাহেব।
জিলার মাজিষ্ট্রেট সাহেব।
বজবজস্থ পেট্রোলিয়ম ওয়ার্কের সুপরিন্টেণ্ডেণ্ট।
} ৪০ গ্যালনের অনধিক পরিমাণ আশঙ্কাজনক পেট্রোলিয়ম চালান করার স্থলে।

D ফারমের পৃষ্ঠলিপি।

বিধি।

[এই স্থানে আইনের ১১ ধারামত ১ ও ২ এবং ১৫ হইতে ২৭ পর্য্যন্ত বিধি দিতে হইবে।]

নিয়ম।

১। আইনের ৭ ধারানুসারে চিরকুট লাগান পাত্রে পেট্রোলিয়ম থাকিবে।

২। পেট্রোলিয়ম (যে বা যেং প্রকারে লইয়া যাইতে হইবে এই স্থানে তাহার বর্ণনা লিখিতে হইবে) লইয়া যাইতে হইবে।

৩। পেট্রোলিয়ম ষ্টীমরে লইয়া যাওয়া গেলে যে কর্ম্মচারী লাইসেন্স দেন তিনি কিম্বা এদতর্থে তৎকর্ত্তৃক লিখনক্রমে নিযুক্ত কোন কর্ম্মচারী ষ্টীমরের যে ভাগে ও যে প্রকারে রাখিবার অনুমোদন করেন পেট্রোলিয়ম সেই ভাগে ও সেই প্রকারে রাখিতে হইবে।

৪। রেলপথে পেট্রোলিয়ম লইয়া যাওয়া গেলে যে বা যেং লাইন দ্বারা উহা লইয়া যাওয়া হয়, সেই বা সেইং লাইনের রেলওয়ের কর্ত্তৃপক্ষেরা তদর্থে সময়েং সাধারণতঃ বা বিশেষমতে যে সকল বিধান নির্দ্দেশ করেন পেট্রোলিয়ম সেই সকল বিধানের অধীন হইবে।

৫। নৌকা করিয়া পেট্রোলিয়ম লইয়া যাইবার সময় উক্ত নৌকা যত কাল কলিকাতা বন্দরের সীমার মধ্যে কিম্বা কলিকাতা ও হাবড়া মুনিসিপালিটীর সীমার মধ্যে থাকে ততকাল ঐ নৌকায় কোন প্রকারের ধূম পান করিতে কিম্বা অগ্নি বা আলোক জ্বালিতে দিতে হইবে না। যে নৌকায় পেট্রোলিয়ম লইয়া যাওয়া যায়, তাহার পশ্চাদ্ভাগে সূর্য্যোদয় অবধি সূর্য্যাস্ত পর্য্যন্ত, ১৮ ইঞ্চি দীর্ঘ ও ১২ ইঞ্চি প্রস্থ একটি লাল নিশান দেখাইতে হইবে। ঐ নিশানে কাল অক্ষরে “Petroleum Boat” অর্থাৎ পেট্রোলিয়মের নৌকা এই কথা অঙ্কিত থাকিবে।

6. When the petroleum is carried by cart, the cart conveying the petroleum shall not move after sunset or before sunrise or carry any light.

7. The license holder is prohibited from delivering any quantity exceeding three gallons to any one who has not a license under section 5 or 6 of the Act, or any less quantity of petroleum, except in accordance with the conditions of the proviso to section 6 of the Act, as to the vessels in which the petroleum must be contained.

FORM E.

Special License to transport Petroleum other than dangerous petroleum granted under Section 10 *of Act XII of* 1886.

No. Fee Rs.

License is hereby granted to to transport from to [ ] ([ ] cases containing)* gallons of petroleum, subject to the Rules and conditions on the back of this license.

This license shall continue in force only till the day of 18 .

Dated the day of 18 .

Commissioner or Deputy Commissioner of Police.
District Magistrate.
Superintendent of Petroleum Wharf at Budge Budge.

Endorsement on Form E.

Rules.

[Here enter Rules 1, 2, and 15 to 27 (inclusive) under section 11 of the Act.]

Conditions when the Petroleum is being conveyed by Steamer.

1. The petroleum shall be stowed in such part of the steamer and in such manner as may be approved by the Licensing Officer, or any Officer appointed by him in writing in this behalf.

Conditions when the Petroleum is being conveyed by Boat.

2. No smoking, fire, or light of any description shall be allowed in the Boat in which the petroleum is being carried, so long as it is within the limits of the port of Calcutta or of the Municipalities of Calcutta and Howrah.

3. The boat conveying the petroleum shall also, from sunrise to sunset, show at its stern a red flag, 18 inches long and 12 inches broad, having the words "Petroleum Boat" marked on it in black letters.

Conditions when the Petroleum is being conveyed by Cart.

4. The carts conveying the petroleum shall not move after sunset or before sunrise or carry any light.

Conditions when the Petroleum is being conveyed by Rail.

5. The petroleum shall be subject to all the regulations which may, from time to time, be prescribed generally or specially in that behalf by the Railway Authorities of the line or lines over which it may be conveyed.

---

* Omit these words when petroleum is to be transported in bulk.

৬। গরুর গাড়ীতে করিয়া পেট্রোলিয়ম লইয়া যাওয়া গেলে, পেট্রোলিয়ম লইয়া যাইবার ঐ গাড়ী সূর্য্যাস্তের পর বা সূর্য্যোদয়ের পূর্ব্বে চলিবে না ও উহাতে কোন আলোক লইয়া যাইতে হইবে না।

৭। আইনের ৫ বা ৬ ধারামতে যে কোন ব্যক্তি লাইসেন্স প্রাপ্ত হয় নাই লাইসেন্সধারির প্রতি এইরূপ নিষেধ হইল যে, তিনি ৩ গ্যালনের অধিক পরিমাণ পেট্রোলিয়ম তাহাকে না দেন কিম্বা আইনের ৬ ধারার নিয়মবিধিতে পেট্রোলিয়ম যে পাত্রে রাখিতে হইবে তৎসম্বন্ধে যে নিয়ম আছে সেই নিয়মাধীনে ভিন্ন তদপেক্ষা কম পরিমাণ পেট্রোলিয়ম না দেন।

E ফারম।

[১৮৮৬ সালের ১২ আইনের ১০ ধারামতে প্রদত্ত আশঙ্কাজনক পেট্রোলিয়ম ছাড়া অন্য পেট্রোলিয়ম চালান করিবার বিশেষ লাইসেন্স।]

নম্বর ফী টাকা।

গ্যালন পেট্রোলিয়ম স্থান হইতে স্থানে [ ]

([ ]বাক্সে * করিয়া) চালান করিবার লাইসেন্স, এই লাইসেন্সের পৃষ্ঠলিখিত বিধি ও নিয়মাধীনে শ্রী কে এতদ্দ্বারা দেওয়া গেল।

এই লাইসেন্স কেবল ১৮৯ সালের মাসের তারিখ পর্য্যন্ত বাহাল থাকিবে।

১৮৯ সাল
তাং ।

পোলীসের কমিশনর বা ডেপুটী কমিশনর সাহেব।
জিলার মাজিষ্ট্রেট সাহেব।
বজবজস্থ পেট্রোলিয়ম ওয়ার্কের সুপরিণ্টেণ্ডেণ্ট।

E ফারমের পৃষ্ঠলিপি।

বিধি।

[এই স্থানে আইনের ১১ ধারামত ১, ২ বিধি এবং ১৫ হইতে ২৭ পর্য্যন্ত বিধি দিতে হইবে।]

ষ্টীমরে পেট্রোলিয়ম লইয়া যাওয়া গেলে নিয়ম।

১। যে কর্ম্মচারী লাইসেন্স দেন তিনি কিম্বা এতৎপক্ষে তৎকর্তৃক লিখনক্রমে নিযুক্ত কোন কর্ম্মচারী ষ্টীমরের যে ভাগে ও যে প্রকারে পেট্রোলিয়ম রাখিবার অনুমোদন করেন পেট্রোলিয়ম সেই ভাগে ও সেই প্রকারে রাখিতে হইবে।

নৌকায় করিয়া পেট্রোলিয়ম লইয়া যাওয়া গেলে নিয়ম।

২। যে নৌকা করিয়া পেট্রোলিয়ম লইয়া যাওয়া হইতেছে সেই নৌকা যতকাল কলিকাতা বন্দরের সীমার মধ্যে কিম্বা কলিকাতা ও হাবড়া মুনিসিপালিটীর সীমার মধ্যে থাকে ততকাল উক্ত নৌকায় কোন প্রকারের ধূম পান করিতে কিম্বা অগ্নি বা আলোক জ্বালিতে দিতে হইবে না।

৩। যে নৌকায় পেট্রোলিয়ম লইয়া যাওয়া যায় তাহার পশ্চাদ্ভাগে সূর্য্যোদয় অবধি সূর্য্যাস্ত পর্য্যন্ত ১৮ ইঞ্চি দীর্ঘ ও ১২ ইঞ্চি প্রস্থ একটি লাল নিশান দেখাইতে হইবে। ঐ নিশানে কাল অক্ষরে "Petroleum Boat" অর্থাৎ পেট্রোলিয়মের নৌকা এই কথা অঙ্কিত থাকিবে।

গরুরগাড়ি করিয়া পেট্রোলিয়ম লইয়া যাওয়া গেলে নিয়ম।

৪। পেট্রোলিয়ম লইয়া যাইবার গাড়ী সূর্য্যাস্তের পর বা সূর্য্যোদয়ের পূর্ব্বে চলিবে না ও উহাতে কোন আলোক লইয়া যাইতে হইবে না।

রেলপথে পেট্রোলিয়ম লইয়া যাওয়া গেলে নিয়ম।

৫। যে বা যেং লাইন দিয়া পেট্রোলিয়ম লইয়া যাওয়া হয়, সেই বা সেইং লাইনের রেল-ওয়ের কর্ত্তৃপক্ষেরা তদর্থে সময়েং সাধারণতঃ বা বিশেষমতে যে সকল বিধান করেন পেট্রোলিয়ম সেই সকল বিধানের অধীন হইবে।

* রাশীকৃত পেট্রোলিয়ম চালান করিতে হইলে এই কথাগুলি ত্যাগ করিতে হইবে।

FORM F.

General License to transport Petroleum other than dangerous Petroleum by Cart to be granted under section 10 of the Act (see Rule 16).

No. Fee Rs. 100.

A GENERAL License is hereby granted to to transport petroleum by carts within the Lower Provinces of Bengal, subject to the Rules and conditions on the back of this license.

This license shall continue in force till the

Dated the day
of 18 .

Commissioner or Deputy Commissioner of Police or District Magistrate.

ENDORSEMENT ON FORM F.

Rules.

[Here enter Rules 1, 2, and 15 to 27 (inclusive) under section 11 of the Act.]

Conditions.

1. The carts containing the petroleum shall not move after sunset or before sunrise or carry any light.

2. The number of this license shall be legibly marked on a conspicuous part of the last case on the cart.

FORM G.

Pass to be granted by the Holder of General License No. for the transport of Petroleum other than dangerous Petroleum by Cart.

No.

THIS pass covers cases containing gallons of petroleum *bonâ fide*, the property of , while in transport from to

Dated
18 .

Holder of General License No.

ENDORSEMENT ON PASS.

(1) The carts containing the petroleum shall not move after sunset or before sunrise or carry any light.

(2) The number of the general license under cover of which this petroleum is transported shall be legibly marked on a conspicuous part of the last case on the cart.

F ফারম।

আইনের ১০ ধারামতে আশঙ্কাজনক পেট্রোলিয়ম ভিন্ন অন্য পেট্রোলিয়ম গরুর গাড়ী করিয়া চালান করিবার যে সাধারণ লাইসেন্স দিতে হইবে (১৬ বিধি দেখ)।

নম্বর। ফী ১০০্ টাকা।

শ্রী কে নিম্ন বঙ্গ প্রদেশের মধ্যে গরুরগাড়ী করিয়া পেট্রোলিয়ম চালান করিবার সাধারণ লাইসেন্স, এই লাইসেন্সের পৃষ্ঠলিখিত বিধিও নিয়মাধীনে এতদ্দারা দেওয়া গেল।

পর্য্যন্ত এই লাইসেন্স বাহাল থাকিবে।

১৮৯ সাল
তাং

পোলীসের কমিশনর বা ডেপুটী কমিশনর সাহেব বা জিলার মাজিষ্ট্রেট সাহেব।

F ফারমের পৃষ্ঠলিপি।

বিধি।

[এই স্থানে আইনের ১১ ধারামত ১, ২, ও ১৫ অবধি ২৭ পর্য্যন্ত বিধি দিতে হইবে।]

নিয়ম।

১। যে গরুরগাড়ীতে পেট্রোলিয়ম থাকে সেই গাড়ী সূর্য্যাস্তের পর ও সূর্য্যোদয়ের পূর্ব্বে চলিবে না ও উহাতে কোন আলোক লইয়া যাইতে হইবে না।

২। এই লাইসেন্সের নম্বর গাড়ীর শেষ বাক্সের প্রকাশ্য স্থানে সুস্পষ্টরূপে অঙ্কিত থাকিবে।

G ফারম।

আশঙ্কাজনক পেট্রোলিয়ম ভিন্ন অন্য পেট্রোলিয়ম গরুরগাড়ী করিয়া চালান করিবার নম্বর সাধারণ লাইসেন্সধারীকে যে পাস দিতে হইবে।

নম্বর।

এই পাসক্রমে শ্রী র সম্পত্তি বা রক্ষিত গ্যালন পেট্রোলিয়ম স্থান হইতে স্থান পর্য্যন্ত লইয়া যাইবার সময়ে রক্ষিত হইবে।

১৮৯ সাল।
তাং

নং সাধারণ লাইসেন্সধারী।

পাসের পৃষ্ঠলিপি।

(১) যে গরুরগাড়ীতে পেট্রোলিয়ম থাকে সেই গাড়ী সূর্য্যাস্তের পর ও সূর্য্যোদয়ের পূর্ব্বে চলিবে না ও উহাতে কোন আলোক লইয়া যাইতে হইবে না।

২। এই পেট্রোলিয়ম যে সাধারণ লাইসেন্সক্রমে রক্ষিত হইয়া চালান হয় তাহার নম্বর গাড়ীর শেষ বাক্সের প্রকাশ্য স্থানে সুস্পষ্টরূপে অঙ্কিত থাকিবে।

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার ১৮৯৫ সাল ২৯শে জানুয়ারি।

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইনটী ১৮৯৫ সালের ৪ঠা জানুয়ারি তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর-জেনরল সাহেব কর্ত্তৃক অনুমোদিত হওয়ায় সাধারণের অবগতির নিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত করা গেল।—

১৮৯৫ সালের ১ আইন।

রাজধানীস্থ ছোট আদালত বিষয়ক ১৮৮২ সালের আইন সংশোধন করণার্থ আইন।

যেহেতু রাজধানীস্থ ছোট আদালত বিষয়ক ১৮৮২ সালের আইন সংশোধন করা বিহিত, অতএব এতদ্দ্বারা নিম্নলিখিতমত বিধান করা যাইতেছে।—

নাম ও আরম্ভের কথা।

১ ধারা। (১) এই আইনটীকে রাজধানীস্থ ছোট আদালত বিষয়ক ১৮৯৫ সালের আইন বলা যাইতে পারিবে, এবং

(২) ইহা ১৮৯৫ সালের এপ্রিল মাসের প্রথম দিবসে প্রবল হইবে।

১৮৮২ সালের ১৫ আইনের ৬ ধারা সংশোধন করিবার কথা।

২ ধারা। এই আইনে অতঃপর "উক্ত আইন" বলিয়া যে আইনের উল্লেখ করা হইয়াছে সেই রাজধানীস্থ ছোট আদালত বিষয়ক ১৮৮২ সালের আইনের ৬ ধারায় "হাই কোর্টের তত্ত্বাবধানের অধীন আদালত বলিয়া গণ্য হইবে" এই শব্দগুলির পর নিম্নলিখিত শব্দগুলি যোগ করিতে হইবে, অর্থাৎ :—

"এবং ব্যবহারাজীবদের সম্বন্ধীয় ১৮৭৯ সালের আইনের ৬ ধারার মর্ম্মানুসারে হাই কোর্টের অধস্তন আদালত বলিয়া গণ্য হইবে।"

১৮৮২ সালের ১৫ আইনের ৭ ধারা সংশোধন করিবার কথা।

৩ ধারা। (১) উক্ত আইনের ৭ ধারার প্রথম পারাগ্রাফের নিয়মবিধির পরিবর্ত্তে নিম্নলিখিত নিয়মবিধিটি বসাইতে হইবে, অর্থাৎ :—

কিন্তু কোন ব্যক্তি—

(ক) ভারতবর্ষীয় হাই কোর্ট বিষয়ক ১৮৬১ সালের আইনানুসারে স্থাপিত কোন হাই-কোর্টের আডবোকেট না হইলে, কিম্বা

(খ) এইরূপ কোন হাই কোর্টের উকীল বা এটর্নি না হইলে, কিম্বা

(গ) কোন দেওয়ানী আদালতের অন্যূন পাঁচ বৎসরের পুরাতন জজ না হইলে—

তাঁহাকে ঐ আদালতের জজ নিযুক্ত করা যাইবে না কিম্বা ঐ আদালতের জজের ক্ষমতা পরিচালন করিবার অনুমতি দেওয়া হইবে না।

"এবং প্রধান জজ সুদ্ধ এইরূপে নিযুক্ত ব্যক্তিদিগের অন্যূন এক তৃতীয়াংশকে উক্ত হাই কোর্ট সকলের মধ্যে কোন একটীর আডবোকেট হইতে হইবে।"

An Act to amend the Presidency Small Cause Courts Act, 1882.

(২) উক্ত আইনের ৭ ধারার শেষ প্যারাগ্রাফটি এতদ্দ্বারা রহিত করা গেল।

১৮৮২ সালের ১৫ আইনের ৮ ধারার পর নূতন ধারা সন্নিবেশিত করিবার কথা।

৪ ধারা। উক্ত আইনের ৮ ধারার পর নিম্নলিখিত ধারাটি সন্নিবেশিত করিতে হইবে, অর্থাৎ :—

"৮ ক ধারা। প্রধান জজের কোন অনুপস্থিতি কালের মধ্যে স্থানীয় গবর্ণমেন্ট ঐ আদালতের জজদিগের মধ্যে যে কেহ প্রধান জজের পদের যোগ্য হয়েন তাঁহাকে প্রধান জজের কার্য্য নির্ব্বাহ করণার্থ নিযুক্ত করিতে পারিবেন এবং যে পর্য্যন্ত প্রধান জজ ফিরিয়া না আইসেন সে পর্য্যন্ত উক্ত আদালতের অন্যতম জজের কার্য্য করণার্থ অন্য কোন যথোচিত যোগ্যতাবিশিষ্ট ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন এবং উক্ত আদালতের কোন অন্যতম জজের অনুপস্থিতি কালের মধ্যে স্থানীয় গবর্ণমেন্ট উক্ত আদালতের অন্যতম জজের কার্য্য করণার্থ কোন যথোচিত যোগ্যতাবিশিষ্ট ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন এবং যে পর্য্যন্ত অনুপস্থিত জজ ফিরিয়া না আইসেন অথবা যে পর্য্যন্ত স্থানীয় গবর্ণমেন্ট ঐ একটিং জজের নিয়োগ রহিত করিবার হেতু না দেখেন সে পর্য্যন্ত এইরূপে নিযুক্ত প্রত্যেক ব্যক্তিকে উক্ত আদালতের অন্যতম জজের কার্য্য নির্ব্বাহ করিতে ক্ষমতা দেওয়া যাইবে।"

অনুপস্থিত জজের কার্য্য নির্ব্বাহের কথা।

১৮৮২ সালের ১৫ আইনের ৯ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা ও প্রচলিত কার্য্যপ্রণালী ও কার্য্যরীতি কিয়ৎকালের জন্য প্রবল রাখিবার কথা।

৫ ধারা। উক্ত আইনের ৯ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে, অর্থাৎ :—

ছোট আদালতের কার্য্যপ্রণালী ও কার্য্যরীতির কথা।

"৯ ধারা। (১) হাই কোর্ট সময়ে সময়ে আইনের তুল্য প্রবল বিধি প্রণয়ন করিয়া—

(ক) ছোট আদালতের কার্য্যপ্রণালী বা কার্য্যরীতি সম্বন্ধে ১৮৯৪ সালের ডিসেম্বর মাসের একত্রিংশ দিবসে বা তৎপূর্ব্বে এই আইনে বা আইন অনুসারে কিম্বা উপস্থিত সময়ের প্রচলিত অপর কোন আইনে বা আইন অনুসারে যে সকল বিধান নির্দ্দেশ করা হইয়াছে তাহা রহিত করিয়া বা তাহার অতিরিক্ত যে কার্য্যপ্রণালী ছোট আদালতকে অনুসরণ করিতে হইবে এবং যে কার্য্যরীতি ছোট আদালতকে মানিয়া চলিতে হইবে তাহা নির্দ্দেশ করিতে পারিবেন এবং

(খ) ঐরূপ কোন বিধি বা বিধিসমূহ বাতিল বা পরিবর্ত্তন করিতে পারিবেন।

"এই আইন বা উপস্থিত সময়ের প্রচলিত অপর কোন আইনক্রমে ছোট আদালতের প্রতি যে কোন ক্ষমতা প্রদত্ত হইয়াছে এই ধারানুসারে প্রণীত বিধিতে অন্যান্য বিষয়ের মধ্যে ছোট আদালতের এক বা একাধিক জজ কর্ত্তৃক সেই ক্ষমতা পরিচালনের বিধান থাকিতে পারিবে।

"(২) কার্য্যপ্রণালী বা কার্য্যরীতি সম্বন্ধে যে আইন এবং আইনানুসারে কৃত বা কৃত বলিয়া প্রতীয়মান যে বিধি ও বিজ্ঞাপন ১৮৯৪ সালের ডিসেম্বর মাসের একত্রিংশ দিবসে ছোট আদালতে প্রবল ছিল কিম্বা প্রবল বলিয়া গণ্য করা হইয়াছিল যদি ও যাবৎ হাই কোর্ট কর্ত্তৃক এই ধারানুসারে কৃত বিধি দ্বারা সেই আইন এবং বিধি ও বিজ্ঞাপন বাতিল বা পরিবর্ত্তিত করা না হয় তাহা হইলে ও তাবৎ তাহা প্রবল থাকিবে।"

১৮৮২ সালের ১৫ আইনের ১৪ ধারায় যোগ করিবার কথা।

৬ ধারা। উক্ত আইনের ১৪ ধারায় নিম্নলিখিত শব্দগুলি যোগ করিতে হইবে অর্থাৎ :—

"ব্যাখ্যা।—এই ধারায় প্রয়োজনার্থ ৪১ ধারানুযায়িক দখলের দরখাস্তকে মোকদ্দমা বলিয়া গণ্য করা যাইবে।"

১৮৮২ সালের ১৫ আইনের ১৮ ধারায় যোগ করিবার কথা।

৭ ধারা। উক্ত আইনের ১৮ ধারায় প্রথম ব্যাখ্যার অব্যবহিত পূর্ব্বে নিম্নলিখিত নিয়মবিধিটী যোগ করিতে হইবে, অর্থাৎ :—

"কিন্তু যে স্থলে মোকদ্দমার হেতু সম্পূর্ণরূপে উপরোক্ত স্থানীয় সীমার মধ্যে উত্থিত হয় এবং আদালত মোকদ্দমা উপস্থিত করিবার অনুমতি দিতে অস্বীকার করেন সে স্থলে আদালত এইরূপ অস্বীকার করিবার হেতু লিপিবদ্ধ করিবেন।"

১৮৮২ সালের ১৫ আইনের ১৮ ধারায় যোগ করিবার কথা।

৮ ধারা। উক্ত আইনের ১৮ ধারার পর নিম্নলিখিত ধারাটি যোগ করিতে হইবে, অর্থাৎ :—

যে প্রতিবাদী বিচারাধিকারের বাহিরে বাস করেন বাদীর তাঁহার বিরুদ্ধে মোকদ্দমা ত্যাগ করিতে পারিবার কথা।

"১৮ ক ধারা। নালিশের হেতু সম্পূর্ণরূপে বা আংশিকভাবে কোন ছোট আদালতের বিচারাধিকারের স্থানীয় সীমার মধ্যে উত্থিত হইলে যে মোকদ্দমায় প্রতিবাদিদের একযোগে ও পৃথক পৃথক ভাবে দায়িত্ব আছে বলিয়া কথিত হয় ছোট আদালত সেই মোকদ্দমার প্রথম শুনানির সময় বা তৎপূর্ব্বে কোন বাদীকে যে কোন প্রতিবাদী উক্ত স্থানীয় সীমার মধ্যে বাস করেন না বা ব্যবসায় চালান না বা লভ্যার্থে নিজে কর্ম্ম

করেন না সেই প্রতিবাদীর বিরুদ্ধে মোকদ্দমা ত্যাগ করিবার এবং যে প্রতিবাদীরা ঐরূপে বাস করেন বা ব্যবসায় চালান বা লভ্যার্থে নিজে কর্ম্ম করেন কেবল তাঁহাদের নামে ডিক্রীর নিমিত্ত নালিশ করিবার অনুমতি দিতে পারিবেন।"

১৮৮২ সালের ১৫ আইনের ১৯ ধারায় যোগ করিবার কথা।

৯ ধারা। উক্ত আইনের ১৯ ধারায় নিম্নলিখিত ধারাটি যোগ করিতে হইবে, অর্থাৎ:—

আবেদনপত্র ফিরাইয়া দিবার কথা।

"১৯ ক ধারা। যে স্থলে আদালত দেখেন যে মোকদ্দমায় যে প্রশ্ন বিচার্য্য থাকে বিচারাধিকারের অভাবে তিনি তাহার চূড়ান্ত মীমাংসা করিতে পারেন না সে স্থলে যে আদালতের ঐ প্রশ্ন মীমাংসা করিবার বিচারাধিকার আছে সেই আদালতে উপস্থিত করণার্থ তিনি মোকদ্দমার কার্য্যের যে কোন অবস্থায় আবেদন পত্র ফিরাইয়া দিতে পারিবেন।

আদালত যখন ঐরূপে আবেদন পত্র ফিরাইয়া দেন তখন দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৫৭ ধারার দ্বিতীয় পারাগ্রাফের বিধানানুসারে কার্য্য করিবেন এবং খরচ সম্বন্ধে যে রূপ ন্যায্য বিবেচনা করেন তদ্রূপ আদেশ করিবেন। এবং ভারতবর্ষীয় মিয়াদ বিষয়ক ১৮৭৭ সালের আইনের প্রয়োজনার্থ আদালত বিচারাধিকারের অভাব বশতঃ মোকদ্দমা গ্রহণ করিতে অক্ষম হইয়াছেন বলিয়া বিবেচনা করা যাইবে। ঐরূপে ফিরাইয়া দেওয়া আবেদনপত্র পরে কোন হাই কোর্টে উপস্থিত করা হইলে বাদী ঐ আবেদনপত্র সম্বন্ধে ছোট আদালতে যত টাকা কোর্ট ফী দিলেন ঐ হাই কোর্টের কার্য্যরীতি অনুসারে যে ফী গবর্ণমেণ্টের নামে জমা করা হয় সেই ফী আদায় করিবার সময় তত টাকা বাদীর নামে জমা করা যাইবে।"

১৮৮২ সালের ১৫ আইনের ২১ ধারা সংশোধন করিবার কথা।

১০ ধারা। উক্ত আইনের ২১ ধারায় "তাহার মূল্যের টাকার না হইলে" এই শব্দগুলির পর "এবং যে সকল মোকদ্দমার বিষয়ের পরিমাণ বা মূল্য এক হাজার টাকার অধিক সেই সকল মোকদ্দমা" এই শব্দগুলি সন্নিবেশিত হইবে।

১৮৮২ সালের ১৫ আইনের ২২ ধারা সংশোধন করিবার কথা।

১১ ধারা। উক্ত আইনের ২২ ধারায় "দুই হাজার" এই দুই শব্দের পরিবর্ত্তে "এক হাজার" এই দুই শব্দ বসিবে।

১৮৮২ সালের ১৫ আইনের ২৩ ধারা ও দ্বিতীয় তফসীল রহিত করিবার কথা।

১২ ধারা। উক্ত আইনের ২৩ ধারাটি ও দ্বিতীয় তফসীলটি এতদ্দ্বারা রহিত করা গেল।

১৮৮২ সালের ১৫ আইনের ৬ অধ্যায়ের পরিবর্ত্তে নূতন অধ্যায় বসাইবার কথা।

১৩ ধারা। উক্ত আইনের ৬ অধ্যায়ের পরিবর্ত্তে নিম্নলিখিত অধ্যায়টি বসাইতে হইবে, অর্থাৎ:—

"৬ অধ্যায়।

"নূতন বিচার ও আপীলের কথা।

ছোট আদালতের ডিক্রী ও আজ্ঞা সাধারণতঃ চূড়ান্ত হইবার কথা।

"৩৭ ধারা। এই অধ্যায়মতে কিম্বা উপস্থিত সময়ের প্রচলিত অপর কোন আইনমতে যে স্থলে প্রকারান্তরের বিধান হইয়াছে সেই স্থল ছাড়া অন্য সকল স্থলে কোন মোকদ্দমায় ছোট আদালতের প্রত্যেক ডিক্রী ও আজ্ঞা চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবে।

যে মোকদ্দমায় প্রতিবাদ হয় সেই মোকদ্দমার নূতন বিচারের কথা।

"৩৮ ধারা। যে স্থলে কোন মোকদ্দমায় প্রতিবাদ করা হয় সে স্থলে ছোট আদালত (দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৫২২ ধারামত ডিক্রী নয়) ঐ মোকদ্দমার এমন কোন ডিক্রীর বা আজ্ঞার তারিখ হইতে আট দিনের মধ্যে কোন পক্ষ প্রার্থনা করিলে, আদালত যেরূপ নিয়ম যুক্তিসিদ্ধ জ্ঞান করেন সেইরূপ নিয়মে নূতন বিচার হইবার আজ্ঞা দিতে পারিবেন কিম্বা ঐ ডিক্রী বা আজ্ঞা পরিবর্ত্তিত বা রহিত করিতে বা উল্টাইয়া দিতে পারিবেন এবং আনুষ্ঠানিক কার্য্য ইতিমধ্যে স্থগিত রাখিতে পারিবেন।

"ব্যাখ্যা।—প্রতিবাদীর সম্মতিসহকারে বা প্রতিবাদী উপস্থিত হইবার ত্রুটি বশতঃ যে মোকদ্দমায় ডিক্রী দেওয়া হয় তাহা ভিন্ন অন্য রকমের প্রত্যেক মোকদ্দমা প্রতিবাদযুক্ত মোকদ্দমা বলিয়া বিবেচিত হইবে।

কোন কোন মোকদ্দমাকে হাই কোর্টে উঠাইয়া লইয়া যাইবার কথা।

"৩৯ ধারা। (১) ছোট আদালতে উপস্থিত হওয়া যে মোকদ্দমার বিষয়ের পরিমাণ বা মূল্য এক হাজার টাকার অধিক সেই মোকদ্দমায় প্রতিবাদী কিম্বা প্রতিবাদীদের মধ্যে কোন এক জন প্রতিবাদীর উপস্থিত হইবার জন্য সমনে যে দিন ধার্য্য থাকে সেই দিন যদি শেষে ফুরায় তবে সেই দিনের পূর্ব্বে এবং তাহার উপর সমন জারীর পর আট দিন কাল যদি শেষে ফুরায় তবে সেই আট দিনের মধ্যে আপন পক্ষ সমর্থনার্থ যে সকল কথার উপর নির্ভর করেন একখানি আফিডেবিটে সেই সকল কথা লিখিয়া মোকদ্দমা হাই কোর্টে উঠাইয়া লইয়া যাইবার হুকুমের জন্য হাই কোর্টের কোন জজের কাছে এক তরফা দরখাস্ত করিতে পারিবেন।

"(২) দরখাস্ত কেবলমাত্র বিলম্ব ঘটাইবার অভিপ্রায়ে করা হইয়াছে জজ যদি এরূপ বিবেচনা না করেন তাহা হইলে দরখাস্তকারির এরূপ হুকুম পাইতে স্বত্ববান

হইবার অধিকার থাকিবে। কিন্তু জজ যদি উপযুক্ত বিবেচনা করেন তাহা হইলে উক্ত মোকদ্দমা সম্বন্ধে বাদীকে দরখাস্তকারির যে খরচা দেয় হইতে পারে তাহা দিবার জন্য হুকুমে যে যুক্তিসঙ্গত টাকা নির্দ্দিষ্ট করিয়া দিতে হইবে তজ্জন্য জামিন দিবার নিমিত্ত তাঁহার ঐ হুকুমে ও হুকুম দ্বারা দরখাস্তকারীকে আদেশ করা আইনসঙ্গত কার্য্য হইবে। এবং উপযুক্ত বিবেচনা করিলে ঐ জজ এরূপ ব্যক্ত ও করিতে পারিবেন যে ঐ হুকুমে যে উঠাইয়া লইয়া যাওয়া আদিষ্ট হয় তাহা একটী যুক্তিযুক্ত সময়ের মধ্যে ঐ জামিন সম্পূর্ণ করিয়া দেওয়ার উপর নির্ভর করিবে এবং ঐ যুক্তিযুক্ত সময় হুকুমে নির্দ্দিষ্ট করিতে হইবে।

"(৩) (কোন জামিনের আদেশ হইলে) দরখাস্তকারী (কোন নির্দ্দিষ্ট সময় থাকিলে) যদি নির্দ্দিষ্ট সময়ের মধ্যে আদিষ্ট জামিন সম্পূর্ণ করিয়া দিতে অপারগ হয় বা অবহেলা করে তাহা হইলে উক্ত হুকুম রহিত করা যাইবে এবং মোকদ্দমা এই ভাবে ছোট আদালতে চলিবে যেন ঐ হুকুম কখন করা হয় নাই।

"(৪) যে মোকদ্দমা এই ধারানুসারে হাই কোর্টে উঠাইয়া লইয়া যাওয়া হইয়াছে যদি সেই মোকদ্দমার বাদী মোকদ্দমাকে ছোট আদালতের বিচারাধিকারের ভিতর আনিবার নিমিত্ত আপন দাবীর কোন অংশ পরিত্যাগ করিয়া থাকেন তাহা হইলে তাঁহাকে তাঁহার দাবীর এইরূপে পরিত্যক্ত অংশ পুনরায় দাবী করিতে দেওয়া যাইবে।"

ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে উঠাইয়া লইয়া যাওয়া মোকদ্দমা সম্বন্ধে বিধির কথা।

"৪০ ধারা। (১) ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে কোন মোকদ্দমা হাই কোর্টে উঠাইয়া লইয়া যাওয়া হইলে, ঐ আদালত আপন সরেনও বিচারাধিকার পরিচালনক্রমে উহা শুনিবেন ও উহার মীমাংসা করিবেন এবং উহা প্রথমতঃ উক্ত আদালতে উপস্থিত করা হইলে উহার সম্বন্ধে ঐ আদালতের যে সমস্ত ক্ষমতা ও বিচারাধিকার থাকিত ঐ আদালতের উহার সম্বন্ধে ঠিক সেই সমস্ত ক্ষমতা ও বিচারাধিকার থাকিবে।

"(২) আদালত অন্য রকম আদেশ না করিলে, উপরোক্ত মত উঠাইয়া লইয়া যাওয়া প্রত্যেক মোকদ্দমায় ৩৯ ধারার (১) প্রকরণানুসারে দাখিল করা এফিডেবিটকে প্রতিবাদীর দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ১১০ ধারানুসারে প্রদত্ত বর্ণনাপত্রস্বরূপ গণ্য করা হইবে।

"(৩) বাদী আবেদন পত্র সম্বন্ধে ছোট আদলতে যত টাকা কোর্ট ফী দেন উপরোক্তমতে উঠাইয়া লইয়া যাওয়া প্রত্যেক মোকদ্দমায় হাই কোর্টের কার্য্যরীতি অনুসারে যে ফী গবর্ণমেন্টকে দেয় হয় সেই ফী আদায় করিবার সময় তত টাকা বাদীর নামে জমা করা যাইবে।"

জে, এম, মেকফার্সন,
ভারতবর্ষের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

CHUNDER NATH BOSE,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার, ১৮৯৫ সাল ২৯ জানুয়ারি।

ষষ্ঠ খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

১৮৯৫ সালের ২ নম্বর।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপিখানি ১৮৯৫ সালের ১৯এ জানুয়ারি তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রি-সভায় উপস্থিত করা ও পঠিত হইয়াছিল এবং উহার অভিপ্রায় ও হেতুর বিবরণের সহিত অবগতির নিমিত্ত এতদ্দ্বারা প্রকাশিত করা যাইতেছে।—

কলিকাতার শাখা নগরের পোলীসের সুবিধান করিবার ১৮৬৬ সালের আইন ও ১৮৬৬ সালের কলিকাতার পোলীসের আইন অধিকতর সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

সূচনা।

যে হেতু ১৮৬৬ সালের বঙ্গীয় ২ আইন ও ১৮৬৬ সালের কলিকাতার পোলীসের আইনের অধিকতর সংশোধন করা বিহিত, অতএব নিম্নলিখিতমত বিধান করা যাইতেছে:—

আরম্ভের কথা।

১ ধারা। এই আইন যে তারিখে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতি প্রাপ্ত হইয়া কলিকাতা গেজেটে প্রকাশিত হয় সেই তারিখ হইতে প্রবল হইবে।

১৮৮৬ সালের বঙ্গীয় ২ আইনের ৪১ ধারার পর এবং ১৮৬৬ সালের বঙ্গীয় ৪ আইনের ৬৮ ক ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

২ ধারা। ১৮৬৬ সালের বঙ্গীয় ২ আইনের ৪১ ধারার পর ৪১ ক ধারা স্বরূপ এবং ১৮৬৬ সালের কলিকাতার পোলীসের আইনের ৬৮ ক ধারার পর ৬৮ খ ধারাস্বরূপ নিম্নলিখিত ধারাটি সন্নিবেশিত করিতে হইবে।

কুকর্ম্ম করিবার নিমিত্ত প্রকাশ্য স্থানে মিনতি করিবার দণ্ডের কথা।

"যে ব্যক্তি অপর কোন ব্যক্তিকে কুকর্ম্ম করিবার নিমিত্ত কোন প্রকাশ্য স্থানে মিনতি করে কোন মাজিষ্ট্রেটের নিকট সরাসরীমতে তাহার অপরাধ সাব্যস্ত হইলে তাহার

A Bill to further amend the Suburban Police Act, 1866, and the Calcutta Police Act, 1866.

পঞ্চাশ টাকার অনধিক জরিমানা কিম্বা আট দিনের অনধিক কালের নিমিত্ত কঠিন পরিশ্রম সহিত বা কঠিন পরিশ্রম বিনা কারাদণ্ড হইতে পারিবে।"

১৮৮৬ সালের বঙ্গীয় ২ আইনের ৪৩ ধারা সংশোধন করিবার কথা।

৩ ধারা। ১৮৬৬ সালের বঙ্গীয় ২ আইনের ৪৩ ধারায় "এই আইনের" এই শব্দ দুইটির গোড়ায় "৪১ ক ধারার লিখিত কোন অপরাধ ছাড়া" এই শব্দগুলি বসাইতে হইবে।

১৮৬৬ সালের বঙ্গীয় ২ আইনের ৭২ ধারা সংশোধন করিবার কথা।

৪ ধারা। ১৮৬৬ সালের কলিকাতার পোলীসের আইনের ৭২ ধারায় "এই আইনের" এই শব্দ দুইটির গোড়ায় "৬৮খ ধারার লিখিত কোন অপরাধ ছাড়া" এই শব্দগুলি বসাইতে হইবে।

১৮৬৬ সালের বঙ্গীয় ২ আইনের ৪৩ ধারার পর এবং ১৮৬৬ সালের বঙ্গীয় ৪ আইনের ৭২ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

৫ ধারা। ১৮৬৬ সালের বঙ্গীয় ২ আইনের ৪৩ ধারার পর ৪৩ ক ধারাস্বরূপ এবং ১৮৬৬ সালের কলিকাতার পোলীসের আইনের ৭২ ধারার পর ৭২ ক ধারা স্বরূপ নিম্নলিখিত ধারাটি সন্নিবেশিত করিতে হইবে।—

মিনতি করিবার নিমিত্ত ওয়ারণ্ট বিনা ধৃত করিবার কথা।

"দেশীয় কনষ্টাবলের পদের অপেক্ষা উচ্চ পদধারী কোন পোলীসের কর্ম্মচারী এবং যে কর্ম্মচারীকে স্থানীয় গবর্ণমেণ্ট কিম্বা পোলীসের কমিশনর সাহেব তদর্থে বিশেষ করিয়া নিযুক্ত করেন তিনি কোন ব্যক্তি অপর কোন ব্যক্তিকে কুকর্ম্ম করিবার নিমিত্ত তাঁহার সম্মুখে ও কোন প্রকাশ্যস্থানে মিনতি করিলে যদি তাহার নাম ও ঠিকানা জ্ঞাত না থাকেন ও সেই সময়ে ও সেই স্থানেই তাহার নাম ও ঠিকানা জানিতে না পারেন তাহা হইলে তাহাকে ওয়ারণ্ট বিনা ধৃত করিতে পারিবেন।"

অভিপ্রায় ও হেতুর বিবরণ।

বেশ্যারা বা দালালেরা কোন ব্যক্তিকে কুকর্ম্ম করিবার নিমিত্ত প্রকাশ্যস্থানে মিনতি করিলে, ঐ অপরাধের দণ্ডের জন্য কলিকাতার বা শহরতলীর পোলীসের আইনে কোন বিধানই নাই। কলিকাতা নগরের কোন কোন অংশে যে এইরূপ অপরাধ করা হইয়া থাকে ও উহার এতদূর প্রাদুর্ভাব হইয়াছে যে তাহা নিবারণ করা আবশ্যক তদ্বিষয়ে সন্দেহ নাই। সুতরাং আইনের এই অভাবটি দূর করিবার জন্য উপযুক্ত রূপে সকল দিক রক্ষা করিয়া এই পাণ্ডুলিপিখানি উপস্থিত করা হইয়াছে।

১৮৯৫ সাল ১লা জানুয়ারি।

এচ্. জে, এস্. কটন্।
গর্ডন লীথ,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের
ব্যবস্থা বিভাগের আসিষ্টাণ্ট সেক্রেটরী।

কলিকাতা,
১৮৯৫ সাল ২১এ জানুয়ারি।

CHUNDER NATH BOSE,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JANUARY 29, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ২৯ জানুয়ারি।

PART VIII.

ADVERTISEMENT.

অষ্টম খণ্ড।

ইশতিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইস্তাহার।

Cinchona Febrifuge.

Cinchona Febrifuge can be purchased by all Government officers and by any one taking *six pounds* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, at the following rates: per four-ounce tin, *Rs.* 2, *ans.* 8; per eight-ounce tin, *Rs.* 5; per pound tin, *Rs.* 10. The general public can be supplied by the Superintendent, Botanic Gardens, *for cash only*, at the undernoted rates: per four-ounce tin, *Rs.* 3; per eight-ounce tin, *Rs.* 6; per pound tin, *Rs.* 12. This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta. Postage—Four annas per 4 *oz.* tin, eight annas per 8 *oz.* tin, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

জ্বরঘ্ন সিন্‌কোনা।

কলিকাতাস্থ বোটানিকাল গার্ডনের অর্থাৎ কোম্পানির বাগানের সুঁপরিণ্টেণ্ডেণ্টের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ এবং অপর কোন ব্যক্তি এককালীন ছয় পৌণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে জ্বরঘ্ন সিন্‌কোনা পাইবেন অর্থাৎ চারি ঔন্স টিন ২॥০ টাকায়, আট ঔন্স টিন ৫৲ টাকায় ও এক পৌণ্ড টিন ১০৲ টাকায় পাইবেন। সর্ব্বসাধারণে কোম্পানির বাগানের সুপরিণ্টেণ্ডেণ্টের নিকট নগদ মূল্য দিলে এই২ হিসাবে অর্থাৎ চারি ঔন্স টিন ৩৲ টাকায়, আট ঔন্স টিন ৬৲ টাকায় এবং এক পৌণ্ড টিম ১২৲ টাকায় পাইতে পারিবেন কলিকাতার প্রধান২ ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত হার ছাড়া চারি ঔন্স টিনের ।০, আট ঔন্স টিনের ॥০ ও এক পৌণ্ড টিনের ৸০ ডাক মাসুল দিতে হইবে।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সিন্‌কোনা আবাদে প্রস্তুত বিশুদ্ধ কুইনাইন।

এই কুইনাইনের নিম্নলিখিত মূল্য হইবে, যথা—

১ এক পৌণ্ড টিন ১৬৲ বা ডাক মাসুল বিনা ১৬৸০
॥ আধ ,, ,, ৮৲ বা ডাক মাসুল বিনা ৮॥০
। শিকি ,, ,, ৪৲ বা ডাক মাসুল বিনা ৪॥০

পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে এই কুইনাইন অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করা হইয়াছে। এবং ইহা যে সিন্‌কোনাইন ও সিন্‌কোনীডাইন নামক অপকৃষ্ট ক্ষারের সহিত ইচ্ছাপূর্ব্বক মিশান হয় নাই তাহার গারাণ্টী দেওয়া যাইতেছে। ইহা নগদ মূল্যে কেবল গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণের নিকট বিক্রয় করা যাইবে এবং কলিকাতার নিকটস্থ শিবপুরের কোম্পানির বাগানের সুপারিণ্টেণ্ডেণ্টের নিকট পাওয়া যাইতে পারিবে। ইহা শাদা বা পাটলবর্ণের পাওয়া যাইতে পারিবে।

NOTICE.

The 21st February 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance:—

For the Mufassal.		Rs.	A.	P.	
Entire Gazette	... ...	10	0	0	per annum.
Postage	... ...	2	8	0	,,
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal	.. ..	4	0	0	,,
Postage	... ...	1	0	0	,,
For a single copy—					
Entire Gazette	... ...	0	4	0	
Postage	... ..	0	1	0	
Parts III, IV, V, and VI	.. ...	0	1	0	for 4 sheets or under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
Postage	... ...	0	1	0	

For Calcutta.

The same rates as those of the mufassal, with the exception of the charge for postage

E. N. Baker,
Offg. Under-Secretary to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের মূল্য ও ডাকমাশুল এই অবধি নিম্ন-লিখিত হারে অগ্রিম দিতে হইবে :—

মফঃসলে					টাকা।
সম্পূর্ণ গেজেট	...	...	...	বৎসর	১০৲
ডাকমাশুল	...	...	...	,,	২॥০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে)	...	...	...	,,	৪৲
ডাকমাশুল	...	...	...	,,	১৲
সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য	..		...	,,	।০
ডাকমাশুল	...	...	...		৴০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)	...		...		৴০ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠা প্রতি আর এক ২ আনা।
ডাকমাশুল	...	...	...	...	৴০

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাকমাশুল লাগিবে না।

ই, এন, বেকার।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী।

NOTICE.

In continuation of notice dated the 20th November 1887, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscriptions to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government officer or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. BOLTON,
Under-Secretary to the Govt. of Bengal

12th December 1882.

NOTE.—*Rates of advertisements in the* CALCUTTA GAZETTE.

				Rs.
Full page, per issue	...	...	...	20
Half ,, ,,	...	...	...	10

Casual advertisements—4 annas per line.

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে এবং গেজেট দেওয়া যাইবে না, ১৮৮৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্ট কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশতিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ৵০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশতিহার প্রকাশ করিবার হার এই।—

				টাকা।
পূরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	.	..	...	২০৲
আধ পৃষ্ঠা	..		...	১০৲
কখন কখন ইশতিহার প্রকাশ করিতে হইলে একং পংক্তি	..	...	...	।০

FOR SALE AT THE BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant Governor of Bengal, by C. D. Field, M.A., LL.D., of the Inner Temple, Barrister-at-Law, and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

N B—Copies are still available.

বাঙ্গাল সেক্রেটারিয়েট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-লা ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট কমিশ্যনের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুত সি, ডি, ফিলড, এম, এ, ও এল, এল, ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারীর প্রজা বিষয়ক আইন সংহিতা।

একং খানি পুস্তকের মূল্য, ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ।৵০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য। উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

বিজ্ঞাপন।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার স্প্ল্যানেড ওয়েষ্ট টৌন হালের হাতায় স্থিত বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্টারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেণ্ট প্রেসে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

কলিকাতা প্রেসিডেন্সি জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্য শ্রীযুত এডওইন মরিস লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 8a—24-1-95—175—180

Numb. 2897 [২৮৯৭]

REGISTERED No. 8.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 5, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ৫ ফেব্রুয়ারি।

CONTENTS

নির্ঘণ্ট।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ ও বিজ্ঞাপন প্রভৃতি।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

বিজ্ঞাপন।

হিসাব এবং রাজস্ব।

সাধারণ ঋণ।

১৮৯৪ সাল ২৮ শে ডিসেম্বর।

৬৩১৮—A নং।—বুক্ ডেট্ একাউণ্টে কোম্পানির কাগজ রেজিষ্টরি করাইয়া রাখিবার প্রণালীতে যে সকল সুবিধা প্রাপ্ত হওয়া যাইতে পারে তৎপ্রতি যাঁহারা কোম্পানির কাগজ শীঘ্র বিক্রয়ের উদ্দেশ্যে না রাখিয়া অল্পাধিক কাল সুদ পাইবার প্রত্যাশায় রাখেন, তাঁহাদের মনোযোগ আকর্ষণ করা যাইতেছে।

রেজিষ্টরি করিবার ও ষ্টক্ সার্টিফিকেট দিবার কথা।

২। শতকরা ৩॥০ টাকা সুদের কোম্পানির কাগজের অধিকারিরা ইচ্ছা করিলে, ঐ কাগজ বুক্ ডেট্ একাউণ্টে রেজিষ্টরি করা যাইতে পারিবে ও তাহার পরিবর্ত্তে হস্তান্তরের অযোগ্য ষ্টক্ সার্টিফিকেট দেওয়া যাইবে।

৩। যে কোম্পানির কাগজ পরিবর্ত্তিত করিয়া বুক্ ডেট্ করিয়া লইবার অভিপ্রায় হয় তাহা, হয় বাঙ্গালা, মান্দ্রাজ বা বোম্বাই ব্যাঙ্কের সরকারি ঋণ আপিসে, নয় যে ট্রেজরিতে সুদ দেয় হয়, সেই ট্রেজরিতে, লিখিত দরখাস্তের সহিত সমর্পণ করিতে হইবে। দরখাস্তের ফারম সকল সময়ে বাঙ্গালা, মান্দ্রাজ ও বোম্বাইয়ের ব্যাঙ্কে এবং ট্রেজরি আপিসরের মারফত পাওয়া যাইবে।

৪। যাঁহার কাগজ তিনি সমস্ত কাগজের মোট টাকার পরিবর্ত্তে, ঐ সমস্ত কাগজ যে ঋণ (লোন সম্বন্ধীয় সেই ঋণ কিম্বা। ১৮৯৪ সালের ১৯শে অক্টোবর তারিখের ৫২৮৮ক নম্বরের বিজ্ঞাপনের লিখিত নিয়মাধীনে) অন্য যে ঋণে তিনি তাঁহার কাগজ খারিজ করিয়া লইতে ইচ্ছা করেন সেই ঋণে একখানি ষ্টক্ সার্টিফিকেট পাইবেন।

কোম্পানির কাগজ পুনর্ব্বার পরিবর্ত্তনের কথা।

৫। কোন ষ্টক্ সার্টিফিকেটধারী ব্যক্তি ঐ সার্টিফিকেট যত টাকার সেই টাকার সমস্ত বা কোন অংশ ঐ সার্টিফিকেট যে ঋণ (লোন) সম্পর্কীয় সেই ঋণ সম্বন্ধীয় কোম্পানির কাগজে পুনর্ব্বার পরিবর্ত্তিত করিতে ইচ্ছা করিলে, ঐ সার্টিফিকেট বাঙ্গালা, মান্দ্রাজ বা বোম্বাই ব্যাঙ্কে কিম্বা যে ট্রেজরিতে সুদ দেয় হয়, সেই ট্রেজরিতে নিম্নলিখিত প্রকারে পৃষ্ঠলিপি যুক্ত করিয়া সমর্পণ করিলে ঐ রূপ করিতে পারিবেন। পৃষ্ঠলিপি যথা :—

"এই ষ্টক্ সার্টিফিকেটের পরিবর্ত্তে প্রত্যেকে টাকার করিয়া কোম্পানির কাগজগুলি ও (ইহার সহিত বাকী টাকার নিমিত্ত একখানি নূতন ষ্টক্ সার্টিফিকেট) প্রাপ্ত হইলাম।"

কিন্তু কোম্পানির কাগজ কেবল ১০০৲ টাকা বা ১০০৲ টাকাকে কোন রাশি দ্বারা গুণ করিলে গুণফল যে টাকা হয় সেই টাকার নিমিত্ত দেওয়া হইবে।

ষ্টক্ বিক্রয় বা হস্তান্তর করিবার কথা।

৬। বুক্ ডেট্ একাউণ্টে রেজিষ্টরী করা গবর্ণমেণ্ট ষ্টকের বিক্রয় বা হস্তান্তর করণ যোড়া শত টাকায় করা চাই এবং উহা যে ষ্টক্ধারির নাম রেজিষ্টরি করা আছে তিনি বা তাঁহার যথারীতি নিযুক্ত এটর্ণি কর্ত্তৃক ব্যাঙ্কের বহিতে হস্তান্তরের কথা লিখিয়া করা চাই। ঐ রূপ হস্তান্তরপত্রের নিমিত্ত ইষ্টাম্প মাশুল লাগিবে না। হস্তান্তর করিবার দলিলের ফারম বাঙ্গালা, মান্দ্রাজ বা বোম্বাই ব্যাঙ্ক হইতে সাক্ষাৎ সম্বন্ধে বা ট্রেজরি আপিসরের মারফত পাওয়া যাইতে পারিবে।

৭। হস্তান্তর করণ যথাবিধি সম্পন্ন হইলে এবং মূল সার্টিফিকেট ব্যাঙ্কে স্থাপিত হইলে, যাঁহার নামে হস্তান্তর করা হইয়াছে তিনি একখানি নূতন সার্টিফিকেট পাইবেন।

৮। যে স্থলে ষ্টকের কেবল কোন অংশ হস্তান্তরিত হয় সে স্থলে মূল সার্টিফিকেটের পৃষ্ঠে হস্তান্তরিত অংশের উল্লেখ করিতে হইবে এবং ক্রেতা হস্তান্তরিত অংশের তুল্য টাকার একখানি সার্টিফিকেট পাইবেন।

৯। বিক্রয় বা ক্রয়ের নিমিত্ত (ব্যবহৃত) হস্তান্তরকরণের বা বিশেষ মোক্তারনামার ফারম সামান্য কা দিলে বাঙ্গালা, মান্দ্রাজ এবং বোম্বাইয়ের ব্যাঙ্কে সর্ব্বদাই পাওয়া যাইতে পারে।

লণ্ডনে চালান দিবার কথা।

১০। ষ্টক্‌ সার্টিফিকেটের অধিকারিরা সার্টিফিকেটের লিখিত টাকার সমস্ত বা কোন অংশ ইংলণ্ডে চালান দিতে ইচ্ছা করিলে দরখাস্ত করিয়া বাঙ্গালা, মান্দ্রাজ বা বোম্বাই ব্যাঙ্ক হইতে হস্তান্তর করণের অযোগ্য একখানি সার্টিফিকেট পাইতে পারেন। ঐ সার্টিফিকেট ইংলণ্ডের ব্যাঙ্কে দেখাইলে যে পরিমাণ ষ্টক্‌ ঐরূপে হস্তান্তর করণের নিমিত্ত বিজ্ঞাপিত হইয়াছে সেই পরিমাণ ষ্টক্‌ টাকা গ্রহীতার নামে রেজিষ্টরি করা হইবে এবং তন্নিমিত্ত একখানি সার্টিফিকেট দেওয়া হইবে।

ফিসের কথা।

১১। ষ্টক্‌ সার্টিফিকেট প্রদান সম্বন্ধে কোন এন্‌ফেস্‌মেণ্ট বা নূতন করিয়া লইবার ফী লওয়া যাইবে না। কিন্তু বাঙ্গালা, মান্দ্রাজ বা বোম্বাই ব্যাঙ্ক কর্ত্তৃক প্রদত্ত প্রত্যেক ঐরূপ সার্টিফিকেটের উপর প্রতি ৫০০০, টাকা বা তাহার অংশের উপর ১, টাকা হিসাবে ফী লওয়া যাইবে।

১২। ষ্টক্‌ সার্টিফিকেটের পরিবর্ত্তে প্রদত্ত প্রত্যেক কোম্পানির কাগজ যদি ৪০০, টাকার অধিক না হয় তাহা হইলে উহার উপর শতকরা ।০ আনা হিসাবে এবং ৪০০, টাকার অধিক হইলে শত করা ১, টাকা হিসাবে ফী লওয়া যাইবে।

সুদ দিবার কথা।

১৩। রেজিষ্টরি করা ঋণের দরুন প্রাপ্য সুদের অনুজ্ঞাপত্রের টাকা যাহাতে কোন সাধারণ ঋণ আপিস বা যে কোন গবর্ণমেণ্ট ট্রেজরিতে পাওয়া যায় এরূপ করা যাইতে পারিবে।

১৪। কোন বিশেষ বন্দোবস্ত না থাকিলে, সুদের অনুজ্ঞাপত্রের টাকা যদি সাধারণ ঋণ আপিসে দেয় হয় তাহা হইলে ঐ পত্র যে দিনে দেয় সেই দিনে বা তাহার পরে অধিকারী বলিয়া যাঁহার নাম রেজিষ্টরি করা আছে তাঁহাকে বা তাঁহার কর্ম্মচারিকে বা তাঁহাদের দুই জনের মধ্যে এক জনের নিকট হইতে পত্র লইয়া আসিয়াছে এরূপ ব্যক্তিকে, স্বয়ং উপস্থিত হইয়া ঐ অনুজ্ঞাপত্র পাইবার দরখাস্ত করিলে, দেওয়া যাইবে। যদি অনুজ্ঞাপত্রের টাকা কোন ট্রেজরিতে দেয় হয় তাহা হইলে ঐ পত্র এ ট্রেজরিতে পাঠান হইবে এবং পুর্ব্বোক্তমত ট্রেজরি আপিসর কর্ত্তৃক অধিকারী বলিয়া যাঁহার নাম রেজিষ্টরি করা আছে তাঁহাকে বা তাঁহার কর্ম্মচারীকে বা তাঁহাদের দুই জনের এক জনের নিকট হইতে পত্র লইয়া আসিয়াছে এরূপ ব্যক্তিকে দেওয়া হইবে।

১৫। কিন্তু ভাল বোধ হইলে এরূপও করা যাইতে পারে, অর্থাৎ অধিকারী বলিয়া যাঁহার নাম রেজিষ্টরি করা আছে তিনি বা তাঁহার কর্ম্মচারী লিখিত দরখাস্তে যে ঠিকানার উল্লেখ করেন ঐ অনুজ্ঞা-পত্র, ডাকযোগে তাঁহার নিকট সেই ঠিকানায় পাঠাইয়া দেওয়া হইবে। ঐ দরখাস্তে একবার মাত্র করিতে হইবে এবং যতদিন পর্য্যন্ত উহা প্রত্যাহার করা না হয় ততদিন ঐ দরখাস্ত অনুসারে কাজ হইবে।

১৬। সরকারী ঋণ আপিস বা স্থল বিশেষে ট্রেজরিতে অনুজ্ঞাপত্র উপস্থিত করিলে টাকা দেওয়া হইবে।

সার্টিফিকেটের ফারম।

১৭। এই বিজ্ঞাপন অনুসারে যে ফারমে ষ্টক্‌ সার্টিফিকেট দেওয়া হইবে তাহা নিম্নে মুদ্রিত হইল।

১৮। এই বিজ্ঞাপন দ্বারা এই কার্য্যবিভাগের ১৮৯৩ সালের ২০ শে অক্টোবর তারিখের ৪৫৬৫ ক নম্বর বিজ্ঞাপনের ১ ম পারাগ্রাফ রহিত করা গেল।

ষ্টীফেন জেকব,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[পৃষ্ঠলিপি দ্বারা হস্তান্তরের যোগ্য নহে]

———— সালের শতকরা ———— টাকা সুদের ঋণের বুক্‌ ডেট্‌।

সার্টিফিকেট নং ———— টাকা ————

আমি এতদ্দ্বারা এই সার্টিফিকেট দিতেছি যে শ্রী ———— সালের শতকরা ———— টাকা ঋণের ———— টাকার গবর্ণমেণ্ট ষ্টকের রেজিষ্টরি করা অধিকারী। উহার সুদ বার্ষিক শতকরা ———— টাকা, ঐ সুদ ———— তারিখ হইতে ছয় মাস অন্তর দেয়।

সাধারণ ঋণ আপিস।	কন্ট্রোলর জেনেরল।
	বা
ব্যাঙ্ক ;	একাউণ্ট জেনেরল।
১৮৯ সাল তারিখ	সুপারিণ্টেণ্ডেণ্ট।

বাঙ্গালা, বোম্বাই এবং মান্দ্রাজের ব্যাঙ্কের সরকারী ঋণ আপিসে বুক ডেট রূপে রক্ষিত নানাবিধ লোনের ষ্টক্ সম্বন্ধীয় বিধি।

১। ষ্টক্ যোড়া শত টাকার করিয়া হইবে ও উহার বিক্রয়ও যোড়া শত শত টাকায় করিতে হইবে।

২। সার্টিফিকেট পৃষ্ঠলিপি দ্বারা ক্রয় বিক্রয় করা যাইতে পারিবে না।

৩। ইষ্টাম্পমাশুল বর্জ্জিত দলীল দ্বারা বিক্রয় করা যাইবে।

৪। প্রিন্সিপাল বা দস্তুরমত ইষ্টাম্পযুক্ত বিক্রয় করিবার ক্ষমতাপত্র অনুসারে নিযুক্ত এটর্নিদ্বারা দলীল সম্পাদিত হইবে।

৫। দলীল এবং ক্ষমতাপত্রের ফারম, বাঙ্গালা, বোম্বাই এবং মান্দ্রাজের ব্যাঙ্কের সাধারণ ঋণ আপিসে পাওয়া যায়।

৬। বিক্রয়ের স্থলে, সার্টিফিকেট সমর্পণ করিতে হইবে।

৭। ষ্টক্ যোড়া শত টাকা করিয়া কোম্পানির কাগজে পরিবর্ত্তিত করা যাইতে পারিবে এবং এই জন্য উহা হয় সরকারী ঋণ আপিস নয় যে ট্রেজরিতে সুদ দেয় হয় সেই ট্রেজরিতে সমর্পণ করা যাইতে পারিবে।

৮। ষ্টক্ কোম্পানির কাগজে পরিবর্ত্তিত করিতে হইলে, সার্টিফিকেটে নিম্নলিখিত রসিদ দিতে হইবে যথা—এই ষ্টক্ সার্টিফিকেটের পরিবর্ত্তে প্রত্যেকে টাকার করিয়া কোম্পানির কাগজগুলি (ও উহার সহিত বাকি টাকার জন্য একখানি নূতন ষ্টক্ সার্টিফিকেট) প্রাপ্ত হইলাম।

৯। ষ্টক্ সার্টিফিকেটের পরিবর্ত্তে প্রদত্ত প্রত্যেক কাগজের উপর যদি উহা ৪০০্ টাকার অধিক না হয় তাহা হইলে শতকরা ।০ আনা এবং অধিক হইলে ১্ টাকা ফী লওয়া যায়।

১০। ষ্টক্ সার্টিফিকেট দিবার জন্য কোন এনুফেসমেণ্ট ফী বা নূতন করিয়া লইবার ফী লওয়া যায় না। কিন্তু বাঙ্গালা, মান্দ্রাজ বা বোম্বাই ব্যাঙ্ক কর্ত্তৃক প্রদত্ত প্রত্যেক ঐরূপ সার্টিফিকেটের জন্য প্রতেক ৫০০০্ টাকা বা তাহার কোন অংশের উপর ১্ টাকা হারে ফী লওয়া যাইবে।

১১। ঐরূপ ষ্টকের সুদ প্রিন্সিপাল বা দস্তুরমত ইষ্টাম্পযুক্ত ক্ষমতাপত্র অনুসারে নিযুক্ত তাঁহার এটর্নি বাহির করিতে পারিবেন।

১২। ষ্টক্ সার্টিফিকেটের পূর্ব্ব সমর্পণ বিনা নির্দ্ধারিত তারিখে সুদের অনুজ্ঞাপত্র বাহির করা যাইবে।

১৩। সুদের অনুজ্ঞাপত্রের টাকা হয় কোন গবর্ণমেণ্ট ট্রেজরি নয় কলিকাতা, মান্দ্রাজ বা বোম্বাইয়ের কোন একটী সরকারী ঋণ আপিসে দেয় করা যাইতে পারিবে এবং ঐ সকল অনুজ্ঞাপত্র প্রিন্সিপাল বা এটর্নি বা উহাদের দুই জনের এক জনের নিকট হইতে পত্র লইয়া আসিয়াছে এমন কোন ব্যক্তিকে দেওয়া যাইবে অথবা যে ট্রেজরি হইতে টাকা চাওয়া হয় সেই ট্রেজরিতে পাঠান যাইবে অথবা অধিকারী বা তাঁহার এটর্নি ঐ পত্র পাঠাইবার জন্য লিখিত দরখাস্ত করিলে একেবারে তাঁহাদের নিকট ডাকে পাঠান যাইবে।

১৪। ষ্টক্ সার্টিফিকেট সমর্পণ করিয়া ষ্টক্ কলিকাতা, বোম্বাই এবং মান্দ্রাজের মধ্যে চালান করা যাইতে পারিবে এবং ঐ সার্টিফিকেটের পরিবর্ত্তে আর একখানি পাওয়া যাইবে, উহার সুদ নির্দ্দিষ্ট সরকারি ঋণ আপিসে পাওয়া যাইবে।

১৫। বাঙ্গালা, মান্দ্রাজ এবং বোম্বাই ব্যাঙ্ক কর্ত্তৃক ষ্টক্ লণ্ডনে চালান করা যাইতে পারিবে এবং ঐ চালান যোড়া শত শত টাকার হইবে।

১৬। কেবল ১৮৯৩-৯৪ সালের শতকরা ৩॥০ টাকা সুদের ঋণের ষ্টক্ সার্টিফিকেটের পরিবর্ত্তে ১৮৫৩-৫৪ সাল বা ১৮৯৩-৯৪ সালের ৩॥০ টাকা সুদের ঋণের কোম্পানির কাগজ লওয়া হইবে। ৩॥০ টাকা সুদের অন্য ঋণের কাগজ সকল ১৮৪২-৪৩ সালের ১৮৫৪-৫৫ সালের, ১৮৬৫ সালের ১ লা মে এর এবং ১৮৭৯ সালের ৩॥০ টাকা সুদের ঋণের যে কোনটীর ষ্টক্ সার্টিফিকেটের পরিবর্ত্তে গ্রহণ করা যাইবে।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 5, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ৫ ফেব্রুয়ারি।

PART II.

Resolutions, Orders, and Notifications by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

JUDICIAL DEPARTMENT.

No. 627 A.

No. 538*A.*—*The* 28*th January* 1895.—Babu Mohendro Nath Das, Munsif of Nilphamari, in the district of Rangpûr, is vested temporarily with the functions of a District Court under section 26(1) of Act VII of 1889 within the local limits of the Nilphamâri Munsifi, during the absence, on leave, of Babu Uma Nath Ghosal, or until further orders.

No. 585*A.*—*The* 28*th January* 1895.—Babu Chander Kumar Chatterjee, Munsif, on deputation to Purnea, is vested temporarily with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 50 within the local limits of the sadar Munsifi of Purnea, during the absence, on leave, of Maulvi Syed Abdul Aziz, or until further orders.

No. 607*A.*—*The* 29*th January* 1895.—Babu Kumud Nath Banerjee, Munsif, on deputation to Pingna, in the district of Mymensingh, is vested temporarily with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 50 within the local limits of that Munsifi, during the absence, on leave, of Babu Rajendro Nath Datta, or until further orders.

No. 611*A.*—*The* 29*th January* 1895.—Babu Lolit Mohan Das, Munsif of Atia, in the district of Mymensingh, is vested temporarily with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 50 within the local limits of the Atia Munsifi, during the absence, on leave, of Babu Kali Krishna Choudhuri, or until further orders.

No. 449*J.*—*The* 25*th January* 1895.—Babu Guru Prosanna Chakerbutty is appointed to be an Honorary Magistrate of the Independent Bench at Asansol, in the district of Burdwan, and is vested with the powers of a Magistrate of the third class.

No. 491*J.*—*The* 26*th January* 1895.—Babu Moheshar Singh Deo is appointed to be an Honorary Magistrate of the Regular Bench at Chaibassa, in the district of Singhbhum, and is vested with the powers of a Magistrate of the third class.

No. 513*J.*—*The* 28*th January* 1895.—The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates of the Independent Bench at Netrokona, in the district of Mymensingh, and are vested with the powers of a Magistrate of the third class:—

Babu Maheswar Chakrovorti. | Babu Braja Nath Gosvami.
Babu Durga Sundar Chakrovorti.

No. 519*J.*—*The* 28*th January* 1895.—Babu Bunwari Lal Banerji, Munsif of Dacca, in the district of Dacca, is vested with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 50 within the local limits of the Dacca Munsifi.

No. 520*J.*—*The* 29*th January* 1895.—The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates of the Independent Bench at Munshiganj, in the district of Dacca, and are vested with the powers of a Magistrate of the third class:—

Babu Satish Chandra Chakrovorti. | Babu Umesh Chandra Das.
Babu Ram Kumar Kundu.

H. J. S. Cotton,
Chief Secy. to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

৬২৭ A, নম্বর।

৫৩৮ এ, নং।—১৮৯৫ সাল ২৮ জানুয়ারি।—শ্রীযুত বাবু উমানাথ ঘোষালের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, রঙ্গপুর জিলার অন্তর্গত নিলফামারির মুনসেফ শ্রীযুত বাবু মহেন্দ্র নাথ দাস, নিলফামারি মুনসেফীর স্থান সীমার মধ্যে ১৮৮৭ সালের ৭ আইনের ২৬ (১) ধারামতে কিয়ৎকালের নিমিত্তে ডিষ্ট্রিক্ট কোর্টের ক্ষমতা পাইলেন।

৫৮৫ এ, নং।—১৮৯৫ সাল ২৮ জানুয়ারি।—শ্রীযুত মৌলবী সৈয়দ আবদুল আজিজের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, রাজকার্য্যার্থে পূর্ণিয়ায় প্রেরিত মুনসেফ শ্রীযুত বাবু চন্দ্রকুমার চট্টোপাধ্যায়, পূর্ণিয়া মুনসেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে কিয়ৎকালের জন্যে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

৬০৭ এ, নং।—১৮৯৫ সাল ২৯ জানুয়ারি।—শ্রীযুত বাবু রাজেন্দ্র নাথ দত্তের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, রাজকার্য্যার্থে ময়মনসিংহ জিলার অন্তর্গত পিঙ্গনায় প্রেরিত মুনসেফ, শ্রীযুত বাবু কুমুদনাথ বন্দ্যোপাধ্যায়, উক্ত মুনসেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে কিয়ৎকালের জন্যে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

৬১১ এ, নং।—১৮৯৫ সাল ২৯ জানুয়ারি।—শ্রীযুত বাবু কালীকৃষ্ণ চৌধুরীর ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ময়মনসিংহ জিলার অন্তর্গত আটিয়ার মুনসেফ শ্রীযুত বাবু ললিত মোহন দাস, আটিয়া মুনসেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতে বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে কিয়ৎকালের জন্যে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

৪৪৯ জে, নং।—১৮৯৫ সাল ২৫ জানুয়ারি।—শ্রীযুত বাবু গুরুপ্রসন্ন চক্রবর্ত্তী, বর্দ্ধমান জিলার অন্তর্গত আসানসোলস্থ স্বাধীন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

৪৯১ জে, নং।—১৮৯৫ সাল ২৬ জানুয়ারি।—শ্রীযুত বাবু মহেশ্বর সিংহ দেব, সিংহভূম জিলার অন্তর্গত চৈবাসাস্থ রেগুলর বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

৫১৩ জে, নং।—১৮৯৫ সাল ২৮ জানুয়ারি।—নিম্নলিখিত মহাশয়েরা ময়মনসিংহ জিলার অন্তর্গত নেত্রকোণাস্থ স্বাধীন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

শ্রীযুত বাবু মহেশ্বর চক্রবর্ত্তী | শ্রীযুত বাবু ব্রজনাথ গোস্বামী।
শ্রীযুত বাবু দুর্গাসুন্দর চক্রবর্ত্তী।

৫১৯ জে, নং।—১৮৯৫ সাল ২৮ জানুয়ারি।—ঢাকা জিলার অন্তর্গত ঢাকার মুনসেফ শ্রীযুত বাবু বনওয়ারি লাল বন্দ্যোপাধ্যায়, ঢাকা মুনসেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

৫২০ জে, নং।—১৮৯৫ সাল ২৯ জানুয়ারি।—নিম্নলিখিত মহাশয়েরা ঢাকা জিলার অন্তর্গত মুনশীগঞ্জস্থ স্বাধীন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

শ্রীযুত বাবু সতীশ চন্দ্র চক্রবর্ত্তী। | শ্রীযুত বাবু উমেশ চন্দ্র দাস।
শ্রীযুত বাবু রামকুমার কুণ্ডু।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

PUBLIC WORKS DEPARTMENT.—BENGAL.

The 29th January 1895.

MIS. PUBLIC IMPROVEMENTS.

No. 32.—*Corrigendum.*—In this Department Resolution No. 4865M.P.I., dated 3rd October 1894, on works of public utility constructed by private individuals during 1893 under head "Ghâts," page 2227 of the Supplement to the *Calcutta Gazette* of 10th October 1894, for Rs. 1,500 contributed by Babu Khirode Prosad Pal for a pucca ghât on the Hooghly River at Telkul Ghât, Howrah, read Rs. 15,000, and in page 2229 *for*—

				Rs.
Howrah	Khirode Prosad Pal	A pucca ghât	on the Hooghly at Telkul Ghât.	1,500
		read—		
Howrah	Khirode Prosad Pal	A pucca ghât	on the Hooghly at Telkul Ghât.	15,000

No. 33.—*Addendum.*—In page 2231 of the Supplement to the *Calcutta Gazette* of 10th October 1894, containing statement of works of public utility constructed by private individuals during 1893 *after*—

				Rs.
Rangpur ...	Harimohun Kur ...	Tank ...	Dhariapur, police-station Gaibanda ...	900
		add—		
	Gyanendra Narain Rai Chowdhury.	Tank ...	Pirgacha, Ananta Ram, police-station Mahiganj.	500

F. J. JOHNSTONE,
Secy. to the Govt. of Bengal.

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

১৮৯৫ সাল ২৯ জানুয়ারি।

সাধারণের উন্নতি সাধনার্থ বিবিধ বিষয়।

৩২ নম্বর।—অশুদ্ধশোধন।—ব্যক্তিবিশেষ দ্বারা ১৮৯৩ সালে সাধারণের উপকারার্থ যেং কার্য্য করা হইয়াছে তৎসম্বন্ধে এই কার্য্যবিভাগের ১৮৯৪ সালের ৩ অক্টোবর তারিখের ৪৮৬৫ এম, পি, আই. নং নির্দ্ধারণে ১৮৯৪ সালের ১৮ সেপ্টেম্বরের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ৩৫১. পৃষ্ঠায় "ঘাট" এই শিরোভাগের নীচে হাবড়ার তেলকল ঘাটে হুগলী নদীর ধারে পাকা ঘাটের নিমিত্ত বাবু ক্ষীরোদ প্রসাদ পালের দত্ত চাঁদা ১৫০০, টাকার পরিবর্ত্তে ১৫,০০০, টাকা পাঠ করিতে হইবে।

হাবড়া··· ক্ষীরোদ প্রসাদ পাল··· এক পাকা ঘাট··· হুগলী নদীরধারে তেলকলঘাটে ১৫০০,

এইং কথার পরিবর্ত্তে —

হাবড়া··· ক্ষীরোদ প্রসাদ পাল ·· এক পাকা ঘাট··· হুগলী নদীরধারে তেলকল ঘাটে ১৫,০০০,

এইং কথা পাঠ করিতে হইবে।

৩৩ নম্বর।—সংযোজন।—ব্যক্তি বিশেষ দ্বারা ১৮৯৩ সালে সাধারণের উপকারার্থে যেং কার্য্য করা হইয়াছে ১৮৯৪ সালের ১৮ সেপ্টেম্বর তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ৩৫৫ পৃষ্ঠায় তাহার বর্ণনাপত্রে

রঙ্গপুর · হরিমোহন কর··· পুষ্করিণী ·· গাইবান্ধা পোলীস থানার সামিল ধরিয়াপুরে ৯০০,

এইং কথার পর —

জ্ঞানেন্দ্র নারায়ণ রায় চৌধুরী পুষ্করিণী · · মহীগঞ্জ পোলীস থানার সামিল পিরগাছা ও অনন্তরামে ৫০০,

এইং কথা যোগ করিতে হইবে।

এফ, জে, জনষ্টন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

TUESDAY, FEBRUARY 5, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ৫ ফেব্রুয়ারি ।

PART IIA.

Orders by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় ক খণ্ড ।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আদেশ ।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

MUNICIPAL AND LOCAL.

NOTIFICATION.

No. 379M.—The 28th January 1895.—It is hereby notified for general information that the Lieutenant-Governor intends, in the exercise of the power vested in the Local Government by section 85 of the Bengal Municipal Act III of 1884, as amended by Act IV of 1894, and on the recommendation of the Commissioners of the Baranagore Municipality, in the district of the 24-Parganas, made at a meeting, to sanction the levy by the Commissioners of a rate on the annual value of holdings situated within the Municipality in lieu of the tax upon persons occupying holdings within the Municipality, according to their circumstances and property, which is now in force within the Municipality, unless good reasons are shown to the contrary within one month from the date of the publication of this notification.

J. A. BOURDILLON,
Offg. Secy. to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

মনিসিপল ও স্থানীয়।

বিজ্ঞাপন।

৩৭৯ এম, নং।—১৮৯৫ সাল ২৮ জানুয়ারি।—সাধারণের অবগত্যর্থে এতদ্দারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ২৪ পরগনা জিলার অন্তর্গত বরাহনগর মুনিসিপালিটীতে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিসিদ্ধ বিপক্ষকারণ দর্শান না গেলে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব, স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ১৮৯৪ সালের ৪ আইন দ্বারা সংশোধিত বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের ৩ আইনের ৮৫ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া এবং উক্ত মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে উক্ত মুনিসিপালিটীর অন্তর্গত যোতের দখীলকার ব্যক্তিদের অবস্থা ও সম্পত্ত্যনুসারে উক্ত মুনিসিপালিটীর মধ্যে এইক্ষণে যে টাক্স বলবৎ আছে তৎপরিবর্ত্তে উক্ত মুনিসিপালিটীর অন্তর্গত যোতের বার্ষিক মূল্যের উপর উক্ত কমিশনরদের দ্বারা রেট আদায় হইবার অনুমতি দিতে কল্পনা করিয়াছেন।

জে, এ. ব্যুর্ডিলং,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার, ১৮৯৫ সাল ৫ ফেব্রুয়ারি।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপিখানি ১৮৯৫ সালের ২৪এ জানুয়ারি তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় উপস্থিত করা হইয়াছিল।

১৮৯৫ সালের ২ নম্বর।

পলাতক অপরাধীদিগকে অর্পণ করা সম্বন্ধে প্রেসিডেন্সি মাজিষ্ট্রেট ও ডিষ্ট্রিক্ট মাজিষ্ট্রেটদিগকে কোন কোন ক্ষমতা ও অনুমতি প্রদান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

যেহেতু অপরাধীদিগকে স্ব স্ব দেশে প্রেরণ বিষয়ক ১৮৭০ সালের আইনে অপরাপর বিষয়ের মধ্যে এইরূপ বিধিবদ্ধ করা হইয়াছে যে কৌন্সিলের আদেশে অন্য রকম ব্যবস্থা করা না হইলে উক্ত আইন যখন ঐ আদেশক্রমে খাটান হইবে তখন উহা প্রত্যেক বৃটিশ অধিকারে খাটিবে কিন্তু খাটিবার সময় অপরাপর পরিবর্ত্তনের মধ্যে নিম্নলিখিত পরিবর্ত্তনটী করিয়া লইতে হইবে, অর্থাৎ :—

কোন ষ্টেট সেক্রেটরীর ওয়ারাণ্ট আবশ্যক হইবে না এবং পলাতক অপরাধীর অর্পণ সম্বন্ধে পোলীসের মাজিষ্ট্রেটে ও ষ্টেট সেক্রেটরীতে কিম্বা তাঁহাদের মধ্যে কোন এক জনে যে সমস্ত ক্ষমতা অর্পিত আছে এবং পোলীসের মাজিষ্ট্রেট ও ষ্টেট সেক্রেটরী কিম্বা তাঁহাদের মধ্যে কোন এক জনের প্রতি উক্ত আইনানুসারে যে সমস্ত কার্য্য করিবার অনুমতি বা আদেশ আছে তাহা কেবলমাত্র বৃটিশ অধিকারের গবর্ণরের দ্বারা কৃত হইতে পারিবে।

এবং যেহেতু উক্ত আইনে ইহাও বিধিবদ্ধ হইয়াছে যে যদি উক্ত আইন পাস হইবার পূর্ব্বে কিম্বা পরে কোন বৃটিশ অধিকারের ব্যবস্থাপক সভার কৃত কোন আইন বা নিয়ম দ্বারা যে সকল পলাতক অপরাধী ঐ অধিকারে আছে কিম্বা আছে বলিয়া সন্দেহ করা হয় উক্ত অধিকারের মধ্যে তাহাদের অর্পণকার্য্য সম্পন্ন করণার্থ বিধান করা হয় তাহা হইলে কৌন্সিলের যে আদেশে উক্ত আইন কোন বৈদেশিক রাজ্যাধিকার সম্বন্ধে খাটান হয় সেই আদেশক্রমে কিম্বা কোন পরবর্ত্তী আদেশক্রমে শ্রীশ্রীমতী—

হয় যে পরিমাণে উক্ত আইন কিম্বা উহার কোন অংশ ঐ বৈদেশিক রাজ্যাধিকার সম্বন্ধে খাটে সেই পরিমাণে এবং যে পর্য্যন্ত ঐ আইন বা নিয়ম ঐরূপ কোন বৃটিশ অধিকারে প্রবল থাকে কেবলমাত্র সেই পর্য্যন্ত তথায় উহার কার্য্য স্থগিদ রাখিতে পারিবেন,

নয় এইরূপ আদেশ করিতে পারিবেন যে ঐ আইন বা নিয়ম বা উহার কোন অংশ পরিবর্ত্তন সহ বা ব্যতীত ঐ বৃটিশ অধিকারে এই ভাবে প্রবল হইবে যেন উহা উক্ত আইনেরই অংশ।

এবং যেহেতু অপরাধীদিগকে স্ব স্ব দেশে প্রেরণ বিষয়ক ১৮৭০ সালের উক্ত আইন অপরাধীদিগকে

A Bill to confer on Presidency Magistrates and District Magistrates certain powers and authorities in relation to the surrender of fugitive criminals.

স্ব স্ব দেশে প্রেরণ বিষয়ক ১৮৭৩ সালের আইন দ্বারা সংশোধিত হইয়াছিল এবং অপরাধীদিগকে স্ব স্ব দেশে প্রেরণ বিষয়ক ১৮৭৩ সালের আইনে এইরূপ বিধিবদ্ধ করা হইয়াছিল যে ঐ আইনটীর এই রূপ অর্থ করিতে হইবে যে উহা এবং ১৮৭০ সালের উক্ত আইন একই আইন এবং উক্ত আইন দুইটীকে এক সঙ্গে অপরাধীদিগকে স্ব স্ব দেশে প্রেরণ বিষয়ক ১৮৭০ ও ১৮৭৩ সালের আইন বলা যাইতে পারিবে।

এবং যেহেতু উক্ত অপরাধীদিগকে স্ব স্ব দেশে প্রেরণ বিষয়ক ১৮৭০ ও ১৮৭৩ সালের আইনক্রমে পলাতক অপরাধীদিগকে অর্পণ করা সম্বন্ধে ইউনাইটেড কিংডমে পোলীসের মাজিষ্ট্রেটে ও জষ্টিশ অব দি পীসে যে সকল ক্ষমতা ও অনুমতি অর্পিত আছে প্রেসিডেন্সি মাজিষ্ট্রেট ও ডিষ্ট্রিক্ট মাজিষ্ট্রেটদিগকে তদনুরূপ ক্ষমতা ও অনুমতি প্রদান করিয়া বৃটিশ ভারতবর্ষে উক্ত আইনের কার্য্য অধিকতর সুবিধাজনক করার বিধান করা বিহিত।

অতএব এতদ্দ্বারা নিম্নলিখিতমত বিধান করাগেল।—

নাম ও আরম্ভের কথা।

১ ধারা। (১) এই আইনটীকে অপরাধীদিগকে স্ব স্ব দেশে প্রেরণ বিষয়ক (ভারতবর্ষের) ১৮৯৫ সালের আইন বলা যাইতে পারিবে। এবং

(২) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া ইহার প্রবল হওয়া পক্ষে যে তারিখ নিরূপণ করিবেন ইহা সেই তারিখে প্রবল হইবে।

কিন্তু যে পর্য্যন্ত কৌন্সিলের আদেশক্রমে শ্রীশ্রীমতী এইরূপ হুকুম না দেন যে এই আইনটী এই ভাবে বৃটিশ ভারতবর্ষে প্রবল হইবে যেন ইহা অপরাধীদিগকে স্ব স্ব দেশে প্রেরণ বিষয়ক ১৮৭০ সালের আইনেরই অংশ এবং যে পর্য্যন্ত ঐ আদেশ ইণ্ডিয়া গেজেটে প্রকাশিত না হয় সে পর্য্যন্ত ঐ তারিখ নিরূপিত করা হইবে না।

বিলাতি আইনানুযায়িক পোলীসের মাজিষ্ট্রেট ও জষ্টিশ অব দি পীসদিগের ক্ষমতা প্রেসিডেন্সি ও ডিষ্ট্রিক্ট মাজিষ্ট্রেটদিগকে প্রদত্ত হইবার কথা।

২ ধারা। ইউনাইটেড কিংডমে পলাতক অপরাধীদিগকে অর্পণ করা সম্বন্ধে অপরাধীদিগকে স্ব স্ব দেশে প্রেরণ বিষয়ক ১৮৭০ ও ১৮৭৩ সালের আইনানুসারে পোলীসের মাজিষ্ট্রেটে কিম্বা কোন জষ্টিশ অব দি পীসে যে সমস্ত ক্ষমতা অর্পিত আছে এবং পোলীসের মাজিষ্ট্রেট কিম্বা কোন জষ্টিশ অব দি পীসের প্রতি যে সমস্ত কার্য্য করিবার অনুমতি বা আদেশ আছে উক্ত আইনানুসারে পলাতক অপরাধীদিগকে অর্পণ করা সম্বন্ধে এতদ্দ্বারা সেই সমস্ত ক্ষমতা প্রেসিডেন্সি মাজিষ্ট্রেটে বা ডিষ্ট্রিক্ট মাজিষ্ট্রেটে অর্পিত হইল এবং বৃটিশ ভারতবর্ষে কোন প্রেসিডেন্সি মাজিষ্ট্রেট বা ডিষ্ট্রিক্ট মাজিষ্ট্রেট কর্ত্তৃক সেই সমস্ত ক্ষমতা পরিচালিত হইতে পারিবে এবং সেই সমস্ত কার্য্য কৃত হইতে পারিবে।

অভিপ্রায় ও হেতুর বিবরণ।

পলাতক অপরাধীদিগকে অর্পণ করা সম্বন্ধে অপরাধীদিগকে স্ব স্ব দেশে প্রেরণ বিষয়ক ১৮৭০ ও ১৮৭৩ সালের আইনে (৩৩ ও ৩৪ বিক্টোরিয়ার ৫২ অধ্যায় এবং ৩৬ ও ৩৭ বিক্টোরিয়ার ৬০ অধ্যায়ে) ইউনাইটেড কিংডমে পোলীসের মাজিষ্ট্রেটে ও জষ্টিশ অব দি পীসে যে সকল কার্য্যভার অর্পিত আছে বৃটিশ ভারতবর্ষে প্রেসিডেন্সি মাজিষ্ট্রেটে ও ডিষ্ট্রিক্ট মাজিষ্ট্রেটে তদ্রূপ কার্য্যভার প্রদান করা এই পাণ্ডুলিপির উদ্দেশ্য। ঐ দুইটী আইনের মধ্যে প্রথম আইনের ১৭ (২) ধারা ২৬ ধারার সহিত মিলাইয়া পড়িলে দেখা যায় যে ঐ আইনানুসারে পোলীসের মাজিষ্ট্রেটের যে কার্য্যভার নির্দ্দিষ্ট আছে ভারতবর্ষের কোন অংশের গবর্ণরের আপন প্রদেশ সম্বন্ধে সেই কার্য্য সম্পন্ন করিবার ক্ষমতা আছে। কিন্তু তাঁহার সেই কার্য্যভার অপরকে অর্পণ করিবার ক্ষমতা নাই বলিয়া এবং সেই জন্য সেই সকল কার্য্য তাঁহার স্বয়ং কর্ত্তব্য বলিয়া এই বিধানটী এদেশের পক্ষে সুবিধাজনক নহে, কারণ এই বিধান থাকায় এখানে বিষম সরকারী অসুবিধা ঘটিবার সম্ভাবনা। এই অবস্থায় সিংহল ও অপর উপনিবেশের ব্যবস্থাপক সভার দৃষ্টান্ত অনুসরণ এইরূপ একটী বিশেষ আইন বিধিবদ্ধ করা স্থির হইয়াছে যাহা কৌন্সিলের তদ্রূপ আদেশ হইলে বিলাতি আইনগুলিরই অংশস্বরূপ ভারতবর্ষে প্রবল হইবে এবং যাহাতে এইরূপ বিধান থাকিবে যে উক্ত আইনদ্বয় অনুসারে মাজিষ্ট্রেটের কার্য্য ভারতবর্ষে উপরের নির্দ্দিষ্ট মাজিষ্ট্রেটদিগের দ্বারা সম্পন্ন হইবে। ইহাও এস্থলে বলা যাইতে পারে যে অপরাধীদিগকে স্ব স্ব দেশে প্রেরণ বিষয়ক সিংহলের ১৮৭৭ সালের আইনটীকে ভিত্তি করিয়া এই পাণ্ডুলিপি প্রস্তুত করা হইয়াছে। এই পাণ্ডুলিপি সিংহলের ঐ আইনের এক রকম নকল বলিলেই হয়।

আলেক্‌জাণ্ডার এড্‌ওয়ার্ড মিলর,

২৩এ জানুয়ারি ১৮৯৫ সাল।

জে, এম, মেকফার্সন,
ভারতবর্ষের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

CHUNDER NATH BOSE,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 5, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ৫ ফেব্রুয়ারি ।

PART VIII.

ADVERTISEMENT.

অষ্টম খণ্ড ।

ইশতিহার প্রভৃতি ।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইস্তাহার।

Cinchona Febrifuge.

Cinchona Febrifuge can be purchased by all Government officers and by any one taking *six pounds* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, at the following rates: per four-ounce tin, *Rs.* 2, *ans.* 8; per eight-ounce tin, *Rs.* 5; per pound tin, *Rs.* 10. The general public can be supplied by the Superintendent, Botanic Gardens, *for cash only*, at the undernoted rates: per four-ounce tin, *Rs.* 3; per eight-ounce tin, *Rs.* 6; per pound tin, *Rs.* 12. This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta. Postage—Four annas per 4 *oz.* tin, eight annas per 8 *oz.* tin, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

জ্বরঘ্ন সিন্‌কোনা।

কলিকাতাস্থ বোটানিকাল গার্ডনের অর্থাৎ কোম্পানির বাগানের সুপারিণ্টেণ্ডেণ্টের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ এবং অপর কোন ব্যক্তি এককালীন ছয় পৌণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে জ্বরঘ্ন সিন্‌কোনা পাইবেন অর্থাৎ চারি ঔন্স টিন ২৷৷৹ টাকায়, আট ঔন্স টিন ৫৲ টাকায় ও এক পৌণ্ড টিন ১০৲ টাকায় পাইবেন। সর্ব্বসাধারণে কোম্পানির বাগানের সুপারিণ্টেণ্ডেণ্টের নিকট নগদ মূল্য দিলে এই২ হিসাবে অর্থাৎ চারি ঔন্স টিন ৩৲ টাকায়, আট ঔন্স টিন ৬৲ টাকায় এবং এক পৌণ্ড টিন ১২৲ টাকায় পাইতে পারিবেন কলিকাতার প্রধান২ ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত হার ছাড়া চারি ঔন্স টিনের ।৹, আট ঔন্স টিনের ৷৷৹ ও এক পৌণ্ড টিনের ৸৹ ডাক মাসুল দিতে হইবে।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সিন্‌কোনা আবাদে প্রস্তুত বিশুদ্ধ কুইনাইন।

এই কুইনাইনের নিম্নলিখিত মূল্য হইবে, যথা—

১ এক পৌণ্ড টিন ১৬৲ বা ডাক মাসুল বিনা ১৬৸৹
॥ আধ ,, ,, ৮৲ বা ডাক মাসুল বিনা ৮৷৷৹
। শিকি ,, ,, ৪৲ বা ডাক মাসুল বিনা ৪৷৷৹

পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে এই কুইনাইন অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করা হইয়াছে। এবং ইহা যে সিন্‌কোনাইন ও সিন্‌কোনীডাইন নামক অপকৃষ্ট ক্ষারের সহিত ইচ্ছাপূর্ব্বক মিশান হয় নাই তাহার গারাণ্টী দেওয়া যাইতেছে। ইহা নগদ মূল্যে কেবল গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণের নিকট বিক্রয় করা যাইবে এবং কলিকাতার নিকটস্থ শিবপুরের কোম্পানির বাগানের সুপারিণ্টেণ্ডেণ্টের নিকট পাওয়া যাইতে পারিবে। ইহা শাদা বা পাটলবর্ণের পাওয়া যাইতে পারিবে।

NOTICE.

The 21*st February* 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance:—

For the Mufussal.	Rs.	A.	P.	
Entire Gazette	10	0	0	per annum.
Postage	2	8	0	,,
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal	4	0	0	,,
Postage	1	0	0	,,
For a single copy—				
Entire Gazette	0	4	0	
Postage	0	1	0	
Parts III, IV, V, and VI	0	1	0	for 4 sheets of under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
Postage	0	1	0	

For Calcutta.

The same rates as those of the mufassal, with the exception of the charge for postage.

E. N. Baker,
Offg. Under-Secretary to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের মূল্য ও ডাকমাশুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে :—

মফঃসলে		টাকা।
সম্পূর্ণ গেজেট	বৎসর	১০৲
ডাকমাশুল	,,	২॥০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে)	,,	৪৲
ডাকমাশুল	,,	১৲
সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য	,,	।০
ডাকমাশুল		⁄০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)		⁄০ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠা প্রতি আর এক ২ আনা।
ডাকমাশুল		⁄০

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাকমাশুল লাগিবে না।

চ, এন, বেকার।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী।

NOTICE.

IN continuation of notice dated the 20th November 1887, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscriptions to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government officer or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage-stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. BOLTON,
Under-Secretary to the Govt. of Bengal.

12th December 1882.

NOTE.—*Rates of advertisements in the* CALCUTTA GAZETTE.

	Rs.
Full page, per issue	20
Half ,, ,, ...	10

Casual advertisement—4 annas per line.

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে এবং গেজেট দেওয়া যাইবে না, ১৮৮৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেন্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেন্ট কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি 'বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপ-রোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশ্তিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ৴০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশ্তিহার প্রকাশ করিবার হার এই২।—

	টাকা।
পুরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	২০৲
আধ পৃষ্ঠা	১০৲
কখন কখন ইশ্তিহার প্রকাশ করিতে হইলে একং পংক্তি	।০

FOR SALE AT THE BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant Governor of Bengal, by C. D. Field, M.A., LL.D., of the Inner Temple, Barrister-at-Law, and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

N.B.—Copies are still available.

বাঙ্গাল সেক্রেটারিয়েট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিস্টার-আট-লা ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট কমিশ্যনের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুত সি, ডি, ফিলড, এম, এ, ও এল, এল, ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারীর প্রজা বিষয়ক আইন সংহিতা।

একং খানি পুস্তকের মূল্য, ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ।৴০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

বিজ্ঞাপন।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার স্প্লানেড ওয়েস্ট টৌন হালের হাতায় স্থিত বঙ্গদেশের গবর্ণমেন্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজি-ষ্টারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

বঙ্গদেশের গবর্ণমেন্টের প্রধান সেক্রেটরী।

রেজিষ্টরীকরণ সম্পর্কীয় কার্য্যবিভাগ।

৪৯৪ পি, নং।—১৮৯৫ সাল ১২ ফেব্রুয়ারি।—ঢাকা জিলার অন্তর্গত সাভরের গ্রাম্য সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু মুকুন্দলাল গঙ্গোপাধ্যায়, ফরীদপুর জিলার অন্তর্গত গোয়ালন্দের গ্রাম্য সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত মৌলবী মহম্মদ সাদেক চৌধুরি ঢাকা জিলার অন্তর্গত সাভরের গ্রাম্য সব রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

৫০০ পি. নং।—১৮৯৫ সাল ১২ ফেব্রুয়ারি।—ময়মনসিং জিলার অন্তর্গত শেরপুরের গ্রাম্য সব-রেজিষ্ট্রার শ্রীযুত মৌলবী আবদুর রজ্জাক উক্ত জিলার অন্তর্গত নিকলীর গ্রাম্য সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

ময়মনসিংহ জিলার অন্তর্গত নেত্রকোণার গ্রাম্য সব রেজিষ্ট্রার শ্রীযুত মৌলবী মেহের আলি মল্লিক উক্ত জিলার অন্তর্গত কেন্দুয়ার গ্রাম্য সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন। শ্রীযুত মৌলবী মেহের আলি মল্লিককে নিকলির গ্রাম্য সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করণ বিষয়ক ১৮৯৫ সালের ১৫ জানুয়ারি তারিখের আজ্ঞা ইহাতে রহিত করা গেল।

ময়মনসিংহ জিলার অন্তর্গত কেন্দুয়ার গ্রাম্য সব-রেজিষ্ট্রার শ্রীযুত মৌলবী তলাত্তুক হুসেন উক্ত জিলার অন্তর্গত শেরপুরের গ্রাম্য সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেন্টের প্রধান সেক্রেটরী।

TUESDAY, FEBRUARY 19, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ১৯ ফেব্রুয়ারি।

PART IIA.

Orders by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় ক খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আদেশ।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

MUNICIPAL AND LOCAL.

NOTIFICATION.

No. 469*M.—The 5th February* 1895.—It is hereby notified for general information that the Lieutenant-Governor intends, in the exercise of the power vested in the Local Government by section 221 of the Bengal Municipal Act III of 1884, as amended by Act IV of 1894, and in accordance with the recommendation of the Commissioners of the Bhaddessur Municipality, in the district of Hooghly, made at a meeting, to extend the provisions of Part IX of the said Act to the portions of the above Municipality specified below, unless good reasons are shown to the contrary within one mouth from the date of the publication of this notification within the Municipality—

That portion of the Municipality which is bounded on the north by the French ditch; on the south by Gourhatty North Gowalapara Lane; on the east by the river Hooghly and the village of French Gourbatty, and on the west by Darrir Jangal road, including the portions to which Part IX of the Act has already been extended by Government notification of 1st September 1891.

This notification is published in supersession of notification No. 1455M., dated the 17th May 1892.

J. A. Bourdillon,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

No. 480*M.—The 5th February* 1895.—Whereas a notification, dated the 5th November 1894, was published at page 242, Part IB of the *Calcutta Gazette* of the 7th idem, declaring the intention of the Lieutenant-Governor to extend the provisions of Part IX of the Bengal Municipal Act III of 1884, as amended by Bengal Act IV of 1894, to Wards Nos. I, II and III of the Jangipore Municipality, in the district of Murshidabad, and whereas no valid objection has been raised to the proposal within one mouth from the date of the publication of the above notification within the Municipality, it is hereby notified for general information that, in the exercise of the power vested in the Local Government by section 221 of the Act, and in accordance with the recommendation of the Commissioners of the Jangipur Municipality, made at a meeting, the Lieutenant-Governor sanctions the extension of the said provisions of the Municipal Act to the above Municipality.

J. A. Bourdillon,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

No. 499*M.—The 7th February* 1895.—It is hereby notified for general information that the Lieutenant-Governor intends to confirm, under clause 4, section 3 of Act XX of 1887, the following rules framed by the Commissioners of the Kalna Municipality, in the district of Burdwan, under section 3 of the Act for the protection of wild birds and game within the limits of that Muuicipality, unless good reasons are shown to the contrary withiu one month from the date of the publication of this notification within the said Municiplity:—

Rules.

1. "Wild bird" for the purposes of these rules shall include jungle-fowl, pea-fowl, pheasants, partridges, quail, plover, teal (which breed in India), doves, green pigeons, dab-chicks, snipe, wild duck and ortolans.

2. The Local Government having by notification No. 501M., dated the 7th February 1895, declared that the provision of section 3, Act XX of 1887, shall apply to hares and deer, the following rules will apply to those animals as well as to wild birds.

3. The breeding season for the purposes of these rules shall extend from the 15th March to the 15th August.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

মুনিসিপল ও স্থানীয়।

বিজ্ঞাপন।

৪৬৯ এম, নং।—১৮৯৫ সাল ৫ ফেব্রুয়ারি।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, হুগলী জিলার অন্তর্গত ভদ্রেশ্বর মুনিসিপালিটীতে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিসিদ্ধ বিপক্ষ কারণ দর্শান না গেলে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব, স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ১৮৯৪ সালের ৪ আইন দ্বারা সংশোধিত বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের ৩ আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং উক্ত মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে উক্ত মুনিসিপালিটীর নিম্ননির্দ্দিষ্ট অংশে উক্ত আইনের ৯ম পরিচ্ছেদের বিধান প্রচলিত করিবার কল্পনা করিয়াছেন।

উক্ত মুনিসিপালিটীর যে অংশের উত্তর সীমা ফরাসি পরিখা, দক্ষিণ সীমা গৌরহাটী উত্তর গোয়াল পাড়া লেন, পুর্ব্বসীমা হুগলী নদী ও ফরাসী গৌরহাটী গ্রাম, এবং পশ্চিম সীমা, দরির জঙ্গল পথ ১৮৯১ সালের ১ সেপ্টেম্বরের গবর্ণমেণ্ট বিজ্ঞাপনক্রমে উক্ত আইনের ৯ম পরিচ্ছেদের বিধান যেং অংশে প্রচলিত করা হইয়াছে সেইং অংশও এই নির্দ্দিষ্ট অংশের মধ্যে ধরিতে হইবে।

১৮৯২ সালের ১৭মে তারিখের ১৪৫৫ এম, নং বিজ্ঞাপন রহিত করিয়া এই বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

জে, এ, ব্যর্ডিলং,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একৃটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

৪৮০ এম, নং।—১৮৯৫ সাল ৫ ফেব্রুয়ারি।—মুরশিদাবাদ জিলার অন্তর্গত জঙ্গীপুর মুনিসিপালিটীর ১, ২ ও ৩ নং পল্লীতে ১৮৯৪ সালের বঙ্গীয় ৪ আইন দ্বারা সংশোধিত বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের ৩ আইনের নবম পরিচ্ছেদের বিধান প্রচলিত করণার্থে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অভিপ্রায় প্রকাশক ১৮৯৪ সালের ৫ নবেম্বর তারিখের এক বিজ্ঞাপন ঐ মাসের ৭ তারিখের কলিকাতা গেজেটের ১।‌। খণ্ডের ২৪২ পৃষ্ঠায় প্রকাশ করা গেলেও উক্ত বিজ্ঞাপন উক্ত মুনিসিপাটালিতে প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে উক্ত প্রস্তাব সম্বন্ধে যুক্তিসিদ্ধ কোন আপত্তি উপস্থিত করা না যাওয়াতে সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি উক্ত আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া ও জঙ্গিপুর মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে মুনিসিপল আইনের উক্ত বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত হইবার অনুমতি করিলেন।

জে, এ, ব্যর্ডিলং,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একৃটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

৪৯৯ এম, নং।—১৮৯৫ সাল ৭ ফেব্রুয়ারি।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, বর্দ্ধমান জিলার অন্তর্গত কালনা মুনিসিপালিটিতে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিসিদ্ধ বিপক্ষ কারণ দর্শান না গেলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব উক্ত মুনিসিপালিটীর সীমার মধ্যে বন্য পক্ষী ও শিকারোপযোগী পশু পক্ষ্যাদি রক্ষাকরণার্থ ১৮৮৭ সালের ২০ আইনের ৩ ধারামতে কালনা মুনিসিপালিটীর কমিশনরদের প্রণীত নিম্নলিখিত বিধি উক্ত আইনের ৩ ধারার ৪ প্রকরণমতে দৃঢ় করিবার কল্পনা করিয়াছেন।

বিধি।

১। এই বিধির কার্য্যপক্ষে "বন্য পক্ষী" শব্দে বন্য কুক্কুট, ময়ূর, চকোর, বটের পক্ষী, তিতির পক্ষী, টিটির পক্ষী, সরাল (যাহা ভারতবর্ষে ডিম্ব প্রসব করে) ঘুঘু পক্ষী, গোলা পায়রা, ক্ষুদ্র পানকৌড়ি বিশেষ কাদাখোচা বন্য পাতি হাঁস, আর্টোলাস (ক্ষুদ্র পক্ষী বিশেষ) বুঝাইবে।

২। স্থানীয় গবর্ণমেণ্ট ১৮৯৫ সালের ৭ ফেব্রুয়ারি তারিখের ৫০১ এম, নং বিজ্ঞাপনক্রমে ১৮৮৭ সালের ২০ আইনের ৩ ধারার বিধান খরগোস ও হরিণের প্রতি বর্ত্তিবে এই আদেশ করায় নিম্নলিখিত বিধি যেরূপ বন্য পক্ষির প্রতি বর্ত্তে সেইরূপ ঐ২ জন্তুর প্রতিও বর্ত্তিবে।

৩। এইং বিধির কার্য্যপক্ষে "প্রসব করিবার ঋতু" মার্চ্চ মাসের ১৫ তারিখ হইতে আগস্ট মাসের ১৫ তারিখ পর্য্যন্ত ব্যাপ্ত হইবে।

4. Whoever during the breeding season has in his possession within the limits of the Municipality of Kalna any wild bird, deer or hare, recently killed or taken, or exposes for sale any such bird or animal, living or dead, shall be liable to a fine not exceeding Rs. 5 for each bird or animal.

5. Whoever during the breeding season imports in to the town the plumage of any kind of wild bird, recently killed or taken, or the fur or skin of any hare or deer, recently killed or taken, shall be liable to a fine not exceeding Rs. 5 for the plumage of every such bird, or the fur or skin of every such hare or deer.

6. In the case of a second conviction the fine may extend to Rs. 10 for each such bird, hare, deer, plumage, fur or skin.

7. All birds, plumage, &c. in respect of which a conviction has been had under rules 4, 5, and 6 shall be confiscated.

8. A reward, not exceeding half the fine imposed and realized under rules 4, 5 and 6, may be granted by the adjudicating Magistrate to any person who has afforded information leading to a conviction for a breach of any of the above rules.

J. A. BOURDILLON,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

No. 501M.—The 7th February 1895.—It is hereby notified for general information that, on the application of the Commissioners of the Kalna Municipality in the district of Burdwan, the Lieutenant-Governor has been pleased to declare that the provisions of section 3, Act XX of 1887, with respect to wild birds, shall apply, so far as regards the rules framed by the Municipal Commissioners of Kalna, to hares and deer.

J. A. BOURDILLON,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

No. 549M.—The 8th February 1895.—It is hereby notified for general information that the Lieutenant-Governor intends, in the exercise of the power vested in the Local Government by section 221 of the Bengal Municipal Act III of 1884, as amended by Act IV of 1894, and in accordance with the recommendation of the Commissioners of the Kurseong Municipality, in the district of Darjeeling, made at a meeting, to extend the provisions of Part X of the said Act to the above Municipality, unless good reasons are shown to the contrary within one month from the date of the publication of this notification within the Municipality.

J. A. BOURDILLON,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

No. 553M.—The 8th February 1895.—It is hereby notified for general information that the Lieutenant-Governor intends, in the exercise of the power vested in the Local Government by section 221 of the Bengal Municipal Act, III of 1884, and in accordance with the recommendation of the Commissioners of the Nadia Municipality, in the district of Nadia, made at a meeting, to extend the provisions of sections 251, 251A, 251B, 251C, 251D, 256A, 256B, 260A, 260A(1), 260A(2), 261, 262, 262A, 263, 270, 271, 273, and from 335 to 345 of the said Act, as amended by Bengal Act IV of 1894, to the above Municipality, unless good reasons are shown to the contrary, within one month from the date of the publication of this notification within the Municipality.

J. A. BOURDILLON,
Offg. Secy. to the Govt. of Bengal.

৪। প্রসব করিবার ঋতুর কালের মধ্যে কালনা মুনিসিপালিটীর সীমার মধ্যে কোন ব্যক্তির নিকট সম্প্রতি মারা বা ধরা কোন বন্য পক্ষী, হরিণ বা খরগোস থাকিলে কিম্বা কোন ব্যক্তি জীবিত বা মৃত তদ্রূপ কোন পক্ষী বা জন্তু বিক্রয়ার্থে দেখাইলে প্রত্যেক পক্ষীর বা জন্তুর নিমিত্ত তাহার ৫৲ পাঁচ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

৫। কোন ব্যক্তি সম্প্রতি মারা বা ধরা কোন প্রকার বন্য পক্ষির পালক কিম্বা সম্প্রতি মারা বা ধরা কোন খরগোসের বা হরিণের লোম বা চর্ম্ম প্রসব করিবার ঋতুর কালের মধ্যে নগরে আমদানী করিলে তদ্রূপ প্রত্যেক পক্ষির পালকের কিম্বা তদ্রূপ প্রত্যেক খরগোস বা হরিণের লোমের বা চর্ম্মের নিমিত্ত তাহার ৫৲ পাঁচ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

৬। দ্বিতীয়বার অপরাধ প্রমাণ হইলে প্রত্যেক পক্ষী খরগোস, হরিণ, পালক, লোম বা চর্ম্মের নিমিত্ত ১০৲ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

৭। যে সকল পক্ষী ও পালক প্রভৃতি সম্বন্ধে বিধির ৪, ৫ বা ৬ ধারামতে অপরাধ প্রমাণ করা হইয়াছে তাহা জপ্ত হইবে।

৮। উপরোক্ত বিধির ৪, ৫, বা ৬ ধারা লঙ্ঘন জন্য অপরাধ যাহাতে প্রমাণ হয় এমত সন্ধান যে ব্যক্তি দেন, বিচারকারী মাজিষ্ট্রেট, উক্ত কএক ধারামতে যে অর্থদণ্ড ধার্য্য হইয়া আদায় করা যায়, তাহার অর্দ্ধেকের অনধিক তাঁহাকে পুরস্কার দিতে পারিবেন।

জে, এ, ব্যুর্ডিলং,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

৫০১ এম, নং।—১৮৯৫ সাল ৭ ফেব্রুয়ারি।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বর্দ্ধমান জিলার অন্তর্গত কালনা মুনিসিপালিটীর কমিশনরদের প্রার্থনাক্রমে এই আদেশ করিলেন যে, কালনা মুনিসিপল কমিশনরদের প্রণীত বিধি সম্পর্কে বন্য পক্ষী সম্বন্ধীয় ১৮৮৭ সালের ২০ আইনের ৩ ধারার বিধান হরিণ ও খরগোস সম্বন্ধেও বর্ত্তিবে।

জে, এ, ব্যুর্ডিলং,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

৫৪৯ এম, নং।—১৮৯৫ সাল ৮ ফেব্রুয়ারি।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, দার্জ্জিলিঙ্গ জিলার অন্তর্গত কর্সিয়ঙ্গ মুনিসিপালিটীতে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিসিদ্ধ বিপক্ষকারণ দর্শান না গেলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ১৮৯৪ সালের ৪ আইন দ্বারা সংশোধিত বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের ৩ আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং উক্ত মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে, উক্ত আইনের ১০ম পরিচ্ছেদের বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিবার কল্পনা করিয়াছেন।

জে, এ, ব্যুর্ডিলং,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

৫৫৩ এম, নং।—১৮৯৫ সাল ৮ ফেব্রুয়ারি।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, নদীয়া জিলার অন্তর্গত নদীয়া মুনিসিপালিটীতে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিসিদ্ধ বিপক্ষ কারণ দর্শান না গেলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের ৩ আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং উক্ত মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে ১৮৯৪ সালের বঙ্গীয় ৪ আইন দ্বারা সংশোধিত উক্ত আইনের ২৫১, ২৫১ক, ২৫১খ, ২৫১গ, ২৫১ঘ, ও ২৫৬ক, ২৫৬খ, ও ২৬০ক, ২৬০ক (১) ও ২৬০ক (২) ও ২৬১, ২৬২, ২৬২ক, ২৬৩, ২৭০, ২৭১, ২৭৩ এবং ৩৩৫ অবধি ৩৪৫ পর্য্যন্ত ধারার বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিবার কল্পনা করিয়াছেন।

জে, এ, ব্যুর্ডিলং,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার ১৮৯৫ সাল ১৯ ফেব্রুয়ারি।

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইনটী ১৮৯৫ সালের ৮ই ফেব্রুয়ারি তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক অনুমোদিত হওয়ায় সাধারণের অবগতির নিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত করা গেল।—

১৮৯৫ সালের ৪ আইন।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৮২ সালের আইনের ৩৬৬ ও ৩৭১ ধারা সংশোধন করণার্থ আইন।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৮২ সালের আইনের ৩৬৬ ও ৩৭১ ধারা সংশোধন করা বিহিত। অতএব এতদ্দ্বারা নিম্নলিখিতমত বিধান করা গেল।—

১৮৮২ সালের ১০ আইনের ৩৬৬ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

১ ধারা। উক্ত আইনের ৩৬৬ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটী বসাইতে হইবে, অর্থাৎ :—

নিষ্পত্তি যে প্রকারে প্রকাশ করিতে হইবে তাহার কথা।

"৩৬৬ ধারা। (১)—

(ক) খোলা আদালতে বিচার শেষ হইবার অব্যবহিত পরেই অথবা তৎপরবর্ত্তী যে সময়ের নুটীস পক্ষগণকে কিম্বা তাহাদের উকীলদিগকে দেওয়া যাইবে সেই সময়ে, এবং

(খ) আদালতের ভাষায় অথবা অপর যে ভাষা অভিযুক্ত ব্যক্তি কিম্বা তাহার উকীল বুঝেন সেই ভাষায়—

সরেনও বিচারাধিপত্য বিশিষ্ট কোন ফৌজদারী আদালতের প্রত্যেক বিচারের নিষ্পত্তি প্রকাশ করা যাইবে কিম্বা উহার সারাংশ বুঝাইয়া দেওয়া যাইবে।

কিন্তু অভিযোক্তাপক্ষ অথবা অভিযুক্তপক্ষ যদি অধ্যক্ষতাকারী জজকে সমস্ত নিষ্পত্তি পড়িয়া শুনাইবার নিমিত্ত অনুরোধ করেন তাহা হইলে অধ্যক্ষতাকারী জজ তাহা করিবেন।

(২) যে স্থলে বিচারকালে অভিযুক্ত ব্যক্তির নিজের উপস্থিতি অনাবশ্যক বলিয়া আদেশ করা হয় এবং দণ্ডাজ্ঞা কেবল মাত্র জরিমানার দণ্ডাজ্ঞা সে স্থলে নিষ্পত্তি তাহার উকীলের সমক্ষে প্রকাশ করা যাইতে পারিবে। কিন্তু সেই স্থল ছাড়া অন্য স্থলে নিষ্পত্তি পাঠ শুনিবার জন্য অভিযুক্ত ব্যক্তি হেফাজতে থাকিলে তাহাকে আনা যাইবে এবং হেফাজতে না থাকিলে তাহাকে উপস্থিত হইবার নিমিত্ত আদালত কর্ত্তৃক আদেশ করা যাইবে।

(৩) কোন ফৌজদারী আদালতের নিষ্পত্তি পাঠ করিবার নিমিত্ত যে দিন ও স্থানের নুটীস দেওয়া হয়

কোন পক্ষ কিম্বা তাহার উকীল সেই দিনে বা স্থানে কেবল মাত্র অনুপস্থিত থাকিবার দরুণ কিম্বা ঐ দিন ও স্থানের নুটীস পক্ষগণের উপর কিম্বা তাহাদের উকীলদিগের উপর কিম্বা তাহাদের মধ্যে কাহারও উপর কেবল মাত্র জারী না করিবার দরুণ কিম্বা জারী করিতে কেবল মাত্র কোন দোষ ঘটিবার দরুণ সেই পঠিত নিষ্পত্তি অসিদ্ধ বলিয়া গণ্য হইবে না।

(৪) এই ধারায় যাহা কিছু আছে তাহার এরূপ অর্থ করা যাইবে না যে তদ্দ্বারা ৫৩৭ ধারার বিধানের ব্যাপ্তি কোন রকমে সঙ্কুচিত হয়।"

১৮৮২ সালের ১০ আইনের ৩৭১ ধারা সংশোধন করিবার কথা।

২ ধারা। উক্ত আইনের ৩৭১ ধারায় "সেই নিষ্পত্তি অভিযুক্ত ব্যক্তিকে বুঝাইয়া দেওয়া যাইবে ও তাহার প্রার্থনামতে" এই শব্দগুলির পরিবর্ত্তে "অভিযুক্ত ব্যক্তি দরখাস্ত করিলে" এই শব্দগুলি বসাইতে হইবে।

জে, এম, মেকফার্সন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।
CHUNDER NATH BOSE,
Bengali Translator.

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইনটী ১৮৯৫ সালের ৮ই ফেব্রুয়ারি তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক অনুমোদিত হওয়ায় সাধারণের অবগতির নিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত করা গেল।—

১৮৯৫ সালের ৫ আইন।

কাণ্টনমেণ্ট বিষয়ক ১৮৮৯ সালের আইন সংশোধন করণার্থ আইন।

কাণ্টনমেণ্ট বিষয়ক ১৮৮৯ সালের আইন সংশোধন করা বিহিত। অতএব এতদ্দ্বারা নিম্নলিখিতমত বিধান করা গেল।—

নাম, ব্যাপ্তি ও আরম্ভের কথা।

১ ধারা। (১) এই আইনটীকে কাণ্টনমেণ্ট বিষয়ক আইন সংশোধন করণার্থ ১৮৯৫ সালের আইন বলা যাইতে পারিবে।

(২) ইহা সমস্ত বৃটিশ ভারতবর্ষে ব্যাপ্ত হইবে। এবং

(৩) ইহা অবিলম্বে বলবৎ হইবে।

An Act to amend the Cantonments Act, 1889.

১৮৮৯ সালের ১৩ আইনের ২৬ ধারায় যোগ করিবার কথা।

২ ধারা। কাণ্টনমেণ্ট বিষয়ক ১৮৮৯ সালের আইনের ২৬ ধারায় নিম্নলিখিত শব্দগুলি যোগ করা যাইবে, অর্থাৎ:—

"কিন্তু এরূপ কোন বিধিতে এমন কোন ব্যবস্থা থাকিবে না যাহাতে কোন স্ত্রীলোক কোন কাণ্টনমেণ্টে উপদংশাদি কোন রোগ ভোগ করিতেছে কি না কিম্বা বেশ্যাবৃত্তি করিবার উপযুক্ত কি না তাহা জানিবার অভিপ্রায়ে ডাক্তার বা অপর ব্যক্তি দ্বারা তাহাকে পরীক্ষিত হইতে বাধ্য করিবার বা নিরূপিত সময়ান্তর পরীক্ষিত করিবার আদেশ বা অনুমতি থাকে কিম্বা কোন কাণ্টনমেণ্টে বেশ্যাদিগকে লাইসেন্স দিবার বা বিশেষভাবে রেজেস্টরী করিবার কিম্বা বেশ্যাবৃত্তি পরিচালনে আইনসঙ্গত মঞ্জুরি দিবার ব্যবস্থা থাকিবে না।"

জে, এম্, মেকফার্সন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।
CHUNDER NATH BOSE,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার, ১৮৯৫ সাল ১৯ ফেব্রুয়ারি।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপিখানি ১৮৯৫ সালের ৭ই ফেব্রুয়ারি তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় উপস্থিত করা হইয়াছিল।—

১৮৯৫ সালের ৪ নম্বর।

নির্ম্মাণকালের মধ্যে ভারতবর্ষীয় কোম্পানী বিষয়ক ১৮৮২ সালের আইনানুসারে রেজেষ্টরী করা রেলওয়ে কোম্পানী দ্বারা মূলধন হইতে সুদ দিবার বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

নির্ম্মাণকালের মধ্যে ভারতবর্ষীয় কোম্পানী বিষয়ক ১৮৮২ সালের আইনানুসারে রেজেষ্টরী করা রেলওয়ে কোম্পানীদ্বারা মূল ধন হইতে সুদ দিবার বিধান করা বিহিত। অতএব এতদ্দ্বারা নিম্নলিখিতমত বিধান করা গেল।—

নাম. ব্যাপ্তি ও আরম্ভের কথা।

১ ধারা। (১) এই আইনটীকে ভারতবর্ষীয় রেলওয়ে কোম্পানী বিষয়ক ১৮৯৫ সালের আইন বলা যাইতে পারিবে।

(২) ইহা সমস্ত বৃটিশ ভারতবর্ষে ব্যাপ্ত হইবে। এবং

(৩) ইহা অবিলম্বে প্রবল হইবে।

অর্থ নির্দ্দেশের কথা।

২ ধারা। বিষয় বা সংযুক্ত বাক্যাবলীতে বিরোধী ভাবের কিছু না থাকিলে এই আইনে—

(১) "রেলওয়ে" বলিতে ভারতবর্ষীয় রেলওয়ে বিষয়ক ১৮৯০ সালের আইনের ৩ ধারার (৪) দফার অর্থনির্দ্দেশমত রেলওয়ে বুঝাইবে।

(২) "ঐ রেলওয়ে" বলিতে যে রেলওয়ের নির্ম্মাণ সম্বন্ধে অতঃপর যে বিধান করা হইল সেই বিধানমত মূলধন হইতে সুদ দিবার অনুমতি দেওয়া হয় সেই রেলওয়ে বুঝাইবে। এবং

(৩) "রেলওয়ে কোম্পানী" বলিতে ভারতবর্ষীয় কোম্পানী বিষয়ক ১৮৮২ সালের আইনানুসারে রেজেষ্টরী করা এবং ভারতবর্ষে রেলওয়ে নির্ম্মাণ করিবার ও চালাইবার কিম্বা নির্ম্মাণ করিবার অথবা চালাইবার একমাত্র অভিপ্রায়ে কিম্বা অন্যান্য অভিপ্রায় সহ ঐ অভিপ্রায়ে গঠিত কোম্পানী বুঝাইবে।

মূলধন হইতে সুদ দিবার কথা।

৩ ধারা। এই ধারায় যে সময় ও নিয়মের উল্লেখ আছে সেই সময়ের নিমিত্ত এবং সেই নিয়মের অধীনে কোন রেলওয়ে কোম্পানী মূলধন

A Bill to provide for the payment by Railway Companies registered under the Indian Companies Act, 1882, of interest out of capital during construction.

হইতে উহার প্রদত্ত সেয়র-মূলধনের সুদ দিতে পারিবে এবং ঐ সুদ ঐ রেলওয়ের নির্ম্মাণের খরচের অংশ স্বরূপ মূলধন হইতে খরচ বলিয়া লিখিতে পারিবে।—

(১) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে সময় অবধারিত করিবেন ঐ সুদ কেবল মাত্র সেই সময়ের নিমিত্ত দেওয়া হইবে এবং যে ছয় মাস কালের মধ্যে ঐ রেলওয়ে প্রকৃত পক্ষে সম্পূর্ণ হইবে ও ট্রাফিকের জন্য খোলা হইবে ঐ সময় কোন স্থলেই সেই ছয় মাস কালের ঠিক পরের ছয় মাস কালের সমাপ্তির বাহিরে যাইবে না।

(২) কোম্পানী গঠিত করিবার দলিলে কিম্বা কোম্পানীর বিশেষ নির্দ্ধারণক্রমে ঐরূপ সুদ দিবার অনুমতি না থাকিলে ঐরূপ সুদ দেওয়া যাইবে না।

(৩) ঐরূপ সুদ দিবার অনুমতি উপরোক্তমত কোম্পানী গঠিত করিবার দলিলেই থাকুক কিম্বা বিশেষ নির্দ্ধারণেই থাকুক অগ্রে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মঞ্জুরি না লইয়া ঐরূপ কোন সুদ দেওয়া যাইবে না।

(৪) যে টাকা কোন সময় সম্বন্ধে এই রূপে মূলধন হইতে সুদ স্বরূপ দেওয়া হয় তাহা কোন স্থলেই এমন একটী টাকার অধিক হইবে না যে টাকা ঐ সময়ের মধ্যে ঐ রেলওয়ের নীট উপার্জ্জনের সহিত যোগ করা গেলে বৎসরে শত করা চারি টাকা হার হইয়া যায়।

(৫) যে পর্য্যন্ত ঐ রেলওয়ে কোম্পানী মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকে সন্তোষজনকরূপে না বুঝান যে উহার যে সেয়র-মূলধন সম্বন্ধে সুদ দিতে হইবে তাহার অন্ততঃ তিন ভাগের দুই ভাগ প্রকৃত পক্ষে বাহির হইয়াছে ও গ্রহণ করা হইয়াছে এবং এমন সেয়রধারীদিগের হাতে আছে যাহারা অথবা যাহাদের স্থলাভিষিক্তগণ তজ্জন্য আইনানুসারে দায়িক সে পর্য্যন্ত ঐ রূপ কোন সুদ দেওয়া যাইবে না।

(৬) যে সময়ের মধ্যে কোন সেয়রধারীর কোন সেয়র সম্বন্ধীয় কোন তলব বাকী থাকে সেই সময়ের নিমিত্ত তাঁহার অনুকূলে এরূপ কোন সুদ জন্মিবে না।

(৭) যে সকল সেয়র সম্বন্ধে এইরূপ সুদ দেওয়া হয় তাহার দরুণ যে টাকা দেওয়া হইয়া যায় এইরূপ সুদ দেওয়ার ফলে সেই টাকার হ্রস্বীকরণ ঘটিবে না।

সম্প্রসারণের নিমিত্ত অতিরিক্ত সেয়র মূলধন সম্বন্ধে তিন ধারার বিধান খাটিবার কথা।

৪ ধারা। যে রেলওয়ে নির্ম্মিত হইতেছে এবং যাহা কোন রেলওয়ে কোম্পানীর অধিকৃত বা পরিচালিত কোন রেলওয়ের অতিরিক্ত রেলওয়ে বা সম্প্রসারণ স্বরূপ সেই কোম্পানী দ্বারা নির্ম্মিত বা পরিচালিত হওয়া অভিপ্রেত সেই রেলওয়েকে এই আইনের প্রয়োজনার্থ সেই কোম্পানীর রেলওয়ে বলিয়া গণ্য করা যাইবে এবং ঠিক পূর্ব্ববর্ত্তী ধারার সমস্ত বিধান সেই রেলওয়ে সম্বন্ধে এবং উহার নির্ম্মাণের নিমিত্ত যে সেয়র-মূলধন বাহির করা হয় তৎসম্বন্ধে খাটিবে।

সূচনাপত্র ও অপর কাগজে নুটীস দিবার কথা।

৫ ধারা। যে স্থলে কোন রেলওয়ে কোম্পানীর এই আইনানুসারে সুদ দিবার ক্ষমতা থাকে সে স্থলে ঐ রেলওয়ে কোম্পানীর সেয়র গ্রহণের অনুরোধ সূচক প্রত্যেক সূচনাপত্রে, বিজ্ঞাপনে বা অপর কাগজে এবং ঐ সকল সেয়রের প্রত্যেক সার্টিফিকেটে ঐ মর্ম্মে নুটীস দিতে হইবে।

হিসাবের কথা।

৬ ধারা। যে স্থলে এই আইনানুসারে কোন রেলওয়ে কোম্পানী কর্ত্তৃক কোন সুদ দেওয়া হয় সে স্থলে যত টাকার উপর এবং যে হারে সুদ এই প্রকারে দেওয়া হয় সেই কোম্পানীর বাৎসরিক বা অপর হিসাবে তাহা প্রদর্শন করিতে হইবে।

কর্জ্জ করিবার ক্ষমতা নিরূপণ করিবার কথা।

৭ ধারা। যদি গঠিত করিবার কোন দলিলক্রমে, গঠিত করিবার আর্টিকেলক্রমে বা অপর দলীলক্রমে কোন অধিবেশনের মঞ্জুরি সহ বা বিনা মঞ্জুরিতে কোন রেলওয়ে কোম্পানীকে বা উহার ডিরেক্টরদিগকে টাকা কর্জ্জ করিবার কোন ক্ষমতা দেওয়া হয় এবং ঐ কর্জ্জ করিবার ক্ষমতা যদি এমন একটী টাকা সম্বন্ধে নির্দ্দিষ্ট করিয়া দেওয়া হয় যাহার ঐ কোম্পানীর মূলধনের সহিত একটী অনুপাত আছে তাহা হইলে এই আইনানুসারে সুদ দিবার নিমিত্ত যত মূলধন নিয়োজিত হয় বা নিয়োজিত করিতে হইবে ঐ কর্জ্জ করিবার ক্ষমতার পরিমাণ নিরূপণার্থ তাহা ঐ কোম্পানীর মূলধন হইতে বাদ দেওয়া যাইবে।

অভিপ্রায় ও হেতুর বিবরণ।

কোন কোম্পানীর স্বাক্ষরিত মূলধন যে সময় অগত্যা অনুৎপাদক অবস্থায় থাকে সেই সময়ে উহার কোন অংশকে আয় স্বরূপ গণ্য করিয়া কার্য্য করিবার পক্ষে যে বাধা আছে বিলাতি আইনানুসারে তাহা বিলাতি জাইণ্ট ষ্টক কোম্পানী বিষয়ক আইনানুসারে রেজেষ্টরী করা প্রত্যেক কোম্পানী সম্বন্ধে খাটে। এবং ভারতবর্ষে স্থায়ীরূপে অবস্থিত এবং ভারতবর্ষীয় কোম্পানী বিষয়ক (১৮৮২ সালের ৬) আইনানুসারে রেজেষ্টরী করা কোম্পানী সম্বন্ধে ঐ বাধা খাটে এ দেশের আদালতের এইরূপ সিদ্ধান্ত হওয়া সম্ভব। গত বর্ষের মধ্যভাগে পার্লেমেণ্টে পাস হওয়া ৫৭ ও ৫৮ বিক্টোরিয়ার ১২ অধ্যায়ানুসারে ইংলণ্ডে স্থায়ীরূপে অবস্থিত কিন্তু ভারতবর্ষে রেলওয়ে নির্ম্মাণার্থ গঠিত কোম্পানী সম্বন্ধে ঐ বাধা বিনষ্ট করা হইয়াছে। ইংলণ্ডে রেজেষ্টরী হওয়া কোম্পানীর যে অবস্থা ভারতবর্ষে স্থায়ীরূপে অবস্থিত এবং ভারতবর্ষীয় কোম্পানী বিষয়ক ১৮৮২ সালের আইনানুসারে রেজেষ্টরী হওয়া রেলওয়ে কোম্পানী সমূহকে এ বিষয়ে সেই অবস্থায় স্থাপিত করা এই পাণ্ডুলিপির উদ্দেশ্য।

৪ ঠা ফেব্রুয়ারি ১৮৯৫ সাল।

আলেক্জাণ্ডার এড্ওয়ার্ড মিলর,
জে, এম, মেকফার্সন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।
CHUNDER NATH BOSE,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 19, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ১৯ ফেব্রুয়ারি ।

PART VIII.

ADVERTISEMENT.

অষ্টম খণ্ড ।

ইশতিহার প্রভৃতি ।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইস্তাহার।

জিলা বাকরগঞ্জ।

জমিদারি বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, বাকরগঞ্জ জিলার অন্তর্গত নিম্ন-লিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে ১৮৯৫ সনের ১২ই জানুয়ারির কিস্তির তলবি বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৫ সনের ২৫শে মার্চ্চ মোং ১৩০১ সনের ১২ই চৈত্র রোজ সোমবার তারিখে নিলামে বিক্রয় করা যাইবে। যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না। ইতি ২রা ফেব্রুয়ারি।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
১৪৭২	গোবিন্দ বসু তাং পরগণা বোজরগোমেদপুর।	৫০৫।৶১০	সম্পূর্ণ মহাল	......	গোপালচন্দ্র ঘোষ গং।	......	৭৮দ৶১॥ কিং সেপ্টেম্বর ১৮৯৪ ইং।	......
৩৮৪৬	শিলিমাবাদ পরগনা হিং ১২। গণ্ডা।	৩৬৮২৶৫	ঐ	......	বলরাম দাস গং...	......	৮৫৭॥৶১০	......
ঐ	শিলিমাবাদ পরগনা হিং ১২। গণ্ডা।	৩৬৮২৶৫	......	এজমালি হিং ॥৶১০ আনা অংশ নিলাম হইবেক, অন্য কোন অংশ নিলাম হইবেক না।	ঐ	২৪১৬।৶২	......	৬৮৮৴৬
৪৫৪৫	বাহের চর মহালাধীন ৫নং গএর মোকররি হাওলা।	৭০৬।৶৩	সম্পূর্ণ গএর মোকররি হাওলা।	......	ইন্দু হাওলাদার ...	......	৩৫১৷	......
	চর বড় লামছিধলি মহালাধীন ১ নং গএর মোকররী হাওলা রাসবিহারি অঞ্জ, পং দক্ষিণ সাহাবাজপুর।	৬৫৫।৭	ঐ	......	কালীকুমার সেন...	......	৪০৭॥৶০	......
৫২৪৫	চক লালমোহন মহলাধীন ১/১ নং গএর মোকররি হাওলা।	২১৮৯দ৴৬	ঐ	......	গিরীন্দ্র কিশোর চক্রবর্ত্তী গং।	......	১৪১৯৷	......

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
৫২৪৫	চক লালমোহন মহলাধীন $\frac{১}{২}$ নং গএর মোকররি হাওলা।	১৭৩২/৯	সম্পূর্ণ গএর মোকররি হাওলা।	......	শ্রীমতী সরস্বতী দেব্যা।	......	১২০০৲	......
ঐ	চর লালমোহন মহলাধীন ২নং গএর মোকররি হাওলা।	৫১০৮৸৬	ঐ	......	আবদুল গফুর গং	......	৩২২৬৷৶১০	......
৫২৮৫	চর জয়নগর মহালাধীন ২ নং গএর মোকররি হাওলা মহাম্মদ,ত্রধা গং পং উত্তর সাহাবাজপুর।	৯০৫৸৶৩	ঐ	.....	রহিমদ্দি মাদবর গং	......	৪৫০৷৵০	......
ঐ	চর জয়নগর মহালাধীন ১২ নং গএর মোকররি হাওলা ক্রোশমিজি গং।	১৪০০৷০	ঐ	......	আলীমদ্দি গং ...	......	৫৮১৸০	......
ঐ	চর জয়নগর মহালাধীন ২০নং গএর মোকররি হাওলা আজিমরাড়ী।	৫০৯৸৵৩	ঐ	......	দরবেশ আলী হাওলাদার গং।	......	৩৭২৲	......
ঐ	চর জয়নগর মহালাধীন ২২ নং গএর মোকররি হাওলা আলিমদ্দি গং।	৮৮৯৶০	ঐ	......	আলাবদ্দি পাটারি গং।	......	৪০৪৸৵০	......
ঐ	চর জয়নগর মহালাধীন ২৩ নং গএর মোকররি হাওলা মনুবক্স আলী গং।	১৪০৭৻৯	ঐ	......	মমিনদ্দি গং ...	......	৭৪৮৲	......
ঐ	চর জয়নগর মহালাধীন ২৪নং গএর মোকররি হাওলা আমিনদ্দি টর্নী গং।	৬০৩৸৵৩	ঐ	......	মেহেরজান বিবি গং	......	২৬২৶৩	......
ঐ	চর জয়নগর মহালাধীন ২৬ নং গএর মোকররি হাওলা আলী মদ্দি গং।	৬৮৬/০	ঐ	......	মজরালী গং ...	......	২২০৷৶০	......

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ, বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
৫২৮৫	চর জয়নগর মহালাধীন ২৮ নং গএর মোকররি হাওলা আলীমদ্দি বয়াতিগং	৬৫২।০	সম্পূর্ণ গএর মকররি হাওলা।	......	আবদুল ওহাব গং	......	১৯৫৸/৬	......
ঐ	চর জয়নগর মহালাধীন ২৯ নং গএর মোকররি হাওলা বক্সী পলওয়ান গং।	৭৫৪।৩।	ঐ	......	আলাবদ্দি পাটারি গং।	......	২৮৭৷৶২	......
ঐ	চর জয়নগর মহালাধীন ৩০ নং গএর মোকররি হাওলা গহরদ্দি গং।	১৮৪১।৯	ঐ	......	রজ্জবালী গং ...	......	১১৪৯৷।০	......

H. Le. Mesuries.
Offg. Collector.

জিলা বীরভূম।

জমীদারি বিক্রয়ের বিজ্ঞাপন ক।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে বীরভূম জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি এবং মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী আইনানুসারে বাকী রাজস্বের ন্যায় আদায়ের যোগ্য তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৫। ২৫শে মার্চ্চ বাঙ্গলা ১৩০১ ১২ই চৈত্র সোমবার তারিখে বেলা ১২ টার সময় নিলামে বিক্রয় করা যাইবে। ১৮৯৫। ৭ই ফেব্রুয়ারি।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
১১৫	ধানাই পরগণা আলীনগর।	২৬৬৫৷৶০	হইবে	......	জহরমল বাবুদিগর।	......	১১২৯	......

টীকা।—যে স্থলে উপরের লিখিত বর্ণমাপত্রের ৫, ৭ ও ৯ ঘরের কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ইহা বুঝিতে হইবে যে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

Trailokya Nath Sen,
Dy. Collector, in charge.

জিলা ফরিদপুর।

জমিদারি বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে ফরিদপুর জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৫। ১৫ মার্চ্চ তারিখে নিলামে বিক্রয় করা যাইবে। যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭, ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না। ১৮৯৫। ৬ ফেব্রুয়ারি।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
২৫০৬	পং মহিমসাহী তাং মির আলি আহাম্মদ গং।	১৬৬৬৷৫	ষোল-আনা	......	হরানন্দ মজুমদার ও বামাসুন্দরী দেব্যা গয়রহ।	...	৬৩৸৹	.
৩৫৪৯	পং নশরতসাহী তাং নীলাম্বর চক্রবর্ত্তী।	৩৮৩৯৸৭	...	১ নং হিঃ পৃথক ৷৷৹ আনী।	উমাচরণ আচার্য্য সেক্রেটরি পক্ষে ফরিদপুর লোন-আফস লিমিটেড।	১৯১৯৸৵৹	...	৭৬৯৵৩
৩৫৪৯	পং নশরত সাহি তাং নীলাম্বর চক্রবর্ত্তী।	৩৮৩৯৸৭	...	১ নং হিঃ পৃথক ৷৷৹ আনী বাদে অবশিষ্ট ৷৷৹ আট আনী।	বিপিনচন্দ্র রায় ...	১৯১৯৸৵	...	৭৬৮৸৬
৫৪৯৪	পং ইদিলপুর তাং রামকৃষ্ণ রায়।	৬৪০৸৲১০	ষোল আনা	......	অন্নদা দেবী ও শুখদা দেবী গয়রহ!	...	২৪০৶৹	...
৫৫৮২	পং রাজনগর হিঃ কেবলরাম সেন।	১৮৫৫৷৷৵৯৷৷	...	১ নং হিঃ পৃথক মালিক খাজে আবদুল্লা হিঃ ৷৷৹ আনী সদর জমা ৯২৭৸৴৪৸ পাই ও ২ নং হিঃ পৃথক মালীক সাহাজাদী ওরফে খএরন্নেছা বেগম মৌজে চোকামখোলা গয়রহ ৷৷৹ আনা সদর জমা ৫৭৷৹ আনী ও ৩ নং হিঃ পৃঃ মালীক রাজকুমার মজুমদার কিং পরাশরদী গং হিঃ ৷৷৹ আনী সদর জমা ২১৪৷৷৹ আনী বাদে অবশিষ্ট মহাল।	চন্দ্র কান্ত গঙ্গোপাধ্যায় গয়রহ।	৬৫৬৴৪৸	...	১৭৬৷৶৩৷
৫৫৮৬	পং রাজনগর হিঃ রাজকৃষ্ণ সেন।	১০২২৷৷৵৯৷	ষোল আনা	......	শ্যামকান্ত বন্দ্যোপাধ্যায় গয়রহ।	...	৯৷৴৩	...
৬৩৬৯	পং বিরাহীমপুর মহাল ফকিরাবাদ।	১৩২৩৲	ঐ	.. ...	পার্ব্বতীশঙ্কর রায় চৌধুরী গয়রহ।	...	২০৬৲০	...
৬৩৮৯	পং রাজনগর চাকলে আমিরাবাদ মহাল হোশনাবাদ।	৭৯৪৲	ঐ	......	প্রসন্ন কুমার চৌধুরী	...	১৯৮৲	..

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজীব নম্বব।	মহাল ও পবগনাব নাম।	সম্পূর্ণ মহালেব সদব জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহাব মালিকগণেব নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদব জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহাব বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, তাহ বাকী।
৬৪৪৮	পং জালালপুর মহাল তাজপুর।	১১৭১৲	ষোল আনা	......	এবরাহীম গাজী ও রমজান গাজী গয়রহ।	......	২৯৩৲	...
৬৫১৩	পং মুরুল্লাপুর গোপালপুরের অতিরিক্ত মহাল।	৮০১৲	ঐ	......	প্রসন্ন কুমার সেন...	......	২০০৲	...
৬৫১৮	পং হাওলী মামুদপুর শালেপুরের অতিরিক্ত মহাল।	১০৪৭৲	ঐ	......	ঐ	......	২৬২৲	...

J. L. HERALD,
Offg. Collector.

জেলা নোয়াখালি।

জমিদারী বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে নোয়াখালি জিলার অন্তর্গত নিম্নলিখি মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৫। ২০শে মার্চ্চ তারিখে পূর্ব্বা ১২ ঘটিকার সময় নিলামে বিক্রয় করা যাইবে। যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্র হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অং বিক্রয় হয় না।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজিব নম্বব।	মহাল ও পবগনাব নাম।	সম্পূর্ণ মহালেব সদব জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশেব বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহাব মালিকগণেব নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশেব সদব জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহাব বাকী	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহাব বাকী।
৪৫	পঃ সুন্দ্বীপ কিঃ মহেন্দ্র নারায়ণ।	৬৩৭/১১	সম্পূর্ণ মহাল	......	শ্রীমতী হামিদা খাতুন বেগম জং মাহাং আছান উল্লা চৌধুরী ও সেখ আহাম্মদ সোবান [illegible]ধুরী।	......	১৫৫।০	......

NOAKHALI COLLECTORATE,
The 8th February 1895.

S. C. SINHA,
Deputy Collector, in charge.

জিলা চট্টগ্রাম।—জমিদারী বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে চট্টগ্রাম জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৫। ২৬ মার্চ্চ তারিখে নীলামে বিক্রয় করা যাইবে। যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশমাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশমাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
			প্রথম শ্রেনীর কায়মি মহাল।—					
২৫৭ ১২৮২ ১৬৩৬	থানা ফটিকছড়ি হাটহাজারি, পটীয়া রাম্যু, সহর, সাতকানীয়া। তরফ জবরদস্ত খাঁ	৬৫৩৮৷১	অংশ বিক্রয় হইবে।	১৮৫৯ সালের ১১ আইনমতে জমা স্বতন্ত্র হইয়া ২ নং হিস্যা আছাদ আলি খাঁর।	আনওয়ার আলি খাঁ	৩৮১৩৷১১	...	১৬৬৭৷৴৭

১৮৯৪ ইং ২৬ ডিসেম্বর শেষ তারিখের বাকী পড়া।

J. D. Anderson,
Collector.

জিলা যশোহর।—জমিদারি বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যশোহর জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবি প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৫। ১৩ মার্চ্চ তারিখে নিলামে বিক্রয় করা যাইবে। যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রে ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সই স্থলে ঐ অংশের নিমিত্ত ও স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
১১৩	পঃ মাহামুদশাহি কিং আলমপুর হুদাবুটীয়া।	১৬৪১০/৮	পূরা মহাল	......	জ্যোতীন্দ্রনাথ রায় চৌধুরি দিং।	...	৪৯৩৷৴১১	......
১৪১ ১ হিস্যা।	পঃ মাহামুদশাহি তরফ কুলচারা।	৯৮৪৷৷৯	......	১ হিস্যা	উমেশ চন্দ্র মজুমদার দিং।	১ হিস্যার ৯৪৪৸৴৩	....	[illegible]

Jessore Collectorate,
Dated 14th February 1895.

[Illegible]
Deputy Collector, in charge.

জিলা ঢাকা।—জমিদারি বিক্রয়ের বিজ্ঞাপন ক।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে ঢাকা জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি এবং মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী আইনানুসারে বাকী রাজস্বের ন্যায় আদায়ের যোগ্য তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৫। ২৫ মার্চ্চ তারিখে বেলা ১২ টার সময় নিলামে বিক্রয় করা যাইবে।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
২০৫	পং রাজনগর চাং সুরপুর হিং পীতাম্বর সেন, বঙ্গচন্দ্র বাড়ুয্যা।	৮৫৩৸৴২৸	ষোল আনা	......	কুমুদিনী কান্ত বন্দ্যোপাধ্যায় গং।	......	৪৮৲॥	......
২৩১	পং তথা হিং নিলমণি সেন তং হোসনাবাদ তাং চন্দ্র নারায়ণ ঘোষ।	৯৬৫৸৶৫॥	ঐ	......	কিশোরী লাল রায়	......	১৮৷৶৭	......
৮৬৬০	তং আমিরাবাদ ২৩৪ নং মহাল।	৭৬০.১॥	ঐ	.. .	অভয়াকুমার দাস গং।	......	৭২৸৶২॥	......
৮৭৬৪ তৃতীয় খণ্ড।	পং জাহাঙ্গির নগর চর কামরাঙ্গি।	৬১২৲	ঐ	......	কুঞ্জবেহারী সাহা নিং খং গোবিন্দ চন্দ্র দাস।	......	১৫২৸৶১১	......

ঢাকা।—যে স্থলে উপরের লিখিত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ইহা বুঝিতে হইবে যে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

DACCA COLLECTORATE,
The 14*th February* 1895.

[Illegible]
Deputy Collector, in charge.

Cinchona Febrifuge.

Cinchona Febrifuge can be purchased by all Government officers and by any one taking *six pounds* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, at the following rates: per four-ounce tin, *Rs.* 2, *ans.* 8; per eight-ounce tin, *Rs.* 5; per pound tin, *Rs.* 10 The general public can be supplied by the Superintendent, Botanic Gardens, *for cash only*, at the undernoted rates: per four-ounce tin, *Rs.* 3; per eight-ounce tin, *Rs.* 6; per pound tin, *Rs.* 12. This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta. Postage—Four annas per 4 *oz.* tin, eight annas per 8 *oz.* tin, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

জ্বরঘ্ন সিন্‌কোনা।

কলিকাতাস্থ বোটানিকাল গার্ডনের অর্থাৎ কোম্পানির বাগানের সুপারিন্টেণ্ডেণ্টের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ এবং অপর কোন ব্যক্তি এককালীন ছয় পৌণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে জ্বরঘ্ন সিন্‌কোনা পাইবেন অর্থাৎ চারি ঔন্স টিন ২॥০ টাকায়, আট ঔন্স টিন ৫৲ টাকায় ও এক পৌণ্ড টিন ১০৲ টাকায় পাইবেন। সর্ব্বসাধারণে কোম্পানির বাগানের সুপারিন্টেণ্ডেণ্টের নিকট নগদ মূল্য দিলে এই২ হিসাবে অর্থাৎ চারি ঔন্স টিন ৩৲ টাকায়, আট ঔন্স টিন ৬৲ টাকায় এবং এক পৌণ্ড টিন ১২৲ টাকায় পাইতে পারিবেন কলিকাতার প্রধান২ ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত হার ছাড়া চারি ঔন্স টিনের ।০, আট ঔন্স টিনের ॥০ ও এক পৌণ্ড টিনের ৸০ ডাক মাসুল দিতে হইবে।

বঙ্গদেশের গবর্ণমেন্টের সিঙ্কোনা আবাদে প্রস্তুত বিশুদ্ধ কুইনাইন।

এই কুইনাইনের নিম্নলিখিত মূল্য হইবে, যথা—

১ এক পৌণ্ড টিন ১৬৲ বা ডাক মাশুল বিনা ১৬৸৹
½ আধ " " ৮৲ বা ডাক মাশুল বিনা ৮৷৹
¼ শিকি " " ৪৲ বা ডাক মাশুল বিনা ৪৷৷৹

পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে এই কুইনাইন অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করা হইয়াছে। এবং ইহা যে সিঙ্কোনাইন ও সিঙ্কোনীডাইন নামক অপকৃষ্ট ক্ষারের সহিত ইচ্ছাপূর্ব্বক মিশান হয় নাই তাহার গারাণ্টী দেওয়া যাইতেছে। ইহা নগদ মূল্যে কেবল গবর্ণমেন্টের কর্ম্মচারিগণের নিকট বিক্রয় করা যাইবে এবং কলিকাতার নিকটস্থ শিবপুরের কোম্পানির বাগানের সুপারিন্টেণ্ডেন্টের নিকট পাওয়া যাইতে পারিবে। ইহা শাদা বা পাটলবর্ণের পাওয়া যাইতে পারিবে।

NOTICE.

The 21st February 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance :—

For the Mufassal.	Rs.	A.	P.	
Entire Gazette	10	0	0	per annum.
Postage	2	8	0	"
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal	4	0	0	"
Postage	1	0	0	"
For a single copy—				
Entire Gazette	0	4	0	
Postage	0	1	0	
Parts III, IV, V, and VI	0	1	0	for 4 sheets of under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
Postage	0	1	0	

For Calcutta.

The same rates as those of the mufassal, with the exception of the charge for postage.

E. N. Baker,
Offg. Under-Secretary to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গালা গবর্ণমেন্ট গেজেটের মূল্য ও ডাকমাশুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে :—

মফঃসলে		টাকা।
সম্পূর্ণ গেজেট	বৎসর	১০৲
ডাকমাশুল	"	২৷৷৹
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে)	"	৪৲
ডাকমাশুল	"	১৲
সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য	"	।৹
ডাকমাশুল		⁄৹
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)		⁄৹ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠা প্রতি আর এক ২ আনা।
ডাকমাশুল		⁄৹

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাকমাশুল লাগিবে না।

ই, এন, বেকার।
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং ছোট সেক্রেটরী।

NOTICE.

In continuation of notice dated the 20th November 1887, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscriptions to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government officer or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. BOLTON,
Under-Secretary to the Govt. of Bengal.

12th December 1882.

NOTE —*Rates of advertisements in the* CALCUTTA GAZETTE.

	Rs.
Full page, per issue	20
Half „ „	10

Casual advertisement—4 annas per line.

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৮৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেন্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্ট কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্তাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশতিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ৴০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশতিহার প্রকাশ করিবার হার এই২।—

	টাকা।
পূরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	২০৲
আধ পৃষ্ঠা	১০৲
কখন কখন ইশতিহার প্রকাশ করিতে হইলে একং পংক্তি	।০

বিজ্ঞাপন ।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার স্প্লানেড ওয়েষ্ট টৌন হালের ছাতায় স্থিত বঙ্গদেশের গবর্ণমেন্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্ট্রারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে ।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেন্ট প্রেশে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায় ।

কলিকাতা প্রেসিডেন্সি জেল যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্য শ্রীযুত এডউইন মরিস লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

Numb. 2900 [২৯০০

REGISTERED No. 2.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 26, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ২৬ ফেব্রুয়ারি।

CONTENTS

নির্ঘণ্ট।

PART II.

Resolutions, Orders, and Notifications by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL

JUDICIAL DEPARTMENT.

No. 1116A.

No. 912*J.*—*The* 15*th February* 1895.—Babu Charu Chandra Mitter, Munsif of Basirhat, in the district of the 24-Parganas, is temporarily vested with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 50 within the local limits of the Basirhat Munsifi, during the absence, on leave, of Babu Tara Prasanno Ghose, or until further orders.

No. 949*J.*—*The* 18*th February* 1895.—Maulvi Abdul Majib is appointed to be an Honorary Magistrate of the Independent Bench at Pirojpur, in the district of Backergunge, and is vested with the powers of a Magistrate of the third class.

No. 952*J.*—*The* 18*th February* 1895.—Babu Dakhina Charan Sen is appointed to be an Honorary Magistrate of the Independent Bench at Patuakhali, in the district of Backergunge, and is vested with the powers of a Magistrate of the third class.

H. J. S. Cotton,
Chief Secy. to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

১১১৬ A, নম্বর।

৯১২ জে, নং।—১৮৯৫ সাল ১৫ ফেব্রুয়ারি।—শ্রীযুত বাবু তারাপ্রসন্ন ঘোষের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় ২৪ পরগনা জিলার অন্তর্গত বশীরহাটের মুনসেফ শ্রীযুত বাবু চারুচন্দ্র মিত্র বশীরহাট মুনসেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে কিয়ৎকালের জন্য ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

৯৪৯ জে, নং।—১৮৯৫ সাল ১৮ ফেব্রুয়ারি।—শ্রীযুত মৌলবী আবদুল মজিব বাখরগঞ্জ জিলার অন্তর্গত পিরোজপুরস্থ স্বাধীন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

৯৫২ জে, নং।—১৮৯৫ সাল ১৮ ফেব্রুয়ারি।—শ্রীযুত বাবু দক্ষিণাচরণ সেন, বাখরগঞ্জ জিলার অন্তর্গত পটুয়াখালীস্থ স্বাধীন বেঞ্চে, অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

এচ, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার, ১৮৯৫ সাল ২৬ ফেব্রুয়ারি।

ষষ্ঠ খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার ব্যবস্থাপন কার্য্য পরিচালনার্থ বিধির মধ্যে ৩৭ বিধি অনুসারে নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি অভিপ্রায় ও হেতুর বিবরণ সহ প্রকাশিত করা গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশক্রমে

গর্ডন লীথ,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের
ব্যবস্থা বিভাগের আসিষ্টাণ্ট সেক্রেটরী।

১৮৯৫ সালের ৩ নম্বর।

নিঃস্ব কুষ্ঠীদিগকে পৃথক করিয়া রাখিবার এবং কোন কোন ব্যবসায়ে নিযুক্ত কুষ্ঠীদিগের উপর কর্ত্তৃত্ব করিবার বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপির খসড়া।

সূচনা।

নিঃস্ব কুষ্ঠীদিগকে পৃথক করিয়া রাখিবার বিধান করা এবং কুষ্ঠীদিগের দ্বারা কোন কোন ব্যবসায় বা কর্ম্মের পরিচালন সম্বন্ধে ব্যবস্থা করা বিহিত। অতএব নিম্নলিখিতমত বিধান করা গেল।—

সংক্ষেপ নাম ও আরম্ভের কথা।

১ ধারা। এই আইনটীকে "কুষ্ঠী বিষয়ক ১৮৯৫ সালের আইন" বলা যাইতে পারিবে। শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক অনুমোদিত হইয়া ইহা যে তারিখে কলিকাতা গেজেটে প্রকাশিত হইবে ইহা সেই তারিখ হইতে প্রবল হইবে।

২ ধারা। এই আইনে—

'কুষ্ঠী।'

"কুষ্ঠী" বলিতে যে ব্যক্তি কোন রকমের কুষ্ঠরোগ ভুগিতেছে এবং যে ব্যক্তির ক্ষত হইতে আরম্ভ হইয়াছে সেই ব্যক্তিকে বুঝাইবে।

"নিঃস্ব কুষ্ঠী।"

"নিঃস্ব কুষ্ঠী" বলিতে (ক) যে কুষ্ঠী কোন প্রকাশ্য স্থানে ভিক্ষা যাচঞা করিয়াছে, দয়া উৎপাদনার্থ কিম্বা ভিক্ষা পাইবার জন্য কোন ঘা, ক্ষত, শারীরিক পীড়া বা বিকৃতি খুলিয়া রাখিয়াছে বা দেখাইয়াছে অথবা (খ) ভরণপোষণের কোন প্রত্যক্ষ উপায় না থাকা সত্ত্বেও স্বাধীনভাবে বিচরণ করে সেই কুষ্ঠীকে বুঝাইবে।

স্থানীয় গবর্ণমেণ্টের কুষ্ঠাশ্রম করিতে পারিবার কথা

৩ ধারা। কলিকাতা গেজেটে বিজ্ঞাপন প্রকাশিত করিয়া স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে সময়ে কোন স্থানকে কুষ্ঠাশ্রম বলিয়া নির্দ্দেশ করিতে পারিবেন এবং যে সকল স্থান হইতে কুষ্ঠীদিগকে সেই আশ্রমে পাঠান যাইতে পারিবে তাহা নির্দ্দেশ করিতে পারিবেন এবং সেই বিজ্ঞাপন পরিবর্ত্তন বা রদ করিতে পারিবেন।

A draft Bill to provide for the segregation of pauper lepers, and the control of lepers exercising certain trades.

৪ ধারা। (১) যে সকল অভিপ্রায়ে কোন স্থানীয় কর্তৃপক্ষের ফণ্ড বা অপর সম্পত্তি নিয়োজিত হইতে পারে সেই সকল অভিপ্রায় সম্বন্ধে কোন আইনে যাহা কিছু থাকে তাহা সত্বেও এইরূপ ফণ্ডের উপর কর্তৃত্ববিশিষ্ট কোন কৌন্সিল, বোর্ড, কমিটি, কর্পোরেশন বা অপর সমিতি—

কুষ্ঠাশ্রমের জন্য স্থানীয় কর্তৃপক্ষদিগের ফণ্ডের টাকা খরচ করিবার ও সম্পত্তি নিয়োগ করিবার ক্ষমতার কথা।

(ক) কোন কুষ্ঠাশ্রম স্থাপন বা রক্ষা করিতে অথবা স্থাপন ও রক্ষা করিতে অথবা কোন কুষ্ঠাশ্রম স্থাপন বা রক্ষা করিবার কিম্বা স্থাপন ও রক্ষা করিবার খরচ নির্ব্বাহ পক্ষে টাকা দিতে পারিবেন।

(খ) অগ্রে স্থানীয় গবর্ণমেন্টের মঞ্জুরি লইয়া এবং ঐ গবর্ণমেন্ট যে সকল নিয়ম নির্দ্দেশ করিয়া দেন তাহার অধীন হইয়া যে স্থাবর সম্পত্তি ঐ সমিতিতে বর্ত্তিয়াছে তাহা কোন কুষ্ঠাশ্রমের জায়গাস্বরূপ কিম্বা কোন কুষ্ঠাশ্রম রূপে ব্যবহৃত হইবার জন্য নিয়োজিত করিতে এবং আপনারা রাখিয়া নিয়োজিত করিতে নয় দানস্বরূপ বা অন্য কোন রকমে তাহার হস্তান্তর করিতে পারিবেন।

(২) উপস্থিত সময়ের প্রচলিত কোন আইনানুসারে যে টাকা হাস্পাতাল, ঔষধালয়, পাগলা গারদ বা রোগ চিকিৎসার নিমিত্ত অপর স্থান স্থাপন বা রক্ষা করণার্থ কোন স্থানীয় গবর্ণমেন্টের হস্তে থাকে এ আইনে যাহা কিছু থাকে তাহা সত্বেও তাহা (১) প্রকরণের (ক) দফার লিখিত সমস্ত বা যে কোন অভিপ্রায়ে বিনিয়োজিত হইতে পারে।

৫ ধারা। যে রকম সেরেস্তা আবশ্যক হয় তাহা দিয়া স্থানীয় গবর্ণমেন্ট কোন ডাক্তার কর্ম্মচারীকে নাম করিয়া কিম্বা তাঁহার পদের অনুরোধে কুষ্ঠীদিগের ইন্সপেক্টর নিযুক্ত করিতে পারিবেন এবং যে কোন ব্যক্তিকে কোন কুষ্ঠাশ্রমের সুপারিন্টেণ্ডেন্ট নিযুক্ত করিতে পারিবেন এবং ভারতবর্ষের দণ্ডবিধির আইনের একুশ ধারার অর্থানুসারে ঐ দুই ব্যক্তিকে রাজকীয় কার্য্য কারক গণ্য করা যাইবে।

কুষ্ঠীর ইন্সপেক্টর ও কুষ্ঠাশ্রমের সুপারিন্টেণ্ডেন্ট নিযুক্ত করিবার কথা।

৬ ধারা। প্রত্যেক কুষ্ঠাশ্রমের নিমিত্ত স্থানীয় গবর্ণমেন্ট এমন একটী বোর্ড নিযুক্ত করিবেন যাহাতে অন্যূন তিন জন সভ্য থাকিবেন এবং তাঁহাদের মধ্যে অন্ততঃ এক জন ডাক্তার কর্ম্মচারী হইবেন।

বোর্ড নিযুক্ত করিবার কথা।

৭ ধারা। যে স্থান এই আইনের তিন ধারানুসারে বিজ্ঞাপিত হইয়াছে সেই স্থানের মধ্যে যে কোন পুলিসের কর্ম্মচারী যে ব্যক্তিকে নিঃস্ব কুষ্ঠী বলিয়া দেখেন সেই ব্যক্তিকে বিনা ওয়ারান্টে ধরিতে পারিবেন।

নিঃস্ব কুষ্ঠী ধরিবার কথা।

৮ ধারা। যে ব্যক্তিকে নিঃস্ব কুষ্ঠী বলিয়া এইরূপে ধরা হয় তাহাকে তৎক্ষণাৎ কোন কুষ্ঠীর ইন্সপেক্টরের সমক্ষে লইয়া যাওয়া হইবে এবং সেই কুষ্ঠীর ইন্সপেক্টর—

ধৃত ব্যক্তি সম্বন্ধে কি করিতে হইবে সেই কথা।

(ক) যদি দেখেন যে সেই ব্যক্তি দুই ধারার অর্থানুসারে কুষ্ঠী নহে তাহা হইলে তিনি তাহাকে তফসীলের প্রদত্ত (A) ফারমে এক খানি সার্টিফিকেট দিবেন এবং তাহাকে তৎক্ষণাৎ ছাড়িয়া দেওয়া হইবে।

(চ) তাঁহার ভূম্যধিকারীর নাম।

(ছ) দেয় খাজানা।

(জ) যেরূপে ঐ খাজানা ধার্য্য হইয়াছে অর্থাৎ চুক্তিক্রমে বা আদালতের আজ্ঞাক্রমে বা অন্য প্রকারে।

(ঝ) খাজানা ক্রমশঃ বৃদ্ধি হইবার হইলে যে সময়ে ও যে ক্রমে বৃদ্ধি হয়।

(ঞ) প্রজাস্বত্বের বিশেষ কোন নিয়ম ও অনুষঙ্গ থাকিলে তাহা।

সি. ই, বক্‌লাণ্ড,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

১২৯৪ A, নম্বর।

১১৬৮ এ. নং।—১৮৯৫ সাল ২২ ফেব্রুয়ারি।—১৮৯৫ সালের ১৬ ফেব্রুয়ারির আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল। ২৪ পরগনা জিলার অন্তর্গত বশীরহাটের ছুটী প্রাপ্ত মুন্সেফ শ্রীযুত বাবু তারাপ্রসন্ন ঘোষ বর্দ্ধমান জিলায় মুন্সেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ সদর মোকামে অবস্থাপিত হইবেন।

তিনি বর্দ্ধমান মুন্সেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা এবং ১৮৮৯ সালের ৭ আইনের ২৬ধারার (১) প্রকরণমত ডিষ্ট্রিক্ট কোর্টের ক্ষমতা পাইলেন।

১১৭১ এ. নং।—১৮৯৫ সাল ২২ ফেব্রুয়ারি।—বর্দ্ধমানের মুন্সেফ শ্রীযুত বাবু অক্ষয়কুমার মিত্র, ময়মনসিংহ জিলায় মুন্সেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ পিঙ্গনায় অবস্থাপিত হইবেন।

তিনি পিঙ্গনা মুন্সেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ১০০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা এবং ১৮৮৯ সালের ৭ আইনের ২৬ ধারার (১) প্রকরণ মত ডিষ্ট্রিক্ট কোর্টের ক্ষমতা পাইলেন।

১২৩৯ এ. নং।—১৮৯৫ সাল ২৬ ফেব্রুয়ারি।—শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ রায়ের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ঢাকা জিলার অন্তর্গত মাণিকগঞ্জের মুন্সেফ শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র মিত্র, স্বীয় বিচারাধিকারের স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ১০০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে কিয়ৎকালের জন্যে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

১৩১৪ এ. নং।—১৮৯৫ সাল ২৬ ফেব্রুয়ারি।—ত্রিপুরা জিলার অন্তর্গত কমিল্লার ছুটীপ্রাপ্ত মুন্সেফ শ্রীযুত বাবু সত্যচরণ গঙ্গোপাধ্যায়, বাঁকুড়া জিলায় মুন্সেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ সদর মোকামে অবস্থাপিত হইবেন এবং বাঁকুড়া মুন্সেফীর স্থান সীমার মধ্যে ১৮৮৯ সালের ৭ আইনের ২৬ ধারার (১) প্রকরণমত ডিষ্ট্রিক্ট কোর্টের ক্ষমতা পাইলেন।

১৩১৬ এ. নং।—১৮৯৫ সাল ২৬ ফেব্রুয়ারি।—বাঁকুড়া জিলার মুন্সেফ শ্রীযুত বাবু তারাচরণ সেন, ত্রিপুরা জিলায় মুন্সেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ চাঁদপুরে অবস্থাপিত হইবেন ও চাঁদপুর মুন্সেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ১০০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা এবং ১৮৮৯ সালের ৭ আইনের ২৬ধারার (১) প্রকরণমত ডিষ্ট্রিক্ট কোর্টের ক্ষমতা পাইলেন।

No. 1318*A.—The 26th February* 1895.—Babu Durga Charan Ghose, Munsif of Chandpur, in the district of Tippera, is appointed to be a Munsif in the district of Midnapore, to be ordinarily stationed at the Sadar station, and is vested with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 100 within the local limits of the Midnapore Munsifi.

No. 1076*J.—The 25th February* 1895.—The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates of the Independent Bench at Sherpur, in the district of Mymensingh, and are vested with the powers of a Magistrate of the third class :—

Babu Kailas Chandra Sarkar. | Babu Abhoy Chandra Ghosh.

No. 1097*J.—The 25th February* 1895.—Babu Gopal Chandra Mookerjee is appointed to be an Honorary Magistrate of the Independent Bench at Bangaon, in the district of Jessore, and is vested with the powers of a Magistrate of the third class.

No. 1102*J.—The 26th February* 1895.—Babu Koylash Chandra Mukerjee is appointed to be an Honorary Magistrate of the Independent Bench at Naihati, in the district of the 24-Parganas, and is vested with the powers of a Magistrate of the third class.

H. J. S. Cotton,
Chief Secy. to the Govt. of Bengal.

১৩১৮ এ. নং ।—১৮৯৫ সাল ২৬ ফেব্রুয়ারি ।—ত্রিপুরা জিলার অন্তর্গত চাঁদপুরের মুন্সেফ শ্রীযুত বাবু দুর্গাচরণ ঘোষ. মেদিনীপুর জিলায় মুন্সেফের পদে নিযুক্ত হইয়া, সামান্যতঃ সদর মোকামে অবস্থাপিত হইবেন, ও মেদিনীপুর মুন্সেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ১০০্ টাকা পর্য্যন্ত মুল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন ।

১০৭৬ জে. নং ।—১৮৯৫ সাল ২৫ ফেব্রুয়ারি ।—নিম্নলিখিত মহাশয়েরা ময়মনসিংহ জিলার অন্তর্গত শেরপুরস্থ স্বাধীনবেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন ।

শ্রীযুত বাবু কৈলাস চন্দ্র সরকার । | শ্রীযুত বাবু অভয়চন্দ্র ঘোষ ।

১০৯৭ জে. নং ।—১৮৯৫ সাল ২৫ ফেব্রুয়ারি ।—শ্রীযুত বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায় যশোহর জিলার অন্তর্গত বনগাস্থ স্বাধীনবেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন ।

১১০২ জে. নং ।—১৮৯৫ সাল ২৬ ফেব্রুয়ারি ।—শ্রীযুত বাবু কৈলাস চন্দ্র মুখোপাধ্যায় ২৪ পরগণা জিলার অন্তর্গত নৈহাটীস্থ স্বাধীনবেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন ।

এচ্, জে, এস্. কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী ।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MARCH 5, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ৫ মার্চ্চ।

PART IIA.

Orders by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় ক খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আদেশ।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

MUNICIPAL AND LOCAL.

NOTIFICATION.

No. 721*M.*—*The* 22*nd February* 1895.—Whereas notifications Nos. 3921M. and 5791M., dated the 24th September 1894 and 17th December 1894, were published at page 224, Part IB of the *Calcutta Gazette* of the 26th September, and at page 270, Part IB of the Gazette of the 17th December 1894, respectively, declaring the intention of the Lieutenant-Governor to extend the provisions of sections 223A, 254, 255, 256, 256A, 256B, 257, 258, 259, 260, 260A and 274 of Part VI of the Bengal Municipal Act III of 1884, as amended by Act IV of 1894, to the Barripur Municipality in the district of the 24-Parganas, and whereas no objection has been raised to the proposal within one month from the date of the publication of the above notification within the Municipality, it is hereby notified for general information that, in the exercise of the power vested in the Local Government by section 221 of the Act, and in accordance with the recommendation of the Commissioners of the Barripur Municipality, made at a meeting, the Lieutenant-Governor sanctions the extension of the said provisions of the Municipal Act to the above Municipality.

J. A. BOURDILLON,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

No. 749*M.*—*The* 26*th February* 1895.—It is hereby notified for general information that the Lieutenant-Governor intends, in the exercise of the powers vested in the Local Government by section 221 of the Bengal Municipal Act III of 1884, as amended by Act IV of 1894, and in accordance with the recommendation of the Commissioners of the South Suburban Municipality, in the district of the 24-Parganas, made at a meeting, to extend the provisions of Part X of the said Act to the above Municipality unless good reasons are shown to the contrary within one mouth from the date of the publication of this notification within the Municipality.

J. A. BOURDILLON,
Offg. Secy. to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

মুনিসিপল ও স্থানীয়।

বিজ্ঞাপন।

৭২১ এম, নম্বর।—১৮৯৫ সাল ২২ ফেব্রুয়ারি।—২৪ পরগনা জিলার অন্তর্গত বারুইপুর মুনিসিপালিটীতে ১৮৯৪ সালের ৪ আইন দ্বারা সংশোধিত বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের ৩ আইনের ষষ্ঠ পরিচ্ছেদের ২২৩ক, ২৫৪, ২৫৫, ২৫৬ ২৫৬ক, ২৫৬খ, ২৫৭, ২৫৮, ২৫৯, ২৬০, ২৬০ক, ও ২৭৪ ধারার বিধান প্রচলিত করণার্থে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অভিপ্রায় প্রকাশক ১৮২৪ সালের ২৪ সেপ্টেম্বর তারিখের ও ১৮৯৪ সালের ১৭ ডিসেম্বর তারিখের ৩৯২১ এম, ও ৫৭৯১ এম, নং বিজ্ঞাপন ক্রমান্বয়ে ১৮৯৪ সালের ২৬ সেপ্টেম্বরের কলিকাতা গেজেটের ১ B. খণ্ডের ২২৪ পৃষ্ঠায় এবং ১৮৯৪ সালের ১৭ ডিসেম্বর তারিখের কলিকাতা গেজেটের ১ B. খণ্ডের ২৭০ পৃষ্ঠায় প্রকাশ করা গেলেও উক্ত বিজ্ঞাপন উক্ত মুনিসিপালিটীতে প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে উক্ত প্রস্তাব সম্বন্ধে কোন আপত্তি উপস্থিত করা না যাওয়াতে সাধারণের অবগত্যর্থে এতদ্দারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব, স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি উক্ত আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং বারুইপুর মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে মুনিসিপল আইনের উক্ত সকল বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিবার অনুমতি দিলেন।

জে, এ, ব্যুর্ডিলং,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

৭৪৯ এম, নম্বর।—১৮৯৫ সাল ২৬ ফেব্রুয়ারি।—সাধারণের অবগত্যর্থে এতদ্দারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ২৪ পরগনা জিলার অন্তর্গত দক্ষিণ শাখানগর মুনিসিপালিটীতে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিসিদ্ধ বিপক্ষ কারণ দর্শান না গেলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ১৮৯৪ সালের ৪ আইন দ্বারা সংশোধিত বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের ৩ আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতা অনুসারে কার্য্য করিয়া এবং উক্ত মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে উক্ত আইনের দশম পরিচ্ছেদের বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিবার কল্পনা করিয়াছেন।

জে, এ, ব্যুর্ডিলং,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার ১৮৯৫ সাল ৫ মার্চ্চ।

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইনটী ১৮৯৪ সালের ২৭এ ডিসেম্বর তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতি লাভ করায় সাধারণের অবগতির নিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত করা গেল।—

১৮৯৪ সালের ১৭ আইন।

তূলাজাত দ্রব্যের মাস্থল বিষয়ক ১৮৯৪ সালের আইন।

সূচী পত্র।

India Act XVII of 1894—The Cotton Duties Act, 1894.

ধারা।

১৩। ঐরূপে রক্ষিত সূতা সম্বন্ধে সামুদ্রিক কষ্টম বিষয়ক আইনের ১১ অধ্যায়ের বিধান খাটিবার কথা।

১৪। ঐরূপে রক্ষিত সূতা মাসুল ধার্য্যকরণ হইতে মুক্ত করিবার কথা।

পরিদর্শনের কথা।

১৫। কালেক্টরের প্রতি কল পরিদর্শন করিবার ও কাগজপত্র ও হিসাবের নকল লইবার ক্ষমতা দিবার কথা।

১৬। প্রাপ্ত সম্বাদ ১৮৮৯ সালের ১৫ আইনের অর্থানুযায়িক রাজকীয় গোপনীয় বিষয় বলিয়া বিবেচিত হইবার কথা।

রপ্তানী ও ফেরত মাসুলের কথা।

১৭। মাসুল যোগ্য সূতা বিদেশীয় বন্দরে রপ্তানী করিবার সময় সার্টিফিকেট দিবার কথা।

১৮। সার্টিফিকেট দেওয়া হইলে সূতা মাসুল হইতে মুক্ত হইবার কথা।

১৯। বিদেশীয় বন্দরে রপ্তানী করা সূতা সম্বন্ধে প্রদত্ত মাসুল ফেরত দিবার কথা।

২০। বিদেশীয় বন্দরে রপ্তানী করা কোন কোন তুলাজাত দ্রব্য সম্বন্ধে মাসুল ফেরত দিবার কথা।

২১। যে স্থলে ঐরূপ ফেরত মাসুল দেওয়া যাইতে পারিবে তাহার কথা।

২২। কোন কোন বন্দরে রপ্তানী করণ সম্বন্ধে মাসুল ফেরত দেওয়া নিষেধ করিবার ক্ষমতার কথা।

২৩। কোন কোন স্থলে মাসুল ফেরত না দিবার কথা।

২৪। এই আইনানুযায়িক দাওয়া সম্বন্ধে সামুদ্রিক কষ্টম বিষয়ক আইনের ৫১ ও ৫২ ধারা খাটিবার কথা।

অপরাধ ও দণ্ডের কথা।

২৫। অপরাধের নিমিত্ত দণ্ডের কথা।

২৬। যে মাজিষ্ট্রেটের বিচারাধিকার থাকিবে তাঁহার কথা।

ধারা।

২৭। এই আইনমত জব্দকরণ সম্বন্ধে সামুদ্রিক কষ্টম বিষয়ক আইনের ১৬৮ ধারা খাটিবার কথা।

২৮। ঐ আইনের কোন কোন বিধান এই আইনমত কার্য্যানুষ্ঠান সম্বন্ধে খাটিবার কথা।

২৯। এই আইনমত আদেশ স্থানীয় গবর্ণমেণ্টের অন্যথা বা পরিবর্ত্তিত করিবার ক্ষমতার কথা।

বিবিধ বিধান।

৩০। নমুনা লইবার ক্ষমতার কথা।

৩১। কলের অধিকারিদের যে সকল কাগজপত্র ও হিসাব রাখিতে হইবে তাহার কথা।

৩২। এই আইনমত কার্য্যানুষ্ঠান সম্বন্ধে সামুদ্রিক কষ্টম বিষয়ক আইনের ১৯৮ ধারার বিধান খাটিবার কথা।

৩৩। বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

৩৪। সামুদ্রিক কষ্টম বিষয়ক আইনের কোন কোন বিধান এই ভাগের সহিত সম্মিলিত করিবার কথা।

৩৫। এই আইনমত মাসুল সম্বন্ধে তারিফ বিষয়ক আইনের ১০ ধারা খাটিবার কথা।

দ্বিতীয় ভাগ।

দেশাভ্যন্তরিক কষ্টমের মাসুলের কথা।

৩৬। বৈদেশিক রাজ্য হইতে বৃটিষ ভারতবর্ষে যে তুলার সূতা ও তুলাজাত দ্রব্য প্রবেশ করে তাহার উপর মাসুল আদায় করিবার কথা।

৩৭। এই ভাগানুসারে যে সকল মালের উপর টাক্স বসান হয়, ফেরত মাসুল সম্বন্ধে সামুদ্রিক কষ্টম বিষয়ক আইনের বিধানগুলি তৎসম্বন্ধে খাটিবার কথা।

তফসীল।—(৬ ধারা দেখ।)

তূলাজাত দ্রব্যের উপর কোন কোন মাম্বল স্থাপন ও আদায় করিবার বিধান করণার্থ আইন।

যেহেতু তূলাজাত দ্রব্যের উপর কোন কোন মাম্বল স্থাপন করা বিহিত, অতএব এতদ্দ্বারা নিম্নলিখিতমত বিধান করা যাইতেছে।

সূচনা।

১ ধারা। (১) এই আইনটীকে তুলাজাত দ্রব্যের মাম্বল বিষয়ক ১৮৯৪ সালের আইন বলা যাইতে পারিবে।

নাম, ব্যাপ্তি ও আরম্ভের কথা।

(২) ইহা সমস্ত বৃটিষ ভারতবর্ষে প্রচলিত হইবে, এবং

(৩) ইহা অবিলম্বে প্রবল হইবে।

২ ধারা। বিষয় বা সংযুক্ত বাক্যাবলীতে বিরোধী ভাবের কিছু না থাকিলে, এই আইনে—

অর্থ নির্দ্দেশের কথা।

(১) "প্রধান আইন" বলিতে সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইন বুঝাইবে।

(২) "কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ" বলিতে ফোর্ট সেন্ট জর্জ প্রেসিডেন্সীতে এবং বঙ্গদেশের ও উত্তর পশ্চিম প্রদেশের লেপ্টেনেন্ট গবর্ণর ও অযোধ্যার চীফ কমিশনর সাহেবদিগের স্ব স্ব শাসনাধীন প্রদেশে রেবিনিউ বোর্ডকে, সিন্ধুদেশের বহির্ভূত বোম্বাই প্রেসিডেন্সীতে কষ্টমের কমিশনর সাহেবকে, সিন্ধুদেশে কমিশনর সাহেবকে, পঞ্জাব ও ব্রহ্মদেশে ফাইনন্স্যাল কমিশনর সাহেবকে, এবং অন্যত্র স্থানীয় গবর্ণমেন্টকে কিম্বা স্থানীয় গবর্ণমেন্ট রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া যে কর্ম্মচারীকে তাঁহার নাম করিয়া বা পদোপলক্ষে এতদর্থে নিযুক্ত করেন সেই কর্ম্মচারীকে বুঝাইবে।

(৩) "কালেক্টর" বলিতে—

(ক) কলিকাতায়, বোম্বাইয়ে, মান্দ্রাজে, রাঙ্গুনে ও করাচীতে কষ্টমের কালেক্টরকে, এবং

(খ) অপর কোন স্থানে, জেলার কালেক্টর বা ডেপুটী কমিশনরকে কিম্বা স্থানীয় গবর্ণমেন্ট এতদর্থে অপর যে কর্ম্মচারীকে নিযুক্ত করেন তাঁহাকে বুঝাইবে, এবং

(গ) যে কর্ম্মচারী উপস্থিত সময়ে এই আইনমত কালেক্টরের সমস্ত বা কোন কার্য্য করণার্থ স্থানীয় গবর্ণমেন্ট হইতে যথারীতি ক্ষমতাপ্রাপ্ত হন, তাঁহাকেও বুঝাইবে।

(৪) যে বিল্ডিঙ্ বা স্থানে হস্ত দ্বারা চালিত না হইয়া অন্য রকমে চালিত কল দ্বারা তুলার আঁইশ পাকাইয়া বা অন্য রকমে সূতায় পরিণত করা হয় কিম্বা সূতা বুনা বা তাহা হইতে অন্য রকম দ্রব্য প্রস্তুত করা হয় "কল" বলিতে সেই বিল্ডিঙ্ বা স্থান বুঝাইবে।

(৫) "ওয়ার হৌস" বলিতে যে স্থান মাল গুদামজাত করিবার নিমিত্ত এই আইনমতে লাইসেন্স প্রাপ্ত হয় সেই স্থানকে বুঝাইবে এবং যে সরকারী বা বেসরকারী ওয়ার হৌস প্রধান আইনের ১৫ কি ১৬ ধারানুসারে কিম্বা দেশাভ্যন্তরস্থ বাণ হৌস বিষয়ক ১৮৮৭ সালের আইনের ২ ধারানুসারে যথারীতি নিরূপিত বা লাইসেন্সপ্রাপ্ত হইয়াছে তদ্রূপ প্রত্যেক ওয়ার হৌসকেও বুঝাইবে।

(৬) "সূতা" বলিতে যে সূতা তুলার আঁইশ দ্বারা সম্পূর্ণরূপে বা অংশতঃ প্রস্তুত করা হয় সেই সূতাকে বুঝাইবে। এবং

(৭) "কষ্টমের বন্দর," "ভিন্নদেশীয় বন্দর," "নৌকাদি," ও "কাপ্তান" শব্দের প্রধান আইনে ক্রমান্বয়ে যে যে অর্থ নির্দ্দেশ হইয়াছে সেই সেই অর্থ হইবে।

৩ ধারা। স্থানীয় গবর্ণমেন্ট অন্য রকম আদেশ না করিলে কোন কালেক্টরের অধীন কর্ম্মচারিরা কষ্টমের কর্ম্মচারিদের প্রতি প্রধান আইনক্রমে যে সকল কর্ম্মের ভার অর্পিত ও যে সকল ক্ষমতা প্রদত্ত হইয়াছে এই আইনের প্রয়োজনার্থ সেই সকল কর্ম্ম সম্পাদন ও সেই সকল ক্ষমতা পরিচালন করিবেন।

কষ্টমের কর্ম্মচারিদের কর্ম্ম অধীন কর্ম্মচারিদের দ্বারা সম্পাদিত হইবার কথা।

প্রথম ভাগ।

দেশজ দ্রব্যের উপর মাম্বলের কথা।

সামুদ্রিক কষ্টম বিষয়ক আইন খাটিবার কথা।

৪ ধারা। প্রধান আইন বা উহার বিশেষ কোন ধারা বা বিশেষ বিশেষ ধারা এই ভাগের প্রতি খাটাইবার সময় ঐ আইনে নিম্নলিখিত পরিবর্ত্তনগুলি করিতে হইবে, অর্থাৎ—

সামুদ্রিক কষ্টম বিষয়ক আইন এই ভাগের প্রতি খাটাইবার সময় ঐ আইনে যে সকল পরিবর্ত্তন করিতে হইবে তাহার কথা।

(ক) "মালের স্বামী" বলিতে কোন কলের কার্য্যনির্ব্বাহক এজেন্ট বা অপর প্রধান কর্ম্মচারীকেও বুঝাইবে।

(খ) "বিল অব এণ্টরী" বা "সিপিং বিল" এই শব্দগুলির পরিবর্ত্তে "এই আইন অনুসারে যে রিটর্ণ দেওয়া আবশ্যক" এই শব্দগুলি বসাইতে হইবে।

(গ) কোন ওয়ার হৌসের বা ওয়ার হৌসজাত করিবার উল্লেখ হইলে তাহা পূর্ব্বে "ওয়ার হৌস" শব্দের যে অর্থনির্দ্দেশ করা হইয়াছে সেই অর্থনির্দ্দেশানুযায়িক "ওয়ার হৌসের" উল্লেখ বলিয়া ব্যাখ্যা করা যাইবে।

মাস্তুলের কথা।

৫ ধারা। উপস্থিত সময়ে ভারতবর্ষীয় তারিফ-বিষয়ক ১৮৯৪ সালের আইনে সমুদ্র পথে আমদানী করা তুলার সূতা সম্বন্ধে মাস্তুল আদায় করণার্থ যে হার নির্দ্দিষ্ট হইয়াছে বৃটিষ ভারতবর্ষের অন্তর্গত কলে যে সমস্ত তুলার সূতা প্রস্তুত করা হয় তাহার উপর ঐ রূপ প্রত্যেক কলে সেই হারে মাস্তুল লওয়া ও আদায় করা হইবে।

বৃটিষ ভারতবর্ষের কলে যে তুলার সূতা প্রস্তুত করা হয় তাহার উপর মাস্তুল স্থাপন করিবার কথা।

কিন্তু যে কৌণ্টের সূতা বাণিজ্য ব্যবসায়ীদিগের মধ্যে ২০ নম্বর বা তাহার নীচের নম্বর বলিয়া খ্যাত তাহার উপর মাস্তুল আদায় করা যাইবে না।

এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া ২৪ এর উপর না হয় এমন কোন কৌণ্ট বা নম্বরের সূতা মাস্তুল হইতে মুক্ত করিতে পারিবেন।

ব্যাখ্যা।—এই আইনের অর্থানুসারে—

(ক) সূতা যে কলে পাকান হয় উহা সেই কলেই রীলে জড়ান ও বাণ্ডিল বাঁধা হইলে তাহার সম্বন্ধে-উহা যখন ঐরূপে বাণ্ডিল বাঁধা হয় তখন

(খ) সূতা যে কলে পাকান হয় উহা সেই কলেই বুনা বা তাহা হইতে অন্য রকম দ্রব্য প্রস্তুত করা হইলে তাহার সম্বন্ধে—উহা যখন কলের সূতা পাকাইবার অংশ হইতে বাহির হইয়া আইসে তখন

(গ) অপর কোন স্থলে—উহা যখন কলের বাড়ী হইতে বাহির করিয়া দেওয়া হয় তখন—সূতা "প্রস্তুত করা হয়" বলা হইয়া থাকে।

৬ ধারা। (১) উক্ত মাস্তুল আদায় করণার্থ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া সময়ে সময়ে পূর্ব্বোক্তমত ঐরূপ সকল সূতার কিম্বা উহার বিশেষ কোন কৌণ্ট বা বিশেষ বিশেষ কৌণ্টের তারিফী মূল্য ধার্য্য করিতে পারিবেন এবং উপস্থিত সময়ে প্রচলিত কোন তারিফী মূল্য পরিবর্ত্তিত করিতে পারিবেন।

ঐরূপ সূতার তারিফী মূল্য ধার্য্য করণার্থ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি ক্ষমতা প্রদান করিবার কথা।

(২) ১ প্রকরণমত বিজ্ঞাপন না থাকিলে এই আইনের তফসীলের লিখিত তারিফী মূল্যই তারিফী মূল্য হইবে।

(৩) যে সকল সূতা সম্বন্ধে ঐ তারিফী মূল্য খাটে এই আইনের প্রয়োজনার্থ ঐ তারিফী মূল্যই সেই সকল সূতার "প্রকৃত মূল্য" বলিয়া বিবেচিত হইবে, কিন্তু পূর্ব্বোক্ত স্থল ছাড়া অন্য সকল স্থলে প্রধান আইনের ৩০ ধারায় প্রকৃত মূল্যের যে অর্থ নির্দ্দিষ্ট হইয়াছে এই আইন অনুসারে সমস্ত সূতারই সেই অর্থানুযায়িক প্রকৃত মূল্য ধরিয়া মাস্তুল ধার্য্য করা যাইবে।

৭ ধারা। (১) প্রত্যেক কলের অধিকারী প্রতি মাসের পঞ্চদশ দিবসে বা তৎপূর্ব্বে পূর্ব্ব মাসে তাঁহার কলে যে তুলার সূতা প্রস্তুত করা হয় তাহা মাস্তুলযোগ্য হউক বা না হউক তৎসমুদয়ের এক খানি রিটর্ণ প্রস্তুত করিয়া কালেক্টরের নিকট অর্পণ করিবেন কিম্বা প্রস্তুত করাইয়া কালেক্টরের নিকট অর্পণ করাইবেন এবং ঐ রিটর্ণের তলদেশে ঐ বিবরণের সত্যপাঠ লিখিয়া তাহাতে স্বাক্ষর করিবেন।

কলের অধিকারীদের যে সূতা প্রস্তুত হয় তাহার মাসিক রিটর্ণ অর্পণ করিবার কথা।

(২) এই আইনানুযায়িক কোন বিধিক্রমে অন্য রকম কিছু নির্দ্দিষ্ট হইয়া না থাকিলে ঐরূপ প্রত্যেক রিটর্ণে পূর্ব্ব মাসে ৫ ধারায় ব্যাখ্যার লিখিত তিনটি দফার প্রত্যেক দফামত যে পরিমাণ সূতা প্রস্তুত করা হইয়াছে সূতার প্রত্যেক কৌণ্ট বা নম্বরের জন্য সেই পরিমাণ লিখিতে হইবে এবং মাস্তুলযোগ্য সূতার সম্বন্ধে ঐরূপ সূতার প্রকৃত মূল্য লিখিতে হইবে।

(৩) এই আইনানুযায়িক কোন বিধিক্রমে যে বেশী সন্ধান জানাইবার নির্দ্দেশ থাকে, এবং যে পাঠ নির্দ্দিষ্ট হয় ও সত্য পাঠ ও অন্যান্য বিষয় সম্বন্ধে যে সকল নিয়ম নির্দ্দিষ্ট হয় আরো ঐরূপ প্রত্যেক রিটর্ণে তদ্রূপ বেশী সন্ধান লিখিতে হইবে, রিটর্ণ সেই পাঠে হইবে এবং সেই সকল নিয়মের অধীন হইবে।

(৪) ঐরূপ রিটর্ণের প্রথম খানি ১৮৯৫ সালের ফেব্রুয়ারি মাসের পঞ্চদশ দিবসে বা তৎপূর্ব্বে দিতে হইবে এবং এই আইন আরম্ভ হইবার সময় হইতে যত সূতা প্রস্তুত করা হয় তৎসমস্তই ঐ রিটর্ণে ধরা যাইবে।

৮ ধারা। (১) তদনন্তর কালেক্টর রিটর্ণ যে মাসের সেই মাস সম্বন্ধে কোন মাস্তুল দেয় হইলে সেই মাস্তুল ধার্য্য করিবেন এবং মাস্তুলের টাকা অবিলম্বে দেওয়া না হইলে, এই আইনমত কোন বিধিক্রমে যে পাঠ নির্দ্দিষ্ট হয় সেই পাঠে অধিকারীর উপর একখানি নোটিস জারী করাইয়া উক্ত নোটিস জারী হইবার তারিখ হইতে দশ দিবসের মধ্যে ধার্য্য করা টাকা দিবার জন্য তাঁহার প্রতি আদেশ দিবেন।

মাস্তুল ধার্য্য করিবার ও টাকা দিবার নোটিসের কথা।

(২) কোন কলের অধিকারী বা তাঁহার এজেণ্টকে তাঁহার নিয়মিত কর্ম্মের স্থানে ১ প্রকরণমত নোটিসের একখানি নকল দিয়া বা দিতে চাহিয়া কিম্বা সুবিধামতে উহা করা যাইতে না পারিলে, ঐ নোটিসের একখানি নকল কল বাড়ীর বাহিরের দ্বারের একটির উপর লাগাইয়া দিয়া কলের অধিকারীর উপর ঐ নোটিস জারী করা যাইতে পারিবে।

৯ ধারা। প্রধান আইনের ৩০ হইতে ৩৪ পর্য্যন্ত ধারা ও ৩৭ ও ৩৯ হইতে ৪১ পর্য্যন্ত ধারা এই আইনক্রমে স্থাপিত মাসুল ধার্য্য ও আদায় করিবার সম্বন্ধে খাটিবে।

সামুদ্রিক কষ্টম বিষয়ক আইনের কয়েকটি ধারা এই আইনমত মাসুল ধার্য্য ও আদায় করিবার সম্বন্ধে খাটিবার কথা।

কিন্তু সূতা যে সময়ে প্রস্তুত করা হয় সেই সময়ে যে মাসুলের হার ও তারিফী মূল্যাবধারণ প্রচলিত থাকে যে সূতা পশ্চাল্লিখিত বিধানমতে ওয়ার হৌস জাত করা হয় নাই তৎসম্বন্ধে তাহাই খাটিবে, উক্ত ৩৭ ধারার বিধানমতে যে সময়ে রিটর্ণ অর্পণ করা হয় সেই সময়ে যে মাসুলের হার ও তারিফী মূল্যাবধারণ প্রচলিত থাকে তাহা খাটিবে না।

১০ ধারা। (১) পূর্ব্বোক্তরূপ কোন নোটিসক্রমে এই আইন অনুসারে দেয় কোন মাসুল দিবার জন্য যে সময় ধার্য্য করা হয় উহা সেই সময়ের মধ্যে দেওয়া না হইলে, তৎপরিবর্ত্তে কালেক্টর মাসুলের যত টাকা ঐরূপে দেওয়া হয় নাই তাহার দ্বিগুণের বেশী না হয় এমন যত টাকা আপন বিবেচনা মতে লওয়া যুক্তিযুক্ত বোধ করেন তত টাকা আদায় করিতে পারিবেন।

অদত্ত মাসুল আদায় করিবার কথা।

(২) ১ প্রকরণ অনুসারে যে সমস্ত টাকা আদায় যোগ্য হয় তাহা ১৮৮৬ সালের ২ আইনের ৩০ ধারার (১), (২) ও (৩) প্রকরণের লিখিত টাকা সম্বন্ধে ঐ ধারায় যে প্রকার বিধান করা হইয়াছে সেই প্রকারে আদায় করা যাইবে।

ওয়ার হৌসজাত করিবার কথা।

১১ ধারা। (১) কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ তূলাজাত দ্রব্য গুদামজাত করিবার নিমিত্ত ওয়ার হৌসস্বরূপ কোন ঘর বা স্থানের সময়ে সময়ে লাইসেন্স দিতে পারিবেন, এবং ঐরূপ প্রত্যেক স্থান এই আইনের প্রয়োজনার্থ ওয়ার হৌস বলিয়া এবং প্রধান আইন অনুসারে যথারীতি লাইসেন্সপ্রাপ্ত হইয়াছে বলিয়া বিবেচিত হইবে।

সূতা গুদামজাত করিবার জন্য ওয়ার হৌসের লাইসেন্স দিবার ও তজ্জন্য ফীর কথা।

(২) প্রধান আইন অনুসারে লাইসেন্সপ্রাপ্ত কোন বেসরকারী ওয়ার হৌস সম্বন্ধে উপস্থিত সময়ে যে লাইসেন্স দিবার ফী ও অন্য টাকা দিতে হয় ঐরূপ প্রত্যেক ওয়ার হৌস সম্বন্ধে সেই ফী ও অন্য টাকা ও তদ্রূপ ফী ও তদ্রূপ অন্য টাকা দিতে হইবে।

কিন্তু কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ বিশেষ কোন ওয়ার হৌস সম্বন্ধে ঐরূপ ফী বা অপর টাকার সমুদয় বা কোন অংশ রেহাই দিতে পারিবেন।

১২ ধারা। (১) ৫ ধারানুসারে যে সূতা সম্বন্ধে মাসুল আদায় যোগ্য হইয়াছে এবং যাহা কল হইতে বাহির করিয়া দেওয়া হয় নাই কোন কলের অধিকারী তাহা কোন ওয়ার হৌসে রাখিবার জন্য অনুমতি প্রার্থনা করিতে পারিবেন।

ওয়ার হৌসে সূতা রাখিতে দিবার অনুমতির কথা।

(২) ঐ প্রার্থনা লিখিয়া করিতে হইবে ও প্রার্থনাপত্রে প্রার্থনাকারী স্বাক্ষর করিবেন এবং কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ যে পাঠ নির্দ্দেশ করেন উহা সেই পাঠে হইবে।

১৩ ধারা। আমদানী করা একই প্রকারের মাল সম্বন্ধে প্রধান আইনের ১১ অধ্যায়ের বিধান যতদূর খাটিতে পারে যে সমস্ত সূতা সম্বন্ধে ১২ ধারানুসারে প্রার্থনাপত্র দেওয়া হইয়াছে ঐ সকল বিধান সেই সমস্ত সূতা সম্বন্ধে ততদূর খাটিবে।

ঐরূপে রক্ষিত সূতা সম্বন্ধে সামুদ্রিক কষ্টম বিষয়ক আইনের ১১ অধ্যায়ের বিধান খাটিবার কথা।

১৪ ধারা। কোন ওয়ারহৌসে কোন সূতা রাখা গেলে যে মাসে ঐ সূতা উৎপন্ন হয় ৭ ধারানুসারে প্রস্তুত করা সেই মাসের রিটর্ণে উহা ঐরূপে রাখা হইয়াছে বলিয়া উহার পরিমাণ ও বিশেষ বিবরণ উল্লেখ করিতে হইবে এবং উক্ত সূতা মাসুল ধার্য্য ও আদায় করিবার সময় বাদ দিতে হইবে।

ঐরূপে রক্ষিত সূতা মাসুল ধার্য্যকরণ হইতে মুক্ত করিবার কথা।

পরিদর্শনের কথা।

১৫ ধারা। (১) কালেক্টর বা স্থানীয় গবর্ণমেন্ট এতদর্থে যে কর্ম্মচারীকে যথারীতি নিযুক্ত করেন তিনি যে কয়েক ঘণ্টা কার্য্য চলে সেই কয়েক ঘণ্টার মধ্যে যুক্তিযুক্ত সকল সময়েই যে কোন কলে অবাধে গমন করিতে পারিবেন।

কালেক্টরের প্রতি কল পরিদর্শন করিবার ও কাগজ পত্র ও হিসাবের নকল লইবার ক্ষমতা দিবার কথা।

(২) ঐরূপ কোন কর্ম্মচারী যে কোন সময়ে অধিকারীকে নোটিস দিয়া বা না দিয়া কোন কলের কার্য্য চালাইবার সম্বন্ধীয় কাগজপত্র, বিক্রয়ের কাগজপত্র ও হিসাব দেখিতে পারিবেন এবং কোন রিটর্ণ ঠিক কি না ইহা পরীক্ষা করিয়া দেখিবার নিমিত্ত ও এই আইন কিম্বা এই আইনানুযায়িক কোন বিধির প্রয়োজনার্থ যে সকল বিশেষ বিষয় সম্বন্ধে সংবাদ জানা আবশ্যক তৎসমুদয় অবগত হইবার নিমিত্ত উক্ত সকল বা কোন কাগজ পত্র বা হিসাবের নকল বা উদ্ধৃত অংশ লইতে পারিবেন।

১৬ ধারা। (১) ঐরূপ সকল নকল ও উদ্ধৃত কথা এবং ঐরূপ কোন কর্ম্মচারী কোন কল বা ওয়ার হৌস পরিদর্শন করিয়া অপর যে সংবাদ প্রাপ্ত হন তৎসমস্তই সম্পূর্ণরূপে গোপনীয় বলিয়া বিবেচিত হইবে এবং রাজকীয় গোপনীয় বিষয় বলিয়া জ্ঞান করা যাইবে।

প্রাপ্ত সংবাদ ১৮৮৯ সালের ১৫ আইনের অর্থানুযায়িক রাজকীয় গোপনীয় বিষয় বলিয়া বিবেচিত হইবার কথা।

(২) যদি ঐ রূপ কোন কর্ম্মচারী অগ্রে কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষের লিখিত অনুমতি না লইয়া কোন

উপরিতন কর্ম্মচারী ছাড়া অপর কোন ব্যক্তির নিকট পূর্ব্বোক্তমত কোন রাজকীয় গোপনীয় বিষয় প্রকাশিত করেন, তাহা হইলে তিনি রাজকীয় বিশ্বাস ভঙ্গ অপরাধে অপরাধী হইবেন এবং ঐ অপরাধ সাব্যস্ত হইলে ভারতবর্ষীয় রাজকীয় গোপনীয় বিষয় সম্বন্ধীয় ১৮৮৯ সালের আইনের ৪ ধারায় যে প্রকার বিধান করা হইয়াছে তিনি সেই প্রকারে দণ্ডনীয় হইবেন।

(৩) শেষোক্ত আইনের ৫ ধারাক্রমে যে নিয়ম নির্দ্দিষ্ট হইয়াছে এই আইনানুযায়িক রাজকীয় বিশ্বাস ভঙ্গ অপরাধের জন্য কোন অভিযোগ সম্বন্ধে সেই নিয়ম খাটিবে না।

রপ্তানী ও ফেরত মাসুলের কথা।

মাসুলযোগ্য সূতা বিদেশীয় বন্দরে রপ্তানী করিবার সময় সার্টিফিকেট দিবার কথা।

১৭ ধারা। যদি কোন মাসুলযোগ্য সূতা সম্বন্ধে কালেক্টরের নিকট ৭ ধারানুসারে রিটর্ণ অর্পিত হইবার পূর্ব্বে উহা সমুদ্র পথে কোন বিদেশীয় বন্দরে রপ্তানী করা হয় তাহা হইলে উহা যে কলে প্রস্তুত করা হয় সেই কলের অধিকারী মাল জাহাজে তুলিয়া দিবার বন্দরের কালেক্টরের নিকট দরখাস্ত করিতে পারিবেন। ঐ সূতা যে প্রকৃতই রপ্তানীর জন্য জাহাজে তুলা হইয়াছে এই বিষয়ে কালেক্টরের প্রতীতি হইলে তিনি ঐ সূতার পরিমাণ ও বিশেষ বিবরণ উল্লেখ করিয়া ও উহা যে প্রকৃতই তজ্জন্য জাহাজে তুলা হইয়াছে ইহা লিখিয়া তাঁহাকে একখানি সার্টিফিকেট দিবেন।

সার্টিফিকেট দেওয়া হইলে সূতা মাসুল হইতে মুক্ত হইবার কথা।

১৮ ধারা। ১৭ ধারানুসারে সার্টিফিকেট দেওয়া গেলে, ঐ সার্টিফিকেটলিখিত সূতার পরিমাণ ও বিশেষ বিবরণ যে মাসে ঐ সূতা জাহাজে তুলা হয় সেই মাসের পর না হয় এমন যে কোন মাসের ৭ ধারামত যে রিটর্ণ প্রস্তুত করা হয় তাহাতে উহা তদ্রূপে জাহাজে তুলা হইয়াছে বলিয়া লিখিত হইবে এবং ঐ সমস্ত মাল মাসুল ধার্য্য ও আদায় করিবার সময় বাদ দিতে হইবে।

বিদেশীয় বন্দরে রপ্তানী করা সূতা সম্বন্ধে প্রদত্ত মাসুল ফেরত দিবার কথা।

১৯ ধারা। এই আইন অনুসারে যে সূতার উপর মাসুল দেওয়া হইয়াছে কোন কষ্টমের বন্দর হইতে সেই সূতা সমুদ্রপথে কোন বিদেশীয় বন্দরে রপ্তানী করা গেলে এই আইনে যে স্থলে অন্য রকম বিধান করা হইয়াছে সেই স্থল ছাড়া অপর সকল স্থলেই সেই মাসুল ফেরত মাসুল বলিয়া ফেরত দেওয়া যাইবে।

কিন্তু এরূপ প্রত্যেক স্থলে প্রয়োজন যে মাসুল দিবার পর সূতা বুনিয়া কাপড় করা না হয় কিম্বা অন্য রকমে উহার প্রকৃতি পরিবর্ত্তিত না হয় এবং মাল জাহাজে তুলিবার বন্দরের কালেক্টরের সন্তোষজনক রূপে ইহা দেখান হয় যে উক্ত সূতার উপর যথারীতি মাসুল দেওয়া হইয়াছে এবং মাসুল দিবার তারিখ হইতে দুই বৎসরের মধ্যে কিম্বা কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ যথেষ্ট কারণ দর্শান হইলে কোন স্থলে তদপেক্ষা বেশী যে সময় নির্দ্ধারিত করেন সেই সময়ের মধ্যে উহা রপ্তানী করা হয়।

ব্যাখ্যা।—যে সূতা ধোয়া বা রঙ্গ করা হয় বা পরিবর্ত্তিত করিয়া সেলাই করিবার সূতা প্রস্তুত করা হয় এই নিয়মবিধির প্রয়োজনার্থ তাহার প্রকৃতি পরিবর্ত্তিত করা হইয়াছে বলিয়া বিবেচনা করিতে হইবে না।

বিদেশীয় বন্দরে রপ্তানী করা কোন কোন তুলাজাত দ্রব্য সম্বন্ধে মাসুল ফেরত দিবার কথা।

২০ ধারা। (১) বৃটিশ ভারতবর্ষের অন্তর্গত কোন কলে নির্ম্মিত তুলাজাত যে দ্রব্য মাসুলযোগ্য কৌণ্টের সূতা দ্বারা সম্পূর্ণরূপে বা অংশতঃ প্রস্তুত করা হইয়াছে তাহা কোন কষ্টমের বন্দর হইতে সমুদ্র পথে কোন বিদেশীয় বন্দরে রপ্তানী করা গেলে, ঐ সূতা সম্বন্ধে এই আইন অনুসারে কোন মাসুল দেওয়া হইয়া থাকিলে, রপ্তানীকারক মাল জাহাজে তুলিবার বন্দরের কষ্টমের কালেক্টরের নিকট ঐ মাসুল ফেরত মাসুলস্বরূপ ফেরত পাইবার নিমিত্ত দরখাস্ত করিতে পারিবেন।

(২) ১ প্রকরণমতে কৃত প্রত্যেক দরখাস্তে দরখাস্তকারী নিম্নলিখিত বিষয়ের উল্লেখ করিবেন—

(ক) যে যে, পরিমাণ ও যে যে কৌণ্টের সূতা সম্বন্ধে ফেরত মাসুল দাওয়া করা হয়, যে কলে উহা প্রস্তুত করা হইয়াছে, ও যতদূর ঠিক করিয়া বলা সম্ভব উহা যে যে তারিখে প্রস্তুত করা হইয়াছে।

(খ) যে কলে ও যত দূর ঠিক করিয়া বলা সম্ভব যে যে তারিখে ঐ তুলাজাত দ্রব্য প্রস্তুত করা হইয়াছে।

যে স্থলে ঐরূপ ফেরত মাসুল দেওয়া যাইতে পারিবে তাহার কথা।

২১ ধারা। যদি কালেক্টরের সন্তোষজনকরূপে ইহা দেখান হয় যে—

(১) যে তারিখে উক্ত দ্রব্য রপ্তানীর জন্য জাহাজে তুলা হয় সেই তারিখ হইতে বার মাসের মধ্যে উহা প্রস্তুত করা হইয়াছে;

(২) যে সূতা সম্বন্ধে ফেরত মাসুল পাইবার দরখাস্ত হয় সেই সূতার উপর উক্ত বার মাসের মধ্যে মাসুল দেওয়া হইয়াছে—

তাহা হইলে কালেক্টর ঐ ফেরত মাসুল দিবার অনুমতি দিবেন।

কোন কোন বন্দরে রপ্তানী করণ সম্বন্ধে মাসুল ফেরত দেওয়া নিষেধ করিবার ক্ষমতার কথা।

২২ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া সময়ে সময়ে কোন নির্দ্দিষ্ট বিদেশীয় বন্দরে সূতা বা তূলাজাত দ্রব্য রপ্তানী করণ সম্বন্ধে মাসুল ফেরত দেওয়া নিষেধ করিতে পারিবেন।

কোন কোন স্থলে মাসুল ফেরত না দিবার কথা।

২৩ ধারা। এই আইনে যাহা কিছু আছে তাহা সত্ত্বেও যে সূতা বা তূলাজাত দ্রব্যের উপর মাসুল দেওয়া হইয়াছে তৎসম্বন্ধে—

(ক) যত টাকা ফেরত মাসুল দাওয়া করা হয় যখন মালের মূল্য তাহার অপেক্ষা কম হয় তখন, কিম্বা

(খ) যে ফেরত মাসুল দাওয়া করা হয় তাহা একটি মাত্র শিপমেণ্ট সম্বন্ধে যখন পাঁচ টাকার কম হয়—

তখন ফেরত মাসুল দিবার অনুমতি করা যাইবে না।

এই আইনানুযায়িক দাওয়া সম্বন্ধে সামুদ্রিক কষ্টম বিষয়ক আইনের ৫১ ও ৫২ ধারা খাটিবার কথা।

২৪ ধারা। এই আইন অনুযায়িক ফেরত মাসুলের প্রত্যেক দাওয়া সম্বন্ধে প্রধান আইনের ৫১ ও ৫২ ধারা খাটিবে।

অপরাধ ও দণ্ডের কথা।

অপরাধের নিমিত্ত দণ্ডের কথা।

২৫ ধারা। নিম্নলিখিত তফসীলের প্রথম ঘরের লিখিত অপরাধগুলি ঐ তফসীলের দ্বিতীয় ঘরে যথাক্রমে ঐ ঐ অপরাধ সম্বন্ধে যে পরিমাণ লিখিত হইল সেই পরিমাণে দণ্ডনীয় হইবে।

১। এই আইনানুসারে প্রণীত কোন বিধি লঙ্ঘন করা।	অনধিক পাঁচশত টাকা জরিমানা।
২। মাসুল কি মাসুলের কোন অংশ ফাঁকি দিবার অভিপ্রায়ে এই আইন অনুসারে মাসুলযোগ্য কোন সূতা গোপন করা বা গোপন করিতে চেষ্টা করা বা জানিয়া শুনিয়া গোপন করিতে অনুমতি দেওয়া বা গোপন করান।	ঐ সূতা জব্দ করা যাইতে পারিবে এবং যে ব্যক্তির ঐ অপরাধ সাব্যস্ত হয় সূতার মূল্যের অনধিক তিন গুণ টাকা তাহার জরিমানা হইতে পারিবে।
৩। ৭ ধারার আদেশমত কোন রিটর্ণ না দেওয়া কিম্বা ঐ রিটর্ণে স্বাক্ষর করিতে বা উহা সম্পূর্ণরূপে লিখিতে অস্বীকার করা।	অনধিক এক হাজার টাকা জরিমানা।
৪। ঐরূপ যে রিটর্ণে এমন কোন কথা থাকে যাহা রিটর্ণদায়ী ব্যক্তির অবগতি ও বিশ্বাসমতে সত্য নয় তদ্রূপ কোন রিটর্ণ লিখিয়া অর্পণ করা।	কোন নির্দ্দেশ পত্রে মিথ্যা বিবরণ লিখিবার জন্য ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৯৯ ধারায় যে দণ্ডের বিধান হইয়াছে সেই দণ্ড।
৫। কলে যে কোন কাগজপত্র বা হিসাবের বহী রক্ষিত হয় রাজস্ব ফাঁকী দিবার অভিপ্রায়ে তাহা পরিবর্ত্তিত বা মিথ্যা করিয়া লেখা।	জাল করিবার জন্য ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৪৬৫ ধারায় যে দণ্ডের বিধান হইয়াছে সেই দণ্ড।
৬। এই আইনমত কোন বিধিক্রমে যে সকল উপযুক্ত কাগজপত্র ও হিসাবের বহী নির্দ্দিষ্ট হয় তাহা না রাখা।	অনধিক পাঁচশত টাকা জরিমানা ও অপরাধ সাব্যস্ত হইবার পর যতদিন অপরাধ চলিতে থাকে তাহার দিন প্রতি আর কুড়ী টাকা জরিমানা।
৭। এই আইনমত কোন বিধিক্রমে যে কোন রিটর্ণ লেখা ও অর্পণ করা উচিত তাহা না লেখা ও অর্পণ না করা।	অনধিক একহাজার টাকা জরিমানা।
৮। কোন কালেক্টর বা অপর কর্ম্মচারীকে এই আইন অনুসারে প্রদত্ত কোন ক্ষমতা পরিচালনে ইচ্ছাপূর্ব্বক বাধা দেওয়া।	ছয় মাসের অনধিক কালের জন্য কারাদণ্ড কিম্বা অনধিক একহাজার টাকা জরিমানা কিম্বা উভয় দণ্ড।

৯। যে সূতা সম্বন্ধে ১৭ ধারানুসারে সার্টিফিকেট পাওয়া গিয়াছে কিম্বা যে মালের রপ্তানী করিবার জন্য এন্টরীতে ফেরত মাশুল দেওয়া হইয়াছে যদি তাহা যথারীতি রপ্তানী করা না হয় কিম্বা প্রধান আইনের বিধানমতে যথারীতি পুনর্ব্বার না নামাইয়া বা খালাস না করিয়া কোন কষ্টমের বন্দরে জাহাজ হইতে নামান বা পুনর্ব্বার নামান হয় তাহা হইলে।	ঐ সকল মাল জাহাজ হইতে নামাইবার বা পুনর্ব্বার নামাইবার জন্য যে জলযানের ব্যবহার হয় তাহা সমেত ঐ সকল মাল জব্দ করা যাইতে পারিবে এবং যে জলযান হইতে ঐ সকল মাল ঐ রূপে নামান বা পুনর্ব্বার নামান হয় সেই জলযানের কাপ্তানের ও যে ব্যক্তি কর্ত্তৃক বা যে ব্যক্তির আজ্ঞাক্রমে বা যাহার দ্বারা ঐ সকল মাল ঐরূপে নামান বা পুনর্ব্বার নামান হয় কিম্বা যে ব্যক্তি ঐ রূপ নামাইবার বা পুনর্ব্বার নামাইবার কার্য্যে সাহায্য করেন বা সংসৃষ্ট থাকেন তাঁহার ঐ সকল মালের মূল্যের অনধিক তিন গুণ টাকা বা অনধিক একহাজার টাকা জরিমানা হইতে পারিবে।
১০। ফেরত মাশুলের জন্য কোন মাল এণ্টর করা হইলে যে ফেরত মাশুল দাওয়া করা হয় যদি ঐ মালের মূল্য তদপেক্ষা কম হয় তাহা হইলে	ঐ মাল জব্দ করা যাইতে পারিবে।
১১। যদি কোন সূতা কোন কলের মধ্যে কোন স্থানে, বাক্সে, বা বদ্ধ আধারে লুক্কায়িত রহিয়াছে দেখা যায় ও কালেক্টরের হৃদ্বোধমতে তাহার যথারীতি হিসাব দেওয়া না যায় তাহা হইলে	ঐ সূতা জব্দ করা যাইতে পারিবে।
১২। রিটর্ণে সূতার যে পরিমাণ লিখিত থাকে যদি কোন কলে তাহার বেশী কিম্বা রিটর্ণের লিখিত বিবরণপত্রের সহিত গরমিল হয় এমন সূতা পাওয়া যায় তাহা হইলে	ঐ সূতা জব্দ করা যাইতে পারিবে কিম্বা কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ যে বর্দ্ধিত মাশুলের আদেশ করেন তাহার উপর সেই বর্দ্ধিত মাশুল লওয়া যাইতে পারিবে।
১৩। যখন কোন তুলাজাত দ্রব্য গুণতি করিয়া বা বস্তা হিসাবে পাস করা হয় তখন যদি এরূপ দেখা যায় যে তাহার কোনটি এরূপে বাদ দেওয়া হইয়াছে বা কোনটির এরূপ অশুদ্ধ বর্ণনা করা হইয়াছে যাহাতে রাজস্বের ক্ষতি হইবার সম্ভাবনা তাহা হইলে	যে ব্যক্তি ঐরূপ বাদ দেওন বা অশুদ্ধ বর্ণনাকরণ অপরাধে অপরাধী হন, ঐরূপ বাদ দিবার কি অশুদ্ধ বর্ণনা করিবার দরুণ গবর্ণমেন্টের যত টাকা মাশুল ক্ষতি হইতে পারিত তাঁহার সেই টাকার অনধিক দশগুণ জরিমানা হইতে পারিবে। কিন্তু যদি কালেক্টরের বা অপর কর্ম্মচারির হৃদ্বোধমতে এরূপ প্রমাণ হয় যে ত্রুটি আকস্মিক মাত্র তাহা হইলে নয়।
১৪। যদি কোন কালেক্টর বা কালেক্টরের অধীন অপর কোন কর্ম্মচারী এই আইন বা এই আইনমতে প্রণীত কোন বিধি বা আদেশ লঙ্ঘন করিয়া কোন কার্য্য করেন কি কোন কার্য্য না করিবার অপরাধে অপরাধী হন কিম্বা কোন ব্যক্তির ক্ষতি বা বিরক্তি জন্মাইবার অভিপ্রায়ে বিরক্তিকররূপে ও আবশ্যক না হইলেও এই আইন অনুসারে তাঁহার প্রতি প্রদত্ত কোন ক্ষমতার পরিচালন করেন তাহা হইলে,	ঐ কালেক্টর বা কর্ম্মচারীর অপরাধ সাব্যস্ত হইলে অনধিক পাঁচ শত টাকা জরিমানা হইতে পারিবে।
১৫। মাশুলযোগ্য মালের ওয়ার হৌসজাতকরণ সম্বন্ধে প্রধান আইনের ১৬৭ ধারার তক্‌সীলের ৪১ হইতে ৫৩ পর্য্যন্ত নম্বরের লিখিত অপরাধ।	ঐ সকল অপরাধ সম্বন্ধে ঐ তক্‌সীলে যথাক্রমে যে সকল দণ্ড নির্দ্দিষ্ট হইয়াছে।

২৬ ধারা। কোন জেলার মাজিষ্ট্রেট বা প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট বা কোন প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট এই আইন বিরুদ্ধ সমস্ত অপরাধের সরাসরীমতে বিচার করিতে পারিবেন।

> যে মাজিষ্ট্রেটের বিচারাধিকার থাকিবে তাঁহার কথা।

২৭ ধারা। এই আইন অনুসারে মাল জব্দ করিবার সকল স্থলেই প্রধান আইনের ১৬৮ ধারা খাটিবে।

> এই আইনমত জব্দকরণ সম্বন্ধে সামুদ্রিক কষ্টম বিষয়ক আইনের ১৬৮ ধারা খাটিবার কথা।

২৮ ধারা। প্রধান আইনের ১৬৯, ১৭০, ১৭৭, ১৮২, ১৮৪, ১৮৫, ১৮৭, ১৯০, ১৯১, ও ১৯৩ ধারা ছাড়া ১৭ অধ্যায়ের সমস্ত বিধান এই আইনানুযায়িক সমস্ত কার্য্যানুষ্ঠান সম্বন্ধে খাটিবে।

> ঐ আইনের কোন কোন বিধান এই আইনমত কার্য্যানুষ্ঠান সম্বন্ধে খাটিবার কথা।

২৯ ধারা। এই আইনমতে যে কোন নিষ্পত্তি বা আদেশ করা হয় তদ্দ্বারা ক্ষতিগ্রস্ত কোন ব্যক্তি দরখাস্ত করিলে স্থানীয় গবর্ণমেণ্ট ঐ নিষ্পত্তি বা আদেশ অন্যথা বা পরিবর্ত্তিত করিতে পারি-পারিবেন।

> এই আইনমত আদেশ স্থানীয় গবর্ণমেণ্টের অন্যথা বা পরিবর্ত্তিত করিবার ক্ষমতার কথা।

বিবিধ বিধান।

৩০ ধারা। (১) কালেক্টর বা ১৫ ধারানুসারে নিযুক্ত কোন কর্ম্মচারী কোন সূতা বা তুলাজাত দ্রব্য পরীক্ষা করিবার নিমিত্ত কিম্বা উহার কৌণ্ট বা মূল্য অবধারণ করণার্থ কিম্বা অপর কোন আবশ্যক কার্য্যের জন্য যে কোন সময়ে ঐ সূতা বা দ্রব্যের নমুনা লইতে পারিবেন।

> নমুনা লইবার ক্ষমতার কথা।

(২) যদি সুসাধ্য হয় তাহা হইলে ঐরূপ প্রত্যেক নমুনা অধিকারীকে ফেরত দেওয়া যাইবে কিম্বা কালেক্টরের ইচ্ছানুসারে তৎকর্ত্তৃক বিক্রীত হইয়া অধিকারীর নিকট বিক্রয়োৎপন্ন টাকার হিসাব দেওয়া যাইবে।

৩১ ধারা। এই আইনমত কোন বিধিক্রমে যে সকল কাগজপত্র ও হিসাবের বহী নির্দ্দিষ্ট হয় প্রত্যেক কলের অধিকারীকে তাহা রাখিতে হইবে।

> কলের অধিকারিদের যে সকল কাগজপত্র ও হিসাব রাখিতে হইবে তাহার কথা।

৩২ ধারা। যাহা কিছু এই আইন অনুসারে কৃত হইয়াছে বলিয়া প্রতীয়মান তন্নিমিত্ত সমস্ত কার্য্যানুষ্ঠান সম্বন্ধে প্রধান আইনের ১৯৮ ধারার বিধান খাটিবে।

> এই আইনমত কার্য্যানুষ্ঠান সম্বন্ধে সামুদ্রিক কষ্টম বিষয়ক আইনের ১৯৮ ধারার বিধান খাটিবার কথা।

৩৩ ধারা। (১) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব এই আইন অনুসারে সময়ে সময়ে নিম্নলিখিত কার্য্যের নিমিত্ত বিধি প্রণয়ন করিতে পারিবেন।—

> বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

(ক) আইনক্রমে বা এই আইন অনুসারে যে কোন রিটর্ন দেওয়া আবশ্যক হয় তাহার পাঠ ও ঐ রিটর্নে যথাক্রমে যে সকল বিশেষ বিবরণ সন্নিবেশিত হইবে তাহা এবং যে প্রকারে তাহা সত্যপাঠযুক্ত করিতে হইবে তাহা ও তৎসম্বন্ধে অপর যে সকল নিয়ম আবশ্যক হয় তাহা নির্দ্দেশ করণার্থ;

(খ) কালেক্টর ৮ ধারানুসারে যে নোটিস বাহির করিবেন তাহার পাঠ নির্দ্দেশ করণার্থ;

(গ) কল পরিদর্শনের ও তৎসম্বন্ধে কালেক্টর ও অপর কর্ম্মচারিদের ক্ষমতা ও কর্ত্তব্য কর্ম্মের ব্যবস্থা করণার্থ;

(ঘ) এই আইনমত ওয়ার হৌস করিয়া দিবার ও তাহাতে সূতা রাখিবার ও তাহা হইতে সূতা বাহির করিয়া দিবার ও তৎসম্বন্ধে কালেক্টরের ক্ষমতা ও কর্ত্তব্যকর্ম্মের ব্যবস্থা করণার্থ;

(ঙ) এই আইন অনুসারে কলের অধিকারিদের যে সকল কাগজপত্র ও হিসাবের বহী রাখিতে হইবে তাহা নির্দ্দেশ করণার্থ;

(চ) যে বন্দোবস্ত অনুসারে ২১ ধারার আদেশ যথেষ্টরূপে পালিত হইয়াছে বলিয়া বিবেচিত হইবে সেই বন্দোবস্ত নির্দ্দেশ করণার্থ; এবং

(ছ) সাধারণতঃ এই আইনের বিধান কার্য্যে পরিণত করণার্থ।

(২) ঐরূপ কোন বিধিতে যে স্থান বা যে যে স্থানের উল্লেখ থাকে কেবল সেই স্থান বা সেই সেই স্থানেই ঐ বিধি খাটান যাইতে পারিবে।

৩৪ ধারা। প্রধান আইনের ২০১, ২০৪, ২০৫ ও ২০৬ ধারার বিধানগুলি এই ভাগের সহিত সম্মিলিত হইয়াছে বলিয়া বিবেচিত হইবে।

> সামুদ্রিক কষ্টম বিষয়ক আইনের কোন কোন বিধান এই ভাগের সহিত সম্মিলিত করিবার কথা।

৩৫ ধারা। এই আইন অনুসারে তুলাজাত দ্রব্যের উপর যে মাসুল স্থাপিত হয় তাহার সম্বন্ধে ভারতবর্ষীয় তারিফ বিষয়ক ১৮৯৪ সালের আইনের ১০ ধারার বিধান খাটিবে।

> এই আইনমত মাসুল সম্বন্ধে তারিফ বিষয়ক আইনের ১০ ধারা খাটিবার কথা।

দ্বিতীয় ভাগ।

দেশাভ্যন্তরিক কষ্টমের মাস্থলের কথা।

বৈদেশিক রাজ্য হইতে বৃটিষ ভারতবর্ষে যে তুলার সূতা ও তূলাজাত দ্রব্য প্রবেশ করে তাহার উপর মাস্থল আদায় করিবার কথা।

৩৬ ধারা। (১) নিম্নে এই ধারায় যে ক্ষমতা প্রদত্ত হইল সেই ধারানুসারে যে দেশকে বৈদেশিক রাজ্য বলিয়া ব্যক্ত করা যায় তদ্রূপ কোন দেশ হইতে যে তুলার সূতা ও যে কোন প্রকারের তূলাজাত দ্রব্য বৃটিষ ভারতবর্ষে প্রবেশ করে, ভারতবর্ষীয় তারিফ বিষয়ক ১৮৯৪ সালের আইনে উপস্থিত সময়ে যে সকল হার নির্দ্দিষ্ট হইয়াছে সেই তুলার সূতা ও সেই সকল প্রকার তূলাজাত দ্রব্যের উপর সেই সকল হারে কষ্টমের মাস্থল আদায় করা যাইবে।

(২) বৃটিষ ভারতবর্ষের মধ্যে স্থিত কিম্বা বৃটিষ ভারতবর্ষের সীমাস্থিত কিন্তু বৃটিষ ভারতবর্ষের অংশ নয় এমন কোন প্রদেশ এই ধারার প্রয়োজনার্থ বৈদেশিক রাজ্য বলিয়া বিবেচিত হইবে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া এরূপ ব্যক্ত করিতে পারিবেন।

(৩) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া সময়ে সময়ে ঐরূপ কোন বৈদেশিক রাজ্য হইতে বৃটিষ ভারতবর্ষে তুলার সূতা বা তূলাজাত দ্রব্য আনয়ন করা নিষেধ বা নিয়মিত করিতে পারিবেন কিম্বা কেবল মাত্র যে যে পথ দিয়া উহা আনা যাইতে পারিবে তাহা নির্দ্দেশ করিতে পারিবেন।

(৪) ঐরূপ কোন বিজ্ঞাপন লঙ্ঘন করিয়া বৃটিষ ভারতবর্ষে যে সকল মাল আনা হয় বা আনিবার চেষ্টা করা হয় তৎসম্বন্ধে প্রধান আইনের ১৯ক ধারার বিধান খাটিবে।

এই ভাগানুসারে যে সকল মালের উপর টাক্স বসান হয়, ফেরত মাস্থল সম্বন্ধে সামুদ্রিক কষ্টম বিষয়ক আইনের বিধানগুলি তৎসম্বন্ধে খাটিবার কথা।

৩৭ ধারা। যে সকল মালের উপর এই ভাগানুসারে মাস্থল দেওয়া হইয়াছে রপ্তানীর উপর ফেরত মাস্থল সম্বন্ধে প্রধান আইনের বিধানগুলি সেই সকল মাল সম্বন্ধে খাটিবে।

তফসীল।

(৬ ধারা দেখ।)

সূতার (পৌণ্ড প্রতি) তারিফী মূল্য।

যে প্রকারের সূতা।	তারিফী মূল্য।
মধ্যম ৪০ নং	৷৷৶১০
,, ৫০ ,, ...	৷৷৶০
,, ৬০ ,, ...	৸১০
এবং ৬০ নম্বরের উপর প্রত্যেক দশ নম্বর বা দশ নম্বরের অংশের জন্য এইরূপে মূল্যে দেড় আনা করিয়া যোগ করিতে হইবে।	
মিউল এণ্ড ওয়াটর,—	
২০ নম্বরের উপর ২৪ নং পর্য্যন্ত ...	৷৶১০
২৪ ,, ,, ৩২ ,, ,, ...	৷৶০
৩২ ,, ,, ৪২ ,, ,, ...	৷৷০
৪২ ,, ,, ৫২ ,, ,, ...	৷৷৴১০
৫২ ,, ,, ৬০ ,, ,, ...	৷৷৶১০
৬০ ,, ,, ৭০ ,, ,, ...	৸১০
৭০ ,, ,, ৮০ ,, ,, ...	৸৶০
এবং ৮০ নম্বরের উপর প্রত্যেক দশ নম্বর বা দশ নম্বরের অংশের জন্য এইরূপে মূল্যে এক আনা করিয়া যোগ করিতে হইবে।	
ডবল মিউল,—	
২০ নম্বরের উপর ২৪ নং পর্য্যন্ত ...	৷৶১০
২৪ ,, ,, ৩২ ,, ,, ...	৷৷০
৩২ ,, ,, ৪২ ,, ,, ...	৷৷৴০
৪২ ,, ,, ৫২ ,, ,, ...	৷৷৶১০
৫২ ,, ,, ৬০ ,, ,, ...	৸১০
৬০ ,, ,, ৭০ ,, ,, ...	৸৶১০
৭০ ,, ,, ৮০ ,, ,, ...	৸৶১০
এবং ৮০ নম্বরের উপর প্রত্যেক দশ নম্বর বা দশ নম্বরের অংশের জন্য এইরূপে মূল্যে এক আনা করিয়া যোগ করিতে হইবে।	
সাদা বা ধোয়া, ডবল, সকল নম্বরের ...	৸০

জে, এম্, ম্যাককর্সন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

CHUNDER NATH BOSE,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার, ১৮৯৫ সাল ৫ মার্চ্চ।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভায় আইনের পাণ্ডুলিপি।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার ব্যবস্থাপন কার্য্য পরিচালনার্থ বিধিসমূহের মধ্যে ৩৪ বিধি অনুসারে নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি খানি অভিপ্রায় ও হেতুর বিবরণ সহ প্রকাশিত করা গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর
সাহেবের আদেশানুসারে,
সি, ই, বক্‌লাণ্ড,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

কলিকাতা।
১৫ই জানুয়ারি ১৮৯৫ সাল।

বঙ্গদেশে স্বত্বের লিখন রক্ষা করিবার জন্য এবং থাকবন্দী জরীপ ও বন্দোবস্তের খরচ আদায় করিবার জন্য বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

সূচনা।

বঙ্গদেশে স্বত্বের লিখন ও বন্দোবস্তের লিখন রক্ষা করিবার জন্য এবং থাকবন্দী জরীপ ও বন্দোবস্তের খরচ আদায় করিবার বৈকল্পিক প্রণালীর বিধান করা বিহিত। অতএব এতদ্দ্বারা নিম্নলিখিতমত বিধান করা গেল।—

সংক্ষেপ নাম।

১ ধারা। এই আইনটীকে "ভূমির লিখন রক্ষা করণ বিষয়ক ১৮৯৫ সালের আইন" বলা যাইতে পারিবে।

ব্যাপ্তির কথা।

প্রজাস্বত্ববিষয়ক আইনের দশমাধ্যায়ানুসারে কিম্বা উপস্থিত সময়ের প্রচলিত অন্য কোন আইনানুসারে জরীপ ও স্বত্বের লিখন করা হইয়াছে এমন যে সকল জেলায় বা যে সকল জেলার অংশে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়ে সময়ে কলিকাতা গেজেটে আদেশ প্রকাশিত করিয়া ইহা খাটাইয়া দেন ইহা কেবল সেই সকল জেলায় বা সেই সকল জেলার অংশে প্রবল হইবে।

আরম্ভ হইবার কথা।

এবং তখন এই আইন যে দিবসে আরম্ভ হইবে বলিয়া ঐ আদেশে লিখিত হয় ইহা সেই দিবসে ঐ আদেশে যে সকল জেলার বা যে সকল জেলার অংশের নাম লিখিত থাকে তথায় আরম্ভ ও প্রবল হইবে।

অর্থকরণের দফা।

২ ধারা। বঙ্গদেশের প্রজাস্বত্ববিষয়ক ১৮৮৫ সালের ৮ আইনে "মহাল" "মধ্য-স্বত্ব" "মধ্য-স্বত্বাধিকারী" "ভূম্যধিকারী" এবং "কালেক্টর সাহেব" এই শব্দগুলির যে যে অর্থ দেওয়া হইয়াছে এই আইনে উহাদের যথাক্রমে সেই সেই অর্থ হইবে।

"স্বত্বের লিখন" এই শব্দে খেওয়াত্‌ ও খতিয়ান নামক কাগজ বুঝাইবে।

A Bill to provide for the Maintenance of Records of Rights in Rengal, and for the recovery of the cost of Cadastral Surveys and Settlements.

প্রথম ভাগ।

খারিজ দাখিল রেজিষ্টরী করিবার কথা।

খারিজ দাখিলের রেজিষ্ট্রারদিগের কথা।

৩ ধারা। যে সকল জেলা ও স্থানে এই আইন খাটান হয় ১৮৭৭ সালের ৩ আইনানুসারে নিযুক্ত রেজিষ্ট্রার ও সব-রেজিষ্ট্রারগণ তন্মধ্যে এই আইনের প্রয়োজনার্থ খারিজ দাখিলের রেজিষ্ট্রার হইবেন।

সব-রেজিষ্ট্রারদিগকে মালিকী স্বত্ব প্রাপ্তির রিপোর্ট দেওয়া ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনানুসারে খারিজ দাখিলের দরখাস্তের তুল্য হইবার কথা।

৪ ধারা। (১) কোন মহালে বা নিষ্কর সম্পত্তিতে কোন মালিকীস্বত্ব প্রাপ্ত হইয়াছেন এমন যে ব্যক্তি এবং ঐরূপ মহাল বা নিষ্কর সম্পত্তির ভারপ্রাপ্ত যে কার্য্যকারক ঐরূপ প্রাপ্তি বা ভারগ্রহণের তারিখ হইতে চারি মাসের মধ্যে যে সব-ডিষ্ট্রিক্টে ঐ মহাল বা সম্পত্তি অবস্থিত তথাকার সব রেজিষ্ট্রারকে রিবিনিউ বোর্ড যে ফারম নির্দ্দিষ্ট করেন সেই ফারমে খারিজ দাখিলের নুটীস দেন তাঁহার সম্বন্ধে এইরূপ বিবেচনা করা যাইবে যে ভূমি রেজেষ্টরীকরণ বিষয়ক আইনের যে সকল বিধানানুসারে নাম খারিজ দাখিলের নিমিত্ত তাঁহার জেলার কালেক্টর সাহেবের নিকট দরখাস্ত করা আবশ্যক তিনি সেই সকল বিধানানুসারে কার্য্য করিয়াছেন।

(২) এইরূপ খারিজ দাখিলের দরখাস্তের যে নুটীস সব রেজিষ্ট্রারকে দেওয়া হয় তাহা তাঁহাদ্বারা লিপিবদ্ধ করা হইলে পর তাঁহাদ্বারা কালেক্টর সাহেবের নিকট প্রেরিত হইবে এবং ভূমি রেজেষ্টরীকরণ বিষয়ক ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনের ৪২ ধারার অর্থানুসারে কালেক্টর সাহেবের নিকট দাখিল হইয়াছে বলিয়া বিবেচিত হইবে। এবং (বিষয়টী যদি এমন না হয় যে জন্য ঐ আইনের ৪৩ ধারায় বিধান করা হইয়াছে তাহা হইলে) ঐ নুটীস পাইলে পর কালেক্টর সাহেব ঐ আইনের ৪৭ ও তাহার পরবর্ত্তী ধারার নির্দ্দিষ্ট প্রণালীতে কার্য্য করিবেন। ভূমি রেজেষ্টরীকরণ বিষয়ক আইনের ৫২ ও ৫৫ ধারানুসারে কালেক্টর সাহেব যে সকল খারিজ দাখিলের আদেশ করেন সব-রেজিষ্ট্রারকে তিনি তাহার প্রত্যেক খারিজ দাখিলের সংবাদ দিবেন এবং সেই সংবাদ প্রাপ্ত হইয়া সব-রেজিষ্ট্রার উহা খারিজ দাখিলের রেজেষ্টরীতে লিপিবদ্ধ করিবেন।

১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনের ৪৩ ধারানুযায়িক মুক্তি দেওয়া সব-রেজিষ্ট্রারের নিকট রেজেষ্টরী করিবার নিয়মাধীন হইবার কথা।

৫ ধারা। ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনের ৪৩ ধারানুসারে যে মুক্তি দেওয়া হয় তাহা সব-রেজিষ্ট্রারের আপিসে খারিজ দাখিল রেজেষ্টরী করার নিয়মে দেওয়া হইবে।

সব-রেজিষ্ট্রারদিগের আপিসে পরিবর্ত্তনের নিয়মিত সময়ান্তরে বিবরণ দাখিল করিতে হইবার কথা।

৬ ধারা। কোন মহাল বা মধ্য-স্বত্বের অন্তর্গত গ্রাম সকলের স্বত্বের লিখনে কোন পরিবর্ত্তন ঘটিয়া থাকিলে রিবিনিউ বোর্ড সময়ে সময়ে যে সময় ও ফারম নির্দ্দেশ করেন সেই মহাল বা মধ্য-স্বত্বের প্রত্যেক অধিকারী সেই সময়ে ও সেই ফারমে ঐ সকল গ্রামের মধ্যে প্রত্যেক গ্রামে স্বত্বের লিখনে যে সকল পরিবর্ত্তন ঘটিয়াছে তাহা প্রদর্শন করিয়া এক খানি বিবরণ সব-রেজিষ্ট্রারের আপিসে দাখিল করিবেন।

মধ্য-স্বত্ব, অধীন মধ্যস্বত্ব-মোকররী হারে অধিকৃত রায়তী যোত এবং দখলী-স্বত্ববিশিষ্ট যোতের হস্তান্তর ও উত্তরাধিকার সব-রেজিষ্ট্রারের নিকট রিপোর্ট করিতে হইবার কথা।

৭ ধারা। (১) যে ব্যক্তি আপন মধ্য-স্বত্বাধিকারী স্বরূপ স্বত্ব মোকররী হারে অধিকারী রায়ত স্বরূপ স্বত্ব কিম্বা দখলীস্বত্ববিশিষ্ট রায়ত স্বরূপ স্বত্ব হস্তান্তর করেন কিম্বা যে ব্যক্তি ঐরূপ হস্তান্তরের দরুণ দখলবিশিষ্ট মধ্য-স্বত্বাধিকারীর মোকররী হারে অধিকারী রায়তের কিম্বা দখলীস্বত্ববিশিষ্ট রায়তের অবস্থা প্রাপ্ত হইয়াছেন বলিয়া দাবী করেন তিনি রিবিনিউ বোর্ড সময়ে সময়ে যে ফারম নির্দ্দেশ করেন ঐ প্রাপ্তির তারিখ হইতে চারি মাসের মধ্যে সেই ফারমে সব-ডিষ্ট্রিক্টের সব-রেজিষ্ট্রারের নিকট ঐ খারিজ দাখিলের নুটীস দিবেন।

(২) এইরূপ নুটীসকে ভারতবর্ষের রেজেষ্টরীকরণ বিষয়ক আইনের ষষ্ঠ ভাগানুসারে আনীত দলীল স্বরূপ গণ্য করিতে হইবে এবং ঐ নুটীস দলীল গ্রাহ্য করা ও সম্পাদন করা সম্বন্ধে ঐ ভাগের বিধানের অধীন হইবে।

কিন্তু যদি কোন ব্যক্তি ওয়ারিষী সূত্রে উত্তরাধিকার করিয়াছেন বলিয়া দাবী করেন তাহা হইলে গ্রামের মধ্যে কোন প্রকাশ্য স্থানে এই বলিয়া নুটীস লটকাইয়া দিতে হইবে যে কোন আপত্তিকারী থাকিলে তিনি ১৫ দিবসের মধ্যে সব-রেজিষ্ট্রারের নিকট উপস্থিত হন ও আপন আপত্তি জানান।

(৩) এই ধারানুসারে দেওয়া নুটীসের সঙ্গে নির্দ্দিষ্ট ফী দেওয়া হইলে উহাকে বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক আইনের ১২, ১৫, ১৮ এবং ৭৩ ধারার বিধানের যথেষ্ট প্রতিপালন বলিয়া গণ্য করা যাইবে।

(৪) এই ধারানুসারে খারিজ দাখিলের নুটীস দেওয়া দখলীস্বত্বহীন রায়ত বা কোর্ফা রায়তের পক্ষে ইচ্ছাধীন হইবে।

সব-রেজিষ্ট্রারদিগের কর্ত্তব্য কর্ম্মের কথা।

৮ ধারা। এইরূপ রিপোর্ট হওয়া হস্তান্তরের কথা ঐ ব্যক্তির ভূম্যধিকারিকে বিজ্ঞাপিত করা এবং ভূম্যধিকারির কোন ফী দেওয়া হইয়া থাকিলে রিবিনিউ বোর্ড সময়ে সময়ে যে প্রণালী নির্দ্দেশ করেন সেই প্রণালীতে তাহা তাঁহাকে দেওয়ান এবং ভূম্যধিকারী খারিজ দাখিল স্বীকার করেন কি স্বীকার করিতে অস্বীকার করেন এইকথা ব্যক্ত করিতে

তাঁহাকে আদেশ করা সব-রেজিষ্ট্রারের কর্ত্তব্যকর্ম্ম হইবে। এবং ১১ ধারায় যে রেজেষ্টরী বহি বর্ণিত আছে তাহার একটী উপযুক্ত ঘরে সব-রেজিষ্ট্রার কেবল যে হস্তান্তর হওয়ার কথা লিপিবদ্ধ করিবেন তাহা নহে অধিকন্তু যোতের হস্তান্তর সম্বন্ধে ভূম্যধিকারী স্বয়ং বা এজেণ্ট দ্বারা লিখিত সম্মতি দিয়াছেন কি না তাহাও লিপিবদ্ধ করিবেন।

খারিজ দাখিলের লিপি সম্বন্ধে যেরূপ অনুমান করিতে হইবে তাহার কথা।

৯ ধারা। যে খারিজ দাখিলের কথা ৭ ধারা কিম্বা ৮ ধারা অনুসারে সব রেজিষ্ট্রারের দ্বারা লিপিবদ্ধ হয় এবং যে খারিজ দাখিল ভারতবর্ষের রেজেষ্টরী করণ বিষয়ক আইনানুসারে যথারীতি রেজেষ্টরী করা হইয়াছে বলিয়া তিনি সার্টিফিকেট দেন এবং যে খারিজ দাখিলে ভূম্যধিকারী সম্মতি দিয়াছেন এবং হস্তান্তর জীবিত ব্যক্তিদিগের মধ্যে হইয়া থাকিলে উহার দুই পক্ষেই সম্মতি দিয়াছেন তাহা যে পর্য্যন্ত অশুদ্ধ বলিয়া প্রমাণীকৃত না হয় সে পর্য্যন্ত শুদ্ধ বলিয়া অনুমান করা যাইবে।

খারিজ দাখিলের নুটীসে যে বিবরণ আবশ্যক তাহার কথা।

১০ ধারা। এই আইনানুসারে প্রণীত বিধি দ্বারা যে ফারম বা প্রণালী নির্দ্দিষ্ট হয় ৪ ধারা ও ৭ ধারা অনুযায়িক সমস্ত খারিজ দাখিলের নুটীসে সেই ফারমে বা প্রণালীতে খেওয়াতের লিখিতমত স্বত্বের বিবরণ অথবা খতিয়ানের লিখিতমত যে সকল ভূমি সম্বন্ধে খারিজ দাখিল করিতে হইবে সেই সকল ভূমির জরীপী নম্বর থাকিবে।

রেজেষ্টরী বহির কথা।

১১ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে সময়ে যে সকল রেজেষ্টরী বহির নির্দ্দেশ করেন সব-রেজিষ্ট্রার খারিজ দাখিলের রেজিষ্ট্রার রূপে সেই সকল রেজেষ্টরী বহি রাখিবেন। তন্মধ্যে সব-ডিষ্ট্রিক্টের সীমার মধ্যস্থিত প্রত্যেক গ্রামের জন্য দুই খানি খারিজ দাখিলের রেজেষ্টরী বহি থাকিবে এবং সেই দুই খানির মধ্যে এক খানিতে খেওয়াতের লিখনের ব্যতিক্রম ঘটায় এমন সকল পরিবর্ত্তন লিপিবদ্ধ করা হইবে এবং অপর খানিতে যে সকল পরিবর্ত্তনে ঐ গ্রামের খতিয়ানের পরিবর্ত্তন ঘটায় সেই সকল পরিবর্ত্তন লিপিবদ্ধ করা হইবে, এবং স্থানীয় গবর্ণমেণ্টের মঞ্জুরি লইয়া রিবিনিউ বোর্ড সময়ে সময়ে যে সকল বিবরণের নির্দ্দেশ করেন ঐ দুই খানি খারিজ দাখিলের রেজেষ্টরী বহিতে সেই সকল বিবরণ থাকিবে।

যে সকল দস্তাবেজ দ্বারা মালিকী ও প্রজাই স্বত্বের হস্তান্তর সম্পাদিত হয় তাহা রেজেষ্টরী করিবার ও খারিজ দাখিলের সমকালীন রেজেষ্টরী করণের কথা।

১২ ধারা। যে দস্তাবেজ দ্বারা মালিকী বা প্রজাই স্বত্বের হস্তান্তর সম্পাদিত হয় তাহা রেজেষ্টরী করিবার সময় কিম্বা ভারতবর্ষের রেজেষ্টরী করণ বিষয়ক আইনের ৬৪ ও ৬৫ ধারার বিধানানুসারে সম্পত্তি বা প্রজাই স্বত্ব হস্তান্তরের মর্ম্মাত্মকলিপি প্রাপ্ত হইয়া সব-রেজিষ্ট্রার নিম্নলিখিতমত কার্য্য করিবেন :—

(ক) যদি ঐ দস্তাবেজ বা মর্ম্মাত্মক লিপিতে মালিকী স্বত্বের খারিজ দাখিল হইয়া থাকে তাহা হইলে তিনি ডিষ্ট্রিক্টের কালেক্টর সাহেবকে এই ভাবে উহার বিষয় জ্ঞাপন করিবেন যেন উহা এই আইনের ৪ ধারানুযায়িক একখানি নুটীস।

(খ) যদি ইহা দ্বারা প্রজাইস্বত্বের খারিজ দাখিল হইয়া থাকে তাহা হইলে তিনি এই ভাবে নুটীস বাহির করিবেন যেন তিনি এই আইনের ৭ ধারানুসারে একখানি খারিজ দাখিলের নুটীস পাইয়াছেন।

(গ) নির্দ্দিষ্ট কার্য্যগুলি শেষ হইলে পর তিনি খারিজদাখিলের রেজিষ্ট্রার স্বরূপে সেই হস্তান্তর আমলে আনিবেন ও ১১ ধারার আদেশমত খারিজদাখিলের রেজেষ্টরী বহিতে আবশ্যক কথাগুলি লিখিবেন।

সমস্ত আদালতের ভূমি সম্বন্ধীয় নিষ্পত্তির মর্ম্মাত্মক লিপি পাঠাইয়া দিবার কথা।

১৩ ধারা। যে ফারম সময়ে সময়ে নির্দ্দিষ্ট হয় সেই ফারমে ভূমিস্থিত মালিকী ও প্রজাইস্বত্ব সম্বন্ধীয় প্রত্যেক নিষ্পত্তির মর্ম্মাত্মকলিপি সম্পৃক্ত সব-রেজিষ্ট্রারের নিকট পাঠাইয়া দেওয়া সমস্ত আদালতের কর্ত্তব্যকর্ম্ম হইবে।

ফীর কথা।

১৪ ধারা। (১) যে ব্যক্তি এই আইনের ৪ ধারা বা ৭ ধারার আদেশমত নুটীস দেন তিনি সেই সঙ্গে রিবিনিউ বোর্ড পরওয়ানা জারীর জন্য সময়ে সময়ে যে সকল ফীর নির্দ্দেশ করেন সেই সকল ফী শুদ্ধ টাকায় বা ইষ্টাম্পে সেই ফী টেণ্ডর করিতে বাধ্য হইবেন যে ফী দিতে তিনি বঙ্গদেশের প্রজাস্বত্ববিষয়ক আইনের ১২ এবং ১৩ ধারানুসারে কিম্বা উপস্থিত সময়ের অন্য কোন আইনানুসারে বাধ্য।

(২) আবশ্যক ফী দেওয়া হইলে খারিজদাখিলের রেজেষ্টরী বহির লিখিত দফার একটী নকল কিম্বা উহার যে উদ্ধৃতাংশ আবশ্যক হয় তাহা সব-রেজিষ্ট্রার কর্ত্তৃক শুদ্ধ বলিয়া সার্টিফিকেটযুক্ত হইয়া কোন দরখাস্তকারীকে প্রদত্ত হইবে।

(৩) সমস্ত স্বার্থযুক্ত ব্যক্তি ফী না দিয়া সকল সঙ্গত সময়ে সব-রেজিষ্ট্রারের আপিসের কাগজপত্র দেখিতে পাইবেন।

(৪) এই আইনানুসারে যে সমস্ত ফী আদায় করা যাইতে পারে ও যে সমস্ত জরিমানা করা হয় তাহা রেজেষ্টরী ডিপার্টমেণ্টের নামে জমা দেওয়া যাইবে।

১৫ ধারা। (১) যে ব্যক্তি ৪ ধারা কি ৭ ধারা অনুসারে সব-রেজিষ্ট্রারকে কোন খারিজদাখিলের নুটীস দিতে স্বত্ববান বা আদিষ্ট তিনি যে ভূমি সম্বন্ধে খারিজদাখিল হইয়াছে সেই ভূমির খাজানার নিমিত্ত নালিশ করিবার সময় যদি সেই ভূমি সম্বন্ধে স্বত্বের লিখনে কোন লিখিত দফা এবং খারিজ দাখিলের রেজেষ্টরী বহিতে কোন লিখিত দফা থাকিলে আদালতে সেই দুই লিখিত দফার সার্টিফিকেটযুক্ত নকল দাখিল না করেন কিম্বা এমন অপর সাক্ষ্য উপস্থিত না করেন যদ্দারা আদালতের প্রতীতি হয় যে খারিজ দাখিলের নুটীস যথারীতি দেওয়া হইয়াছিল তাহা হইলে ঐ ৪ ও ৭ ধারার লিখিত চারি মাস কাল অতীত হইলে পর তিনি সেই ভূমির খাজানার নিমিত্ত নালিশ করিতে এবং সেই ভূমির খাজানা আদায় করিতে স্বত্ববান হইবেন না।

খারিজদাখিল রেজেষ্টরী না করিবার দরুণ যে অক্ষমতা জন্মিবে তাহার কথা।

(২) যদি কোন ব্যক্তি কোন হস্তান্তরের দরুণ কিম্বা ওয়ারিষী সূত্রে কোন মধ্য-স্বত্ব, মোকররি হারে অধিকৃত রায়তি যোত কিম্বা দখলীস্বত্ববিশিষ্ট যোত প্রাপ্ত হয় কিন্তু ৭ ধারানুসারে সব-রেজিষ্ট্রারকে খারিজ দাখিলের নুটীস দেওয়া না হয় তাহা হইলে কোন ভূম্যধিকারী সেই ব্যক্তির নিকট খাজানা লইতে কিম্বা সেই ব্যক্তিকে আপন প্রজা বলিয়া স্বীকার করিতে বাধ্য হইবেন না।

১৬ ধারা। যে কেহ কোন মালিকীস্বত্ব, মধ্য-স্বত্ব বা যোত প্রাপ্ত হওয়ার নুটীস দিতে এই আইনানুসারে আদিষ্ট হইয়া নির্দ্দিষ্ট সময়ের মধ্যে সেই নুটীস না দেন পঞ্চাশ টাকার অনধিক যত জরিমানা করা কালেক্টর সাহেব উপযুক্ত বিবেচনা করেন তাঁহার তত জরিমানা হইতে পারিবে এবং ঐরূপ রেজেষ্টরী করিবার জন্য দরখাস্ত করিতে তাঁহাকে আদেশ করিয়া কালেক্টর সাহেব যে নুটীস দেন তাহাতে তিনি যে তারিখ ধার্য্য করেন সেই তারিখের পর যত দিন তিনি ঐরূপ রেজেষ্টরী করিবার দরখাস্ত না করেন তাহার প্রত্যেক দিনের জন্য তাঁহার অনধিক পাঁচ টাকা অতিরিক্ত দৈনিক জরিমানা হইতে পারিবে। ঐরূপ জরিমানার টাকা রেজেষ্টরী ডিপার্টমেন্টের নামে জমা দেওয়া যাইবে।

খারিজ দাখিল রেজেষ্টরী না করিবার দণ্ডের কথা।

দ্বিতীয় ভাগ।

জরীপের ও স্বত্বের লিখন প্রস্তুত করণের খরচ আদায় করিবার কথা।

১৭ ধারা। বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক আইনের দশম অধ্যায়ানুসারে কোন জরীপ ও স্বত্বের লিখন এবং খাজানার বন্দোবস্ত করিতে যে খরচ হয় সে খরচ যদি ভূমির রাজস্বের বন্দোবস্তের নিমিত্ত না হইয়া থাকে এবং তৎসম্বন্ধে স্থানীয় গবর্ণমেন্ট যদি এরূপ ব্যক্ত করেন যে সেই সমস্ত খরচ ভূস্বামী ও প্রজাদিগের নিকট হইতে আদায় করা যাইতে পারিবে তাহা হইলে বঙ্গদেশের প্রজাস্বত্ববিষয়ক আইনের ১১৪ ধারানুসারে কার্য্য না করিয়া কোন ডিষ্ট্রিক্টের কিম্বা ডিষ্ট্রিক্টের অংশের সমস্ত বা যে কোন ভূম্যধিকারী বা প্রজার নিকট হইতে তাহাদের সেই খরচের দেয় অংশ এক বৎসরে কিম্বা বহু বৎসরে এবং নিম্নের ধারাগুলির বর্ণিত প্রণালীতে আদায় করা স্থানীয় গবর্ণমেন্টের পক্ষে আইন সঙ্গত কার্য্য হইবে।

প্রথম জরীপ প্রভৃতির খরচ আদায় করিবার কথা।

১৮ ধারা। যে ডিষ্ট্রিক্টে বা যে ডিষ্ট্রিক্টের অংশে এই আইন সময়ে সময়ে প্রবল হয় এই আইনের আরম্ভ হইতে ও পরে সেই ডিষ্ট্রিক্টে অবস্থিত বা সেই ডিষ্ট্রিক্টের অংশে অবস্থিত সমস্ত ভূমি ঠিক পূর্ব্ববর্ত্তী ধারার লিখিত খরচ নির্ব্বাহার্থ নিয়োজিত হইবে এমন যে কর (অতঃপর জরীপ-বন্দোবস্তের কর বলা হইল) সেই কর দিবার জন্য দায়ী হইবে।

খরচ আদায় করিবার নিমিত্ত কর আদায় করিবার কথা।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইনটী ১৮৯৫ সালের ৮ই ফেব্রুয়ারি তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক অনুমোদিত হওয়ায় সাধারণের অবগতির নিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত করা গেল।—

১৮৯৫ সালের ৩ আইন।

ভারতবর্ষের দণ্ডবিধির আইন, ১৮৬৪ সালের ৬ আইন এবং ভারতবর্ষের ডাকঘরের ১৮৬৬ সালের আইন সংশোধন করণার্থ আইন।

ভারতবর্ষের দণ্ডবিধির আইন, ১৮৬৪ সালের ৬ আইন এবং ভারতবর্ষের ডাকঘরের ১৮৬৬ সালের আইন সংশোধন করা বিহিত। অতএব এতদ্দ্বারা নিম্নলিখিতমত বিধান করা গেল।—

ভারতবর্ষের দণ্ডবিধির আইন।

১৮৬০ সালের ৪৫ আইনের ১৮২ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

১ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৮২ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটী বসাইতে হইবে, অর্থাৎ:—

রাজকীয় কার্য্যকারককে অন্য ব্যক্তির অনিষ্টজনকরূপে আপন আইনমত ক্ষমতা ব্যবহার করাইবার অভিপ্রায়ে মিথ্যা সংবাদ দিবার কথা।

"১৮২ ধারা। যে কেহ কোন সংবাদ মিথ্যা জানিয়া কিম্বা মিথ্যা বলিয়া বিশ্বাস করিয়া এই অভিপ্রায়ে বা ইহা সম্ভব জানিয়া তাহা কোন রাজকীয় কার্য্যকারককে দেয় যে সে সেই সংবাদ দিয়া, সেই সরকারী কার্য্যকারককে—

(ক) এমন কিছু করাইবে বা করিতে ত্রুটি করাইবে যে সকল ঘটনা সম্বন্ধে সংবাদ দেওয়া হয় তাহার যথার্থ অবস্থা তাঁহার জানা থাকিলে যাহা তাঁহার করা উচিত নয় বা করিতে ত্রুটি করা উচিত নয়, কিম্বা

(খ) কোন ব্যক্তির অনিষ্ট করণার্থ বা বিরক্তি উৎপাদনার্থ তাঁহার আইনসঙ্গত ক্ষমতা ব্যবহার করাইবে—

তাহার ছয় মাস পর্য্যন্ত কোন প্রকারের কারাদণ্ড কিম্বা এক হাজার টাকা পর্য্যন্ত জরিমানা কিম্বা উভয় দণ্ড হইবে।

"উদাহরণ।

"(ক) কোন মাজিষ্ট্রেটের অধীনস্থ খ নামক এক জনপুলীস কর্ম্মচারী কর্ত্তব্যকর্ম্ম অবহেলা করিয়াছে বা দুষ্কর্ম্ম করিয়াছে একথা মিথ্যা জানিয়া এবং এই সংবাদ পাইলে মাজিষ্ট্রেট খ কে ছাড়াইয়া দিবেন ইহা সম্ভব জানিয়া ক মাজিষ্ট্রেটকে এই সংবাদ দেয়। ক এই ধারার বর্ণিত অপরাধ করিয়াছে।

"(খ) কোন গুপ্ত স্থানে খ'র নিষিদ্ধ লবণ আছে এই সংবাদ মিথ্যা জানিয়া এবং এই সংবাদ দিবার ফল এই হইবে যে খ'র বাড়ী তল্লাস করা হইবে এবং তাহাতে খ'র বিরক্তি উৎপাদিত হইবে ইহা সম্ভব জানিয়া ক কোন রাজকীয় কার্য্যকারককে এই মিথ্যা সংবাদ দেয়

India Act III of 1895:—An Act to amend the Indian Penal Code, Act VI of 1864 and the Indian Post-office Act, 1866.

যে কোন গুপ্তস্থানে খ'র নিষিদ্ধ লবণ আছে। ক এই ধারার বর্ণিত অপরাধ করিয়াছে।

"(গ) ক মিথ্যা করিয়া একজন পুলীসের লোককে সংবাদ দেয় যে কোন একটী গ্রামের নিকটে তাহাকে আক্রমণ করা হইয়াছে ও তাহার দ্রব্যাদি অপহরণ করা হইয়াছে। তাহার আক্রমণকারীদিগের মধ্যে একজন বলিয়া সে কোন ব্যক্তির নাম উল্লেখ করে না, কিন্তু সে ইহা সম্ভব বলিয়া জানে যে এই সংবাদ দিবার দরুণ পুলীস সেই গ্রামে তদন্ত ও তল্লাস করিবে এবং তাহাতে গ্রামবাসীদিগের কিম্বা তাহাদের কাহারও কাহারও বিরক্তি উৎপাদিত হইবে। ক এই ধারানুসারে অপরাধ করিয়াছে।"

১৮৬০ সালের ৪৫ আইনের দ্বাদশ অধ্যায়ে ধারা যোগ করিবার কথা।

২ ধারা। উক্ত আইনের দ্বাদশ অধ্যায়ে নিম্নলিখিত ধারাটী যোগ করিতে হইবে, অর্থাৎ :—

কৃত্রিম ইষ্টাম্প নিষিদ্ধ হইবার কথা।

"২৬৩ ক ধারা। (১) কোন ব্যক্তি

(ক) কোন কৃত্রিম ইষ্টাম্প প্রস্তুত করিলে, জানিয়া শুনিয়া চালাইলে, উহা লইয়া কারবার করিলে বা উহা বিক্রয় করিলে কিম্বা কোন ডাকের প্রয়োজনার্থ কোন কৃত্রিম ইষ্টাম্প জানিয়া শুনিয়া ব্যবহার করিলে, কিম্বা

(খ) আইনসঙ্গত কারণ বিনা আপন অধিকারে কোন কৃত্রিম ইষ্টাম্প রাখিলে, কিম্বা

(গ) কোন কৃত্রিম ইষ্টাম্প প্রস্তুত করিবার জন্য কোন ছেনা, প্লেট, যন্ত্র বা মালমশলা প্রস্তুত করিলে কিম্বা আইন সঙ্গত কারণ বিনা আপন অধিকারে রাখিলে,

তাহার দুই শত টাকা পর্য্যন্ত জরিমানা হইবে।

"(২) কোন কৃত্রিম ইষ্টাম্প প্রস্তুত করিবার জন্য ঐরূপ কোন ইষ্টাম্প, ছেনী, প্লেট, যন্ত্র বা মালমশলা কোন ব্যক্তির অধিকারে থাকিলে তাহা ধৃত করা যাইতে পারিবে ও জব্দ করা হইবে।

"(৩) এই ধারায় কোন ডাক মাসুলের হার ব্যক্ত করিবার জন্য গবর্ণমেণ্ট কর্ত্তৃক প্রচারিত হইয়াছে যে ইষ্টাম্পে মিথ্যা করিয়া এইরূপ দেখায় 'কৃত্রিম ইষ্টাম্প' বলিতে সেই ইষ্টাম্প কিম্বা উক্ত কার্য্যের নিমিত্ত গবর্ণমেণ্ট কর্ত্তৃক প্রচারিত কোন ইষ্টাম্পের যে কোন প্রতিরূপ, অনুকরণ বা প্রতিকৃতি কাগজের উপরই হউক বা অন্য রকমেই হউক করা হয় তাহা বুঝাইবে।

"(৪) এই ধারায় এবং ২৫৫ হইতে ২৬৩ পর্য্যন্ত ধারায় কোন ডাক মাসুলের হার ব্যক্ত করিবার নিমিত্ত প্রচারিত ইষ্টাম্পের সংস্রবে কিম্বা সম্বন্ধে ব্যবহৃত হইলে 'গবর্ণমেণ্ট' বলিতে ১৭ ধারায় যাহা কিছু আছে তৎসত্ত্বেও যে ব্যক্তি বা ব্যক্তিরা ভারতবর্ষের কোন অংশে এবং শ্রীশ্রীমতীর রাজ্যের কোন অংশে কিম্বা কোন ভিন্ন দেশেও আইন অনুসারে শাসন বিভাগের কার্য্য করিবার ক্ষমতাপ্রাপ্ত হন সেই বা সেই সেই ব্যক্তিকেও বুঝায় বলিয়া বিবেচনা করা যাইবে।"

১৮৬০ সালের ৪৫ আইনের ২৯৪ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

৩ ধারা। উক্ত আইনের ২৯৪ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটী বসাইতে হইবে, অর্থাৎ :—

অশ্লীল কার্য্য ও গীতের কথা।

"২৯৪ ধারা। যে কেহ—

(ক) কোন প্রকাশ্য স্থানে কোন অশ্লীল কার্য্য করিয়া কিম্বা

(খ) কোন প্রকাশ্য স্থানে বা প্রকাশ্য স্থানের নিকটে কোন অশ্লীল গীত গাহিয়া কোন অশ্লীল ছড়া আবৃত্তি করিয়া কিম্বা কোন অশ্লীল শব্দ উচ্চারণ করিয়া—

অপরের বিরক্তি উৎপাদন করে তাহার তিন মাস কাল পর্য্যন্ত কোন প্রকারের কারাদণ্ড কিম্বা জরিমানা কিম্বা উভয় দণ্ড হইবে।"

১৮৬০ সালের ৪৫ আইনের ৪৭৭ ধারার পর নূতন ধারা যোগ করিবার কথা।

৪ ধারা। উক্ত আইনের ৪৭৭ ধারার পর নিম্নলিখিত ধারাটি যোগ করিতে হইবে, অর্থাৎ :—

হিসাবে মিথ্যা করিয়া লিখিবার কথা।

"৪৭৭ ক ধারা। যে কেহ কেরাণী, কর্ম্মচারী বা চাকর হইয়া কিম্বা কেরাণী, কর্ম্মচারী বা চাকরস্বরূপ নিযুক্ত হইয়া বা কার্য্য করিতে থাকিয়া ইচ্ছাপূর্ব্বক ও প্রতারণা করিবার অভিপ্রায়ে যে কোন বহী, কাগজ, লিখন, মূল্যবান সিকুরিটী বা হিসাব তাহার নিযুক্তকারার অধিকারে বা নিকটে থাকে কিম্বা তাহার নিযুক্তকারীর জন্য বা নিযুক্তকারার পক্ষে পাইয়াছে তাহা নষ্ট করে, পরিবর্ত্তিত করে, অঙ্গহীন করে, বা মিথ্যা করিয়া লেখে, কিম্বা ইচ্ছাপূর্ব্বক এবং প্রতারণা করিবার অভিপ্রায়ে ঐরূপ কোন বহী, কাগজ, লিখন, মূল্যবান সিকুরিটী বা হিসাবের মধ্যে কিছু মিথ্যা করিয়া লেখে বা লিখন বিষয়ে সহায়তা করে কিম্বা উহা হইতে কোন প্রয়োজনীয় বিবরণ ছাড়িয়া দেয় কি উহাতে কোন প্রয়োজনীয় বিবরণ পরিবর্ত্তিত করে কিম্বা ছাড়িয়া দিবার বা পরিবর্ত্তিত করিবার বিষয়ে সহায়তা করে, তাহার সাত বৎসর পর্য্যন্ত কোন এক প্রকারের কারাদণ্ড কিম্বা অর্থদণ্ড কিম্বা উভয় দণ্ড হইবে।

"ব্যাখ্যা।—যে ব্যক্তি বিশেষকে প্রতারণা করিবার অভিপ্রায় থাকে তাহার নাম না করিয়া কিম্বা যে বিশেষ টাকাটা প্রতারণার বিষয়ীভূত হইবে বলিয়া অভিপ্রায় থাকে তাহার উল্লেখ না করিয়া কিম্বা যে বিশেষ দিবসে অপরাধ করা হইয়াছিল তাহার উল্লেখ না করিয়া প্রতারণা করিবার যে সাধারণ অভিপ্রায় আছে এই ধারামত কোন অভিযোগে ইহা বলিলেই যথেষ্ট হইবে।"

১৮৬৪ সালের ৬ আইন।

১৮৬৪ সালের ৬ আইনের ২,৩ এবং ৪ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

৫ ধারা। (কোন২ স্থলে কশাঘাত দণ্ডকরণের অনুমতি দিবার) ১৮৬৪ সালের ৬ আইনের ২,৩ ও ৪ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাগুলি বসাইতে হইবে অর্থাৎ :—

দণ্ডবিধির আইনের নির্দ্দিষ্ট অপর দণ্ডের পরিবর্ত্তে কশাঘাত দণ্ডে দণ্ডনীয় অপরাধের কথা।

"২ ধারা। যে কেহ নিম্নলিখিত অপরাধের মধ্যে কোন অপরাধ করে তাহার সেই অপরাধের নিমিত্ত ভারতবর্ষের দণ্ডবিধির আইনানুসারে যে দণ্ড হইতে পারে তাহাকে তাহার পরিবর্ত্তে কশাঘাত দণ্ডে দণ্ডিত করা যাইতে পারিবে, অর্থাৎ :—

ক পুঞ্জ।

(১) উক্ত আইনের ৩৭৮ ধারার নির্দ্দেশমতে চুরি করা।

(২) উক্ত আইনের ৩৮০ ধারার নির্দ্দেশমতে ঘরে কি তাম্বুতে কি জলযানে চুরি করা।

(৩) উক্ত আইনের ৩৮১ ধারার নির্দ্দেশমতে কেরাণীর কি চাকরের চুরি করা।

(৪) উক্ত আইনের ৩৮২ ধারার নির্দ্দেশমতে প্রাণনাশের কি পাড়া জন্মাইবার উদ্যোগ করিয়া চুরি করা।

খ পুঞ্জ।

(৫) উক্ত আইনের ৩৮৮ ধারার নির্দ্দেশমতে ভয় দেখাইয়া অপহরণ করা।

(৬) উক্ত আইনের ৩৮৯ ধারার নির্দ্দেশমতে অপহরণ করিবার জন্য কোন ব্যক্তিকে অপরাধের অভিযোগের ভয় দেখান।

গ পুঞ্জ।

(৭) উক্ত আইনের ৪১১ ধারার নির্দ্দেশমতে চোরা দ্রব্য কুটিলভাবে গ্রহণ করা।

(৮) উক্ত আইনের ৪১২ ধারার নির্দ্দেশমতে ডাকাইতিতে চোরা দ্রব্য কুটিলভাবে গ্রহণ করা।

ঘ পুঞ্জ।

(৯) এই ধারানুসারে কশাঘাত দণ্ডে দণ্ডনীয় কোন অপরাধ করণার্থ উক্ত আইনের ৪৪৩ ও ৪৪৫ ধারার নির্দ্দেশমতে লুক্কায়িতরূপে পরগৃহে অনধিকার প্রবেশ করা অথবা গৃহভেদ করা।

(১০) এই ধারানুসারে কশাঘাত দণ্ডে দণ্ডনীয় কোন অপরাধ করণার্থ উক্ত আইনের ৪৪৪ ও ৪৪৬ ধারার নির্দ্দেশমতে রাত্রিযোগে লুক্কায়িতরূপে পরগৃহে অনধিকার প্রবেশ করা বা রাত্রিযোগে গৃহভেদ করা।

২ ধারার লিখিত অপরাধ দ্বিতীয়বার নির্ণীত হইলে অপর দণ্ডের সহিত কশাঘাত দণ্ড যোগ করিতে পারিবার কথা।

"৩ ধারা। যাহার বিরুদ্ধে ঠিক পূর্ব্ববর্ত্তী ধারার বর্ণিত অপরাধের মধ্যে কোন একটী পূর্ব্বে নির্ণীত হইয়াছে তাহার বিরুদ্ধে যদি সেই অপরাধ কিম্বা সেই অপরাধপুঞ্জের অন্তর্গত কোন অপরাধ পুনরায় নির্ণীত হয় তাহা হইলে ভারতবর্ষের দণ্ডবিধির আইনানুসারে সেই অপরাধের জন্য তাহার অপর যে দণ্ড হইতে পারে তাহার পরিবর্ত্তে বা তাহার উপরে তাহার কশাঘাত দণ্ড হইতে পারিবে।

দ্বিতীয়বার অপরাধ নির্ণয়ের স্থলে অপর দণ্ডের উপর কশাঘাত দণ্ডে দণ্ডনীয় অপরাধের কথা।

"৪ ধারা। যাহার বিরুদ্ধে নিম্নলিখিত অপরাধগুলির মধ্যে কোন একটী অপরাধ পূর্ব্বে নির্ণীত হইয়াছে তাহার বিরুদ্ধে যদি সেই অপরাধ কিম্বা সেই অপরাধপুঞ্জের অন্তর্গত কোন অপরাধ পুনরায় নির্ণীত হয় তাহা হইলে ভারতবর্ষের দণ্ডবিধির আইনানুসারে তাহার অপর যে দণ্ড হইতে পারে তাহার উপরে তাহার কশাঘাত দণ্ড হইতে পারিবে, অর্থাৎ :—

ক পুঞ্জ।

"(১) ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৯৩ ধারানুসারে দণ্ডনীয় হইতে হয় এ প্রকারে মিথ্যা সাক্ষ্য দেওয়া বা প্রস্তুত করা।

(২) উক্ত আইনের ১৯৪ ধারার নির্দ্দেশমতে কোন ব্যক্তির প্রাণদণ্ডের অপরাধ নির্ণয় হয় এই অভিপ্রায়ে মিথ্যা সাক্ষ্য দেওয়া বা প্রস্তুত করা।

(৩) উক্ত আইনের ১৯৫ ধারার নির্দ্দেশমতে যে অপরাধের নিমিত্ত দ্বীপান্তর প্রেরণ কি কারাদণ্ড হইতে পারে কোন ব্যক্তির সেই অপরাধ নির্ণয় হয় এই অভিপ্রায়ে মিথ্যা সাক্ষ্য দেওয়া বা প্রস্তুত করা।

খ পুঞ্জ।

(৪) উক্ত আইনের ২১১ ও ৩৭৭ ধারার নির্দ্দেশমতে অস্বাভাবিক অভিগমন করিয়াছে বলিয়া কোন ব্যক্তির বিরুদ্ধে মিথ্যা অভিযোগ করা।

গ পুঞ্জ।

(৫) উক্ত আইনের ৩৫৪ ধারার নির্দ্দেশমতে কোন স্ত্রীলোকের লজ্জাশীলতার প্রতি অত্যাচার করিবার অভিপ্রায়ে তাহাকে আক্রমণ করা কি তাহার উপর অপরাধযুক্ত বল প্রকাশ করা।

(৬) উক্ত আইনের ৩৭৫ ধারার নির্দ্দেশমতে বলাৎকার করা।

(৭) উক্ত আইনের ৩৭৭ ধারার নির্দ্দেশমতে অস্বাভাবিক অভিগমন অপরাধ।

ঘ পুঞ্জ।

(৮) উক্ত আইনের ৩৯০ ও ৩৯১ ধারার নির্দ্দেশমতে দস্যুতা বা ডাকাইতি।

(৯) উক্ত আইনের ৩৯৩ ধারার নির্দ্দেশমতে দস্যুতা করিবার উদ্যোগ করা।

(১০) উক্ত আইনের ৩৯৪ ধারার নির্দ্দেশমতে দস্যুতা করিবার সময় ইচ্ছাপূর্ব্বক পীড়া দেওয়া।

ঙ পুঞ্জ।

(১১) উক্ত আইনের ৪১৩ ধারার নির্দ্দেশমতে চোরা দ্রব্য নিয়ত গ্রহণ করা বা নিয়ত চোরা দ্রব্যের ব্যবসা করা।

চ পুঞ্জ।

(১২) উক্ত আইনের ৪৬৩ ধারার নির্দ্দেশমতে জাল করা।

(১৩) উক্ত আইনের ৪৬৬ ধারার নির্দ্দেশমতে দলীল জাল করা।

(১৪) উক্ত আইনের ৪৬৭ ধারার নির্দ্দেশমতে দলীল জাল করা।

(১৫) উক্ত আইনের ৪৬৮ ধারার নির্দ্দেশমতে বঞ্চনা করিবার নিমিত্ত জাল করা।

(১৬) উক্ত আইনের ৪৬৯ ধারার নির্দ্দেশমতে কোন ব্যক্তির সুখ্যাতির হানি করিবার নিমিত্ত জাল করা

ছ পুঞ্জ।

(১৭) এই ধারানুসারে কশাঘাত দণ্ডে দণ্ডনীয় কোন অপরাধ করণার্থ উক্ত আইনের ৪৪৩ ও ৪৪৫ ধারার নির্দ্দেশমতে লুক্কায়িতরূপে পরগৃহে অনধিকার প্রবেশ করা অথবা গৃহভেদ করা।

(১৮) এই ধারানুসারে কশাঘাত দণ্ডে দণ্ডনীয় কোন অপরাধ করণার্থ উক্ত আইনের ৪৪৪ ও ৪৪৬ ধারার নির্দ্দেশমতে রাত্রিযোগে লুক্কায়িতরূপে পরগৃহে অনধিকার প্রবেশ করা বা রাত্রিযোগে গৃহভেদ করা।"

১৮৬৪ সালের ৬ আইনের ৫ ধারায় ব্যাখ্যা যোগ করিবার কথা।

৬ ধারা। ঐ আইনের ৫ ধারায় নিম্নলিখিত ব্যাখ্যাটী যোগ করিতে হইবে, অর্থাৎ :—

"ব্যাখ্যা।—এই ধারায় 'যুবা অপরাধী' এই শব্দদ্বয়ে যে অপরাধীর বয়স আদালতের বিবেচনায় ষোল বৎসরের কম তাহাকে বুঝাইবে। এই বিষয়ে আদালতের নিষ্পত্তিই চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবে।"

ভারতবর্ষের ডাকঘরের ১৮৬৬ সালের আইন।

১৮৬৬ সালের ১৪ আইনের ৬৫ ধারার পর নূতন ধারা যোগ করিবার কথা।

৭ ধারা। ভারতবর্ষের ডাকঘরের ১৮৬৬ সালের আইনের ৬৫ ধারার পর নিম্নলিখিত ধারাটী যোগ করিতে হইবে, অর্থাৎ :—

যে সকল দ্রব্যে কৃত্রিম বা পূর্ব্বে ব্যবহৃত ইষ্টাম্প থাকে তৎসম্বন্ধে পোষ্ট আপিসের ক্ষমতার কথা।

"৬৬ ধারা। (১) যদি বৃটিশ ভারতবর্ষের সীমার বহিঃস্থিত কোন স্থান হইতে ডাকে এমন কোন চিঠি বা অপর দ্রব্য প্রাপ্ত হওয়া যায়—

(ক) যাহাতে ডাকের কৃত্রিম ইষ্টাম্প, অর্থাৎ, কোন ডাকের ইষ্টাম্পের প্রতিরূপ বা অনুকরণ বা প্রতিকৃতি আছে, অথবা

(খ) যাহাতে এমন কোন ডাকের ইষ্টাম্পে ডাক মাসুল অগ্রিম প্রদত্ত হইয়াছে বলিয়া দৃষ্ট হয় অন্য কোন চিঠি বা দ্রব্যের ডাক মাসুল অগ্রিম দিবার নিমিত্ত যাহা পূর্ব্বে ব্যবহৃত হইয়াছে—

তাহা হইলে যে পোষ্ট আপিসে সেই চিঠি বা দ্রব্য প্রাপ্ত হওয়া যায় তাহার ভারপ্রাপ্ত কর্ম্মচারী ঐ চিঠি বা দ্রব্যে সম্বোধিত ব্যক্তিকে এই বলিয়া নুটীস প্রেরণ করিবেন যে ঐ চিঠি বা দ্রব্য গ্রহণ করিবার নিমিত্ত তিনি স্বয়ং বা এজেন্ট দ্বারা একটী নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ঐ পোষ্ট আপিসে উপস্থিত হইবেন।

(২) যদি সম্বোধিত ব্যক্তি কিম্বা তাঁহার এজেন্ট ঐ নুটীসের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে পোষ্ট আপিসে উপস্থিত হন এবং সেই আপিসের ভারপ্রাপ্ত কর্ম্মচারীকে ঐ চিঠি বা দ্রব্যের প্রেরকের নাম ও ঠিকানা

জানাইতে সম্মত হন এবং ঐ চিঠির বা দ্রব্যের যে অংশে ঠিকানা এবং কৃত্রিম বা পূর্ব্বে ব্যবহৃত ডাকের ইষ্টাম্প আছে তাহা অথবা ঐ চিঠি বা দ্রব্য হইতে ঐ ইষ্টাম্প যদি পৃথক করিতে পারা না যায় তবে সমস্ত চিঠি বা দ্রব্য ঐ কর্ম্মচারীকে পুনঃ প্রদান করিতে সম্মত হন তাহা হইলে তাহা সম্বোধিত ব্যক্তি বা তাঁহার এজেণ্টকে দেওয়া যাইবে।

(৩) যদি সম্বোধিত ব্যক্তি কিম্বা তাঁহার এজেণ্ট ঐ সূচীসের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ঐ পোষ্ট আপিসে উপস্থিত না হয়েন কিম্বা সেই সময়ের মধ্যে উপস্থিত হইয়া (২) প্রকরণের আদেশমতে ঐ চিঠি বা দ্রব্যের প্রেরকের নাম ও ঠিকানা জানাইতে অথবা ঐ দ্রব্য বা উহার অংশ পুনঃ প্রদান করিতে অস্বীকার করেন তাহা হইলে উহা তাঁহাকে দেওয়া হইবে না এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে প্রকার আদেশ করেন সেই প্রকারে উহার বিলিব্যবস্থা করা যাইবে।

(৪) এই ধারার প্রয়োজনার্থ 'ডাকের ইষ্টাম্প' বলিতে শ্রীশ্রীমতীর রাজ্যের কোন অংশের কিম্বা কোন ভিন্ন দেশের কোন ডাকমাশুলের হার বা ডাকমাশুল ব্যক্ত করিবার জন্য কোন ছাপিয়া দেওয়া, মুড়ি তুলিয়া দেওয়া, বা লাগাইয়া দেওয়া ইষ্টাম্পও বুঝাইবে।

জে, এম্, ম্যাকুফার্সন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

CHUNDER NATH BOSE,
Bengali Translator.

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইনটী ১৮৯৫ সালের ১লা মার্চ্চ তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক অনুমোদিত হওয়ায় সাধারণের অবগতির নিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত করা গেল।—

১৮৯৫ সালের ৮ আইন।

১৮৬১ সালের ৫ আইন (পুলীসের বিধান করিবার আইন) সংশোধন করণার্থ আইন।

যেহেতু ১৮৬১ সালের ৫ আইন (পুলীসের বিধান করিবার আইন) সংশোধন করা বিহিত; অতএব এতদ্দ্বারা নিম্নলিখিতমত বিধান করা গেল:—

১৮৬১ সালের ৫ আইনের অর্থকরণ বিষয়ক ১ ধারায় যোগ করিবার কথা।

১ ধারা। উক্ত আইনের ১ ধারায় "পুলিসের সাধারণ এলাকা" এই শব্দগুলির এবং "সম্পত্তি" এই শব্দটীর অর্থকরণের মধ্যে নিম্নলিখিত শব্দগুলি সন্নিবেশিত হইবে, অর্থাৎ:—

"'ডিষ্ট্রিক্ট সুপারিণ্টেণ্ডেণ্ট' এবং 'পুলীসের ডিষ্ট্রিক্ট সুপারিণ্টেণ্ডেণ্ট' এই শব্দগুলিতে স্থানীয় গবর্ণমেণ্টের সাধারণ বা বিশেষ হুকুমানুসারে যে কোন আসিষ্টাণ্ট ডিষ্ট্রিক্ট সুপারিণ্টেণ্ডেণ্ট বা অপর ব্যক্তি এই আইনানুসারে কোন ডিষ্ট্রিক্টে পুলিসের ডিষ্ট্রিক্ট সুপারিণ্টেণ্ডেণ্টের সমস্ত বা কোন কর্ত্তব্যকর্ম্ম নির্ব্বাহ করিতে নিযুক্ত হয়েন তাঁহাকেও বুঝাইবে।"

১৮৬১ সালের ৫ আইনের ৭ ধারায় ক্ষুদ্র দণ্ড সম্বন্ধে সংশোধন করিবার কথা।

২ ধারা। উক্ত আইনের ৭ ধারায় "কিম্বা পুলীসের যে কোন কর্ম্মকারক" এই শব্দগুলি হইতে আরম্ভ করিয়া ধারার শেষ পর্য্যন্ত যে শব্দগুলি আছে তাহার পরিবর্ত্তে নিম্নলিখিত শব্দগুলি বসাইতে হইবে, অর্থাৎ:—

'কিম্বা যে পুলিস কর্ম্মচারী অসাবধান হইয়া বা অবহেলা করিয়া আপন কর্ত্তব্যকর্ম্ম নির্ব্বাহ করিবেন অথবা যিনি নিজের কোন কার্য্যের দ্বারা আপনাকে উহার নির্ব্বাহের অনুপযুক্ত করিবেন তাঁহাকে নিম্নলিখিত দণ্ডের মধ্যে এক বা একাধিক দণ্ড দিতে পারিবেন, অর্থাৎ:—

(ক) এক মাসের বেতনের অধিক না হয় এমত টাকা জরিমানা।

(খ) দণ্ডস্বরূপ কাওয়াজ, অতিরিক্ত পাহারা, ক্লান্তিজনক শ্রম বা অপর কর্ত্তব্যকর্ম্মসহ বা ব্যতিরেকে ১৫ দিনের অনধিক কালের নিমিত্ত পুলীস বাড়ীর সীমার মধ্যে আবদ্ধ করিয়া রাখা।

(গ) সচ্চরিত্রের বেতন হইতে বঞ্চিত করা।

(ঘ) কোন সম্ভ্রমের বা বিশেষ লাভজনক পদ হইতে অপসৃত করা।

India Act VIII of 1895.—An Act to amend Act V of 1861 (an Act for the Regulation of Police).

৩ ধারা। উক্ত আইনের ৮ ধারার দ্বিতীয় পারাগ্রাফের পরিবর্ত্তে, অর্থাৎ যে পারাগ্রাফের প্রারম্ভে "ঐরূপ সার্টিফিকেট যাহার নামে লেখা থাকে" এই শব্দগুলি আছে এবং শেষে "তাঁহার হাতে দিতে হইবে" এই শব্দগুলি আছে সেই পারাগ্রাফের পরিবর্ত্তে নিম্নলিখিত শব্দগুলি বসাইতে হইবে, অর্থাৎ :—

সার্টিফিকেট ও স্থগিদকরণ সম্বন্ধে ১৮৬১ সালের ৫ আইনের ৮ ধারা সংশোধন করিবার কথা।

"ঐ সার্টিফিকেটের লিখিত ব্যক্তি যখন কোন কারণে আর পুলীস কর্ম্মচারী না থাকিবেন তখন ঐ সার্টিফিকেট আর কার্য্যকর থাকিবে না এবং তিনি যখন আর ঐরূপ কর্ম্মচারী না থাকেন তখন তিনি যে কর্ম্মচারিকে ঐ সার্টিফিকেট গ্রহণ করিবার ক্ষমতা দেওয়া যায় তাঁহাকে অবিলম্বে তাহা প্রত্যর্পণ করিবেন।

"কর্ম্ম হইতে স্থগিদ হইবার দরুণ কোন পুলীস কর্ম্মচারী যে আর পুলীস কর্ম্মচারী থাকিবেন না তাহা নহে। পুলীস কর্ম্মচারী বলিয়া তাঁহাতে যে সকল ক্ষমতা, কর্ম্ম ও অধিকার থাকে তাহা ঐরূপ স্থগিদ থাকিবার সময়ের মধ্যে স্থগিদ থাকিবে। কিন্তু স্থগিদ না হইলে তিনি যে সকল দায়িত্ব, শাসন ও দণ্ডের এবং কর্ত্তৃপক্ষের অধীন হইতেন সেই সকল দায়িত্ব, শাসন ও দণ্ডের এবং কর্ত্তৃপক্ষের অধীন থাকিবেন।"

৪ ধারা। উক্ত আইনের ১৫ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটী বসাইতে হইবে, অর্থাৎ :—

১৮৬১ সালের ৫ আইনের ১৫ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

"১৫ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতার অধীন কোন স্থানকে অশান্তিপূর্ণ বা বিপজ্জনক অবস্থায় দেখা গিয়াছে কিম্বা ঐ স্থানের অধিবাসীদিগের কিম্বা তাহাদের কোন শ্রেণী বা অংশের কার্য্য বিবেচনায় পুলীসের সংখ্যা বৃদ্ধি করা বিহিত রাজকীয় গেজেটে বিজ্ঞাপিত হইবে এরূপ ইস্তাহার দ্বারা এবং স্থানীয় গবর্ণমেণ্ট অপর যে প্রকার আদেশ করেন সেই প্রকারে এই কথা ব্যক্ত করা স্থানীয় গবর্ণমেণ্টের পক্ষে আইনসঙ্গত কার্য্য হইবে।

অশান্তিপূর্ণ বা বিপজ্জনক ডিষ্ট্রিক্টে অতিরিক্ত পুলীস মোতায়েন করিবার কথা।

"(২) তদনন্তর স্থানীয় গবর্ণমেণ্টের মঞ্জুরি লইয়া ঐ ইস্তাহারের উপরোক্তরূপে বর্ণিত স্থানে সাধারণ অবধারিত পরিমাণের উপর মোতায়েন করণার্থ কোন পুলীসদল নিযুক্ত করা পুলীসের ইন্সপেক্টর জেনরল বা স্থানীয় গবর্ণমেণ্ট হইতে এতৎপক্ষে ক্ষমতাপ্রাপ্ত অপর কর্ম্মচারির পক্ষে আইনসঙ্গত কার্য্য হইবে।

"(৩) এইরূপ অতিরিক্ত পুলীস দলের খরচ এই ধারার (৫) প্রকরণের বিধানের অধীনে ইস্তাহারের বর্ণিত এইরূপ স্থানের অধিবাসীদিগকে দিতে হইবে।

"(৪) যে সকল অধিবাসী উপরোক্তমতে এই খরচ দিতে দায়ী এবং ঠিক পরবর্ত্তী প্রকরণানুসারে যাহাদিগকে অব্যাহতি দেওয়া না হইবে ডিষ্ট্রিক্ট মাজিষ্ট্রেট যেরূপ তদন্ত আবশ্যক বিবেচনা করেন সেইরূপ তদন্ত করিবার পর এই খরচ সেই সকল অধিবাসীদিগের মধ্যে বণ্টন করিয়া দিবেন। ঐ স্থানের মধ্যে ঐ সকল অধিবাসীদিগের মধ্যে কাহার কত সঙ্গতি এ বিষয়ে মাজিষ্ট্রেটের যে রূপ বিবেচনা তদনুসারে এই বণ্টন-কার্য্য করা হইবে।

"(৫) কোন ব্যক্তিবর্গকে কিম্বা ঐ সকল অধিবাসীদিগের মধ্যে কোন শ্রেণী বা অংশকে আদেশ দ্বারা এই খরচের কোন অংশ দিবার দায় হইতে অব্যাহতি দেওয়া স্থানীয় গবর্ণমেণ্টের পক্ষে আইনসঙ্গত কার্য্য হইবে।

"(৬) এই ধারার (১) প্রকরণানুসারে প্রচারিত ইস্তাহার কত সময়ের নিমিত্ত প্রবল থাকিবে ঐরূপ প্রত্যেক ইস্তাহারে তাহা লিখিত হইবে। কিন্তু স্থানীয় গবর্ণমেণ্ট স্থলভেদে যে রূপ আদেশ করা উপযুক্ত বিবেচনা করেন তদনুসারে ঐ ইস্তাহার যে কোন সময়ে উঠাইয়া লওয়া যাইতে পারিবে অথবা সময়ে সময়ে আরও অধিক সময়ের নিমিত্ত প্রবল রাখিয়া দেওয়া যাইতে পারিবে।

"ব্যাখ্যা।—যে সকল ব্যক্তি স্বয়ং কিম্বা তাঁহাদের এজেণ্ট বা চাকরের দ্বারা ঐ স্থানের মধ্যে ভূমি বা অপর স্থাবর সম্পত্তি দখল করেন বা রাখেন এবং যে সকল ভূম্যধিকারী স্বয়ং বা তাঁহাদের এজেণ্ট বা চাকরের দ্বারা ঐ স্থানে সাক্ষাৎ সম্বন্ধে রায়ত বা দখীলকারদিগের নিকট হইতে খাজানা আদায় করেন তাঁহারা প্রকৃত পক্ষে তন্মধ্যে বাস না করিলেও এই ধারার প্রয়োজনার্থ 'অধিবাসী' বলিতে তাঁহাদিগকেও বুঝাইবে।"

৫ ধারা। উক্ত আইনের ১৫ ধারার পর নিম্নলিখিত ধারাটী সন্নিবেশিত হইবে, অর্থাৎ :—

১৮৬১ সালের ৫ আইনের ১৫ ধারার পর নূতন ধারা যোগ করিবার কথা।

১৫ ক ধারা। (১) যে স্থান সম্বন্ধে ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে বিজ্ঞাপিত কোন ইস্তাহার প্রবল আছে যদি সেই স্থানের অধিবাসীদিগের কিম্বা তাহাদের কোন শ্রেণী বা অংশের দুষ্কর্ম্ম দ্বারা বা হইতে সেই স্থানে মৃত্যু, গুরুতর আঘাত বা সম্পত্তির নাশ বা ক্ষতি ঘটিয়া থাকে বা উপস্থিত হইয়া থাকে তাহা হইলে সেই স্থানের অধিবাসী এমন যে ব্যক্তি সেই দুষ্কর্ম্ম হইতে ক্ষতিগ্রস্ত হইয়াছেন বলিয়া দাবী করেন যে ডিষ্ট্রিক্টের মধ্যে অথবা কোন ডিষ্ট্রিক্টের যে মহকুমার মধ্যে সেই স্থান অবস্থিত ক্ষতির তারিখ হইতে এক মাসের মধ্যে কিম্বা তদপেক্ষা যে কম সময় নির্দ্দিষ্ট হয় তাহার মধ্যে তথাকার মাজিষ্ট্রেটের নিকট ক্ষতিপূরণের নিমিত্ত দরখাস্ত করা সেই ব্যক্তির পক্ষে আইনসঙ্গত কার্য্য হইবে।

অধিবাসীদিগের কিম্বা ভূমিতে স্বার্থবিশিষ্ট ব্যক্তিদিগের দুষ্কর্ম্মের জন্য যাহারা ক্ষতিগ্রস্ত হয় তাহাদিগকে ক্ষতিপূরণ দিবার কথা।

"(২) তদনন্তর ডিষ্ট্রিক্ট মাজিষ্ট্রেট যেরূপ তদন্ত আবশ্যক বিবেচনা করেন সেই রূপ তদন্তের পর স্থানীয় গবর্ণমেণ্টের মঞ্জুরী লইয়া ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে সেই স্থানে কোন অতিরিক্ত পুলীসদল মোতায়েন হইয়া থাকুক বা নাই থাকুক,—

(ক) সেই দুষ্কর্ম্ম দ্বারা বা হইতে যে সকল ব্যক্তির ক্ষতি ঘটে বা উপস্থিত হয় তাহাদের নাম ব্যক্ত করা ;

(খ) সেই সকল ব্যক্তিকে যে পরিমাণ ক্ষতিপূরণ দিতে হইবে এবং তাহা যে প্রকারে তাহাদের মধ্যে বণ্টন করিয়া দিতে হইবে তাহা ধার্য্য করা ; এবং

(গ) দরখাস্তকারী হইতে ভিন্ন সেই স্থানের যে সকল অধিবাসীকে ঠিক পরবর্ত্তী প্রকরণানুসারে দিবার দায় হইতে অব্যাহতি দেওয়া না হইবে তাহাদের দ্বারা যে অনুপাতে ঐ ক্ষতিপূরণ প্রদত্ত হইবে তাহা ধার্য্য করা—

ডিষ্ট্রিক্ট মাজিষ্ট্রেটের পক্ষে আইন সঙ্গত কার্য্য হইবে।

"কিন্তু মাজিষ্ট্রেট যদি এরূপ বিবেচনা না করেন যে উপরোক্তমত ক্ষতি সেই স্থানের মধ্যে কোন দাঙ্গা বা বে-আইনী জনতা হইতে উপস্থিত হইয়াছে এবং যে ব্যক্তি ক্ষতিগ্রস্থ হইয়াছেন তিনি স্বয়ং যে সকল ঘটনার দরুণ ঐ ক্ষতি হইয়াছে তৎসম্বন্ধে নির্দ্দোষ ছিলেন তাহা হইলে তিনি এই প্রকরণানুসারে নাম ব্যক্ত বা অনুপাত ধার্য্য করিবেন না।

"(৩) কোন ব্যক্তিবর্গকে কিম্বা ঐ সকল অধিবাসীদিগের মধ্যে কোন শ্রেণী বা অংশকে আদেশ দ্বারা এই ক্ষতিপূরণের কোন অংশ দিবার দায় হইতে অব্যাহতি দেওয়া স্থানীয় গবর্ণমেণ্টের পক্ষে আইনসঙ্গত কার্য্য হইবে।

"(৪) ডিষ্ট্রিক্ট মাজিষ্ট্রেট কর্ত্তৃক (২) প্রকরণানুসারে নাম ব্যক্তকরণ বা অনুপাত ধার্য্যকরণ বা আদেশ প্রদানকরণ বিভাগীয় কমিশনরের বা স্থানীয় গবর্ণমেণ্টের পুনরালোচনার অধীন হইবে কিন্তু উপরোক্ত মত স্থল ভিন্ন অপর স্থলে চূড়ান্ত হইবে।

"(৫) যে ক্ষতির জন্য এই ধারানুসারে ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে তৎসম্বন্ধে কোন দেওয়ানী মোকদ্দমা চলিতে পারিবে না।

"(৬) ব্যাখ্যা।—ঠিক পূর্ব্ববর্ত্তী ধারায় 'অধিবাসী' শব্দের যে অর্থ এই ধারাতেও উহার সেই অর্থ।"

১৮৬১ সালের ৫ আইনের ১৬ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

৬ ধারা। উক্ত আইনের ১৬ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটী বসাইতে হইবে, অর্থাৎ :—

১৩, ১৪, ১৫ ও ১৫ক ধারানুসারে দেয় টাকা আদায় করিবার কথা এবং আদায় হইলে তাহার বিলি ব্যবস্থার কথা।

"১৬ ধারা। (১) ১৩, ১৪, ১৫ ও ১৫ক ধারানুসারে দেয় সমস্ত টাকা ডিষ্ট্রিক্ট মাজিষ্ট্রেটের দ্বারা জরিমানার টাকা আদায়ের নিমিত্ত ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৮২ সালের আইনের ৩৮৬ ও ৩৮৭ ধারার ব্যবস্থিত প্রণালীতে কিম্বা কোন উপযুক্ত আদালতে মোকদ্দমা করিয়া আদায় করা যাইতে পারিবে।

"(২) ১৩, ১৪ ও ১৫ ধারানুসারে যে সমস্ত টাকা দেওয়া বা আদায় করা হয় তাহা 'সাধারণ পুলীস ফণ্ড' বলিয়া যে ফণ্ড অভিহিত হইবে তাহাতে জমা দেওয়া হইবে এবং স্থানীয় গবর্ণমেণ্ট যেরূপ আদেশ দিবেন সেই রূপ আদেশানুসারে পুলীসের দল সংরক্ষণে প্রযুক্ত হইবে।

"(৩) ১৫ক ধারানুসারে যে সমস্ত টাকা দেওয়া বা আদায় করা হয় তাহা ঐ ধারানুসারে যে সকল ব্যক্তিকে এবং যে অনুপাতে দেয় ডিষ্ট্রিক্ট মাজিষ্ট্রেট কর্ত্তৃক সেই সকল ব্যক্তিকে এবং সেই অনুপাতে প্রদত্ত হইবে।"

১৮৬১ সালের ৫ আইনের ২৬ ধারায় যোগ করিবার কথা।

৭ ধারা। উক্ত আইনের ২৬ ধারায় নিম্নলিখিত প্রকরণটী যোগ করিতে হইবে, অর্থাৎ :—

"(২) ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৮২ সালের আইনের ৫২৫ ধারার বিধান এই ধারার উল্লেখিত সম্পত্তি সম্বন্ধে খাটিতে পারিবে।"

১৮৬১ সালের ৫ আইনের ২৭ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

৮ ধারা। উক্ত আইনের ২৭ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটী বসাইতে হইবে, অর্থাৎ :—

দাবীদার উপস্থিত না হইলে সম্পত্তি জব্দ হইবার কথা।

"২৭ ধারা। (১) যে সময় দেওয়া যায় যদি কোন ব্যক্তি তাহার মধ্যে ঐ সম্পত্তি অথবা উহা নিলাম হইলে উহার নিলামলব্ধ টাকার দাবী না করেন তাহা হইলে ঐ সম্পত্তি যদি ঠিক পূর্ব্ববর্ত্তী ধারার (২) প্রকরণানুসারে পূর্ব্বেই নিলাম হইয়া না থাকে তবে ডিষ্ট্রিক্ট মাজিষ্ট্রেটের আদেশানুসারে উহার নিলাম করা যাইতে পারিবে।

(২) পূর্ব্ববর্ত্তী প্রকরণানুসারে নিলাম হওয়া সম্পত্তির যে নিলামলব্ধ টাকায় এবং ২৬ ধারানুসারে নিলাম হওয়া সম্পত্তির যে নিলামলব্ধ টাকায় কোন দাবী সাব্যস্ত করা হয় নাই গবর্ণমেণ্ট তাহার বিলি ব্যবস্থা করিবেন।"

বিদায়কাল অতিক্রম করিয়া থাকা সম্বন্ধে ১৮৬১ সালের ৫ আইনের ২৯ ধারায় যোগ করিবার কথা।

৯ ধারা। উক্ত আইনের ২৯ ধারায় "আপন পদের কর্ম্মত্যাগ করে" এই শব্দগুলির পর নিম্নলিখিত শব্দগুলি যোগ করিতে হইবে, অর্থাৎ :—

"কিম্বা বিদায় হইয়া অনুপস্থিত থাকিয়া যুক্তিযুক্ত কারণ ব্যতীত ঐ বিদায়ান্তে কর্ত্তব্যকর্ম্ম করিবার জন্য উপস্থিত বলিয়া আপনাকে রিপোর্ট করিতে ত্রুটি করে,"।

১০ ধারা। উক্ত আইনের ৩০ ধারার পরিবর্তে নিম্নলিখিত ধারাটী বসাইতে হইবে, অর্থাৎ :—

১৮৬১ সালের ৫ আইনের ৩০ ধারার পরিবর্তে নূতন ধারা বসাইবার কথা।

"৩০ ধারা। (১) প্রকাশ্য রাস্তার উপর কিম্বা প্রকাশ্য ষ্ট্রীটে বা অবারিত পথে সমস্ত জনতা ও লোকযাত্রা কিরূপে পরিচালিত হইবে পুলীসের ডিষ্ট্রিক্ট সুপারিণ্টেণ্ডেণ্ট কিম্বা আসিষ্টাণ্ট ডিষ্ট্রিক্ট সুপারিণ্টেণ্ডেণ্ট প্রয়োজনমতে তৎসম্বন্ধে আদেশ দিতে পারিবেন এবং ঐরূপ লোকযাত্রা যে সকল পথ দিয়া এবং যে যে সময়ে যাইতে পারিবে পুলীসের ডিষ্ট্রিক্ট সুপারিণ্টেণ্ডেণ্ট কিম্বা আসিষ্টাণ্ট ডিষ্ট্রিক্ট সুপারিণ্টেণ্ডেণ্ট তাহা নির্দ্দেশ করিতে পারিবেন।

প্রকাশ্য জনতা ও লোকযাত্রা সম্বন্ধে ব্যবস্থা করিবার এবং উহার জন্য লাইসেন্স দিবার কথা।

"(২) তাঁহার যদি এরূপ প্রতীতি হয় যে কোন ব্যক্তিবর্গ বা ব্যক্তির শ্রেণী ঐরূপ কোন রাস্তায় বা ষ্ট্রীটে বা অবারিত পথে এমন একটী জনতা আহ্বান বা সমবেত করিবার কিম্বা এমন একটী লোকযাত্রা গঠিত করিবার অভিপ্রায় রাখেন যাহা নিয়ন্ত্রিত না হইলে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের কিম্বা কোন ডিষ্ট্রিক্টের মহকুমার ম্যাজিষ্ট্রেটের মতে সম্ভবতঃ শান্তিভঙ্গ করিবে তাহা হইলে তিনি সাধারণ বা বিশেষ আদেশ দিয়া এরূপ আদেশও করিতে পারিবেন যে, যে সকল ব্যক্তি ঐরূপ জনতা আহ্বান বা সমবেত করিতেছেন বা ঐরূপ লোকযাত্রা পরিচালিত বা উহার বন্দোবস্তাদি করিতেছেন তাঁহারা লাইসেন্সের নিমিত্ত দরখাস্ত করিবেন।

"(৩) এইরূপ দরখাস্ত করা হইলে তিনি লাইসেন্স দিতে পারিবেন এবং সেই লাইসেন্সে লাইসেন্স গৃহীতাদিগের নাম লিখিত হইবে এবং কেবল মাত্র যে সকল নিয়মে ঐরূপ জনতা বা ঐরূপ লোকযাত্রা হইতে দেওয়া যাইবে তাহা নির্দ্দেশ করা যাইবে এবং অন্য রকমে এই ধারা কার্য্যে পরিণত করা যাইবে। কিন্তু এইরূপে কোন লাইসেন্সের দরখাস্তে বা এইরূপ কোন লাইসেন্স দিবার জন্য কোন ফী লওয়া হইবে না।

"(৪) উৎসবাদি উপলক্ষে ষ্ট্রীটে কি পরিমাণ বাদ্যোদ্যম করিতে দেওয়া যাইতে পারিবে তিনি তাহারও ব্যবস্থা করিতে পারিবেন।"

১১ ধারা। উক্ত আইনের ৩০ ধারার পর নিম্নলিখিত ধারাটী সন্নিবেশিত হইবে, অর্থাৎ :—

১৮৬১ সালের ৫ আইনের ৩০ ধারার পরে নূতন ধারা যোগ করিবার কথা।

"৩০ ক ধারা। (১) যে কোন ম্যাজিষ্ট্রেট বা পুলীসের ডিষ্ট্রিক্ট সুপারিণ্টেণ্ডেণ্ট বা পুলীসের আসিষ্টাণ্ট ডিষ্ট্রিক্ট সুপারিণ্টেণ্ডেণ্ট বা পুলীসের ইন্‌স্পেক্টরের বা কোন ষ্টেশনে ভারপ্রাপ্ত কোন পুলীস কর্ম্মচারী যে লোকযাত্রা ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে প্রদত্ত লাইসেন্সের নিয়ম ভঙ্গ করে সেই লোকযাত্রা থামাইতে পারিবেন এবং উহাকে অথবা যে জনতা উপরোক্তমত কোন নিয়ম ভঙ্গ করে তাহাকে ভাঙ্গিয়া যাইবার আদেশ করিতে পারিবেন।

যে সকল জনতা ও লোকযাত্রা লাইসেন্সের নিয়ম ভঙ্গ করে তাহাদের সম্বন্ধে ক্ষমতার কথা।

"(২) যে লোকযাত্রা বা জনতা ঠিক পূর্ব্ববর্ত্তী প্রকরণানুসারে প্রদত্ত কোন আদেশ মান্য করিতে অবহেলা বা অমান্য করে তাহাকে বেআইনী জনতা বলিয়া বিবেচনা করা যাইবে।"

১২ ধারা। উক্ত আইনের ৩২ ধারায় যে স্থানে "দুই" শব্দ প্রথম দৃষ্ট হয় তথায় উহার পরিবর্তে "তিন" শব্দ এবং উক্ত আইনের ৩৩ ধারায় "তিন" শব্দের পরিবর্তে "চারি" শব্দ বসাইতে হইবে।

১৮৬১ সালের ৫ আইনের ৩২ ও ৩৩ ধারা সংশোধন করিবার কথা।

১৩ ধারা। উক্ত আইনের ৩৪ ধারায় "কোন রাস্তায় কি" এই শব্দগুলির পর "কোন খোলা জায়গায় কি" এই শব্দগুলি সন্নিবেশিত হইবে।

১৮৬১ সালের ৫ আইনের ৩৪ ধারা সংশোধন করিবার কথা।

১৪ ধারা। উক্ত আইনের ৩৭, ৩৮, ৩৯ ও ৪০ ধারার পরিবর্তে নিম্নলিখিত ধারাটী বসাইতে হইবে, অর্থাৎ:—

১৮৬১ সালের ৫ আইনের ৩৭, ৩৮, ৩৯ ও ৪০ ধারার পরিবর্তে নূতন ধারা বসাইবার কথা।

"৩৭ ধারা। ম্যাজিষ্ট্রেটের সমক্ষে অপরাধ নির্ণয় হইলে এই আইনানুসারে যে সকল দণ্ড ও জরিমানা করা যায় তৎসম্বন্ধে জরিমানা বিষয়ক ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৬৪ হইতে ৭০ পর্য্যন্ত ধারার বিধান এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৮২ সালের আইনের ৩৮৬ হইতে ৩৮৯ পর্য্যন্ত ধারার বিধান খাটিবে।

ম্যাজিষ্ট্রেটদিগের কৃত দণ্ড ও জরিমানার টাকা আদায় করিবার কথা।

কিন্তু প্রথমোক্ত আইনের ৬৫ ধারায় যাহা কিছু আছে তাহা সত্ত্বেও যে ব্যক্তির বিরুদ্ধে এই আইনের ৩৪ ধারানুসারে জরিমানা দণ্ডের আজ্ঞা হয় ঐ জরিমানা দেওয়া না হইলে তাহাকে আট দিনের অনধিক কালের নিমিত্ত কারারুদ্ধ করা যাইতে পারিবে।"

১৫ ধারা। উক্ত আইনের ৪৬ ধারার পরিবর্তে নিম্নলিখিত ধারাটী বসাইতে হইবে, অর্থাৎ :—

১৮৬১ সালের ৫ আইনের ৪৬ ধারার পরিবর্তে নূতন ধারা বসাইবার কথা।

"৪৬ ধারা। (১) এই আইন ইহার আপন কার্য্যকারিতার বলে কোন প্রেসিডেন্সি, প্রদেশ বা স্থানে প্রবল হইবে না। কিন্তু ইণ্ডিয়া গেজেটে প্রকাশিত করিতে হইবে এমন একটি আদেশ দ্বারা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই আইনের সমস্ত বা কোন অংশ কোন প্রেসিডেন্সি,

এই আইনের অধিকারের কথা।

প্রদেশে বা স্থানে ব্যাপ্ত করিয়া দিতে পারিবেন এবং তখন এই আইনের সমস্ত অথবা ইহার যে অংশ সেই আদেশে নির্দ্দিষ্ট হয় তাহা সেই প্রেসিডেন্সি, প্রদেশ বা স্থানে বলবৎ হইবে।

(২) এই আইনের সমস্ত বা কোন অংশ এইরূপে ব্যাপ্ত করিয়া দেওয়া হইলে পর স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে সময়ে রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া—

(ক) মাজিষ্ট্রেট ও পুলিস কর্ম্মচারীদিগের উপর এই আইন দ্বারা বা এই আইন অনুসারে যে কোন কর্ত্তব্যকর্ম্মের ভার স্থাপিত হইল তাহার সম্পাদনে তাঁহারা যে কার্য্যপ্রণালী অনুসরণ করিবেন তাহা ব্যবস্থিত করণার্থ;

(খ) যে সময়ের মধ্যে এবং যে প্রকারে ও নিয়মে ১৫ ক ধারানুসারে ক্ষতিপূরণের দাবী করিতে হইবে, ঐ সকল দাবীতে যে সকল বিবরণ লিখিতে হইবে, ঐ সকল দাবী যে প্রকারে সত্যপাঠযুক্ত করিতে হইবে এবং উহার দরুণ (স্থানীয় তদন্ত আবশ্যক হইলে তাহা সুদ্ধ) যে সকল কার্য্যানুষ্ঠান করিতে হইবে তাহা নির্দ্দেশ করণার্থ; এবং

(গ) সাধারণতঃ এই আইনের বিধান সকল কার্য্যে পরিণত করণার্থ—

এই আইনের সহিত সঙ্গত হয় এমন বিধি প্রণয়ন করিতে পারিবেন।

"(৩) স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে সময়ে এই আইনানুসারে প্রণীত সমস্ত বিধি সংশোধন করিতে, বাড়াইতে ও রদ করিতে পারিবেন।"

১৮৬১ সালের ৫ আইনের ৪৬ ধারানুসারে ইতিপূর্ব্বে যে সকল আদেশ দেওয়া হইয়াছে তাহা বাঁচাইবার কথা।

১৬ ধারা। যে সকল আদেশ উক্ত আইনের ৪৬ ধারানুসারে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব বা স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক ইতিপূর্ব্বে প্রদত্ত হইয়াছে তাহা যতদূর সম্ভব ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে তৎপরিবর্ত্তে সন্নিবিষ্ট নূতন ধারানুসারে প্রদত্ত হইয়াছে বলিয়া বিবেচিত হইবে।

জে, এম্, ম্যাক্‌ফার্সন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

CHUNDER NATH BOSE,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MARCH 26, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ২৬ মার্চ্চ।

PART VIII.

ADVERTISEMENT.

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

জিলা মেদিনীপুর।

জমিদারি বিক্রয়ের বিজ্ঞাপন ক।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে মেদিনীপুর জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি এবং মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী আইনানুসারে বাকী রাজস্বের ন্যায় আদায়ের যোগ্য তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৫। ২৭ শে মার্চ তারিখে নিলামে বিক্রয় করা যাইবে।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
তৌজীর নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।	মন্তব্য।
৮০	পং ময়নাচোর মহাল আনখুয়াচক দক্ষিণ ওঃ দক্ষিণ আনখুয়া থানা সবজ।	৮৭৩৮/৬	সম্পূর্ণ	......	দীননাথ মুখোপাধ্যায় দিগর ...	৩০২৲	......	......	......
১৪৩	পং সবজ মাং বহবলপুর থানা সবজ পাঁশকূড়া।	২৬৯৮৶১	......	এজমালি অংশ— মহালের রকম ৶২॥০ মৌজে কেল্যাড়া রঃ ।।০ ,, মোহাড় রঃ ।৶০ ,, বিহারি চক রঃ ।৶০ ,, ঝাপড় আড়া রঃ ।৶০ ,, গোবিন্দপুর রঃ ॥০ ,, বাশবনি রঃ ॥০ ,, কশবা বলরামপুর রঃ ॥০ ,, টুকুরিয়া রঃ ॥০ ,, ঘৃজাপুর রঃ ॥০ ,, বহবলপুর রঃ ॥০ ,, বাগমারি রঃ ॥০ ,, বাসুদেবপুর রঃ ॥০ আনা বাদে মহালের অবশিষ্ট অংশ	রাজকৃষ্ণ দে দিং ...	১২৫৯৶২	......	১৬৲২	......

১৯৪	পং শীপুর মাং বোল-কুশদা থানা এগরা	৮৫৪।৶১	……	এজমালি অংশ— মৌজে মুরারি চক ১ ,, গোপিনাথ চক ১ ,, বেহারিপুর ১ ,, চাউলদা ১ ,, রঘুনাথপুর ।।৶০ ,, খুরুটিয়া ।৶৮ ,, বোলকুশদা ।।০ ,, আস্তি ।।০ ,, চিরুলিয়া ।।০ ,, কাশিয়ালি ।।০ আনা বাদে মহলের অবশিষ্ট অংশ	তারাপ্রসাদ মহাপাত্র দিং …	৫৮৬।।৶১১	……	৩৭৸৶৯	……
৫০৪	পং কিং কাশীযোড়া মাং গোপালনগর থানা পাঁশকুড়া।	১৫১১৻৯	……	এজমালি অংশ— মহালের রকম ।।৶১৩।—	উপেন্দ্র নাথ ও নরেন্দ্র নাথ জানা দিং।	১০০৭।৴১০	……	২৬০।২	……
৬৻৯	পং ময়নাচোর মাং আনখা পুর্ব্ব থানা তমলুক।	১০০১।৶২	……	এজমালি অংশ— মহালের রকম ।।০ আনা	গঙ্গানারাণ মাইতি …	৫০০।।৶৭	……	১৭৩৴১	……
৯০৪	পং চন্দ্রকোণা মাং কুলদহ থানা চন্দ্র-কোণা।	১০৭৮৪।৶২	……	১ নং পৃথক হিসাব— মহালের রকম ।৫।—	দীনবন্ধু রায় স্বয়ং অলি খুল্লতাত অক্ষয়চন্দ্র রায় ও অখিল চন্দ্র রায় নাবালক ও হরিনারায়ণ রায় দিং।	২৮৭৫৸৴৮	……	১৮৮।৯	……
৯০৯	পং শীপুর মাং নেগুয়া থানা এগরা।	২৬১৯।৴৩	……	এজমালি অংশ— মৌজে বহলিয়া ।।৶০ ,, খুকটিয়া ৸৴০ ,, জাগুলিয়া ৸৴০ ,, মাধবচন্দ্র চক ওঃ তাহালিয়া ৸৴০ ,, সীপুর বাড় ৸৴০ ,, আকবরপুর ৸৴০ ,, খুদিকুল ।।৶০	শ্রীনাথ চন্দ্র পাহাড়ি দিং …	১৬১৯।৶০	……	৬২।।৴৯	……

১	২	৩	৪	৫		৬	৭	৮	৯	১০
তৌজীর নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐং অংশের বিশেষ বিবরণ।		যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।	মন্তব্য।
				মৌজে বরন্দিয়া	॥৶০					
				,, কৃষ্ণপুর	॥৶০					
				,, গোবরাচক	৶০					
				,, দুবদা	॥৶০					
				,, দুবদা বাটীটাকি	॥৶০					
				,, কুণ্ডরপুর	॥৶০					
				,, টাকাপুর	॥৶০					
				,, খাগদা	॥৶০					
				,, সাতখণ্ড	॥৶০					
				,, পাঁচরোল	।০					
				,, কাহ্ন গোবাড়	।০					
				,, কাহ্নপ্রজাপতি কিং	।০					
				,, আওলদা ওঃ গোলা	॥০					
				,, গোপালপুর	॥১৫					
				,, বৃন্দাবনপুর	॥০					
				,, ধুণ্ডরদা	॥০					
				,, নেগুয়া	॥১৫					
				,, গোদাই চক	॥০					
				,, চাউলদা	॥১৫					
৯৬০	পং সবজ মাং মোহাড় থানা সবজ।	১৩০২৴০	সম্পূর্ণ	......		দর্প নারায়ণ মণ্ডল দিং ...	......	২২২॥৶০	......	......
১১৯২	পং কিং ময়নাচোর মাং পুতপুত্যা থানা তমলুক।	২৭১৮৶৯	সম্পূর্ণ	......		শ্যামচাঁদ সিংহ ...	......	৯৩৩৶৫	.....	......

১২৪১	পং সবঙ্গ মাং রাগপুর থানা সবঙ্গ।	১১৩৬ৢ	সম্পূর্ণ	......	অখিলচন্দ্র রায় ...	......	২৬৯।৵২	......	......
১৪৭২	পং সবঙ্গ মাং তুজর ওঃ তুলসীচক থানা সবঙ্গ।	১২৫৬৸/৬	......	এজমালি অংশ— মৌজে টুঙ্গুর রকম ॥৵০ ,, পাইকচক ১ ,, সুরত চক ১ ,, বলিশ্বরপুর ॥৵৮ পাই	লালচাঁদ হাজরা দিং ...	৭৭৬/৬	......	৩১৶২	......
১৫২৬	পং কাশীযোড়া মাং ক্ষেত্রহাট থানা পাশকুড়া।	৮৯৮॥৵০	সম্পূর্ণ	......	ফকিরচন্দ্র রায় ...	......	৩০৮৸৵০	......	....

নিয়াদি মহাল।

১০৩	পং পটাশপুর মাং মঙ্গলপুর থানা পটাশপুর।	২০৬৮।৴০	......	১ নং পৃথক হিসাব— মহালের রকম ।১।—	কাশীনাথ মিত্র চৌধুরী দিগর ...	৫২৫৸৶৮	......	৪৫।৶৮	......

টীকা।—যে স্থলে উপরের লিখিত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ইহা বুঝিতে হইবে যে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব বাধা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্য অংশ বিক্রয় হয় না।

MIDNAPORE COLLECTORATE,
The 16th February 1895

C. H. BOMPAS,
for Collector.

জিলা চট্টগ্রাম।

ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জিলে চট্টগ্রাম।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৬৮ সালের ৭ আইন ও ১৮৭১ সালের ২ আইনের বিধানমতে ও ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নলিখিত তালুকা সমস্ত ১৮৯৪ ইংরেজির ২৬শে ডিসেম্বর সূর্য্যাস্ত পর্য্যন্ত বাকী পড়া রাজস্ব ও রোডছেচ আদায়ের নিমিত্ত ১৮৯৫ ইংরেজির ২৬শে মার্চ মোতাবেক ১৩০১ বাঙ্গলা তারিখ ১৩ চৈত্র রোজ মঙ্গলবার জিলে চট্টগ্রাম কালেক্টরী কাছারিতে বিনা ওজরে প্রকাশ্য নিলামে ধরা যাইবেক ইতি সন ১৮৯৫ ইংরেজি ৪ ফেব্রুয়ারি।

তালুকার নম্বর।	তালুকার নাম।	মালিকের নাম।	সদর জমা।		বাকী।		
			খাজানা।	ছেচ।	খাজানা।	ছেচ।	মোট।
৩৩ / ৯৯	থানে রাঙ্গু মৌজে পাতিলি মাছুয়াখালি মহল নওয়াবাদ। তালুক হারি সিকদার...	দেবীচরণ মহাজন পিং পেটান মহাজন সাকিন পাতলি মাছুয়াখালি।	৯৭৯৸৵০	১০৪॥৬	১১৩৸৶৬	......	১১৩৸৶৬
৩৪ / ১০১	থানে রাঙ্গু মৌজে পাতিলি মাছুয়াখালি মহল নওয়াবাদ। তালুক সামদ আলি ...	উজির আলি পিং আনোয়ার আলি চৌং সাকিন পাতলি মাছুয়াখালি।	৫১২৸০	১১০৷৵০	১২৮৶০	৩৬॥৶৬	১৬৪৸৵৬
৫১ / ১২১	থানে রাঙ্গু মৌজে খরুলিয়া মহল নওয়াবাদ। তালুক খয়রুল্লা ...	মকবুল আলি চৌং পিং হাব্বান আলি চৌং সাকিন পাতলি মাছুয়াখালি।	৬৭৬৷৵০	৬৯৸০	৭৪৴৬	......	৭৪৴৬
৫২ / ১২২	থানে রাঙ্গু মৌজে খরুলিয়া মহল নওয়াবাদ। তালুক বকশ্বা আলি ...	মহব্বত আলি চৌং পিং আজগর আলি চৌং সাকিন জলদী।	৬৮৮॥৴০	৯২॥৬	৮২৵৬	......	৮২৵৬
৬৩ / ১৩৮	থানে রাঙ্গু মৌজে চাকমারকুল মহল নওয়াবাদ। তালুক কালু কমর আলি	রামদাস বহদ্দার পিং রামজীবন বহদ্দার সাকিন রাতা।	১২৬৮৸০	১১৪৷৶৬	৩১৭৸০	৩৮৵০	৩৫৫৸৵০
১১৪ / ২০৩	থানে রাঙ্গু মৌজে রাজারকুল মহল নওয়াবাদ। তালুক সেরমস্ত খাঁ ...	প্রসন্নকুমার রায় পিং কৈলাস চন্দ্র রায় সাকিন পরিকোরা।	১৪৭৪৲	১৩০৶০	৯৩॥০	......	৯৩॥০
১৩৮ / ২৪০ / ২৪১	থানে রাঙ্গু মহল নওয়াবাদ মৌজে পোকখালি। তালুক গৌরিশঙ্কর বৈদ্যনাথ কাং।	ওবেদর রহমান খাঁ পিং তোরাপ আলি সাং পাঁচালাইস।	১৪৫৬৲	৭০৷৬	৩৬৪৲	২৩৷৶০	৩৮৭৷৶০

তালুকার নম্বর।	তালুকার নাম।	মালিকের নাম।	সদর জমা।		বাকী।		মোট।
			খাজানা।	ছেচ।	খাজানা।	ছেচ।	
২৬১ ২৩৫ ৩৪৮৯শে ৩২৪ ২৫৫	থানে চকরিয়া মৌজে লক্ষ্যারচর মহল নওয়াবাদ। তালুক মহনলাল মুকুল হাল তালুক ঈশানচন্দ্র বক্সী।	ঈশানচন্দ্র বক্সী পিং রাধারাম বক্সী সাকিন কচুয়াই।	১৪৭৪)	৬৮॥/০	৩০৮/১১	২২৸/৮	৩৩০৸৶৭
৫৬০ ৪৬০ ৮৭৬	থানে টেকনাপ মৌজে দক্ষিণ হ্নিলা মহল নওয়াবাদ। তালুক ঈশানচন্দ্র চৌং	কেং জাই পিং হ্নেপউ চৌং সাকিন দক্ষিণ হ্নিলা।	১৫৪৩।০	১৮৫॥৬	৪৭২)	৬১৸৶০	৫৩৩৸৶০

J. D. ANDERSON,
Collector.

জিলা বর্দ্ধমান।—জমিদারি বিক্রয়ের বিজ্ঞাপন ক।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, বর্দ্ধমান জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি এবং মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে ১৮৯৫ সালের ১২ই জানুয়ারি কিস্তির বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী আইনানুসারে বাকী রাজস্বের ন্যায় আদায়ের যোগ্য তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৫ সালের ১৫ এপ্রেল তারিখে বেলা ১টার সময় নিলামে বিক্রয় করা যাইবে।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজীর নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
১৭ নং	চক দুর্গা পং রাণিহাটি।	৯৯৩৯৶/১১	বিক্রয় হইবে	......	সৈয়দ সেরাজদ্দিন আহাম্মদ দিগর।	......	২০০৭।৶১	......
৬৮ নং	খড়মপুর পং সাহাবাদ।	৬১৮৯॥/০	ঐ	......	সৈয়দ আবদুল সেলাম	......	৯৯৯৸৶১১	......
৭৫ নং	নিমদহ পং জাহাজিরাবাদ।	৮৮০০)	......	এই মহালে ৪৫০॥৶০ টাকা জমার ১ ও ২ নং পৃথক হিসাবের মহাল বাদে ৮৩৪৯।/০ টাকা জমার মূল মহাল নিলাম হইবে।	পদ্মকামিনী গুপ্তী-দিগর।	৮৩৪৯।/০	......	১১৭।/১০

টীকা।—যে স্থলে উপরের লিখিত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ইহা বুঝিতে হইবে যে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

E. GORDON,
Covd. Dy. Collr., in charge.

জিলা হুগলি।

জমিদারী বিক্রয়ের বিজ্ঞাপন ক।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে হুগলি জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি এবং মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী আইনানুসারে বাকী রাজস্বের ন্যায় আদায়ের যোগ্য তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৫। ২৭ মার্চ তারিখে বেলা ১১টার সময় নিলামে বিক্রয় করা যাইবে। ১৮৯৫। ১৮ ফেব্রুয়ারি।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজীর নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐং অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
৭	শীলামপুর পং শীলামপুর।	৮১০৩/০	......	গরজী মৌজার রকম ৸৶৪।৭ আনা অংশ ও বিশ্বনাথপুর-দিগর ৩০ মৌ-জারষোল আনা এজমালি অংশ।	সত্যশান্তী বন্দ্যো-পাধ্যায় দিগর।	৭৯১০।৶০	......	৭।৶৭
২৬	মালিকাপুর পং বালিগড়ি।	১০৫৮৬।৶৮	......	বহরমপুর মৌজার ষোল আনা বংশীযোত রকম ।।০ আনা, ভারামল্লপুর রকম ।৶০ আনা, হারপুর ৶৭ আনা, কালিকাপুর ।৶০ আনা, ও কৃষ্ণদাস যোত ।৶০ আনা, মালিকাপুর ষোল আনা, মোহনবাটী ষোল আনা, ন্যায়তপুর ।৶০ আনা, পার্ব্বতীপুর ।।০ আনা, পীরিজপুর ।৶০ আনা, সম্বন্বেরপুর ।।০ আনা, শিবপুর ।।০ আনা, তুল্যান ।৶০ আনা এজমালি অংশ।	চারুচন্দ্র মিত্র দিগর	৪৪৯৯৶৮	......	১৬৮২।৶৪
২৬ ই	মালিকাপুর পং বালিগড়ি।	১০৫৮৬।৶৮	......	পীরজপুর, ভারা-মল্লপুর যোত কৃষ্ণদাস ওরফে নয়নগর কালীকা-পুর, ন্যায়তপুর, তুল্যান মৌজার রকম ।।৴০ আনা অংশ পৃথক হিসাব হইয়াছে।	চারুচন্দ্র মিত্র দিং	১৩৬৯৶০	......	১৪৭।৶৬
৫৬	চাঁপাহাটী পং পাণ্ডুয়া।	৬০৬।৶২	......	চাঁপাহাটী দিগর মৌ-জার ২০৫/২।৶ বিঘা জমী এবং ঐ জমী বাদে মহালের ষোল আনা অংশ।	মহাম্মদ আলি ওরফে মহা-ম্মদ তাহা দিং।	৫৭৮।।৬।।	......	৮৫৸৶৪
৭০	দুর্গাদাসপুর পং চৌমাহা।	৮৭৬৫।।/১	সম্পূর্ণ	......	যজ্ঞেশ্বর সিংহ দিং।	......	১৫১৪৻৮	......

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজীর নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশমাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
৩৫২১	দিগড়া পং বোর...	৫৩০৵৫	সম্পূর্ণ ..	......	রামদয়াল বন্দ্যোপাধ্যায়।	...	১১৮৲	......
৩৯৯৩ / এ	হাওড়া চর পং বোর	৭২৬৷৮৷৷	......	রকম ।/০ আনা অংশ পৃথক হিসাব হইয়াছে।	স্বরূপরাণী দেবী গার্জ্জন জানবে নাবালগ শ্যামসুন্দর পণ্ডিত দিঃ।	২২৭৲	......	৫৬৸/০
৪০৮৫ / সি	সেখপুর পং সমরসাহি।	১০৪৪৩৷৷৶০	......	রকম।/৬৷৷ = আনা অংশ পৃথক হিসাব হইয়াছে।	জে, সি, ম্যাকরে গর সাহেব রিশীভর ষ্টেট হরিশ্চন্দ্র দে দিগর।	৩৪৮১।০	......	৮/৯

টীকা। - যে স্থলে উপরের লিখিত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ইহা বুঝিতে হইবে যে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

Hooghly Collectorate,
The 18th February 1895.

F. W. Duke, *Collector.*

জিলা চট্টগ্রাম।—জমিদারী বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে চট্টগ্রাম জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৫।২৬ মার্চ্চ তারিখে নীলামে বিক্রয় করা যাইবে। যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশমাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশমাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
			প্রথম শ্রেণীর কায়মি মহাল।—					
২৫৭ / ১২৮২ / ১৬৩৬	থানা ফটিকছড়ি হাটহাজারি, পটীয়া রামু, সহর, সাতকানীয়া। তরফ জবরদস্ত খাঁ	৬৫৩৮৷১	অংশ বিক্রয় হইবে।	১৮৫৯ সালের ১১ আইনমতে জমা স্বতন্ত্র হইয়া ২ নং হিস্যা আহ্লাদ আলি খাঁর।	আনওয়ার আলি খাঁ	৩৮১৩৷৭১১	. ... .	১৬৬৭৷/৭

১৮৯৪ ইং ২৬ ডিসেম্বর শেষ তারিখের বাকী পড়া।

J. D. Anderson,
Collector.

জিলা ২৪ পরগণা।

এস্তাহার নামা কাছারি কালেক্টরী জেলা ২৪ পরগণা।

নিম্নলিখিত জমিদারি মহালাতের রাজস্ব ১৮৯৫ সালের ১২ জানুয়ারি সূর্য্যাস্ত পর্য্যন্ত দাখিল না হওয়ায় ঐ সমস্ত মহাল ১৮৫৯ সালের ১১ আইনের বিধানমতে ১৮৯৫ সালের ২৬ মার্চ তারিখে অত্র জেলার কালেক্টরিতে বেওজর নিলাম ধরা যাইবেক ইতি ১৮৯৫ সাল তারিখ ১৯ ফেব্রুয়ারি।

প্রথম শ্রেণীর চিরস্থায়ী বন্দোবস্তী মহাল।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
তরতিবের নম্বর।	তৌজির নম্বর।	পরগণা ও মহালের নাম।	মোট মহালের সদর জমা।	পুরা মহাল বিক্রয় হইবে কি না।	যদি একটী অংশ বিক্রয় হয় সেই অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকের নাম।	যদি একটী অংশ বিক্রয় করিতে হয় তাহার সদর জমা।	যদি পুরা মহাল বিক্রয় করিতে হয় তাহার বাকীর পরিমাণ।	যদি অংশ বিক্রয় করিতে হয় তাহার বাকীর পরিমাণ।
১	২	পং মাগুরা কিং কাঞ্চন বাড়িয়া ওঃ।	২৮৩৩৶৪	...	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট অংশ।	উমেশচন্দ্র চট্টোপাধ্যায়।	৭৫৮৶০	...	২৪৯৷৷০
২	৫	পং মাগুরা কিং আঙ্গারবাড়িয়া ওঃ।	২৭১৫৷৷৶ (৯৷৷	...	ঐ	মতিলাল গুপ্ত ...	১২০৬৸৶৯৷৷	...	৪৬৬৷৷/৷৷
৩	৬	পং মাগুরা কিং রায়নগর ওঃ।	৭১৫৩৷৴ ২ ৩/২০	...	ঐ	ছৈএদ আবদুল আলি।	৬৮৪৩৵/২৸	...	২৩৭৸৶৬৷
৪	১১	পং মাগুরা কিং সন্তোষপুর।	৮১৮/৩৷	পুরা মহাল	......	ব্রজেন্দ্রনাথ মণ্ডল দিগর।	......	৫৭৸৶৮৷	...
৫	৪৭/৩	পং মাগুরা কিং রায় পুর ওঃ।	২০৫৭৷৴ (৪	...	পৃথক হিস্যা ...	জগন্নাথ কুটারি	৫৯৫/৫৷	...	২০৯৷৷/১৸
৬	৭১	পং মাগুরা কিং হোটর ওঃ।	৩২০৫৶৸	পুরা মহাল	......	বাঁকে বিহারিলাল মণ্ডল দিগর।	...	৭৮২৷৴২৷	...
৭	২৬৬	পং মেদনমল্ল কিং মেদনমল্ল	১৩৯৬৶ (৫৷	ঐ	......	রাইস হায়দার দিগর।	...	৪০৭৷৶৫৷	...
৮	৩৪১	পং ঘড় ওঃ কিং রায়পুর ওঃ।	৬৭৪২৷৷০ (৷৷	...	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট অংশ।	চণ্ডীচরণ মণ্ডল দিগর।	৫০৫৬৸৵৷৷	...	১২৮৸/১১৷৷
৯	৩৪৬	পং বালিয়া কিং সন্তোষবাটী ওঃ।	৫৫৪৮৴ (৯	...	ঐ	ঐ	৫১৪৩৷৷৴১	...	৬৸৵১
১০	৩৮৫	পং আজিমাবাদ ওঃ কিং হুদারসখালি ওঃ।	১৯৪২৪৷৷ (১৷৷	...	ঐ	বাঁকে বিহারিলাল মণ্ডল দিগর।	৪৯৩৩৶১৷৷	...	২৯৪৷/৫৷৷
১১	৩৮৯/৭	পং বালিয়া কিং সন্তোষপুর ওঃ।	৯৪৩৪৷৷/ (৭	...	পৃথক হিসাব ...	গোপাললাল মণ্ডল দিগর।	৬৬৩৷/১১	...	৬৫৵০
১২	৩৯২	পং আজিমাবাদ কিং হুদা জয়চণ্ডীপুর।	৮৩১৩৷৶ (৮	...	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট অংশ।	বাঁকে বিহারিলাল মণ্ডল দিগর।	৪১৫৬৷৷৶১০	...	৪৭৪(৮৷
১৩	৩৯২/২	পং আজিমাবাদ কিং হুদা জয়চণ্ডীপুর।	৮৩১৩৷৶ (৮	...	পৃথক হিস্যা ..	গোপাললাল মণ্ডল দিগর।	২০৭৮৷/১১	..	২৩৬৸৶৯৷

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
তরতিব নম্বর।	তৌজির নম্বর।	পরগণা ও মহালের নাম।	মোট মহালের সদর জমা।	পুরা মহাল বিক্রয় হইবে কি না।	যদি একটী অংশ বিক্রয় হয় সেই অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় করিতে হইবে তাহার মালিকের নাম।	যদি একটী অংশ বিক্রয় করিতে হয় তাহার সদর জমা।	যদি পুরা মহাল বিক্রয় করিতে হয় তাহার বাকীর পরিমাণ।	যদি অংশ বিক্রয় করিতে হয় তাহার বাকীর পরিমাণ।
১৪	৩৯৪/৭	পং আজিমাবাদ কিং কিশোরপুর।	৭১০৮৸৻১১	...	পৃথক হিস্যা ...	গোপাললাল মণ্ডল দিগর।	৪৯৯৸৵৫	......	৫৪৷৶১১
১৫	৩৯৬	পং বালিয়া কিং জয়চণ্ডীপুর ওঃ।	১৬৭১৵৯	পুরা মহাল।	......	কৈলাস চন্দ্র মণ্ডল দিগর।	......	২৫৮৷৵১	......
১৬	৩৯৮	পং মাগুরা কিং মাখালিয়া ওঃ।	৭৪১৷৶৫	.	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট অংশ।	চণ্ডীচরণ মণ্ডল দিগর।	৫২০৶৬৸	......	৮৭৷৷৶৬৷৷
১৭	৪০১/৭	পং আজিমাবাদ কিং হৃদারামকৃষ্ণপুর।	৮৯৪১৷৷৵৻৭	...	পৃথক হিস্যা ...	গোপাললাল মণ্ডল দিগর।	৬২৮৷৷৶৩৷	......	৮০৷৷৵১১
		দ্বিতীয় শ্রেণীর পরিবর্ত্তনশীল বন্দোবস্তী মহাল।							
১৮	১৪৫০	সুন্দরবন লাট নং ৫৭।	৬৮২	পুরা মহাল।	......	গোপাললাল মণ্ডল দিগর।	......	২৮৷৵৪	......
১৯	১৪৮৪	সুন্দরবন শ্রীধরপুর নাগরতলা লাট নং ৫৫।	১১২১৷৷৻৬	...	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট অংশ।	কেদারনাথ দাস দিগর।	৫০১৶৪	......	৩৫৻৫

POORNA CHUNDRA CHATTERJEE, *Deputy Collector.*

জিলা নদীয়া।—জমিদারি বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, নদীয়া জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৫ সালের ২৭ মার্চ তারিখে নিলামে বিক্রয় করা যাইবে। যে স্থলে এতৎসংযুক্ত তালিকাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশমাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
২৬৪৫	চর নওয়াপাড়া পং উখড়া থানা শান্তিপুর।	১৪৬৯৷৷৶৫	সম্পূর্ণ	......	সত্যদয়াল, রাজকৃষ্ণ, ভগবতী চরণ, হরিচরণ, সত্যজীবন বন্দ্যোপাধ্যায়, হরসুন্দরী দেবী।	......	৩৬৭৷৶৬	......

MAHENDRANATH BHATTACHARJYA,
Deputy Collector, in charge.

জেলা ত্রিপুরা।

জমিদারী বিক্রয়ের বিজ্ঞাপন খ।

১৮৫৯ সালের ১১ আইনের ৫ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যদি নিম্নের লিখিত বাকী রাজস্ব আগামী রাজস্ব দিবার শেষ দিনে অর্থাৎ ১৮৯৫ ইং ২৮শে মার্চ্চ তারিখে বা তৎপূর্ব্বে না দেওয়া হয় তাহা হইলে ত্রিপুরা জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে উক্ত বাকী রাজস্বের জন্য ১৮৯৫ ইং ১৫ মেই মোতাবেক ১৩০২ বাং ২ জ্যৈষ্ঠ তারিখে বেলা ১২ টার সময় নিলামে বিক্রয় করা যাইবে। ১৮৯৫ ইং ৫ মার্চ্চ।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ-মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।	যে দাবির জন্য নিলাম হইবে তাহার প্রকার ও পরিমাণ।
১৭৮/১ নং তৌজি ১২৩৪ নং এ সাবেক ১২৬৮নং এ হাল।	মেহার পরগনার ৻১৩৷ — ক্রান্ত কিসমত পং মেহার।	৯২৪৷১	...	অবশিষ্টাংশ ... ৸৴১৫	হোছন আলী চৌধুরী গয়রহ।	৭৯৪৷৬	...	কিস্তী লাগায়েৎ অগ্রহায়ণ ১৩০১ বাং ২০২৷০	দেওয়ানী আদালতের দ্বারা ক্রোকী মহাল ১৩০১ বাং কিস্তী লাং অগ্রহায়ণের বাকী ২০২৷০
২১২/১ নং তৌজি ১৪৫৭ নং এ সাবেক ১৫০০নং এ হাল	করকাবাদ তফার হিং ৻৫ গণ্ডা।	২৩০৪ ৸৶৬	...	অবশিষ্টাংশ ৶১৩৷	শ্রীমতী জোবেদা-মেছা খাতুন।	৩৮৪৵৭	...	কিস্তী লাগায়েত অগ্রহায়ণ ১৩০১ বাং ৮৯৸৵১১	দেওয়ানী আদালতের দ্বারা ক্রোকী মহাল ১৩০১ বাংলাংকিস্তী অগ্রহায়ণের বাকী ৮৯৸৶৻১১

টীকা।—যে স্থলে উপরুক্ত বর্ণনাপত্রের ৫ ৭ ও ৯ ঘরে কোন অংশমাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ইহা বুঝিতে হইবে যে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

যেং প্রকারের বাকির এই ইস্তাহারের ফারম ব্যবহার হইবে তাহা আইনের ৫ ধারাতে উল্লিখিত আছে এবং তদনুসারে ১০ ঘরের বিবরণ লিখিতে হইবে।

N. D. B. BELL,
for Collector.

Cinchona Febrifuge.

Cinchona Febrifuge can be purchased by all Government officers and by any one taking *six pounds* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, at the following rates: per four-ounce tin, *Rs.* 2, *ans.* 8; per eight-ounce tin, *Rs.* 5; per pound tin, *Rs.* 10. The general public can be supplied by the Superintendent, Botanic Gardens, *for cash only*, at the undernoted rates: per four-ounce tin, *Rs.* 3; per eight-ounce tin, *Rs.* 6; per pound tin, *Rs.* 12. This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta. Postage—Four annas per 4 *oz.* tin, eight annas per 8 *oz.* tin, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

জ্বরঘ্ন সিন্‌কোনা।

কলিকাতাস্থ বোটানিকাল গার্ডনের অর্থাৎ কোম্পানির বাগানের সুপরিন্টেণ্ডেন্টের নিকট গবর্ণমেন্টের কর্ম্মচারিগণ এবং অপর কোন ব্যক্তি এককালীন ছয় পৌণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে জ্বরঘ্ন সিন্‌কোনা পাইবেন অর্থাৎ চারি ঔন্স টিন ২॥০ টাকায়, আট ঔন্স টিন ৫৲ টাকায় ও এক পৌণ্ড টিন ১০৲ টাকায় পাইবেন। সর্ব্বসাধারণে কোম্পানির বাগানের সুপরিন্টেণ্ডেন্টের নিকট নগদ মূল্য দিলে এইং হিসাবে অর্থাৎ চারি ঔন্স টিন ৩৲ টাকায়, আট ঔন্স টিন ৬৲ টাকায় এবং এক পৌণ্ড টিন ১২৲ টাকায় পাইতে পারিবেন কলিকাতার প্রধানং ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত হার ছাড়া চারি ঔন্স টিনের ।০, আট ঔন্স টিনের ॥০ ও এক পৌণ্ড টিনের ৸০ ডাক মাসুল দিতে হইবে।

বঙ্গদেশের গবর্ণমেন্টের সিন্‌কোনা আবাদে প্রস্তুত বিশুদ্ধ কুইনাইন।

এই কুইনাইনের নিম্নলিখিত মূল্য হইবে, যথা—

১ এক পৌণ্ড টিন ১৬৲ বা ডাক মাসুল বিনা ১৬৸০
॥ আধ „ „ ৮৲ বা ডাক মাসুল বিনা ৮॥০
। শিকি „ „ ৪৲ বা ডাক মাসুল বিনা ৪॥০

পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে এই কুইনাইন অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করা হইয়াছে। এবং ইহা যে সিন্‌কোনাইন ও সিন্‌কোনীডাইন নামক অপকৃষ্ট ক্ষারের সহিত ইচ্ছাপূর্ব্বক মিশান হয় নাই তাহার গারান্টী দেওয়া যাইতেছে। ইহা নগদ মূল্যে কেবল গবর্ণমেন্টের কর্ম্মচারিগণের নিকট বিক্রয় করা যাইবে এবং কলিকাতার নিকটস্থ শিবপুরের কোম্পানির বাগানের সুপারিন্টেণ্ডেন্টের নিকট পাওয়া যাইতে পারিবে। ইহা শাদা বা পাটলবর্ণের পাওয়া যাইতে পারিবে।

NOTICE.

The 21st February 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance:—

For the Mufassal.		Rs.	A.	P.	
Entire Gazette		10	0	0	per annum.
	Postage ...	2	8	0	„
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal		4	0	0	„
	Postage ...	1	0	0	„
For a single copy—					
Entire Gazette		0	4	0	
	Postage ...	0	1	0	
Parts III, IV, V, and VI ..		0	1	0	for 4 sheets of under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
	Postage ...	0	1	0	

For Calcutta.

The same rates as those of the mufassal, with the exception of the charge for postage.

E. N. BAKER,

Offg. Under-Secretary to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গালা গবর্ণমেন্ট গেজেটের মূল্য ও ডাকমাশুল এই অবধি নিম্ন-লিখিত হারে অগ্রিম দিতে হইবে :—

মফঃসলে		টাকা।
সম্পূর্ণ গেজেট	বৎসর	১০৲
ডাকমাশুল	,,	২॥০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে)	,,	৫৲
ডাকমাশুল	,,	১৲
সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য	,,	।০
ডাকমাশুল		৴০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)		৴০ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠা প্রতি আর এক ২ আনা।
ডাকমাশুল		৴০

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাকমাশুল লাগিবে না।

ই, এন, বেকার।
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং ছোট সেক্রেটরী

NOTICE.

IN continuation of notice dated the 20th November 1887, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscriptions to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government officer or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

O. W. BOLTON,
Under-Secretary to the Govt. of Bengal.

12th December 1882.

NOTE.—*Rates of advertisements in the* CALCUTTA GAZETTE.

	Rs.
Full page, per issue	20
Half ,, ,, ...	10

Casual advertisement—4 annas per line.

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে এ২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৮১ সালের নবেম্বর মাসের ২০ তারিখের আদেশপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্ট কর্ম্মচারীদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশ্তিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ৴০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশ্তিহার প্রকাশ করিবার হার এইং।—

	টাকা।
পূরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	২০৲
আধ পৃষ্ঠা	১০৲
কখন কখন ইশ্তিহার প্রকাশ করিতে হইলে একং পংক্তি	।০

For SALE at the BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C. D. Field, M.A., LL.D., of the Inner Temple, Barrister-at-Law, and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

N.B.—Copies are still available.

বাঙ্গাল সেক্রেটারিয়েট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-লা ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট কমিশ্যনের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুত সি, ডি, ফিলড, এম, এ, ও এল, এল, ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারীর প্রজা বিষয়ক আইন সংহিতা।

একং খানি পুস্তকের মূল্য, ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ ।৴০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

বিজ্ঞাপন।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার ন্যাঙ্কেনষ্ট ওয়েষ্ট চৌন হালের হাতায় স্থিত বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্টারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেণ্ট প্রেশে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

বিজ্ঞাপন।

আগামী ১লা এপ্রেল ১৮৯৫ সাল হইতে অত্র আপিসে মাসিক ৯, টাকা বেতনে একজন দপ্তরীর আবশ্যক।

আবেদনকারীদিগের মধ্যে যাহারা যৎসামান্য ইংরেজী ভাষা জানে ও পুস্তকাদি বাঁধাই কার্য্যে নিপুণ তাহাদের আবেদন বিশেষরূপে বিবেচিত হইবে।

আগামী ৩১শে মার্চ্চ পর্য্যন্ত শ্রীযুক্ত কমিশনর সাহেব বাহাদুরের পার্শনেল এসিষ্টাণ্ট উক্ত কর্ম্মের আবেদন সকল গ্রহণ করিবেন।

কমিশনর আপিস, ভাগলপুর,
২৩শে মার্চ্চ ১৮৯৫ সাল।

G. TOYNBEE,
Commissioner.

কলিকাতা প্রেসিডেন্সি জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্য শ্রীযুত এডউইন মরিস লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 20a—21-3-95—486—180

Numb. 2905 [২৯০৫]

REGISTERED No. 3.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 2, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ২ আপ্রিল।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART II.

Resolutions, Orders, and Notifications by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

JUDICIAL DEPARTMENT.

No. 2058A.

No. 1917*A.*—*The* 23*rd March* 1895.—In supersession of the order of the 26th February 1895, Babu Durga Charan Ghose, Munsif of Chandpur, in the district of Tippera, is appointed to be a Munsif in the same district, to be ordinarily stationed at Comilla, and is vested with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 100, within the local limits of thanas Chowdagram and Lakshan of the Comilla Munsifi.

No. 2042*A.*—*The* 26*th March* 1895.—Babu Behari Lal Chatterji, B.L., Munsif of Midnapore, on deputation to Dantan, is temporarily vested with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 100 within the local limits of the Dantan Munsifi.

H. J. S. Cotton,
Chief Secy. to the Govt. of Bengal.

PROCLAMATION—No. 1864J.

The 26*th March* 1895.—Under section 15 of Act V of 1861 (as modified by Act VIII of 1895), the Lieutenant-Governor hereby declares that from the conduct of the inhabitants of the village of Asalpur, in the thana of Khargram, in the Kandi subdivision of the district of Murshidabad, it is expedient to increase the number of police by the appointment of an additional force of one Head Constable and four Constables to be quartered in the village aforesaid, and further declares that this proclamation shall remain in force for one year from the date of its publication.

H. J. S. Cotton,
Chief Secy. to the Govt. of Bengal.

REGISTRATION DEPARTMENT.

NOTIFICATION—No. 1014P.

The 26*th March* 1895.—Maulvi Nurul Hossain is appointed to be Rural Sub-Registrar of Kaliaganj, in the district of Purnea, *vice* Munshi Hedayat Hossain.

H. J. S. Cotton,
Chief Secy. to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

২০৫৮ A নম্বর।

১৯১৭ এ, নং।—১৮৯৫ সাল ২৩ মার্চ্চ।—১৮৯৫ সালের ২৬ ফেব্রুয়ারির আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল। ত্রিপুরা জিলার অন্তর্গত চাঁদপুরের মুন্সেফ শ্রীযুত বাবু দুর্গাচরণ ঘোষ, উক্ত জিলায় মুন্সেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ কমিল্লায় অবস্থাপিত হইবেন, এবং কমিল্লা মুন্সেফীর সামিল চৌদ্দগ্রাম ও লাক্ষ্যাণ থানার স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ১০০) টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

২০৪২ এ, নং।—১৮৯৫ সাল ২৬ মার্চ্চ।—রাজকার্য্যার্থে দাঁতনে প্রেরিত মেদিনীপুরের মুন্সেফ শ্রীযুত বাবু বিহারীলাল চট্টোপাধ্যায়, বি, এল, দাঁতন মুন্সেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ১০০) টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে কিয়ৎকালের জন্যে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

১৬৬৪ জে, নং—ঘোষণাপত্র।

১৮৯৫ সাল ২৬ মার্চ্চ।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব, ১৮৯৫ সালের ৮ আইন দ্বারা সংশোধিত ১৮৬১ সালের ৫ আইনের ১৫ ধারামতে এতদ্দ্বারা আদেশ করিলেন যে, মুরশিদাবাদ জিলার অন্তর্গত কান্দি মহকুমার খারগ্রাম থানার সামিল আসলপুর গ্রামবাসিদের অসদাচরণ প্রযুক্ত উক্ত গ্রামে থাকিবার জন্য একজন হেড-কনষ্টাবল ও চারিজন কনষ্টাবল লইয়া এক অতিরিক্ত পুলিসদল নিযুক্ত করিয়া পোলীসের সংখ্যা বৃদ্ধি করা বিহিত এবং আরো আদেশ করিলেন যে, এই ঘোষণাপত্র প্রকাশিত হইবার তারিখ অবধি একবৎসরের জন্য উহা বলবৎ থাকিবে।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

রেজিষ্টরীকরণ সম্পর্কীয় কার্য্যবিভাগ।

১০১৪ পি, নং—বিজ্ঞাপন।

১৮৯৫ সাল ২৬ মার্চ্চ।—শ্রীযুত মুন্সী হেদায়েৎ হুসেনের পরিবর্ত্তে শ্রীযুক্ত মৌলবী নুরুল হুসেন, পুরনিয়া জিলার অন্তর্গত কালিয়াগঞ্জের গ্রাম্য সব রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

TUESDAY, APRIL 2, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ২ আপ্রিল।

PART IIA.

Orders by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় ক খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আদেশ।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

MUNICIPAL AND LOCAL.

NOTIFICATION.

No. 1240*M.*—*The* 26*th March* 1895.—In supersession of the notification No. 1889M. dated the 26th July 1892, it is hereby notified for general information that the Lieutenant-Governor intends, in the exercise of the power vested in the Local Government by section 221 of the Bengal Municipal Act III of 1884, as amended by Act IV of 1894, and in accordance with the recommendation of the Commissioners of the Hooghly and Chinsura Municipality, in the district of Hooghly, made at a meeting, to extend the provisions of Part IX of the said Act to the mahallas of the above Municipality, named below, unless good reasons are shown to the contrary within one month from the date of the publication of this notification within the Municipality :—

Names of Wards in which the Mahallas are situate.		Names of Mahallas.
Ward No. I	... Shahagunge ...	Wazid Nagor. Kazidanga. Gorib Alam's Bag. Chhatoo Thakoor's Bag. Balagore, as bounded on the North by the Keota Road joining the Grand Trunk Road with Circuit House Road, on the South by the Raspoora or Bali Khal, on the East by the river Hooghly, and on the West by Padribazar. Mullick Jointees Bag.
Ward No. IV	... Chinsura ...	Chhatoo Gali. Dharampore. Bowri Gali.
Ward No. V	... Kamarpara ...	Banerjee Lane. Mookerjee Lane.
Ward No. VI	... Chandernagore ...	Kazi Gali. Kristo Gali. Koles Bagan. Khoosi Gali. Gupta Gali. Taldanga. Bagdi Gali. Bhooloo Gali. Shiboo Gali. Pal Gali.

J. A. BOURDILLON,
Offg. Secy. to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

মুনিসিপল ও স্থানীয়।

বিজ্ঞাপন।

১২৪০ এম, নং।—১৮৯৫ সাল ২৬ মার্চ্চ।—১৮৯২ সালের ২৬ জুলাই তারিখের ১৮৮৯ এম, নং বিজ্ঞাপন রহিত করিয়া সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, হুগলী জিলার অন্তর্গত হুগলী ও চুঁচড়া মুনিসিপালিটীতে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিসিদ্ধ বিপক্ষ কারণ দর্শান না গেলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ১৮৯৪ সালের ৪ আইন দ্বারা সংশোধিত বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের ৩ আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং উক্ত মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে উক্ত মুনিসিপালিটীর নিম্নলিখিত মহল্লায় উক্ত আইনের ৯ম পরিচ্ছেদের বিধান প্রচলিত করিবার কল্পনা করিয়াছেন।

যেং পল্লীতে মহল্লা আছে তাহার নাম।	মহল্লার নাম।
১ নং পল্লী ... শাহগঞ্জ ...	ওয়াজিদনগর। কাজিডাঙ্গা। গরিব আলমের বাগ। ছুট ঠাকুরের বাগ। বলাগড়, উত্তর সীমা সরকুট হৌস রোডের সহিত গ্রাণ্ডট্রাঙ্ক রোড সংযোগকারী কেওটা রোড, দক্ষিণ সীমা রাসপুরা বা বালির খাল, পূর্ব্ব সীমা হুগলী নদী ও পশ্চিম সীমা পাদ্রি-বাজার। মল্লিক জয়ন্তীর বাগ।
৪ নং পল্লী ... চুঁচড়া ...	ছুট্টু গলি। ধরমপুর। বৌরি গলি।
৫ নং পল্লী ... কামারপাড়া	বানার্জ্জি লেন। মুকর্জ্জি লেন।
৬ নং পল্লী ... চন্দননগর	কাজি গলি। কৃষ্ণ গলি। কোলসবাগান। খুসি গলি। গুপ্ত গলি। তালডাঙ্গা। বাগদী গলি। ভুলু গলি। শিবু গলি। পাল গলি।

জে, এ, বুর্ডিলং,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 2, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ২ আপ্রিল।

PART VIII.

ADVERTISEMENT.

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইস্তাহার।

জেলা ত্রিপুরা।

জমিদারী বিক্রয়ের বিজ্ঞাপন খ।

১৮৫৯ সালের ১১ আইনের ৫ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যদি নিম্নের লিখিত বাকী রাজস্ব আগামী রাজস্ব দিবার শেষ দিনে অর্থাৎ ১৮৯৫ ইং ২৮শে মার্চ্চ তারিখে বা তৎপূর্ব্বে না দেওয়া হয় তাহা হইলে ত্রিপুরা জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে উক্ত বাকী রাজস্বের জন্য ১৮৯৫ ইং ১৫ মেই মোতাবেক ১৩০২ বাং ২ জ্যৈষ্ঠ তারিখে বেলা ১২ টার সময় নিলামে বিক্রয় করা যাইবে। ১৮৯৫ ইং ৫ মার্চ্চ।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশমাত্র বিক্রয় হইলে তাহার বাকী।	যে দাবির জন্য নিলাম হইবে তাহার প্রকার ও পরিমাণ।
১৭৮/১ নং তৌজি ১২৩৪ নং এ সাবেক ১২৬৮ নং এ হাল।	মেহার পরগনার ৵১৩ – ক্রান্ত কিসমত পং মেহার।	৯২৪৷১	...	অবশিষ্টাংশ .. ৸৴১৫	হোছন আলী চৌধুরী গয়রহ।	৭৯৪৷৬	...	কিস্তী লাগায়েত অগ্রহায়ণ ১৩০১ বাং ২০২৷০	দেওয়ানী আদালতের দ্বারা ক্রোকী মহাল ১৩০১ বাং কিস্তী লাং অগ্রহায়ণের বাকী ২০২৷০
২১২/১ নং তৌজি ১৪৫৭ নং এ সাবেক ১৫০০ নং এ হাল	ফরকাবাদ তফার হিং ৵৫ গণ্ডা।	২৩০৪ ৸৶৬	...	অবশিষ্টাংশ ৵১৩৷	শ্রীমতী জোবেদা-মেছা খাতুন।	৩৮৪৶৭	...	কিস্তী লাগায়েত অগ্রহায়ণ ১৩০১ বাং ৮৯৸৶১১	দেওয়ানী আদালতের দ্বারা ক্রোকী মহাল ১৩০১ বাংলাংকিস্তী অগ্রহায়ণের বাকী ৮৯৸৶১১

টীকা।—যে স্থলে উপরুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশমাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ইহা বুঝিতে হইবে যে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

যেং প্রকারের বাকির এই ইস্তাহারের ফারম ব্যবহার হইবে তাহা আইনের ৫ ধারাতে উল্লিখিত আছে এবং তদনুসারে ১০ ঘরের বিবরণ লিখিতে হইবে।

N. D. B. Bell,
for Collector.

জিলা বর্দ্ধমান।—জমিদারি বিক্রয়ের বিজ্ঞাপন ক।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, বর্দ্ধমান জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি এবং মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে ১৮৯৫ সালের ১২ই জানুয়ারি কিস্তির বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী আইনানুসারে বাকী রাজস্বের ন্যায় আদায়ের যোগ্য তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৫ সালের ১৫ এপ্রেল তারিখে বেলা ১টার সময় নিলামে বিক্রয় করা যাইবে।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তোজীর নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে, তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
১৭ নং	চক দুর্গা পং রাণিহাটি।	৯৯৩৯৵১১	বিক্রয় হইবে	......	সৈয়দ সেরাজদ্দিন আহাম্মদ দিগর।	......	২০০৭৷৶১	......
৬৮ নং	খড়মপুর পং সাহাবাদ।	৬১৮৯৷৷/০	ঐ	......	সৈয়দ আবদুল সেলাম	......	৯৯৯৮৶১১	......
৭৫ নং	নিমদহ পং জাহাঙ্গিরাবাদ।	৮৮০০৲	......	এই মহালে ৪৫০৷৶০ টাকা	পদ্মকামিনী গুপ্তী-দিগর।	৮৩৪৯৷/০	......	১১৭৷/১০
		জমার ১ ও ২ নং পৃথক হিসাবের মহাল বাদে ৮৩৪৯৷/০ টাকা জমার মূল মহাল নিলাম হইবে।						

টীকা।—যে স্থলে উপরের লিখিত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ইহা বুঝিতে হইবে যে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

E. GORDON,
Covd. Dy. Collr., in charge.

Cinchona Febrifuge.

Cinchona Febrifuge can be purchased by all Government officers and by any one taking *six pounds* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, at the following rates: per four-ounce tin, *Rs.* 2, *ans.* 8; per eight-ounce tin, *Rs.* 5; per pound tin, *Rs.* 10. The general public can be supplied by the Superintendent, Botanic Gardens, *for cash only*, at the undernoted rates: per four-ounce tin, *Rs.* 3; per eight-ounce tin, *Rs.* 6; per pound tin, *Rs.* 12. This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta. Postage—Four annas per 4 *oz.* tin, eight annas per 8 *oz.* tin, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

জ্বরঘ্ন সিন্‌কোনা।

কলিকাতাস্থ বোটানিকাল গার্ডনের অর্থাৎ কোম্পানির বাগানের সুপরিন্টেণ্ডেণ্টের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ এবং অপর কোন ব্যক্তি এককালীন ছয় পৌণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে জ্বরঘ্ন সিন্‌কোনা পাইবেন অর্থাৎ চারি ঔন্স টিন ২৷৷০ টাকায়, আট ঔন্স টিন ৫৲ টাকায় ও এক পৌণ্ড টিন ১০৲ টাকায় পাইবেন। সর্ব্বসাধারণে কোম্পানির বাগানের সুপরিন্টেণ্ডেণ্টের নিকট নগদ মূল্য দিলে এই২ হিসাবে অর্থাৎ চারি ঔন্স টিন ৩৲ টাকায়, আট ঔন্স টিন ৬৲ টাকায় এবং এক পৌণ্ড টিন ১২৲ টাকায় পাইতে পারিবেন কলিকাতার প্রধান২ ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত দর ছাড়া চারি ঔন্স টিনের ।০, আট ঔন্স টিনের ৷৷০ ও এক পৌণ্ড টিনের ৷৷৷০ ডাক মাশুল দিতে হইবে।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সিন্‌কোনা আবাদে প্রস্তুত বিশুদ্ধ কুইনাইন।

এই কুইনাইনের নিম্নলিখিত মূল্য হইবে, যথা—

১ এক পৌণ্ড টিন ১৬৲ বা ডাক মাসুল বিনা ১৬৸৹

॥ আধ „ „ ৮৲ বা ডাক মাসুল বিনা ৮৷৹

। সিকি „ „ ৪৲ বা ডাক মাসুল বিনা ৪॥৹

পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে এই কুইনাইন অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করা হইয়াছে। এবং ইহা যে সিন্‌কোনাইন ও সিন্‌কোনীডাইন নামক অপকৃষ্ট ক্ষারের সহিত ইচ্ছাপূর্ব্বক মিশান হয় নাই তাহার গারাণ্টী দেওয়া যাইতেছে। ইহা নগদ মূল্যে কেবল গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণের নিকট বিক্রয় করা যাইবে এবং কলিকাতার নিকটস্থ শিবপুরের কোম্পানির বাগানের সুপারিণ্টেণ্ডেণ্টের নিকট পাওয়া যাইতে পারিবে। ইহা শাদা বা পাটলবর্ণের পাওয়া যাইতে পারিবে।

NOTICE.

The 21st February 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance :—

For the Mufassal.

	Rs.	A.	P.	
Entire Gazette	10	0	0	per annum.
Postage	2	8	0	„
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal	4	0	0	„
Postage	1	0	0	„
For a single copy—				
Entire Gazette	0	4	0	
Postage	0	1	0	
Parts III, IV, V, and VI	0	1	0	for 4 sheets of under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
Postage	0	1	0	

For Calcutta.

The same rates as those of the mufassal, with the exception of the charge for postage.

E. N. BAKER,
Offg. Under-Secretary to the Govt. of Bengal

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের মূল্য ও ডাকমাসুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে :—

মফঃসলে

		টাকা।
সম্পূর্ণ গেজেট	বৎসর	১০৲
ডাকমাসুল	„	২॥৹
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে)	„	৪৲
ডাকমাসুল	„	১৲
সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য	„	।৹
ডাকমাসুল		৵৹
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)		৵৹ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠা প্রতি আর এক ২ আনা।
ডাকমাসুল		৵৹

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাকমাসুল লাগিবে না।

ই, এন, বেকার।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী

NOTICE.

IN continuation of notice dated the 20th November 1887, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscriptions to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government officer or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. BOLTON,
Under-Secretary to the Govt. of Bengal.

12th December 1882.

NOTE.—*Rates of advertisements in the* CALCUTTA GAZETTE.

				Rs.
Full page, per issue	...	...	...	20
Half „ „	...	...	...	10

Casual advertisement—4 annas per line.

বিজ্ঞাপন ।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৮৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্ট কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশ্‌তিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ৴০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশ্‌তিহার প্রকাশ করিবার হার এই২।—

					টাকা।
পূরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	...	.	..	...	২০৲
আধ পৃষ্ঠা	...	..	...	...	১০৲
কখন কখন ইশ্‌তিহার প্রকাশ করিতে হইলে একং পংক্তি		...	....	...	।০

For SALE at the BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C. D. Field, M.A., LL.D., of the Inner Temple, Barrister-at-Law, and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

N.B.—Copies are still available.

বাঙ্গাল সেক্রেটারিয়েট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-লা ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট কমিশ্যনের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুত সি, ডি, ফিলড, এম, এ, ও এল, এল, ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারীর প্রজা বিষয়ক আইন সংহিতা।

একং খানি পুস্তকের মূল্য, ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ।৵০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

বিজ্ঞাপন।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার ক্ল্যানেড ওয়েষ্ট টৌন হালের হাতায় স্থিত বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্ট্রারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেণ্ট প্রেশে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

ইন্‌কম ট্যাক্স নোটিস।

অত্র ইন্‌কম ট্যাক্স আফিসের তালিকাভুক্ত ব্যক্তিদিগকে এতদ্দারা জ্ঞাত করা যাইতেছে যে তাহাদিগের উপরোক্ত তালিকার লিখিত বিবরণে সন ১৮৮৬ সালের ২ আইনের ৪র্থ খণ্ডের ২ নং তফ্‌সীলের বিধানমতে সন ১৮৯৫-৯৬ সালের জন্য ট্যাক্স ধার্য্য করা হইয়াছে; এবং তাহাদিগকে আদেশ করা যাইতেছে যে তাহারা এই ইস্তাহারের তারিখ হইতে ৬০ দিনের মধ্যে ট্রেজারি আফিসারের নিকট আপন আপন দেয় ট্যাক্স দেয়, কিম্বা তাহাদের ধার্য্য ট্যাক্স কমাইবার বা আদৌ মকুফ পাইবার জন্য ৩০ দিনের মধ্যে আমার নিকট দরখাস্ত দাখিল করে; নচেৎ, আইন আমলে আসিবেক।

ইন্‌কম ট্যাক্স আফিস,
২৪/১ নং ড্যালহাউস্ স্কোয়ার।
সন ১৮৯৫। ১লা এপ্রেল।

এ, এস, জজ্.
ইন্‌কম ট্যাক্স কালেক্টর।

কলিকাতা প্রেসিডেন্সি জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্য শ্রীযুত এডউইন মরিস লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 21a—27-3-95—518—150.

Regd. 2906 [২৯০৬] Registered No. 8.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 9, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ৯ আপ্রিল।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART II.

Resolutions, Orders, and Notifications by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

FINANCIAL DEPARTMENT.

NOTIFICATION—No. 1914S.R.

The 30*th March* 1895.—In supersession of the notification dated the 21st March 1887, published in the *Calcutta Gazette*, dated the 23rd idem, Part I, page 192, so far as it relates to the district of Bankura, it is hereby notified for general information that under section 18 of the Bengal Excise Act, VII (B.C.) of 1878, as amended by Act IX of 1885, the excise duty on each gallon London-proof of country-spirit manufactured in the distillery of the district of Bankura, Lower Bengal, shall be levied at Rs. 2, with effect from the 1st April 1895.

J. A. BOURDILLON,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION—No. 1915S.R.

The 30*th March* 1895.—In modification of the notification dated the 29th March 1892, published in the *Calcutta Gazette*, dated the 30th idem, Part I, page 346, so far as it relates to the district of Hooghly, it is hereby notified for general information that under section 18 of the Bengal Excise Act, VII (B.C.) of 1878, as amended by Act IX of 1885, the excise duty on each gallon London-proof of country-spirit manufactured in the distillery of the district of Hooghly, Lower Bengal, shall be levied at the following rates, with effect from the 1st April 1895:—

	Rs.
Hooghly Sadar subdivision	5
Serampore subdivision	5
Jahanabad ditto	2

J. A. BOURDILLON,
Offg. Secy. to the Govt. of Bengal.

JUDICIAL DEPARTMENT.

No. 2195A.

No. 1771*J.*—*The* 1*st April* 1895.—Mr. Robert Ralph Landale is appointed to be an Honorary Magistrate of the Sadar Independent Bench, in the district of Darjeeling, and is vested with the powers of a Magistrate of the third class.

No. 1773*J.*—*The* 1*st April* 1895.—The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates of the Independent Bench at Kurseong, in the district of Darjeeling, and are vested with the powers of a Magistrate of the third class:—

Mr. Charles William Ansell. | Mr. John Daniel Gwilt.

H. J. S. COTTON,
Chief Secy. to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

ফিনানশ্যাল ডিপার্টমেণ্ট।

১৯১৪ এস্, আর, নং—বিজ্ঞাপন।

১৮৯৫ সাল ৩০ মার্চ্চ।—১৮৮৭ সালের ২৯ মার্চ্চ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ২০১ পৃষ্ঠায় প্রকাশিত ঐ সালের ২১ মার্চ্চ তারিখের বিজ্ঞাপন যতদুর বাঁকুড়া জিলার সঙ্গে সম্পর্ক রাখে ততদুর রহিত করিয়া সাধারণের অবগত্যর্থে এতদ্দারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, নিম্নবঙ্গ প্রদেশের বাঁকুড়া জিলার ভাটিখানায় প্রস্তুত লণ্ডনপ্রুফের তুল্য তীব্র দেশীয় মদিরার উপর ১৮৮৫ সালের ৯ আইনদ্বারা সংশোধিত ১৮৭৮ সালের ৭ আইনের (বঙ্গদেশীয় আবকারী আইনের) ১৮ ধারামতে ১৮৯৫ সালের ১ আপ্রিল হইতে গ্যালন প্রতি ২ৃ টাকা আবকারী মাসুল আদায় করা যাইবে।

জে, এ, ব্যুর্ডিলং,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

১৯১৫ এস্, আর, নং—বিজ্ঞাপন।

১৮৯৫ সাল ৩০ মার্চ্চ।—১৮৯২ সালের আপ্রিল মাসের ৫ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ৮৯ পৃষ্ঠায় প্রকাশিত ঐ সালের ২৯ মার্চ্চ তারিখের বিজ্ঞাপন যতদুর হুগলী জিলার সঙ্গে সম্পর্ক রাখে ততদুর পরিবর্ত্তন করিয়া সাধারণের অবগত্যর্থে এতদ্দারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, নিম্নবঙ্গ প্রদেশের হুগলী জিলার ভাটিখানায় প্রস্তুত লণ্ডনপ্রুফের তুল্য তীব্র দেশীয় মদিরার উপর ১৮৮৫ সালের ৯ আইন দ্বারা সংশোধিত ১৮৭৮ সালের ৭ আইনের (বঙ্গদেশীয় আবকারী আইনের) ১৮ধারামতে ১৮৯৫ সালের ১ আপ্রিলহইতে গ্যালন প্রতি নিম্নলিখিত হারে আবকারী মাসুল আদায় করা যাইবে।

		টাকা।
হুগলীর সদর মহকুমায়	... ...	৫ৃ
শ্রীরামপুর ঐ	... ...	৫ৃ
জাহানাবাদ ঐ	... ...	২ৃ

জে, এ, ব্যুর্ডিলং,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

২১৯৫ A নম্বর।

১৭৭১ জে, নং।—১৮৯৫ সাল ১ আপ্রিল।—শ্রীযুত রবর্ট রাল্‌ফ লাণ্ডেল সাহেব দার্জ্জিলিঙ্গ জিলার সদর স্বাধীন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৭৭৩ জে, নং।—১৮৯৫ সাল ১ আপ্রিল।—নিম্নলিখিত মহাশয়েরা দার্জ্জিলিঙ্গ জিলার অন্তর্গত কর্সিয়ঙ্গস্থ স্বাধীন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

শ্রীযুত চার্লস উলিয়ম আনসেল সাহেব। | শ্রীযুত জান ডানিয়েল গুইণ্ট সাহেব।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

NOTIFICATION—No. 1688J.

The 27th March 1895.—It is hereby notified for general information that the Lieutenant-Governor sanctions the transfer of the Kodarma police-station, with its outpost Jaynagar, from the Giridih to the Sadar subdivision, in the district of Hazaribagh.

H. J. S. COTTON,
Chief Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION—No. 1740J.

The 1st April 1895.—Under section 75 of the Presidency Small Cause Court's Act, 1882 (as modified by Act I of 1895), the Lieutenant-Governor is pleased to direct that no fee shall be levied on an application for a new trial of a contested case under section 88 of the aforesaid Act as amended.

H. J. S. COTTON,
Chief Secy. to the Govt. of Bengal.

REGISTRATION DEPARTMENT.

NOTIFICATION—No. 1116P.

The 2nd April 1895.—It is notified for general information that by virtue of notification No. 3832J., dated the 3rd September 1894, published at page 933, Part I, of the *Calcutta Gazette*, dated the 5th idem, the jurisdiction of the registration sub-district of Amta, in the Ulubaria sub-division of the district of Howrah, will comprise thana Amta, together with the independent outpost of Singti, and that the jurisdiction of the registration sub-district of Kharakul, in the Jabanabad sub-division of the district of Hooghly, will be restricted to thana Khanakul only without the Singti outpost.

H. J. S. COTTON,
Chief Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION—No. 1118P.

The 2nd April 1895.—Under section 5 of the Indian Registration Act III of 1877, the Lieutenant-Governor sanctions the abolition of the office of the Sub-Registrar of Balagar in the Sadar Sub-division of the district of Hooghly. Thana Balagar, which was comprised in its jurisdiction, will henceforth be attached to the sub-district of Pandua. This notification will take effect on and from the 15th April 1895.

H. J. S. COTTON,
Chief Secy. to the Govt. of Bengal.

১৬৮৩ জে, নং বিজ্ঞাপন।

১৮৯৫ সাল ২৭ মার্চ্চ।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব জয়নগর ফাঁড়িসুদ্ধ কোদার্মা পোলীস থানা হাজারীবাগ জিলার গিরিধি মহকুমা হইতে সদর মহকুমায় উঠিয়া যাইবার অনুমতি দিলেন।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

১৭৪০ জে, নং—বিজ্ঞাপন।

১৮৯৫ সাল ১ আপ্রিল।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৯৫ সালের ১ আইন দ্বারা সংশোধিত রাজধানীস্থ ছোট আদালত বিষয়ক ১৮৮২ সালের আইনের ৭৫ ধারামতে এই আদেশ করিলেন যে সংশোধিত উক্ত আইনের ৩৮ ধারামত প্রতিবাদ যুক্ত মোকদ্দমার নূতন বিচারের দরখাস্তের উপর ফী লওয়া যাইবে না।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

রেজিষ্টরীকরণ সম্পর্কীয় কার্য্যবিভাগ।

১১১৫ পি, নং—বিজ্ঞাপন।

১৮৯৫ সাল ২ আপ্রিল।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ১৮৯৪ সালের সেপ্টেম্বর মাসের ১১ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ৩৪৭ পৃষ্ঠায় প্রকাশিত ৩ সেপ্টেম্বরের ৩৮৩২ জে, নং বিজ্ঞাপনের বলে হাবড়া জিলার অন্তর্গত উলুবেড়িয়া মহকুমার রেজিষ্টরীকরণকার্য্যের আমতা সব-ডিষ্ট্রিক্টের এলাকার মধ্যে স্বাধীন ফাঁড়ি সিঙ্গটি সুদ্ধ আমতা থানা এবং হুগলী জিলার অন্তর্গত জাহানাবাদ মহকুমার রেজিষ্টরীকরণ কার্য্যের খানাকুল সব-ডিষ্ট্রিক্টের এলাকার মধ্যে সিঙ্গটি ফাঁড়ি ভিন্ন কেবল খানাকুল থানা থাকিবে।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

১১১৮ পি, নং—বিজ্ঞাপন।

১৮৯৫ সাল ২ আপ্রিল।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ভারতবর্ষীয় রেজিষ্টরীকরণ বিষয়ক ১৮৭৭ সালের ৩ আইনের ৫ ধারামতে হুগলী জিলার সদর মহকুমার অন্তর্গত বলাগড়ের সব-রেজিষ্টারের আফিস উঠাইয়া দিবার অনুমতি দিলেন। বলাগড় যে থানা উক্ত আফিসের এলাকার মধ্যে ছিল তাহা এই অবধি পাণ্ডুয়া সব-ডিষ্ট্রিক্ট ভুক্ত হইবে। এই বিজ্ঞাপন ১৮৯৫ সালের ১৫ আপ্রিলহইতে ফলবৎ হইবে।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 9, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ৯ আপ্রিল ।

PART IIA.

Orders by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় ক খণ্ড ।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আদেশ ।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

MUNICIPAL AND LOCAL.

NOTIFICATION.

No. 1310*M.—The* 28*th March* 1895.—It is hereby notified for general information that the Lieutenant-Governor intends, in the exercise of the power vested in the Local Government by section 221 of the Bengal Municipal Act III of 1884, as amended by Act IV of 1894, and in accordance with the recommendation of the Commissioners of the Bhadreswar Municipality, in the district of Hooghly, made at a meeting, to extend the provisions of clause (*b*), section 85 of the said Act to Wards Nos. I and II of the above Municipality, unless good reasons are shown to the contrary within one month from the date of the publication of this notification within the area affected in that Municipality.

J. A. BOURDILLON,
Offg. Secy. to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

মুনিসিপল ও স্থানীয়।

বিজ্ঞাপন।

১৩১০ এম, নং।—১৮৯৫ সাল ২৮ মার্চ্চ।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, হুগলী জিলার অন্তর্গত ভদ্রেশ্বর মুনিসিপালিটীর যে অংশের ক্ষতিবৃদ্ধি হয় সেই অংশে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিসিদ্ধ বিপক্ষ কারণ দর্শান না গেলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ১৮৯৪ সালের ৪ আইন দ্বারা সংশোধিত বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের ৩ আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং উক্ত মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে উক্ত আইনের ৮৫ ধারার (খ) প্রকরণের বিধান উক্ত মুনিসিপালিটীর ১ ও ২ নং পল্লীতে প্রচলিত করিবার কল্পনা করিয়াছেন।

জে, এ, ব্যর্ডিলং,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার ১৮৯৫ সাল ৯ আপ্রিল।

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইনটী ১৮৯৫ সালের ২১এ মার্চ্চ তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক অনুমোদিত হওয়ায় সাধারণের অবগতির নিমিত্ত এতদ্দারা প্রচারিত করা গেল।

১৮৯৫ সালের ১২ আইন।

যে সকল দস্তাবেজ অনুসারে কোম্পানী গঠিত হয় তাহাতে তাহাদিগকে কোন কোন পরিবর্ত্তন করিবার ক্ষমতা প্রদান করণার্থ এবং ভারতবর্ষীয় কোম্পানী বিষয়ক ১৮৮২ সালের আইন সংশোধন করণার্থ আইন।

যে সকল দস্তাবেজ অনুসারে কোম্পানী গঠিত হয় কোন কোন স্থলে তাহাদিগকে তাহার বিধান পরিবর্ত্তন করিবার ক্ষমতা দেওয়া বিহিত এবং ভারতবর্ষীয় কোম্পানী বিষয়ক ১৮৮২ সালের আইনের ৬৫ ধারা সংশোধন করাও বিহিত। অতএব এতদ্দারা নিম্নলিখিতমত বিধান করা গেল :—

সংক্ষেপ নাম ও আরম্ভ হইবার কথা।

১ ধারা। (১) এই আইনটীকে ভারতবর্ষীয় কোম্পানী (সংসৃষ্টিপত্র) বিষয়ক ১৮৯৫ সালের আইন বলা যাইতে পারিবে। এবং

(২) ইহা অবিলম্বে প্রবল হইবে।

৩ হইতে ১০ পর্য্যন্ত ধারা ১৮৮২ সালের ৬ আইনের সহিত পঠিত হইবার কথা।

২ ধারা। ৩ হইতে ১০ পর্য্যন্ত ধারাকে ভারতবর্ষীয় কোম্পানী বিষয়ক ১৮৮২ সালের আইনের সহিত পাঠ করিতে হইবে এবং ঐ আইনের অংশ স্বরূপ গ্রহণ করিতে হইবে।

অর্থ নির্দ্দেশের কথা।

৩ ধারা। বিষয়ে বা পূর্ব্বাপর বাক্যাবলীতে বিরুদ্ধভাবের কিছু না থাকিলে এই আইনে—

(১) "বন্দোবস্তপত্র" বলিতে পার্লেমেণ্টের আইন নহে, রাজকীয় চার্টার নহে বা পেটেণ্টপত্র নহে কোন কোম্পানী গঠিত বা ব্যবস্থিত করিবার এমন কোন সহাংশীদারিত্বের চুক্তিপত্র বা অপর দস্তাবেজও বুঝাইবে। এবং

(২) "হাই কোর্ট" বলিতে রেঙ্গুণ সহর সম্বন্ধে রেকার্ডর এবং অন্যত্র ১৮৬৮ সালের সাধারণ ধারা বিষয়ক আইনের অর্থনির্দ্দেশমতে হাই কোর্ট বুঝাইবে।

হাই কোর্ট কর্ত্তৃক দৃঢ়ীকৃত হইবার নিয়মাধীনে কোম্পানীকে উদ্দেশ্য বা গঠনের প্রকার পরিবর্ত্তন করিবার ক্ষমতা দিবার কথা।

৪ ধারা। এই আইনের বিধানের অধীন হইয়া ভারতবর্ষীয় কোম্পানী বিষয়ক ১৮৮২ সালের আইনানুসারে রেজেষ্টরী করা কোন কোম্পানী বিশেষ নির্দ্ধারণক্রমে অতঃপর নির্দ্দিষ্ট প্রয়োজনগুলির মধ্যে কোন প্রয়োজনের

India Act XII of 1895.—An Act to give power to Companies to make certain alterations in the Instruments under which they are constituted, and to amend the Indian Companies Act, 1882.

নিমিত্ত যতদূর আবশ্যক উহার উদ্দেশ্য সম্বন্ধে উহার সংস্থৃষ্টিপত্রের বা বন্দোবস্তপত্রের বিধান সকল তত দূর পরিবর্ত্তন করিতে পারিবেন কিম্বা কোম্পানীর উদ্দেশ্য সম্বন্ধে উপরি উক্ত মতে কোন পরিবর্ত্তন করিয়া বা না করিয়া বন্দোবস্তপত্রের পরিবর্ত্তে সংস্থৃষ্টিপত্র ও সংসৃষ্টির আর্টিকেল প্রতিষ্ঠিত করিয়া উহার গঠনের প্রকার পরিবর্ত্তন করিতে পারিবেন। কিন্তু দরখাস্ত মতে হাই কোর্ট কর্ত্তৃক দৃঢ়াকৃত না হওয়া পর্য্যন্ত এইরূপ পরিবর্ত্তন কোন স্থলেই কার্য্যকর হইবে না।

দৃঢ় করিবার পূর্ব্বে যে সকল বিষয় সম্বন্ধে আদালতের প্রতীতি হওয়া আবশ্যক তাহার কথা।

৫ ধারা। এইরূপ কোন পরিবর্ত্তন দৃঢ় করিবার পূর্ব্বে হাই কোর্টকে আপন হৃদ্বোধমতে বুঝিয়া লইতে হইবে যে—

(ক) কোম্পানীর ডিবেঞ্চরের বা ডিবেঞ্চর ষ্টকের প্রত্যেক অধিকারীকে এবং আদালতের মতে পরিবর্ত্তনের দ্বারা যে সকল ব্যক্তির বা ব্যক্তির শ্রেণীর স্বার্থের ব্যতিক্রম ঘটিবে তাহাদের প্রত্যেককে প্রচুর নুটীস দেওয়া হইয়াছে। এবং

(খ) যে মহাজন আদালতের মতে আপত্তি করিতে স্বত্ববান এবং যিনি আদালতের আদিষ্ট প্রণালীতে আপন আপত্তি জ্ঞাপন করেন হয় পরিবর্ত্তন সম্বন্ধে তাঁহার সম্মতি লওয়া হইয়াছে নয় তাঁহার দেনা বা দাবী পরিষ্কার করা হইয়াছে বা শেষ হইয়াছে কিম্বা আদালতের হৃদ্বোধমতে কায়দা করিয়া দেওয়া হইয়াছে।

কিন্তু কোন ব্যক্তির বা ব্যক্তির শ্রেণীর সম্বন্ধে আদালত বিশেষ হেতুতে এই ধারানুসারে প্রয়োজনীয় নুটীস অনাবশ্যক বলিয়া মীমাংসা করিতে পারিবেন।

দৃঢ় করিবার সময় আদালতের সর্ত্ত নির্দ্দেশ করিবার ও খরচা সম্বন্ধে আদেশ দিবার ক্ষমতার কথা।

৬ ধারা। আদালত যেরূপ সর্ত্ত ও নিয়ম উপযুক্ত বিবেচনা করেন এইরূপ কোন পরিবর্ত্তন দৃঢ়ী করণার্থ কোন আদেশ সেই রূপ সর্ত্তে ও সেই রূপ নিয়মের অধীনে দেওয়া যাইতে পারিবে এবং খরচা সম্বন্ধে আদালত যেরূপ আদেশ উচিত বিবেচনা করেন সেই রূপ আদেশ দিতে পারিবেন।

আদালতকে প্রদত্ত বিবেচনা শক্তির কথা।

৭ ধারা। হাই কোর্ট এই আইনানুসারে আপন বিবেচনাশক্তির পরিচালনকার্য্যে কোম্পানীর মেম্বরদিগের কিম্বা ঐ মেম্বরদিগের কোন শ্রেণীর স্বত্ব ও স্বার্থের প্রতি লক্ষ্য রাখিবেন এবং মহাজনদিগের স্বত্ব ও স্বার্থের প্রতিও লক্ষ্য রাখিবেন এবং উপযুক্ত বিবেচনা করিলে ভিন্নমতধারী মেম্বরদিগের স্বার্থ খরিদের নিমিত্ত যাহাতে আদালতের সন্তোষজনক বন্দোবস্ত করা যাইতে পারে তজ্জন্য আদালতের কার্য্য স্থগিদ রাখিতে পারিবেন। এবং এইরূপ কোন বন্দোবস্ত সহজসাধ্য করিবার নিমিত্ত কিম্বা উহা কার্য্যে পরিণত করিবার নিমিত্ত আদালত যেরূপ উপদেশ ও আদেশ বিহিত বিবেচনা করেন সেই রূপ উপদেশ ও আদেশ দিতে পারিবেন।

কিন্তু এইরূপ কোন খরিদের নিমিত্ত কোম্পানীর মূলধনের কোন অংশ ব্যয় করা কখনই আইনসঙ্গত কার্য্য হইবে না।

যে হেতুতে আদালত কোন প্রস্তাবিত পরিবর্ত্তন দৃঢ় করিতে পারিবেন তাহার কথা।

৮ ধারা। যদি এরূপ দেখা যায় যে কোম্পানীর উদ্দেশ্য সম্বন্ধে উপরোক্তমত কোন পরিবর্ত্তন কোম্পানীকে—

(ক) কোম্পানীর রেজিষ্টরী করা আপিসের স্থান বৃটিশ ভারতবর্ষের এক অংশ হইতে পরিবর্ত্তন করিয়া আর এক অংশে লইয়া যাইতে; কিম্বা

(খ) উহার কার্য্য অধিকতর মিতব্যয়িতা বা কার্য্যকুশলতা সহকারে চালাইতে; কিম্বা

(গ) নূতন বা উৎকৃষ্টতর উপায়ে উহার প্রধান উদ্দেশ্য সিদ্ধ করিতে; কিম্বা

(ঘ) উহার কার্য্যের স্থানীয় প্রসর বাড়াইতে বা পরিবর্ত্তন করিতে; কিম্বা

(ঙ) উপস্থিত অবস্থায় যে কাজ কোম্পানীর কাজের সহিত সুবিধা বা লভ্যজনক রূপে সংযুক্ত করা যাইতে পারে তাহা চালাইতে, কিম্বা

(চ) সংস্থৃষ্টিপত্রের বা বন্দোবস্তপত্রের নির্দ্দিষ্ট কোন উদ্দেশ্য সঙ্কুচিত করিতে বা পরিত্যাগ করিতে—

সক্ষম করিবার নিমিত্ত আবশ্যক তাহা হইলে হাই কোর্ট উহার সমস্ত বা উহা আংশিকভাবে দৃঢ় করিতে পারিবেন।

পরিবর্ত্তিত সংস্থৃষ্টিপত্র বা পরিবর্ত্তে কৃত সংস্থৃষ্টিপত্র ও আর্টিকেলের সহিত আদেশ রেজেষ্টরী করিবার এবং তাহার ফলাফলের কথা।

৯ ধারা। (১) যদি কোন কোম্পানী উহার রেজেষ্টরী করা আপিসের স্থান সম্বন্ধে কিম্বা উহার উদ্দেশ্য সম্বন্ধে উহার সংস্থৃষ্টিপত্রের বা বন্দোবস্তপত্রের বিধান পরিবর্ত্তন করেন কিম্বা বন্দোবস্তপত্রের পরিবর্ত্তে সংস্থৃষ্টিপত্র ও সংসৃষ্টির আর্টিকেল প্রতিষ্ঠিত করিয়া উহার গঠনের আকার পরিবর্ত্তন করেন এবং সেই পরিবর্ত্তন আদালত কর্ত্তৃক দৃঢ়ীকৃত হয় তাহা হইলে ঘটনাভেদে এইরূপে পরিবর্ত্তিত সংস্থৃষ্টিপত্র বা বন্দোবস্তপত্রের মুদ্রিত নকলের সহিত কিম্বা পরিবর্ত্তে কৃত সংসৃষ্টিপত্র ও সংস্থৃষ্টির আর্টিকেলের মুদ্রিত নকলের সহিত যে আদেশের দ্বারা ঐ পরিবর্ত্তন দৃঢ়ীকৃত করা হয় তাহার একখানি সার্টিফিকেটযুক্ত নকল আদেশের তারিখ

হইতে তিন মাসের মধ্যে কোম্পানীকে জাইন্ট ষ্টক কোম্পানীর রেজিষ্ট্রারের নিকট অর্পণ করিতে হইবে এবং রেজিষ্ট্রার তাহা রেজেষ্টরী করিবেন এবং আপন স্বাক্ষরযুক্ত করিয়া উহার রেজেষ্টরীকরণের সার্টিফিকেট লিখিবেন এবং ঐ পরিবর্ত্তন ও উহার দৃঢ়ীকরণ সম্বন্ধে এই আইনের সমস্ত আদেশ যে পালন করা হইয়াছে তাঁহার সার্টিফিকেট তাহার সিদ্ধান্ত প্রমাণ হইবে।

(২) বৃটিশ ভারতবর্ষের যে অংশস্থিত আপিসে কোম্পানী রেজেষ্টরী করা হইয়াছে উপরোক্তমত কোন পরিবর্ত্তনের ফলে রেজেষ্টরী করা আপিস যদি তাহা হইতে কোন ভিন্ন অংশে স্থানান্তরিত করিতে হয় তাহা হইলে যে আদেশের দ্বারা ঐ পরিবর্ত্তন দৃঢ়ীকৃত করা হয় তাহার একখানি সার্টিফিকেটযুক্ত নকল কোম্পানীকে এইরূপ প্রত্যেক অংশের জাইন্ট ষ্টক কোম্পানীর রেজিষ্ট্রারের নিকট অর্পণ করিতে হইবে এবং এইরূপ প্রত্যেক রেজিষ্ট্রার তাহা রেজেষ্টরী করিবেন এবং আপন স্বাক্ষরযুক্ত করিয়া উহার রেজেষ্টরী করণের সার্টফিকেট লিখিবেন এবং যে অংশ হইতে ঐ আপিস উঠাইয়া লইয়া যাওয়া হয় তথাকার রেজিষ্ট্রারের আপিসে কোম্পানী সম্বন্ধীয় যে সমস্ত কাগজপত্র রেজেষ্টরী করা হইয়াছে তিনি তাহা অপর অংশের রেজিষ্ট্রারকে পাঠাইয়া দিবেন।

(৩) এইরূপ রেজেষ্টরীকরণের তারিখ হইতে (কিন্তু এই আইনের বিধানের অধীনে) এইরূপে পরিবর্ত্তিত সংস্থষ্টিপত্র বা বন্দোবস্তপত্র কোম্পানীর সংস্থষ্টিপত্র বা বন্দোবস্তপত্র হইবে অথবা ঘটনাভেদে এইরূপ পরিবর্ত্তে কৃত সংস্থষ্টিপত্র ও সংস্থষ্টির আর্টিকেল কোম্পানীর সম্বন্ধে এইরূপ খাটিবে যেন কোম্পানী এইরূপ সংস্থষ্টিপত্র ও সংসৃষ্টির আর্টিকেল সহ ভারতবর্ষীয় কোম্পানী বিষয়ক ১৮৮২ সালের আইনের প্রথম ভাগানুসারে রেজেষ্টরী করা কোম্পানী এবং কোম্পানীর বন্দোবস্তপত্র কোম্পানী সম্বন্ধে আর খাটিবে না।

(৪) এই ধারানুযায়িক প্রত্যেক রেজেষ্টরীকরণের জন্য জাইন্ট ষ্টক কোম্পানীর রেজিষ্ট্রারকে পাঁচ টাকা ফী দেয় হইবে।

তিন মাসের মধ্যে রেজেষ্টরী না করিবার ফলের কথা।

১০ ধারা। যে পর্য্যন্ত ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে উপরোক্তমত কোন পরিবর্ত্তনের রেজেষ্টরীকরণ যথারীতি সম্পন্ন করা না হয় সে পর্য্যন্ত উহা কার্য্যকর হইবে না এবং আদালতের যে আদেশে পরিবর্ত্তন দৃঢ়ীকৃত হয় তাহার তারিখের ঠিক পরে তিন মাসের মধ্যে যদি ঐ রেজেষ্টরীকরণ সম্পন্ন করা না হয় তাহা হইলে ঐ তিন মাস কাল অন্তে ঐ পরিবর্ত্তন ও আদেশ ও তৎসম্বন্ধীয় সমস্ত কার্য্য সম্পূর্ণরূপে বাতিল ও অসিদ্ধ হইবে।

কিন্তু যথেষ্ট কারণ প্রদর্শিত হইলে আরও এক মাস কালের মধ্যে দরখাস্তমতে আদালত আদেশটীকে পুনরায় বলবৎ করিতে পারিবেন।

১৮৮২ সালের ৬ আইনের ৬৫ ধারা সংশোধন করিবার কথা।

১১ ধারা। ভারতবর্ষীয় কোম্পানী বিষয়ক ১৮৮২ সালের আইনের ৬৫ ধারায় "সেইং ভাষায়" এই শব্দগুলি যে স্থানে দ্বিতীয়বার দৃষ্ট হয় তথায় এই শব্দগুলির পরিবর্ত্তে "ইংরাজি ভাষায়" এই দুইটী শব্দ বসাইতে হইবে।

জে, এম্ ম্যকফার্সন,
ভারতবর্ষের গবর্ণমেন্টের এক্টিং সেক্রেটরী।

CHUNDER NATH BOSE,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার, ১৮৯৫ সাল ৯ আপ্রিল।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপিখানি ১৮৯৫ সালের ১৪ই মার্চ্চ তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় উপস্থিত করা হইয়াছিল।—

১৮৯৫ সালের ৯ নম্বর।

কষ্টমের বন্দর নয় এমন স্থানে বাণ্ডেড ওয়েরহৌস স্থাপনের বিধান করণার্থ এবং ঐরূপ ওয়েরহৌসে লবণের বাণ্ড করণে সুবিধা প্রদান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

কষ্টমের বন্দর নয় এমন স্থানে বাণ্ডেড ওয়েরহৌস স্থাপনের বিধান করা এবং ঐরূপ ওয়েরহৌসে লবণের বাণ্ড করণে সুবিধা প্রদান করা বিহিত। অতএব এতদ্দ্বারা নিম্নলিখিতমত বিধান করা গেল।—

নাম, অর্থকরণ ও আরম্ভের কথা।

১ ধারা। (১) এই আইনটীকে দেশ মধ্যস্থ বাণ্ডেড ওয়েরহৌস এবং লবণের বাণ্ড করণ বিষয়ক ১৮৯৫ সালের আইন বলা যাইতে পারিবে।

(২) ইহাকে সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের সহিত পাঠ করিতে হইবে এবং ঐ আইনের অংশ স্বরূপ গ্রহণ করিতে হইবে। এবং

(৩) ইহা অবিলম্বে প্রবল হইবে।

ব্যাপ্তির কথা।

২ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া বৃটিশ ভারতবর্ষের যে সকল অংশ সম্বন্ধে সময়ে সময়ে এতৎপক্ষে আদেশ করেন এই আইনের ৪ হইতে ৭ পর্য্যন্ত ধারা কেবল সেই সকল অংশে ব্যাপ্ত হইবে।

রহিত করিবার কথা।

৩ ধারা। (১) দেশ মধ্যস্থ বাণ্ডেড ওয়েরহৌস বিষয়ক ১৮৮৭ সালের আইন এতদ্দ্বারা রহিত করা গেল।

(২) তূলাজাত দ্রব্যের মাস্তুল বিষয়ক ১৮৯৪ সালের আইনের ২ ধারার (৫) দফায় ঐ আইনের যে উল্লেখ আছে তাহা এই ভাবে পাঠ করিতে হইবে যেন উহা এই আইনের উল্লেখ।

দেশ মধ্যস্থ বাণ্ডেড ওয়েরহৌস ও তৎসম্বন্ধে যে আইন খাটিতে পারিবে তাহার কথা।

৪ ধারা। (১) সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনে যাহা কিছু আছে তাহা সত্ত্বেও কষ্টমের প্রধান কর্তৃপক্ষ অগ্রে স্থানীয় গবর্ণমেণ্টের মঞ্জুরি লইয়া যে স্থান গুদামজাত করিবার বন্দর নয় সেই স্থানে সময়ে সময়ে সরকারী ওয়েরহৌস নির্দ্দেশ করিতে বা বেসরকারী ওয়েরহৌসকে লাইসেন্স দিতে পারিবেন এবং ঐরূপ মঞ্জুরি লইয়া ঐরূপ নির্দ্দেশ বা লাইসেন্স রহিত করিতে পারিবেন।

(২) এইরূপ স্থান ও তথায় নির্দ্দিষ্ট বা লাইসেন্স করা ওয়েরহৌসের সম্পর্কে একটী কষ্টমের বন্দর হইতে আর একটী বন্দরে যে মাল বাণ্ডযুক্ত করিয়া আনা হয় তাহার উপর কষ্টমের মাস্তুল আদায় করা সম্বন্ধে এবং গুদামজাত করা সম্বন্ধে উক্ত আইনের বিধানের এইরূপ অর্থ করা যাইবে যেন ঐ স্থানটী একটী কষ্টমের বন্দর ও গুদামজাত করিবার বন্দর এবং ঐ ওয়েরহৌসটী স্থলভেদে ঐ আইনানুসারে তথাকার নির্দ্দিষ্ট রাজকীয় ওয়েরহৌস বা লাইসেন্স করা বেসরকারী ওয়েরহৌস।

A Bill to provide for the establishment of bonded warehouses at places other than customsports, and to afford facilities for the bonding of salt in such warehouses.

কিন্তু ঠিক পরবর্ত্তী ধারানুসারে বাণ্ডযুক্ত করিয়া যে লবণ লইয়া যাওয়া হয় তৎসম্বন্ধে এই প্রকরণ খাটিবে না।

দেশ মধ্যস্থ বাণ্ডেড ওয়েরহৌসে বাণ্ডযুক্ত করিয়া লবণ লইয়া যাইবার কথা।

৫ ধারা। যে লবণ জাহাজ হইতে লইয়া আসা হয় কিম্বা সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনানুসারে নির্দ্দিষ্ট বা লাইসেন্সপ্রাপ্ত কোন ওয়েরহৌস হইতে লইয়া আসা হয় কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ স্থানীয় গবর্ণমেণ্ট এতৎপক্ষে যে সকল বিধি নির্দ্দেশ করেন সেই সকল বিধি অনুসারে এবং সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের ৯৩ ধারার বিধান সত্ত্বেও সেই লবণকে তৎসম্বন্ধে যে মাসুল আদায় করা যাইতে পারে তাহা পরে প্রদত্ত হইবার কায়দাসূচক বাণ্ডযুক্ত করিয়া এই আইনানুসারে নির্দ্দিষ্ট বা লাইসেন্সপ্রাপ্ত কোন ওয়েরহৌসে কোন কষ্টমের কর্ম্মচারীর জিম্মায় লইয়া যাওয়া হইতে কোন ভিন্ন রকমে লইয়া যাইতে দিতে পারিবেন।

বাণ্ডের ফারমের কথা।

৬ ধারা। ঠিক পূর্ব্ববর্ত্তী ধারার বিধানানুসারে লিখিয়া দেওয়া প্রত্যেক বাণ্ড এতৎসংযুক্ত ফারমে লিখিত হইবে কিম্বা সেই ফারম যদি না খাটে বা অসম্পূর্ণ হয় তাহা হইলে কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ সময়ে সময়ে অপর যে ফারম নির্দ্দেশ করেন সেই ফারমে লিখিত হইবে।

কিন্তু ঐ বাণ্ডের অন্তর্গত লবণের উপর যে মাসুল আদায় করা যাইতে পারে তাহা দিবার জন্য ঐ বাণ্ডে যে সময় দেওয়া হয় তাহা যে সময়ের মধ্যে ঐ সমস্ত লবণ কাটিয়া যাইবে বলিয়া প্রত্যাশা করা যুক্তিযুক্ত সেই সময়ের অধিক হইবে না এবং কোন স্থলেই ছয় মাসের অধিক হইবে না।

বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

৭ ধারা। অগ্রে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মঞ্জুরি লইয়া—

(১) গবর্ণমেণ্ট কর্ম্মচারী কর্ত্তৃক এই আইনানুসারে নির্দ্দিষ্ট বা লাইসেন্সপ্রাপ্ত ওয়েরহৌসের পরিদর্শন হওয়া সম্বন্ধে।

(২) এই আইনের বিধান অনুসারে চালান হইতেছে এমন লবণের নিরাপদ হেফাজাত সম্বন্ধে।

(৩) এই আইনানুসারে নির্দ্দিষ্ট বা লাইসেন্সপ্রাপ্ত কোন ওয়েরহৌস হইতে লবণ লইয়া যাওয়া সম্বন্ধে।

(৪) যে ব্যক্তি এই আইনের বিধানানুসারে বাণ্ড লিখিয়া দেন তাঁহার নিকট হইতে যে জামিন লইতে হইবে তাহার রকম সম্বন্ধে এবং সেই বাণ্ড অনুসারে যে টাকা আদায় করা যাইতে পারিবে তাহা দিবার স্থান সম্বন্ধে। এবং

(৫) সাধারণতঃ সরকারী রাজস্বকে নিরাপদ করিবার নিমিত্ত অপর যে সকল বিষয় আবশ্যক বিবেচিত হয় তৎসম্বন্ধে—

স্থানীয় গবর্ণমেণ্ট এই আইনের বিধানের সহিত সঙ্গত হয় এমন বিধি প্রণয়ন করিতে পারিবেন।

বাণ্ডের ফারম।

(৬ ধারা দেখ।)

নং ১৮৯ ।

আমরা ক, খ, বর্ত্তমান সাকিম
এবং ঐ সাকিমের গ, ঘ শ্রীশ্রীমতীর মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের পক্ষে ষ্টেট সেক্রেটরী সাহেবের নিকট গবর্ণমেণ্টের টাকার নিমিত্ত একত্র ও পৃথকভাবে আবদ্ধ হইলাম। ঐ টাকা উক্ত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবকে দিতে হইবে এবং ঐ টাকা দিবার জন্য আমরা আপনাদিগকে এবং আমাদের আইনানুযায়িক স্থলাভিষিক্তদিগকে আবদ্ধ করিলাম।

(তারিখ)

(স্বাক্ষর)

উপরের লিখিত আবদ্ধ
স্থানের কষ্টমহৌসের ভারপ্রাপ্ত কর্ম্মচারির নিকট দেশমধ্যস্থ বাণ্ডেড ওয়েরহৌস এবং লবণের বাণ্ডকরণ বিষয়ক ১৮৯৫ সালের আইনানুসারে নির্দ্দিষ্ট বা লাইসেন্সপ্রাপ্ত এবং
স্থানে অবস্থিত ওয়েরহৌসে
মাস কালের নিমিত্ত নিম্নলিখিত মাল রাখিবার অনুমতির জন্য দরখাস্ত করায় এবং সেই অনুমতি প্রাপ্ত হওয়ায়, অর্থাৎ মণ লবণ যাহা স্থান হইতে জাহাজে সমুদ্র দিয়া আমদানি করা হইয়াছে এবং যাহা কষ্টম হৌসের বহিতে সমুদ্র দিয়া আমদানি মালের রেজিষ্টরী বহির নম্বর বলিয়া লিখিত হইয়াছে—

এই বাণ্ডের নিয়ম এই যে—

গুদামজাত করা মালের অধিকারীদিগের দ্বারা এবং দেশমধ্যস্থ বাণ্ডেড ওয়েরহৌস এবং লবণ বাণ্ডকরণ বিষয়ক ১৮৯৫ সালের আইনানুসারে যে সকল ব্যক্তি মালগুদামদাত করিবার অনুমতি পান তাঁহাদের দ্বারা পালিত হইবে বলিয়া উক্ত আইনানুসারে যে সকল বিধি নির্দ্দিষ্ট হয় যদি
কিম্বা তাঁহাদের আইনানুযায়িক স্থলাভিষিক্তগণ সেই সকল বিধি পালন করেন।

এবং যদি উক্ত কিম্বা তাঁহাদের আইনানুযায়িক স্থলাভিষিক্তগণ এই বাণ্ডের তারিখ হইতে র মধ্যে
স্থানের বন্দরস্থিত কষ্টম হৌসের ভারপ্রাপ্ত কর্ম্মচারীকে কিম্বা স্থানের কালেক্টরকে কষ্টমের মাসুল বা অপর আইনসঙ্গত চার্জ্জ

সুদ্ধ যে সমস্ত প্রাপ্য টাকা উক্ত লবণের জন্য কিম্বা তৎসম্বন্ধে যে সকল দণ্ড ঘটে তজ্জন্য তলব করা যাইতে পারে ঐ কষ্টমহৌসের উক্ত ভারপ্রাপ্ত কর্ম্মচারী যে তারিখে ঐরূপ টাকার লিখিত তলব দেন সেই তারিখ হইতে ঐরূপ প্রত্যেক টাকার উপর বাৎসরিক শতকরা ছয় টাকা হারে সুদসহ সেই সমস্ত প্রাপ্য টাকা দেন।

এবং যদি এইরূপে অবধারিত মেয়াদের মধ্যে অথবা ঐ টাকা দিবার নিমিত্ত কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ অধিকতর সময় প্রদান করিলে যদি সেই অধিকতর সময়ের মধ্যে উক্ত সমস্ত লবণ সম্বন্ধে যে সমস্ত কষ্টমের মাসুল এবং অপর আইন সঙ্গত চার্জ,দণ্ডের টাকা ও সুদ উপরোক্ত মতে তলব করা যাইতে পারে তাহা সম্পূর্ণরূপে প্রথমতঃ দেওয়া হয়—

তাহা হইলে এই দায়িত্ব আর থাকিবে না।

অন্যথা হইলে এবং এই নিয়মের কোন অংশ ভঙ্গ করা হইলে বা পালন না করা হইলে এই দায়িত্ব প্রবল থাকিবে।

(তারিখ)

(স্বাক্ষর) (   )

অভিপ্রায় ও হেতুর বিবরণ।

সমুদ্র দিয়া আমদানি করা লবণ যাহাতে অগ্রে মাসুল না দিয়াও অর্থাৎ বাণ্ড লিখিয়া মাসুলের কায়দা করিয়া দিয়া বিক্রয়ার্থ দেশের অভ্যন্তর ভাগে লইয়া যাওয়া যাইতে পারে তজ্জন্য একটী অধিকতর সহজ প্রণালীর বিধান করা এই পাণ্ডুলিপির উদ্দেশ্য।

দেশমধ্যস্থ বাণ্ডেড ওয়েরহৌস বিষয়ক ১৮৮৭ সালের ২১ আইনের বিধানগুলি প্রধানতঃ লবণ ব্যবসায় সম্বন্ধে রচিত হইয়াছিল। এবং এই সুযোগে ঐ আইনটীকে উঠাইয়া দিয়া এক্ষণকার প্রস্তাবগুলির সহিত উহাকে পুনরায় বিধিবদ্ধ করা যাইতেছে।

কেবল নিম্নবঙ্গেই প্রস্তাবিত আইনটীর অবিলম্বে প্রয়োগ হইবে। কিন্তু ইহার প্রয়োগ আরও বাড়াইয়া দেওয়া পরে বাঞ্ছনীয় বলিয়া বোধ হইতে পারে। অতএব ইহার প্রয়োগ বিবেচনামত করা যাইতে পারে এই ভাবে ইহা রচিত হইয়াছে।

জে, ওয়েষ্টল্যাণ্ড।

১২ই মার্চ ১৮৯৫ সাল।

CHUNDER NATH BOSE,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 9, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ৯ আপ্রিল।

PART VIII.

ADVERTISEMENT.

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইস্তাহার।

জেলা ত্রিপুরা।

জমিদারী বিক্রয়ের বিজ্ঞাপন খ।

১৮৫৯ সালের ১১ আইনের ৫ ও ১৩ ধারামতে এতদ্দারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যদি নিম্নের লিখিত বাকী রাজস্ব আগামী রাজস্ব দিবার শেষ দিনে অর্থাৎ ১৮৯৫ ইং ২৮শে মার্চ্চ তারিখে বা তৎপূর্ব্বে না দেওয়া হয় তাহা হইলে ত্রিপুরা জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে উক্ত বাকী রাজস্বের জন্য ১৮৯৫ ইং ১৫ মেই মোতাবেক ১৩০২ বাং ২ জ্যৈষ্ঠ তারিখে বেলা ১২ টার সময় নিলামে বিক্রয় করা যাইবে। ১৮৯৫ ইং ৫ মার্চ্চ।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশমাত্র বিক্রয় হইলে তাহার বাকী।	যে দাবির জন্য নিলাম হইবে তাহার প্রকার ও পরিমাণ।
১৭৮/১ নং তৌজি ১২৩৪ নং এ সাবেক ১২৬৮নং এ হাল।	মেহার পরগনার ৷১৩৷— ক্রান্ত কিসমত পং মেহার।	৯২৪৷১	...	অবশিষ্টাংশ ... ৫/১৫	হোছন আলী চৌধুরী গয়রহ।	৭৯৪৷৬	...	কিস্তী লাগায়েত অগ্রহায়ণ ১৩০১ বাং ২০২৷০	দেওয়ানী আদালতের দ্বারা ক্রোকী মহাল ১৩০১ বাং কিস্তী লাং অগ্রহায়ণের বাকী ২০২৷০
২১২/১ নং তৌজি ১৪৫৭ নং এ সাবেক ১৫০০নং এ হাল	করকাবাদ তফার ছিং ৶৫ গণ্ডা।	২৩০৪ ৷৶৬	...	অবশিষ্টাংশ ৶১৩৷—	শ্রীমতী জোবেদান্নেছা খাতুন।	৩৮৪৶৭	...	কিস্তী লাগায়েত অগ্রহায়ণ ১৩০১ বাং ৮৯৷৶১১	দেওয়ানী আদালতের দ্বারা ক্রোকী মহাল ১৩০১ বাংলাং কিস্তী অগ্রহায়ণের বাকী ৮৯৷৶ ৷১১

টীকা।—যে স্থলে উপরুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশমাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ইহা বুঝিতে হইবে যে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

যেং প্রকারের বাকির এই ইস্তাহারের ফারম ব্যবহার হইবে তাহা আইনের ৫ ধারাতে উল্লিখিত আছে এবং তদনুসারে ১০ ঘরের বিবরণ লিখিতে হইবে।

N. D. B. BELL,
for Collector.

জিলা চট্টগ্রাম।

This cancels the order of the 9th April 1895, transferring Babu Chunder Kumar Chatterji, Munsif of Kishanganj, Purnea, to Kasba in Tippera.

No. 2083*J*.—*The* 13*th April* 1895.—Mr. R. Zeiglar is appointed to be an Honorary Magistrate of the Independent Bench at Jhalukati in the district of Backergunge, and is vested with the powers of a Magistrate of the second class.

The 13*th April* 1895.—Babu Rakhal Das Banerjee is appointed to be an Honorary Magistrate of the Independent Bench at Jhalukati in the district of Backergunge, and is vested with the powers of a Magistrate of the third class.

No. 2147*J*.—*The* 15*th April* 1895.—Maulvi Syed Feda Ali is appointed to be an Honorary Magistrate of the Independent Bench at Comilla, in the district of Tippera, and is vested with the powers of a Magistrate of the third class.

No. 2145*J*.—*The* 16*th April* 1895.—Maulvi Syed Abdul Rub Choudhri is appointed to be an Honorary Magistrate of the Independent Bench at Madaripur, in the district of Faridpur, and is vested with the powers of a Magistrate of the third class.

H. J. S. COTTON,
Chief Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.—No. 2158J.

The 11*th April* 1895.—It is hereby notified for general information that the Lieutenant-Governor has been pleased to make the following changes in the police-stations and outposts in the districts noted below:—

DISTRICT.	Name of outpost abolished.	Name of new outpost established.	Name of police-station to which the outpost is subordinate.	REMARKS.
1	2	3	4	5
Burdwan ...	Senpahari* ...	......	Kaksa.	
Birbhum ...	Sainthea ...	......	Suri.	
	Banga Chatra ...	......	Sakulipur.	
	Donigram ...	......	Ramputhat.	
Bankura ..	Jaipur ...	Joyrampur ...	Vishnupur.	
	Jellisheri ...	......	Ditto.	
	Baxibagan ...	......	Kotalpur.	
	Mejea* ...	......	Gangajalghati.	

* Converted into beat-house.

District.	Name of outpost abolished.	Name of new outpost established.	Name of police-station to which the outpost is subordinate.	Remarks.
1	2	3	4	5
Midnapore ...	Chandra ...	......	Midnapore.	
	Rohini ...	......	Gopiballabhpur.	
	Saora ...	......	Dantan.	
	Satpati ...	......	Salbani.	
	Bargoda ...	......	Maslandpur.	
	Balughatta ...	......	Sutahata.	
	Nurghat ...	......	Nandigram.	
	Rassulpur ...	......	Contai.	
	Bhaitgar ...	......	Do.	
	Sagreshwar ...	......	Ramnagar.	
	Chowlkhola ...	......	Ditto.	
	Sonakhali ...	......	Daspur.	
	Khirpai ...	......	Chandrakona.	
	Sirsha ...	......	Keshpur.	
	Negwan ...	......	Egrah.	
	Simla* ...	......	Binpur.	
	Gohaltore* ...	......	Garhbeta.	
	Belda* ...	......	Narayangarh.	
	Kola* ...	......	Panskura.	
Hooghly ...	Chinsura ...	......	Hooghly.	
	Bansbaria ...	......	Ditto.	
	Kochinali ...	......	Pandua.	
	Dwarbasini ...	......	Ditto.	
	Guptapara ...	......	Balagarh.	
	Baidyabatti ...	......	Serampore.	
	Seakhola ...	......	Chanditala.	
	Magra* ...	......	Hooghly.	
	Champadanga* ...	......	Haripal.	
Howrah ...	Mohiari ...	......	Dumjor.	
	Debipara ..	......	Ditto.	
	Naloo ...	......	Ditto.	
	Bhatora* ...	......	Amta.	
24-Parganas ...	Choylabir ...	......	Bhangar.	
	Rajahat ...	......	Dum-Dum.	
	Amdanga ...	......	Naihati.	
	Menakhan ...	......	Haroa.	
	Fulta ...	......	Debipur* ..	* The police-station has been transferred from Debipur to Fultah.
	Sandeskhali* ...	......	Hasnabad.	
	Rangafulla ...	......	Kalpi.	
	Sagar Island* ...	......	Do.	
Nadia ...	Damukdia ...	......	Nowpara.	
Murshidabad ...	Dhanirampur ..	......	Jalangi.	
	Dadpur ..	......	Burwa.	
	Khamra ...	......	Raghunathganj.	
	Mohimapur ...	......	Shahanagar.	
	Furrabagh ...	......	Asanpur.	
	Ranitala ..	......	Bhagwangola.	
	Jajan ..	......	Bharatpur.	
	Sherpur ...	......	Khargaon.	
	Rangamati ..	......	Gokaran.	
Jessore ...	Alfadanga ...	......	Lohagara.	
Khulna ...	Chandkhali ...	......	Paikgachha.	
	Tala ...	......	Magura.	
	Pratapnagar* ...	......	Assasuni.	
	Bhatshala ...	Sripur ...	Kaliganj.	
	......	Shyamnagar ...	Ditto.	
Rajshahi ...	Arani ...	......	Charghat.	
	Ramnagar ...	......	Panchupur.	
	Malanchi ...	......	Nator.	
Dinajpur ...	Birol ...	......	Kotwali.	
Jalpaiguri ...	Sanyasikata ...	......	Rajganj.	
	Fallacotta ...	......	Salbari.	

* Converted into beat-house.

District.	Name of outpost abolished.	Name of new outpost established.	Name of police-station to which the outpost is subordinate.	Remarks.
1	2	3	4	5
Pabna ...	Ataikula ...	......	Pabna.	
	Handyal ...	......	Chatmohar.	
	Khetupara (*alias* Nazirganj).	......	Dulai.	
	Pangashi ...	......	Raiganj.	
Dacca ...	Joydebpur* ...	......	Keraniganj.	
	Kaliganj* ...	......	Rupganj.	
Faridpur ...	Diara ...	......	Bhanga.	
	Habiganj ...	......	Madaripur.	
Backergunge ...	Kewari ...	......	Pirojpur.	
	Chaltabonia ...	......	Golachipa.	
	Taltoli ...	......	Barmuddin Havildars.	
Noakhali ...	Farashganj ...	......	Lakhmipur.	
	Selonia ...	......	Fenny.	
Chittagong ...	Parki ...	......	Banskhali.	
Purnea ...	Hurda ...	......	Purnea.	
	Raniganj ...	......	Balarampur.	
	Asuragurh ...	......	Kishanganj.	
	Nawabganj ...	......	Matiari.	
Malda ...	Bholahat† ...	......	English Bazar.	

* Converted into beat-house.
† Converted into road post.

NOTIFICATION—No. 2116J.

The 15*th April* 1895.—It is hereby notified for general information that the police-station of Gulsakhali, in the district of Backergunge, which has been removed to the village of Chora in Amtali, will henceforth be called the Amtali police-station.

H. J. S. Cotton,
Chief Secy. to the Govt. of Bengal.

REGISTRATION DEPARTMENT.

No. 1255*P.*—*The* 16*th April* 1895.—Maulvi Muhammad Shoeb Abu Yusuf Sabir, Rural Sub-Registrar of Mitapukur, in the district of Rangpur is appointed to be Rural Sub-Registrar of Kurigaon, in the same district, *vice* Maulvi Syed Abdul Masud, deceased.

Maulvi Syed Abul Quassim is appointed to be Rural Sub-Registrar of Mitapukur, in the district of Rangpur.

H. J. S. Cotton,
Chief Secy. to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

২৫৪৮ A নম্বর।

রেজিষ্টরীকরণ।—২৪৩৬ এ, নং।—১৮৯৫ সাল ১১ আপ্রিল।—ছুটী প্রযুক্ত শ্রীযুত বাবু রামচন্দ্র ঘোষের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় ময়মনসিংহ জিলার অন্তর্গত নেত্রকোণার গ্রাম্য সব-রেজিষ্ট্রার শ্রীযুত মৌলবী আবুল মজাফ্ফার আবুল আলি খাঁ ময়মনসিংহের ইস্পিসিয়াল সব-রেজিষ্ট্রার স্বরূপ কার্য্য করিতে নিযুক্ত হইলেন।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

জুডিশ্যল ডিপার্টমেণ্ট।

২৫৪৯ A নম্বর।

২৪৪২ এ, নং।—১৮৯৫ সাল ১১ আপ্রিল।—১৮৯৫ সালের ৯ আপ্রিল তারিখের আদেশ পরিবর্ত্তিত করিয়া বাখরগঞ্জ জিলার অন্তর্গত বরিশালের মুন্সেফ শ্রীযুত বাবু রমাপতি দেকে ত্রিপুরা জিলায় মুন্সেফের পদে নিযুক্ত করা গেল। তিনি সামান্যতঃ কশবায় অবস্থাপিত হইবেন।

পূর্ণিয়া জিলার অন্তর্গত কিষণগঞ্জের মুন্সেফ শ্রীযুত বাবু চন্দ্রকুমার চট্টোপাধ্যায়কে ত্রিপুরা জিলার অন্তর্গত কশবায় বদলী করিবার ১৮৯৫ সালের ৯ আপ্রিল তারিখের আদেশ এতদ্দ্বারা রহিত হইল।

২০৮৩ জে, নং।—১৮৯৫ সাল ১৩ আপ্রিল।—মিষ্টার আর, জাইগ্লার সাহেব বাখরগঞ্জ জিলার অন্তর্গত ঝালকাটিস্থ স্বাধীন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৯৫ সাল ১৩ আপ্রিল।—শ্রীযুত বাবু রাখালদাস বন্দ্যোপাধ্যায় বাখরগঞ্জ জিলার অন্তর্গত ঝালকাটিস্থ স্বাধীন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

২১৪৭ জে, নং।—১৮৯৫ সাল ১৫ আপ্রিল।—শ্রীযুত মৌলবী সৈয়দ কেদা আলি ত্রিপুরা জিলার অন্তর্গত কুমিল্লাস্থ স্বাধীন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

২১৪৫ জে, নং।—১৮৯৫ সাল ১৬ আপ্রিল।—শ্রীযুত মৌলবী সৈয়দ আবদুল রব চৌধুরী ফরিদপুর জিলার অন্তর্গত মাদারিপুরস্থ স্বাধীন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

২১৫৮ জে, নং—বিজ্ঞাপন।

১৮৯৫ সাল ১১ আপ্রিল।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব নিম্নলিখিত জিলার অন্তর্গত পোলীস থানা ও ফাঁড়ি সম্বন্ধে নিম্নলিখিত পরিবর্ত্তন করিয়াছেন :—

জিলা।	যে সকল ফাঁড়ী উঠাইয়া দেওয়া হইয়াছে তাহার নাম।	নূতন স্থাপিত ফাঁড়ির নাম।	ফাঁড়ী যে পোলীস থানার অধীন তাহার নাম।	মন্তব্য।
১	২	৩	৪	৫
বর্দ্ধমান ...	সেন পাহাড়ি* ...	...	কাকুসা ...	
বীরভূম ...	সাঁইথে ...	...	সিউড়ি ...	
	বংশ চত্র ...	...	সাকুলিপুর ...	
	দোনিগ্রাম ...	...	রামপুরহাট ...	

* বিট-হাউস্ করা হইয়াছে।

জিলা।	যে সকল ফাঁড়ী উঠাইয়া দেওয়া হইয়াছে তাহার নাম।	নূতন স্থাপিত ফাঁড়ির নাম।	ফাঁড়ী যে পোলীস থানার অধীন তাহার নাম।	মন্তব্য।
১	২	৩	৪	৫
বাকুড়া ...	জয়পুর ...	জয়রামপুর...	বিষ্ণুপুর।	
	জেলিসেরি ...	......	ঐ	
	বক্সি বাগান ...	......	কোটালপুর।	
	মেজ্যি* ...	......	গঙ্গাজলঘাটি।	
মেদিনীপুর...	চন্দ্রা ..	......	মেদিনীপুর।	
	রোহিনী ...	......	গোপীবল্লভপুর।	
	সেওড়া ...	......	দাঁতন।	
	সাতপাটি ...	......	সালবনি।	
	বারগোদা ...	......	মসলন্দপুর।	
	বালুঘাটা ...	......	সুতাহাটা।	
	ভুরঘাট ...	......	নন্দীগ্রাম।	
	রসুলপুর ...	......	কাঁথি।	
	ভৈতগড় ..	......	ঐ	
	সাগ্রেশ্বর ...	......	রামনগর।	
	চৌলখোলা ...	......	ঐ	
	সোনাখালি ...	......	দাসপুর।	
	খিরপাই ...	......	চন্দ্রকোণা।	
	সিরশা ...	......	কেশপুর।	
	নেগোয়ান ...	......	এগরা।	
	সিমলা* ...	......	বিনপুর।	
	গোহালটোর* ...	......	গড়বেতা।	
	বেলদা* ...	......	নারায়ণগড়।	
	কোলা* ...	......	পাঁসকুড়া।	
হুগলী ...	চুঁচুড়া ...	......	হুগলী।	
	বাঁশবেড়ে ...	......	ঐ	
	কচিনলি ...	......	পাণ্ডুয়া।	
	দ্বারবাসিনী ...	......	ঐ	
	গুপ্তপাড়া ...	......	বলাগড়।	
	বৈদ্যবাটী ...	......	শ্রীরামপুর।	
	সিয়াখালা ...	......	চণ্ডীতলা।	
	মগরা* ...	......	হুগলী।	
	চাম্পাডাঙ্গা* ...	......	হরিপাল।	
হাওড়া ...	মোহিয়াড়ী ...	......	ডমজুড়।	
	দেবীপাড়া ...	......	ঐ	
	নলুয়া ...	......	ঐ	
	ভাটোরা* ...	......	আমতা।	
২৪ পরগনা...	চয়লাবির ...	......	ভাঙ্গড়।	
	রাজাহাট ...	......	দমদমা।	
	আমডাঙ্গা ...	......	নৈহাটী।	
	মেনা খাঁ ...	......	হারোয়া।	
	কল্তা ...	......	দেবীপুর*	*এই পোলসী থানা দেবীপুর হইতে কল্তায় স্থানান্তরিত করা হইয়াছে।
	সন্দেস খালি* ...	......	হসনাবাদ।	
	রজাকুল্লা ...	......	কল্পি।	
	সাগরদ্বীপ* ...	......	ঐ	

* বিট-হাউস করা হইয়াছে।

জিলা।	যে সকল ফাঁড়ী উঠাইয়া দেওয়া হইয়াছে তাহার নাম।	নূতন স্থাপিত ফাঁড়ির নাম।	ফাঁড়ী যে পোলীস থানার অধীন তাহার নাম।	মন্তব্য।
১	২	৩	৪	৫
নদীয়া ...	দামুকুদিয়া ...	......	নোয়াপাড়া।	
মুরশিদাবাদ ..	ধানিরামপুর ...	......	জলঙ্গী।	
	দাদপুর ...	......	বরওয়া।	
	খামড়া ...	......	রঘুনাথগঞ্জ।	
	মহিমাপুর ...	......	সাহানগর।	
	কুরাবাগ ...	......	আসানপুর।	
	রাণীতলা ...	......	ভগবানগোলা।	
	জাজন ...	......	ভরতপুর।	
	শেরপুর ...	......	খারগাঁ।	
	রাঙ্গা মাটী ...	......	গোকরণ।	
যশোহর ...	আলকাডাঙ্গা ...	......	লোহাগাড়া।	
খুলনা ...	চাঁদখালী ...	......	পাইকগাছা।	
	টালা ...	......	মাগুরা।	
	প্রতাপনগর * ...	......	আসাসুনি।	
	ভাটশালা ...	শ্রীপুর ...	কালীগঞ্জ।	
	......	শ্যামনগর ...	ঐ	
রাজশাহী ...	আরাণী ...	......	চারঘাট।	
	রামনগর ...	......	পাঁচুপুর।	
	মালঞ্চি ...	......	নাটোর।	
দিনাজপুর ...	বিরোল ...	......	কোতওয়ালী।	
জলপাইগুড়ি	সন্ন্যাসী কাটা ...	......	রাজগঞ্জ।	
	ফাল্লা কোটা ...	......	শালবাড়ী।	
পাবনা ...	আতৈকুল ...	......	পাবনা।	
	হান্দিয়াল ...	......	চাটমোহর।	
	খেতুপাড়া (অপর নাম নাজিরগঞ্জ)।	......	দুলাই।	
	পাঙ্গাশী ...	......	রায়গঞ্জ।	
ঢাকা ...	জয়দেবপুর * ...	......	কেরাণীগঞ্জ।	
	কালীগঞ্জ * ...	......	রূপগঞ্জ।	
ফরিদপুর ..	দিয়ারা ...	......	ভাঙ্গা।	
	হবিগঞ্জ ...	......	মাদারিপুর।	
বাখরগঞ্জ ...	কেওয়ারি ...	......	পিরোজপুর।	
	চালতাবনিয়া ...	......	গলাচিপ।	
	তালতলি ...	......	বরমদ্দিন হাভিলদার।	
নোয়াখালী ...	করাসগঞ্জ ...	......	লক্ষ্মীপুর।	
	সেলোনিয়া ...	......	ফেণি।	
চট্টগ্রাম ...	পারকি ...	......	বাঁশখালী।	
পুর্ণিয়া ...	হরদা ...	......	পুর্ণিয়া।	
	রাণীগঞ্জ ...	......	বলরামপুর।	
	অম্বরগড় ...	......	কিষণগঞ্জ।	
	নবাবগঞ্জ ...	......	মতিহারি।	
মালদা ...	ভোলাহাটা ...	......	ইংরাজ বাজার।	

* বিট-হাউস করা হইয়াছে।

† রোড পোষ্ট করা হইয়াছে।

২১১৬ জে, নং বিজ্ঞাপন।

১৮৯৫ সাল ১৫ আপ্রিল।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, বাখরগঞ্জ জিলার অন্তর্গত গুলসাখালি পোলিস থানা আমতলির চৌরা গ্রামে স্থানান্তরিত হওয়ায় উহা এখন অবধি আমতলির পোলিস থানা নামে অভিহিত হইবে।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

রেজিষ্টরীকরণ সম্পর্কীয় কার্য্যবিভাগ।

১২৫৫ পি, নং।—১৮৯৫ সাল ১৬ আপ্রিল।—শ্রীযুত মৌলবী সৈয়দ আবদুল মহমুদের মৃত্যু প্রযুক্ত রঙ্গপুর জিলার অন্তর্গত মিঠাপুকুরের গ্রাম্য সব-রেজিষ্টার শ্রীযুত মৌলবী মহাম্মদ সোয়েব আবু ইউছুফ সবির উক্ত জিলার অন্তর্গত কুড়িগ্রাঁর গ্রাম্য সব-রেজিষ্টারের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত মৌলবী সৈয়দ আবুল কাশিম রঙ্গপুর জিলার অন্তর্গত মিঠাপুকুরের গ্রাম্য সব-রেজিষ্টারের পদে নিযুক্ত হইলেন।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার ১৮৯৫ সাল ২৩ আপ্রিল।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপিখানি ১৮৯৫ সালের ৭ই মার্চ্চ তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় উপস্থিত করা হইয়াছিল :—

১৮৯৫ সালের ৭ নম্বর।

শুদ্ধ টাকার দেনার ও বন্ধকী দেনার জন্য মোকদ্দমায় সুদ দেওয়া ব্যবস্থিত করণার্থ আইনের পাণ্ডুলিপি।

শুদ্ধ টাকার দেনার ও বন্ধকী দেনার জন্য মোকদ্দমায় সুদ দেওয়া ব্যবস্থিত করা বিহিত। অতএব এতদ্দ্বারা নিম্নলিখিতমত বিধান করা গেল :—

এই আইন আরম্ভ হইবার পরে উপস্থিত করা শুদ্ধ টাকার দেনার বা বন্ধকী দেনার জন্য কোন মোকদ্দমায় কোন দেওয়ানী আদালত প্রথম আসল টাকার অতিরিক্ত, অথবা যে স্থলে আসল টাকা হ্রাস করণার্থ টাকা দেওয়া হইয়াছে সে স্থলে হ্রাসান্তের আসল টাকার অতিরিক্ত সুদ ডিক্রী করিবেন না বা দিবেন না।

আসল টাকার অতিরিক্ত সুদ দেওয়া নিষিদ্ধ হইবার কথা।

ব্যাখ্যা।—"সুদ" শব্দে মোকদ্দমার তারিখের পূর্ব্বে দেওয়া টাকা বাদে ঐ তারিখে যত টাকা সুদ পাওনা বা দেয় থাকে তাহা বুঝাইবে।

অভিপ্রায় ও হেতুর বিবরণ।

সুদ দেওয়া সম্বন্ধে আমাদের আদালত সমূহে এখন যে রীতি প্রচলিত আছে তাহাতে একটী অনিয়ম আছে এবং কত টাকা সুদ দেওয়া যাইতে পারিবে তাহার কোন সীমা নাই। কলিকাতার হাই কোর্ট সম্প্রতি একটী মোকদ্দমার নিষ্পত্তি করিয়াছেন। তাহাতে সুদের সুদ শতকরা ৩৩, টাকা হিসাবে দশ বৎসরে আসল টাকার সাড়ে সতের গুণ হইয়াছিল, অর্থাৎ, সুদ গড়ে বৎসরে আসল টাকার শতকরা ১৭৫, টাকা হইয়াছিল। হাই কোর্ট বলিয়াছিলেন যে প্রতিবাদী যে চুক্তি করিয়াছিলেন তাহাতে তিনি বাধ্য এবং রায়ে লিখিয়াছিলেন যে অন্যান্য মোকদ্দমায় যে হারে সুদ দিতে দেওয়া হইয়াছিল এ মোকদ্দমায় সুদের হার তদপেক্ষা বেশী ছিল না।

সুদ দিবার রীতি সম্বন্ধে এখন যে অনিয়ম আছে তাহা দূর করা এবং সুদ দিবার একটী সীমা নির্দ্দেশ করা এই পাণ্ডুলিপিখানির উদ্দেশ্য।

৪ঠা মার্চ্চ ১৮৯৫ সাল।

মোহিনী মোহন রায়।

জে, এম্, ম্যাক্‌ফার্লন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

CHUNDER NATH BOSE,
Bengali Translator.

A Bill to regulate the award of interest in suits for simple money-debts and mortgage-debts.

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার ১৮৯৫ সাল ২৩ আপ্রিল।

ষষ্ঠ খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপিখানি ১৮৯৫ সালের ৬ই এপ্রিল তারিখে উপস্থিত করা হইয়াছিল আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভায় পঠিত হইয়াছিল এবং সিলেক্ট কমিটীতে অর্পিত হইয়াছিল এবং সাধারণের অবগতির নিমিত্ত অভিপ্রায় ও হেতুর বিবরণসহ এতদ্দ্বারা প্রকাশিত করা গেল।—

কলিকাতার বন্দর বিষয়ক ১৮৯০ সালের আইন আরও সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

সূচনা।

কলিকাতার বন্দর বিষয়ক ১৮৯০ সালের আইন আরও সংশোধন করা বিহিত। অতএব এতদ্দ্বারা নিম্নলিখিত-মত বিধান করা গেল।—

অর্থকরণ ও আরম্ভের কথা।

১ ধারা। (১) এই আইনটীকে কলিকাতা বন্দর বিষয়ক ১৮৯০ সালের আইনের সহিত পাঠ করিতে হইবে এবং উহার অংশ স্বরূপ গ্রহণ করিতে হইবে।

(২) শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক অনুমোদিত হইয়া ইহা যে তারিখে কলিকাতা গেজেটে প্রকাশিত হইবে সেই তারিখ হইতে ইহা প্রবল হইবে।

১৩ ধারা সংশোধন করিবার কথা।

২ ধারা। ১৩ ধারার (২) প্রকরণে "যে ব্যক্তি" এই দুই শব্দের পর যে "এই" শব্দ আছে তাহার পরিবর্ত্তে "ঠিক পূর্ব্ববর্ত্তী" এই দুই শব্দ বসাইতে হইবে।

নূতন ৩২ক ধারার কথা।

৩ ধারা। ৩২ ধারার পর নিম্নলিখিত ধারাটী সন্নিবেশিত হইবে।—

"৩২ ক ধারা। ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে যে সকল জরিমানার টাকা আদায় হয় কমিশনরেরা যে-রূপ উপযুক্ত বিবেচনা করেন ৫৭ ধারায় যাহা কিছু আছে তাহা সত্ত্বেও সেই সকল টাকার সেই প্রকারে বিলি ব্যবস্থা করা হইবে।

৩৫ ধারা সংশোধন করিবার কথা।

৪ ধারা। ৩৫ ধারায় (২) প্রকরণের পরিবর্ত্তে নিম্নলিখিত প্রকরণটী বসাইতে হইবে।—

"(২) যে সকল মাল জাহাজ হইতে নামান হয় কি জাহাজে তুলিতে হইবে কি চালান করিতে হইবে তাহা লইবার কি গুদাম-জাত করিবার জন্য সমস্ত প্রয়োজনীয় যন্ত্রাদি সহ গুদাম ঘর ও সেড এবং ঐ মালের নমুনা দেখাইবার ও তাহা বিক্রয় করিবার উপযুক্ত স্থান। আরোহী ও মাল বহনার্থ ট্রামওয়ে, কিন্তু স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে সময়ে যেরূপ চালিকা-শক্তির মঞ্জুর করেন ঐ সকল ট্রাম-ওয়ে লাইনের গাড়ি কেবল মাত্র সেইরূপ চালিকাশক্তিতে চালিত করিতে হইবে।"

A Bill to further amend the Calcutta Port Act, 1890.

৫ ধারা। ৯০ ধারায় "তাঁহাদের চাকরের" এই দুইটী শব্দের পর "কিম্বা এজেন্টের" এই দুইটী শব্দ সন্নিবেশিত হইবে এবং "তাহা হইতে সমস্ত মাল নামাইবেন" এই শব্দগুলির পর নিম্নলিখিত নিয়মবিধিটী সন্নিবেশিত হইবে।—

৯০ ধারা সংশোধন করিবার কথা।

"কিন্তু বোম্বাই পেট্রোলিয়মের বেলা সমস্ত সমুদ্রগামী জলযান হইতে কেবল পেট্রোলিয়ম নামান নহে কিন্তু আপনাদের চাকর বা এজেন্টদ্বারা খোল হইতে পেট্রোলিয়ম বাহির করা ও ঐ সকল জলযানের পার্শ্বে রাখাও কমিশনরদিগের পক্ষে আইনসঙ্গত কার্য্য হইবে"।

৬ ধারা। ১০৪ ধারায় নিম্নলিখিত শব্দগুলি উঠাইয়া দিতে হইবে:—

১০৪ ধারা সংশোধন করিবার কথা।

"এবং যে স্থলে কমিশনরগণ তাঁহাদের কর্ম্মচারী ও চাকর ভিন্ন অন্য ব্যক্তি দ্বারা মাল নামাইতে বা তুলিতে দেন সে স্থলে ঐরূপ কোন জলযান কর্ত্তৃক উক্ত ডক, ওয়ার্ফ, মাল তুলিবার পোস্তা, ষ্টেজ, জেটী ও পীয়র ব্যবহৃত হইবার জন্য মাসুলের হার।"

৭ ধারা। ১০৪ ধারার পর নিম্নলিখিত ধারাটী সন্নিবেশিত হইবে:—

নূতন ১০৪ক ধারার কথা।

"১০৪ ক ধারা। (১) জলযান সমুদ্রগামী হউক বা নাই হউক উহার কর্ত্তৃক কমিশনরদিগের ডক ওয়ার্ফ মাল তুলিবার পোস্তা, ষ্টেজ, জেটী ও পীয়রের ব্যবহারের নিমিত্ত যে মাসুল কমিশনরেরা যখন তাঁহাদের আপনাদের কর্ম্মচারী ও চাকর হইতে ভিন্ন ব্যক্তি দ্বারা মাল নামাইতে বা জাহাজে তুলিতে দেন তখন আদায় করা যাইতে পারিবে কমিশনরেরা তাহারও হার বাঁধিয়া দিবেন।

জলযানের ডক প্রভৃতির ব্যবহারের জন্য কমিশনরদিগের মাসুলের হারের বাঁধিবার কথা।

(২) সমুদ্রগামী জলযানের ও সমুদ্রগামী জলযান হইতে ভিন্ন জলযানের হার কমিশনরদিগের বিবেচনামতে হয় একই হইবে নয় ভিন্ন হইবে।"

৮ ধারা। ১০৬ ধারায় যে যে স্থানে "মাসুল" শব্দ আছে সেই সেই স্থানে ঐ শব্দের পর "রেট, চার্জ ও ফী" এই শব্দগুলি সন্নিবেশিত হইবে এবং "সময়ে সময়ে যাতায়াত করে" এই শব্দগুলির পর নিম্নলিখিত শব্দগুলি সন্নিবেশিত হইবে:—

১০৬ ধারা সংশোধন করিবার কথা।

"সেই সকল জলযান সম্বন্ধে এবং যে সকল ব্যক্তি ঐ সকল জলযানের ভারপ্রাপ্ত থাকে বা ঐ সকল জলযানের উপর থাকে তাহাদের সম্বন্ধে এবং ঐ সকল জলযান ও ব্যক্তিকে লাইসেন্স দেওয়া, রেজিষ্টরী করা ও ব্যবস্থিত করা সম্বন্ধে।"

৯ ধারা। ১০৮ ধারায় "জলযান" শব্দের পূর্ব্বে "সমুদ্রগামী" এই শব্দ সন্নিবেশিত হইবে, "যে মাল" এই দুই শব্দের পর "বা মালের যে অংশ বা যে প্রকার মাল" এই শব্দগুলি সন্নিবেশিত হইবে, "এরূপ" এই শব্দের পর এবং "মাসুল" এই শব্দের পূর্ব্বে "সাধারণ বা প্রভেদ মূলক বাকী" এই শব্দগুলি সন্নিবেশিত হইবে, "তিন" এই শব্দের পর "একশত চারি ক" এই শব্দগুলি ও অক্ষর সন্নিবেশিত হইবে, "একশত সাত" এই শব্দগুলির পূর্ব্বে "হইতে" এই শব্দটা এবং "পর্য্যন্ত" এই শব্দটা উঠিয়া যাইবে।

১০৮ ধারা সংশোধন করিবার কথা।

১০ ধারা। ১০৯ ধারায় "এইরূপ" এই শব্দের পর "অতিরিক্ত, সাধারণ বা প্রভেদ মূলক বাকী" এই শব্দগুলি সন্নিবেশিত হইবে এবং "এইরূপ" এই শব্দের পূর্ব্বে নিম্নলিখিত শব্দগুলি সন্নিবেশিত হইবে:—

১০৯ ধারা সংশোধন করিবার কথা।

"উপরোক্তমতে এইরূপে নামান বা জাহাজে তুলিয়া দেওয়া, ওজন, মাপ, দ্রব্যসংখ্যা বা মূল্যানুসারে শ্রেণীবিভক্ত করা এবং সেরূপ নির্দ্ধারিত করা গেলে কমিশনরেরা যেরূপ বিহিত বিবেচনা করেন তদনুসারে আমদানি করা ও রপ্তানী করা বলিয়া পৃথক করা মাল বা মালের কোন অংশ বা রকম সম্বন্ধে।"

১১ ধারা। ১১৩ ধারায় (২) প্রকরণে "কোন মাল" এই দুই শব্দের পূর্ব্বে "এই আইনের অর্থানুসারে বাণ্ডেড ওয়েরহৌস বলিয়া ব্যক্ত ওয়েরহৌসে গুদামজাত করা মাল হইতে ভিন্ন" এই শব্দগুলি সন্নিবেশিত হইবে।

১১৩ ধারা সংশোধন করিবার কথা।

১২ ধারা। ১১৪ ধারায় (১) প্রকরণে "সেই সময়ের মধ্যে" এই শব্দগুলির পর "এই আইনের অর্থানুসারে বাণ্ডেড ওয়েরহৌস বলিয়া ব্যক্ত ওয়েরহৌসে গুদামজাত করা মাল হইতে ভিন্ন" এই শব্দগুলি সন্নিবেশিত হইবে।

১১৪ ধারা সংশোধন করিবার কথা।

১৩ ধারা। ১১৫ ধারায় 'উক্ত মাল' এই দুই শব্দের পূর্ব্বে "এই আইনের অর্থানুসারে বাণ্ডেড ওয়েরহৌস বলিয়া ব্যক্ত ওয়েরহৌসে গুদামজাত করা মাল হইতে ভিন্ন" এই শব্দগুলি সন্নিবেশিত হইবে।

১১৫ ধারা সংশোধন করিবার কথা।

১৪ ধারা। ১১৬ ধারায় (২) প্রকরণে "গুদাম ঘরে" এই শব্দের পর "একশত বাইশ ক ধারানুসারে বাণ্ডেড ওয়েরহৌস বলিয়া ব্যক্ত বাণ্ডেড ওয়েরহৌসে" এই শব্দগুলি সন্নিবেশিত হইবে।

১১৬ ধারা সংশোধন করিবার কথা।

নূতন ১২২ক, ১২২খ ১২২গ এবং ১২২ঘ ধারার কথা।

১৫ ধারা। ১২২ ধারার পর নিম্নলিখিত ধারাগুলি সন্নিবেশিত হইবে :—

বিজ্ঞাপন দ্বারা ওয়েরহৌস বাণ্ডেড ওয়েরহৌস বলিয়া ব্যক্ত হইতে পারিবার কথা।

"১২২ ক ধারা। অগ্রে স্থানীয় গবর্ণমেণ্টের সম্মতি লইয়া এবং কলিকাতা গেজেটে বিজ্ঞাপন দিয়া কমিশনরদিগের অধিকৃত কোন ওয়েরহৌস, বিল্ডিং বা গুদামকে এই আইনের প্রয়োজনার্থ বাণ্ডেড ওয়েরহৌস বলিয়া ব্যক্ত করা কমিশনরদিগের পক্ষে আইনসঙ্গত কার্য্য হইবে।

বাণ্ডেড ওয়েরহৌসে কমিশনরদিগের মাল গুদামজাত করিতে পারিবার কথা।

"১২২ খ ধারা। কমিশনরেরা যে সময় উপযুক্ত বিবেচনা করেন সেই সময়ের নিমিত্ত তাঁহাদের দ্বারা নামান বা জাহাজে তুলিয়া দিবার নিমিত্ত প্রাপ্ত মাল বাণ্ডেড ওয়েরহৌসে গুদামজাত করা তাঁহাদের পক্ষে আইনসঙ্গত কার্য্য হইবে।

কিন্তু পেট্রোলিয়ম সম্বন্ধে নিয়ম এই যে, যে কোন প্রকারেই অগ্নিকাণ্ড ঘটুক তদ্দ্বারা কোন ক্ষতি হইলে তজ্জন্য কমিশনরেরা উহার অধিকারীদিগকে ক্ষতিপূরণ দিবার দায়ী হইবেন না এবং কমিশনরদিগের কিম্বা তাঁহাদের চাকরদিগের অবহেলায় যদি চুয়াইয়া পড়িয়া কিম্বা অন্য কোন প্রকারে কোন অপকর্ষ বা ক্ষতি বা পরিমাণের অল্পতা না ঘটিয়া থাকে তাহা হইলে সেই অপকর্ষ বা ক্ষতি বা পরিমাণের অল্পতার জন্য কমিশনরেরা উহার অধিকারীদিগকে ক্ষতিপূরণ দিবার দায়ী হইবেন না।

বাণ্ডযুক্ত মালের মাশুলের জন্য কমিশনরদিগের জামিন দিতে পারিবার কথা।

"১২২ গ ধারা। বাণ্ডেড ওয়েরহৌসে গুদামজাত করা মালের উপর দেয় আমদানি মাশুল দিবার নিমিত্ত কিম্বা ঐরূপ মাল যথারীতি রপ্তানী করিবার নিমিত্ত তিপ্পান্ন ধারায় যে প্রণালীর বিধান করা হইয়াছে সেই প্রণালীতে বাণ্ড দ্বারা বা অন্য কোন প্রকারে সাধারণ জামিন দেওয়া কমিশনরদিগের পক্ষে আইনসঙ্গত কার্য্য হইবে। কমিশনরদিগের দ্বারা এইরূপ জামিন দেওয়া হইলে কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ অন্য কোন ব্যক্তির নিকট সেই মর্ম্মে অন্য জামিন চাহিবেন না।

বাণ্ডযুক্ত মালের সম্বন্ধে কমিশনরদিগের ওয়ারেণ্টের কথা।

"১২২ ঘ ধারা। কমিশনরেরা বাণ্ডেড ওয়েরহৌসে কোন মাল প্রাপ্ত হইলে তাঁহারা যদি অনিরুদ্ধ হন তবে যে ব্যক্তির নিকট হইতে ঐ মাল পাইয়াছেন তাঁহাকে ট্রাফিক ম্যানেজারের অথবা কমিশনরদিগের সেক্রেটরীর স্বাক্ষরিত এবং চতুর্থ তফসীলের নির্দ্দিষ্ট ফারমে বা মর্ম্মে একখানি ওয়ারেণ্ট দিবেন এবং ঐ ওয়ারেণ্ট সমস্ত প্রয়োজনার্থ পৃষ্ঠলিপিক্রমে ক্রেয়বিক্রেয় হইবে এবং যে ব্যক্তির নিকট হইতে মাল প্রাপ্ত হওয়া গিয়াছিল তিনি যে সর্ত্তে ওয়ারেণ্টের লিখিত মালের ডিলিবরি লইতে স্বত্ববান হইতেন যে ব্যক্তিকে ঐ ওয়ারেণ্ট পৃষ্ঠলিপি করিয়া দেওয়া হয় তাঁহাকে উহা সেই সর্ত্তে ঐ মালের ডিলিবরি লইতে স্বত্ববান করিবে।

১২৬ ধারা সংশোধন করিবার কথা।

১৬ ধারা। ১২৬ ধারায় (১) প্রকরণে (ক) দফার পর নিম্নলিখিত দফাটী সন্নিবেশিত হইবে :—

"(কক) বন্দর মধ্যস্থিত সমস্ত জলযানের বোঝাই ও খালাস করা কার্য্য যে প্রকারে ও যে নিয়মে সম্পন্ন করা হইবে তাহা ব্যবস্থিত করিবার উদ্দেশ্যে," ।

এবং (খ) দফায় "গুদাম ঘর" এই শব্দের পর "একশত বাইশ ক ধারানুসারে বাণ্ডেড ওয়েরহৌস বলিয়া ব্যক্ত বাণ্ডেড ওয়েরহৌস," এই শব্দগুলি সন্নিবেশিত হইবে।

নূতন তফসীলের কথা।

১৭ ধারা। তৃতীয় তফসীলের পর নিম্নলিখিত তফসীলটী সন্নিবেশিত হইবে :—

"চতুর্থ তফসীল।

(১২২ ঘ ধারা দেখ)

বাণ্ডযুক্ত মালের ওয়ারেণ্টের ফারম।

কলিকাতার বন্দরের কমিশনরগণ।

নম্বর

কলিকাতা - - - ১৮৯ ।

— — নং সেড

— — — নং লাট

বন্দরের কমিশনরদিগের পক্ষে আমি এতদ্দ্বারা সার্টিফিকেট দিতেছি যে নিম্নলিখিত মালগুলি — — র দ্বারা বন্দরের কমিশনরদিগের বাণ্ডেড ওয়েরহৌসে রাখা হইয়াছে।

মার্কা।	নম্বর।	বস্তার সংখ্যা।	ওজন।	বিবরণ ও মন্তব্য।
১	২	৩	৪	৫

এবং কমিশনরেরা অনুরোধক্রমে অঙ্গীকার করিতেছেন যে ঐ মালের জন্য যে সমস্ত চার্জ দেয় হয় এবং ঐ মালের উপর গবর্ণমেণ্টের যে সমস্ত পাওনা হয় কিম্বা কষ্টমের যে মাশুল চার্জ করা যাইতে পারে তাহা দেওয়া হইলে পর, তাঁহারা হয় উক্ত ———— ————র কিম্বা তাঁহার বা তাঁহাদের এসাইনদিগের কিম্বা এই ওয়ারেণ্টের যে অধিকারীকে ইহা পৃষ্ঠলিপিক্রমে হস্তান্তরিত করা হয় তাঁহার প্রার্থনামতে ঐ মাল জাহাজে তুলিয়া দিবেন নয় উক্ত ———— ————কে কিম্বা তাঁহার বা তাঁহাদের এসাইনদিগকে কিম্বা এই ওয়ারেণ্টের যে অধিকারীকে ইহা পৃষ্ঠলিপিক্রমে হস্তান্তরিত করিয়া দেওয়া হয় তাঁহাকে ঐ মাল ডিলিবর করিবেন।

———— ————র পরীক্ষিত হইয়া লিখিত হইল।

ট্রাফিক ম্যানেজর
বা
সেক্রেটরী।"

অভিপ্রায় ও হেতুর বিবরণ।

কলিকাতার বন্দর বিষয়ক ১৮৯০ সালের আইনে কতকগুলি আবশ্যক পরিবর্ত্তন করা এবং পেট্রোলিয়ম নামান সম্বন্ধে সুবিধা করিতে পারিবার নিমিত্ত বন্দরের কমিশনরদিগের যে ক্ষমতা আবশ্যক বিশেষতঃ তাঁহাদিগকে সেই ক্ষমতা প্রদান করা এই পাণ্ডুলিপির উদ্দেশ্য। ইহাতে কমিশনরদিগকে পারিতোষিক প্রদানার্থ জরিমানার তহবীলের টাকা ব্যয় করিতে, তাঁহাদের ট্রামওয়েতে মাল ও আরোহী দুইই বহন করিতে, তাঁহাদের আপনাদের চাকর হইতে ভিন্ন ব্যক্তিদিগের দ্বারা সমুদ্রগামী জাহাজ হইতে মাল নামাইবার ও সমুদ্রগামী জাহাজে মাল তুলিবার চার্জের হার বাঁধিতে, যে সকল নৌকা ভাড়ার জন্য যাওয়া আসা করে তৎসম্বন্ধে কোন কোন কার্য্য করিবার জন্য চার্জ আদায় করিতে, আইনের ১০৮ ধারানুসারে এখন যে সমান অতিরিক্ত মাশুল চার্জ করা হয় তাহার পরিবর্ত্তে ভিন্ন ভিন্ন শ্রেণীর মালের উপর প্রত্যেক শ্রেণী সম্বন্ধে সর্ব্বাপেক্ষা সুবিধাজনক ও বৈধ হয় এইরূপ হিসাব করিয়া চার্জের ভিন্ন ভিন্ন হার প্রবর্ত্তিত করিতে এবং ডক ও জেটিতে মাল নামান ও জাহাজে তোলা সম্বন্ধে উপবিধি প্রণয়ন করিতে ক্ষমতা দেওয়া গেল।

২। কমিশনরেরা যাহাতে তাঁহাদের চাকর বা কণ্ট্রাক্টরদিগের দ্বারা খোল হইতে পেট্রোলিয়ম বাহির করিতে এবং জলযানের পার্শ্বদেশে রাখিতে পারেন, তাঁহাদের কোন ওয়েরহৌসকে বাণ্ডেড ওয়েরহৌস বলিয়া ব্যক্ত করিতে পারেন, তাঁহাদের ওয়েরহৌসে গুদামজাত করা মালের উপর মাশুল দিবার জন্য যাহাতে কষ্টমের সহিত সাধারণ বাণ্ডে আবদ্ধ হইতে পারেন এবং ঐরূপ মালের নিমিত্ত যাহাতে ওয়ারেণ্ট দিতে পারেন তজ্জন্যও তাঁহাদের পক্ষে ক্ষমতা লওয়া গেল। যে সকল ওয়েরহৌসে পেট্রোলিয়ম থাকে তৎসম্বন্ধে পাণ্ডুলিপিতে এই বিধান করা হইল যে তাহাতে যেমন করিয়াই আগুন লাগুক আগুন লাগিয়া যে ক্ষতি হয় তজ্জন্য কমিশনরেরা সমস্ত দায়িত্ব হইতে অব্যাহতি পাইবেন।

৪ঠা এপ্রিল ১৮৯৫ সাল। এচ্, এচ্, রিসলী।

কলিকাতা।
৯ই এপ্রিল ১৮৯৫ সাল।

গর্ডন লীথ,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাবিভাগের আসিষ্টাণ্ট সেক্রেটরী।

CHUNDER NATH BOSE,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 23, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ২৩ আপ্রিল।

PART VIII.

ADVERTISEMENT.

অষ্টম খণ্ড।

ইশ্তিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইস্তাহার।

জেলা ত্রিপুরা।

জমিদারী বিক্রয়ের বিজ্ঞাপন খ।

১৮৫৯ সালের ১১ আইনের ৫ ও ১৩ ধারামতে এতদ্দারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যদি নিম্নের লিখিত বাকী রাজস্ব আগামী রাজস্ব দিবার শেষ দিনে অর্থাৎ ১৮৯৫ ইং ২৮শে মার্চ্চ তারিখে বা তৎপুর্ব্বে না দেওয়া হয় তাহা হইলে ত্রিপুরা জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে উক্ত বাকী রাজস্বের জন্য ১৮৯৫ ইং ১৫ মেই মোতাবেক ১৩০২ বাং ২ জ্যৈষ্ঠ তারিখে বেলা ১২ টার সময় নিলামে বিক্রয় করা যাইবে। ১৮৯৫ ইং ৫ মার্চ্চ।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশমাত্র বিক্রয় হইলে তাহার বাকী।	যে দাবির জন্য নিলাম হইবে তাহার প্রকার ও পরিমাণ।
১৭৮/১ নং তৌজি ১২৩৪ নং এ সাবেক ১২৬৮নং এ হাল।	মেহার পরগনার ৵১৩। — ক্রান্ত কিসমত পং মেহার।	৯২৪।১	...	অবশিষ্টাংশ ... ৸৴১৫	হোছন আলী চৌধুরী গয়রহ।	৭৯৪।৬	...	কিস্তী লাগায়েত অগ্রহায়ণ ১৩০১ বাং ২০২।০	দেওয়ানী আদালতের দ্বারা ক্রোকী মহাল ১৩০১ বাং কিস্তী লাং অগ্রহায়ণের বাকী ২০২।০
২১২/১ নং তৌজি ১৪৫৭ নং এ সাবেক ১৫০০নং এহাল।	ফরকাবাদ তকার হিং ৵৫ গণ্ডা।	২৩০৪ ৸৶৬	...	অবশিষ্টাংশ ৶১৩।—	শ্রীমতী জোবেদা-মেছা খাতুন।	৩৮৪৶৭	...	কিস্তী লাগায়েত অগ্রহায়ণ ১৩০১ বাং ৮৯৸৶১১	দেওয়ানী আদালতের দ্বারা ক্রোকী মহাল ১৩০১ বাংলাংকিস্তী অগ্রহায়ণের বাকী ৮৯৸৶৵১১

টীকা।—যে স্থলে উপরুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশমাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ইহা বুঝিতে হইবে যে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

যেং প্রকারের বাকির এই ইস্তাহারের ফারম ব্যবহার হইবে তাহা আইনের ৫ ধারাতে উল্লিখিত আছে এবং তদনুসারে ১০ ঘরের বিবরণ লিখিতে হইবে।

N. D. B. Bell,
for Collector.

জিলা চট্টগ্রাম ।

সন ১৮৬৮ সালের ৭ আইন ও ১৮৭১ সালের ২ আইনের বিধানমতে ও ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে এতদ্দারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে চট্টগ্রাম জিলার কাকসবাজার খাস তহসীল অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি ১৮৯৫ ইং ২৫ ফেব্রুয়ারি সূর্য্যাস্ত পর্য্যন্ত বাকীপড়া রাজস্ব ও রোডসেস আদায়ের নিমিত্ত উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী আইনানুসারে বাকী রাজস্বের ন্যায় আদায়ের যোগ্য তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৫ ইং তারিখ ১৪ মেই মোতাবেক ১৩০২ বাং তারিখ ১ জ্যৈষ্ঠ রোজ মঙ্গলবার বেলা ১২ টার সময় নিলামে বিক্রয় করা যাইবে ইতি ১৮৯৫ ইং তারিখ ৩০ মার্চ্চ ।

তালুকার নম্বর ।	তালুকার নাম ।	মালিকের নাম ।	সদর জমা ।		বাকী পরিমাণ ।		
			খাজানা ।	ছেচ ।	খাজানা ।	ছেচ ।	মোট ।
১৩০০ ২৭০	থানা রামু মৌজে ভোমরিয়াঘোনা মহল নয়াবাদ । তালুক কমলাপু ...	রাজচন্দ্র সেন স্বয়ং ও বংশী মোহন সেন নাবালক ভ্রাতার পক্ষে হিতৈষী পিং রামকিশোর সেন নাবালক চন্দ্রমোহন সেন পক্ষে হিতৈষী গোপীমোহন সেন পিং রামতনু সেন সাং ছনহরা ।	৭৫৫৸৵০	১১৯।৵০	২৩২৸৵০	......	২৩২৸৵০
১৩৫০ ২৩৭	থানা রামু মৌজে খুটাখালী মহল নয়াবাদ । তালুক মোবারেক আলী	জমিলা খাতুন আং মাহাং আজমল্লা খাঁ সাং হারবাঙ্গ ।	৮৫৮৸৵০	১০১।৴০	৪২৯	৩৩৸৩	৪৬২৸৩
১৫৬০ ২৬৪	থানা রামু মৌজে জোয়ারিয়ানালা মহল নয়াবাদ । তালুক গোলাম আলী	বদরচুজ্জা নাবালকের পক্ষে হিতৈষী তস্য মাতা শ্রীমতী জমিলা খাতুন আং আবদুলকর্ত্তা সাং উত্তর মিটাছরি ও মৌং নেজামদ্দিন পিং নছরদ্দিন মিয়াজি স্বয়ং মজহরলহক, এজাহার মছউদ আক্কর কমল ও ওমেদাজান নাবালক পুত্র কন্যার পক্ষে হিতৈষী মৌং নেজামদ্দিন সাং জোয়ারিয়ানালা ।	৬৭৩	৮৬।৶০	৩৩৬॥০	২৮৸৯	৩৬৫।৯
৩০৮০ ২৯৫ ৩৯৩	থানা চকরিয়া মৌজে হারবাঙ্গ মহল নয়াবাদ । তালুক লাল মাহাং দারগা ।	শ্রীমতী জামালহোসন চৌধুরিয়া আং মোবারেক আলী খাঁ ও আবদুল জব্বর পিং মুনশী আবদুল মজিদ জানিবে নাবালক হাশমতুল্লা মোবারেক বক্স, আহাম্মদ বক্স পিং কালু চৌধুরী পক্ষে হিতৈষী সাং হারবাঙ্গ ও শ্রীমতী জমিলা খাতুন আং কালু চৌং সাং হারবাঙ্গ থানা চকরিয়া ।	৯৪১৸৶৬	১৬১।০	১৭৮।৴৯	২৬॥৶৯	২০৫৴৬
৫৫২০ ১২৯৪ ৩৪৯৩	থানা চকরিয়া মৌজে কাকরা মহল নয়াবাদ তালুক মিশ্রিজান চৌধুরিয়া ।	শরচ্চন্দ্র গুপ্ত পিং রামমোহন গুপ্ত পূর্ণচন্দ্র গুপ্ত পিং কৃষ্ণচন্দ্র গুপ্ত ও বঙ্গচরণ, উমাচরণ গুপ্ত পিং পীতাম্বর গুপ্ত সাং পড়ুয়া ।	২৬৭৩	১৭৪৵৬	১৩৩৭	৫৮৻৩	১৩৯৫৻৩

J. D. ANDERSON,
Collector.

জিলা চট্টগ্রাম।—জমিদারী বিক্রয়ের বিজ্ঞাপন ক।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে চট্টগ্রাম জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি এবং মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী আইনানুসারে বাকী রাজস্বের ন্যায় আদায়ের যোগ্য তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৫ ইং ২৩এ মেই তারিখে বেলা ১২টার সময় নীলামে বিক্রয় করা যাইবে। ১৮৯৫ ইং তারিখ ১০ই এপ্রিল।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
প্রথম শ্রেণীর কায়মি মহাল।—								
২৬০ / ১২৮৫ / ১৬৩৯	থানা জোরারগঞ্জ তরফ জরিপ মাহাম্মদ।	৭৮৪৶১	সম্পূর্ণ মহাল বিক্রয় হবে।	......	গোলোকচন্দ্র চৌধুরী রায় বাহাদুর ও গিরিশ চন্দ্র কুণ্ডু ম্যানেজার জানিবে বজল সোবান, আহাম্মদ সোবান ও রইসন্নেছা বেগম।	......	৬১৷৶৩	......

টীকা।—যে স্থলে উপরের লিখিত বর্ণমাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ইহা বুঝিতে হইবে যে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

CHITTAGONG COLLECTORATE,
The 10th April 1895.

J. D. ANDERSON,
Collector.

জিলা চট্টগ্রাম।

ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জিলা চট্টগ্রাম।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে, সন ১৮৬৮ সালের ৭ আইন ও ১৮৭১ সালের ২ আইনের বিধানমতে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নলিখিত তালুকের ১৮৯৫ ইং সনের ২৫শে ফেব্রুয়ারি সূর্য্যাস্ত পর্য্যন্ত বাকী পড়া খাজানা ছেচ আদায়ের নিমিত্ত ১৮৯৫ ইং ৩০শে মেই মোতাবেক বাং ১৩০২। তারিখ ১৭ই জ্যৈষ্ঠ রোজ বৃহস্পতিবার জিলা চট্টগ্রামের কালেক্টরী কাছারিতে বিনা ওজরে প্রকাশ্য নিলামে ধরা যাইবে, সন ১৮৯৫ ইং তারিখ ১৬ই এপ্রিল।

থানা ও মৌজার নাম।	তালুকের নম্বর।	তালুকের নাম।	মালিকের নাম।	বার্ষিক জমা।		বাকীর সংখ্যা।			মন্তব্য।
				খাজানা।	ছেহ।	খাজানা।	ছেহ।	মোট।	
থানা সাতকানিয়া হাল থানা বাঁশখালী মৌজে পুইছড়ি মহল ময়াবাদ।	৩ / ৪০২	তালুক কৃষ্ণরঞ্জিত...	হরচন্দ্র বরদার ...	৫০০৸৶৬	৭৮৷৷৹৶৬	১৮৭৲	২৯৲	২১৬৲	[illegible]

CHITTAGONG COLLECTORATE,
The 16th April 1895.

J. D. ANDERSON,
Collector.

Cinchona Febrifuge.

Cinchona Febrifuge can be purchased by all Government officers and by any one taking *six pounds* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, at the following rates: per four-ounce tin, *Rs.* 2, *ans.* 8; per eight-ounce tin, *Rs.* 5; per pound tin, *Rs.* 10. The general public can be supplied by the Superintendent, Botanic Gardens, *for cash only*, at the undernoted rates: per four-ounce tin, *Rs.* 3; per eight-ounce tin, *Rs.* 6; per pound tin, *Rs.* 12. This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta. Postage—Four annas per 4 *oz.* tin, eight annas per 8 *oz.* tin, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

জ্বরঘ্ন সিন্‌কোনা।

কলিকাতাস্থ বোটানিকাল গার্ডনের অর্থাৎ কোম্পানির বাগানের সুপরিন্টেণ্ডেন্টের নিকট গবর্ণমেন্টের কর্ম্মচারিগণ এবং অপর কোন ব্যক্তি এককালীন ছয় পৌণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে জ্বরঘ্ন সিন্‌কোনা পাইবেন অর্থাৎ চারি ঔন্স টিন ২॥০ টাকায়, আট ঔন্স টিন ৫৲ টাকায় ও এক পৌণ্ড টিন ১০৲ টাকায় পাইবেন। সর্ব্বসাধারণে কোম্পানির বাগানের সুপরিন্টেণ্ডেন্টের নিকট নগদ মূল্য দিলে এই২ হিসাবে অর্থাৎ চারি ঔন্স টিন ৩৲ টাকায়, আট ঔন্স টিন ৬৲ টাকায় এবং এক পৌণ্ড টিন ১২৲ টাকায় পাইতে পারিবেন কলিকাতার প্রধান২ ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত হার ছাড়া চারি ঔন্স টিনের।০, আট ঔন্স টিনের ॥০ ও এক পৌণ্ড টিনের ৸০ ডাক মাসুল দিতে হইবে।

বঙ্গদেশের গবর্ণমেন্টের সিন্‌কোনা আবাদে প্রস্তুত বিশুদ্ধ কুইনাইন।

এই কুইনাইনের নিম্নলিখিত মূল্য হইবে, যথা—

১ এক পৌণ্ড টিন ১৬৲ বা ডাক মাসুল বিনা ১৬৸০
॥ আধ „ „ ৮৲ বা ডাক মাসুল বিনা ৮॥০
। শিকি „ „ ৪৲ বা ডাক মাসুল বিনা ৪॥০

পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে এই কুইনাইন অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করা হইয়াছে। এবং ইহা যে সিন্‌কোনাইন ও সিন্‌কোনীডাইন নামক অপকৃষ্ট ক্ষারের সহিত ইচ্ছাপূর্ব্বক মিশান হয় নাই তাহার গারাণ্টী দেওয়া যাইতেছে। ইহা নগদ মূল্যে কেবল গবর্ণমেন্টের কর্ম্মচারিগণের নিকট বিক্রয় করা যাইবে এবং কলিকাতার নিকটস্থ শিবপুরের কোম্পানির বাগানের সুপারিন্টেণ্ডেন্টের নিকট পাওয়া যাইতে পারিবে। ইহা শাদা বা পাটলবর্ণের পাওয়া যাইতে পারিবে।

NOTICE.

The 21st February 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance:—

For the Mufassal.	Rs.	A.	P.	
Entire Gazette	10	0	0	per annum.
Postage	2	8	0	„
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal	4	0	0	„
Postage	1	0	0	„
For a single copy—				
Entire Gazette	0	4	0	
Postage	0	1	0	
Parts III, IV, V, and VI	0	1	0	for 4 sheets of under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
Postage	0	1	0	

For Calcutta.

The same rates as those of the mufassal, with the exception of the charge for postage.

E. N. Baker,
Offg. Under-Secretary to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের মূল্য ও ডাকমাশুল এই অবধি নিম্ন লিখিত হারে অগ্রিম দিতে হইবে :—

মফঃসলে		টাকা।
সম্পূর্ণ গেজেট	বৎসর	১০৲
ডাকমাশুল	”	২॥০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে)	”	৪৲
ডাকমাশুল	”	১৲
সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য	”	।০
ডাকমাশুল		৴০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)		৴০ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠা প্রতি আর এক ২ আনা।
ডাকমাশুল		৴০

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাকমাশুল লাগিবে না।

ই, এন, বেকার।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী।

NOTICE.

In continuation of notice dated the 20th November 1887, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscriptions to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government officer or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in th Rupee on account of discount.

C. W. BOLTON,
Under-Secretary to the Govt. of Bengal.

12th December 1882.

NOTE — *Rates of advertisements in the* CALCUTTA GAZETTE.

	Rs.
Full page, per issue	20
Half „ „	10

Casual advertisement—4 annas per line.

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ গেজেট দেওয়া যাইবে না, ১৮৮৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্ট কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশ্‌তিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ⁄০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর।

মন্তব্য।— কলিকাতা গেজেটে ইশ্‌তিহার প্রকাশ করিবার হার এইঃ।—

					টাকা।
পূরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	..	.	..	...	২০৲
আধ পৃষ্ঠা	...	..	...	...	১০৲
কখন কখন ইশ্‌তিহার প্রকাশ করিতে হইলে একং পংক্তি	...	...	...	...	।০

FOR SALE AT THE BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C. D. Field, M.A., LL.D., of the Inner Temple, Barrister-at-Law, and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

N.B.—Copies are still available.

বাঙ্গাল সেক্রেটারিয়েট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-ল ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট কমিশ্যনের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুত সি, ডি, ফিলড, এম, এ, ও এল, এল, ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারীর প্রজা বিষয়ক আইন সংহিতা।

একং খানি পুস্তকের মূল্য, ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ।⁄০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

বিজ্ঞাপন।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার স্প্ল্যানেড ওয়েস্ট টৌন হালের হাতায় স্থিত বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্টারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেণ্ট প্রেশে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

কলিকাতা প্রেসিডেন্সি জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্য শ্রীযুত এডউইন মরিস লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।
B 30a—19-4-95—726—180

Numb. 2909 [২৯০৯] REGISTERED No. 1.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 30, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ৩০ আপ্রিল।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART II.

Resolutions, Orders, and Notifications by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

JUDICIAL DEPARTMENT.

No. 2673A.

No. 2668*A.* — *The* 23*rd April* 1895.—Babu Nagendra Nath Dhar, Munsif of Munshiganj, Dacca, is vested temporarily with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 100, and also with the functions of a District Court, under section 26 (1) of Act VII of 1889, within the local limits of the Munshiganj Munsifi, during the abeuce, on leave, of Babu Khetra Nath Dutta, or until further orders.

No. 2269*J* —*The* 22*nd April* 1895.—Babu Purna Chandra Saha is appointed to be an Honorary Magistrate of the Independent Bench at Goalundo, in the district of Faridpur, and is vested with the powers of a Magistrate of the third class.

No. 2303*J.*—*The* 23*rd April* 1895.—Babu Radha Raman Majumdar is appointed to be an Honorary Magistrate of the Sadar Independent Bench in the district of Rangpur, and is vested with the powers of a Magistrate of the third class.

H. J. S. COTTON,
Chief Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION—No. 2228J.

The 17*th April* 1895.—Under section 3, Act I (B.C.) of 1876 (an Act to provide for the voluntary registration of Muhammadan marriages and divorces), the Lieutenant-Governor has been pleased to grant a license to Maulvi Muhammad Abdul Hameed, authorising him to register Muhammadan marriages and divorces and to exercise the other functions of a Muhammadan Registrar within thanas Bow Bazar and Puddopukur in the town of Calcutta.

H. J. S. COTTON,
Chief Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION—No. 2229J.

The 17*th April* 1895.—Under section 2, Act XII of 1880 (an Act for the appointment of persons to the office of Kazi), the Lieutenant-Governor has been pleased to grant a sanad (license) to Maulvi Muhammad Abdul Hameed, appointing him Kazi of thanas Bow Bazar and Puddopukur, in the town of Calcutta, for the celebration of marriages and the performance of other rites and ceremonies, when application is made to him to perform any such functions.

H. J. S. COTTON,
Chief Secy. to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

জুডিশ্যল ডিপার্টমেণ্ট।

২৬৭৩ A নম্বর।

২৬৬৮ এ, নং।—১৮৯৫ সাল ২৩ আপ্রিল।—ছুটী প্রযুক্ত শ্রীযুত বাবু ক্ষেত্রনাথ দত্তের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় ঢাকা জিলার অন্তর্গত মুন্সিগঞ্জের মুন্সেফ শ্রীযুত বাবু নগেন্দ্রনাথ ধর মুন্সিগঞ্জ মুন্সেফীর স্থান সীমার মধ্যে কিয়ৎকালের জন্য ছোট আদালতে বিচার্য্য ১০০, টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা এবং ১৮৮৭ সালের ৭ আইনের ২৬ (১) ধারামত ডিষ্ট্রিক্ট কোর্টের ক্ষমতাও পাইলেন।

২২৬৯ জে, নং।—১৮৯৫ সাল ২২ আপ্রিল।—শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র সাহা করিদপুর জিলার অন্তর্গত গোয়ালন্দস্থ স্বাধীন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

২৩০৩ জে, নং।—১৮৯৫ সাল ২৩ আপ্রিল।—শ্রীযুত বাবু রাধারমণ মজুমদার রঙ্গপুর জিলার অন্তর্গত সদর স্বাধীন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

২২২৮ জে, নং—বিজ্ঞাপন।

১৮৯৫ সাল ১৭ আপ্রিল।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব মুসলমানদের বিবাহ ও তালাক এখ্তিয়ারমতে রেজেষ্টরী করিবার বিধান করণার্থ ১৮৭৬ সালের বঙ্গীয় ১ আইনের ৩ ধারামতে শ্রীযুত মৌলবী মহাম্মদ আবদুল হামিদকে লাইসেন্স দিয়া কলিকাতা সহরের অন্তর্গত বহুবাজার এবং পদ্মপুকুর থানার এলাকার মধ্যে মুসলমানদের বিবাহ ও তালাক রেজিষ্টরী করিবার ও মুসলমান রেজিষ্ট্রারের অন্যান্য ক্ষমতামতে কার্য্য করিবার ক্ষমতা দিলেন।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

২২২৯ জে, নং বিজ্ঞাপন।

১৮৯৫ সাল ১৭ আপ্রিল —শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কাজীর পদে লোক নিয়োগ করণার্থ ১৮৮০ সালের ১২ আইনের ২ ধারামতে শ্রীযুত মৌলবী মহাম্মদ আবদুল হামিদকে কলিকাতা সহরের অন্তর্গত বহুবাজার এবং পদ্মপুকুর থানায় কাজীর পদে নিযুক্ত করিয়া তাঁহাকে সনদ (লাইসেন্স) দিলেন। তাঁহার নিকট বিবাহ ও অন্যান্য ক্রিয়াকাণ্ড সম্পাদন করিবার প্রার্থনা করা গেলে তিনি উক্ত ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

বঙ্গদেশের গবর্ণমেণ্ট, - মেরিন্ ডিপার্টমেণ্ট।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নিকট বোম্বাই গবর্ণমেণ্টের ১৮৯৫ সালের ২৫ আপ্রিল তারিখের টেলিগ্রামের প্রতিলিপি।

আলেকজাণ্ড্রিয়াস্থ বৃটিষ কন্সল সাহেব গত কল্য এই টেলিগ্রাম করিয়াছেন—টেলিগ্রাম আরম্ভ—ওলাউঠার নিমিত্ত সুপসাগরের হাজাজহইতে আগত জাহাজ সকলের বিরুদ্ধে মিশরের বন্দর সমূহে

কারাণ্টাইন ধার্য্য করা হইয়াছে। যাহাতে তীর্থযাত্রী নাই এমন রোগ শূন্য জাহাজের পক্ষে যাত্রার তারিখ হইতে পাঁচ দিবস অতীত না হইলে কূলের সহিত সংস্রব করিবার অনুমতি দেওয়া হইবে না। যে জাহাজে তীর্থযাত্রী থাকে তাহার পক্ষে ১৫ দিনের কারাণ্টাইন—টেলিগ্রাম শেষ।

বঙ্গদেশের গবর্ণমেণ্ট,—মেরিন্ ডিপার্টমেণ্ট।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নিকট বোম্বাই গবর্ণমেণ্টের ২৬এ আপ্রিল তারিখের টেলিগ্রামের প্রতিলিপি।

আলেকজান্দ্রিয়াস্থ বৃটিষ কন্সল সাহেব টেলিগ্রাফ করিয়াছেন যে লিথহইতে লোহাইয়া পর্য্যন্ত সুপসাগরের তীরের বিরুদ্ধে মিশরের বন্দর সমুহে মড়ক নিবারণার্থ কারাণ্টাইন ধার্য্য করা হইয়াছে।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 30, 1895.

মঙ্গলবার, ১৮৯৫ সাল ৩০ আপ্রিল।

PART VIII.

ADVERTISEMENT.

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইস্তাহার।

কাছারি কমিশনরি সুন্দরবন।

১৮৭৯ সালের নবেম্বর মাসের রুলের ১৯ ধারামতে নোটিস।

এতদ্দারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নক্সা সুন্দরবনের কমিশনর সাহেবের আপিসে দেখিবার নিমিত্ত আছে এতদন্ত তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা আনন্দ চন্দ্র বন্দ্যোপাধ্যায়দিগের পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন ইতি মধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির দাওয়া নিষ্পত্য করিবার বিধান করণার্থ আইনমতে) দাওয়া বা আপত্য করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নীলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৯৫ সালের ৫ আগষ্ট মোতাবেক বাঙ্গলা সন ১৩০২ সালের ২১ শ্রাবণ সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনর সাহেবের আপিসে বিক্রীত হইবেক।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগনা ও খুলনা ও বাখরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখের বিধিসংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবেক।

নিয়ম এই ;—

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগস্বত্ত্বের নিয়মাধীনে থাকিবেক।

নৌকা গম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয়, এমত প্রসস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবে।

পাট্টা বিলির সময়ে উক্ত ভূমিতে যে সকল জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বর্ত্তমান থাকে ত যাহা ঐ ভূমি আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না কিন্তু ঐ জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেণ্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবেক।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেণ্টের স্বত্ব থাকিবেক তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথস্বত্ব রক্ষা করার এবং যুক্তিসঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবেক ও উক্ত ভূমিতে গবর্ণমেণ্টের মালিকিস্বত্ব থাকিবেক ও পাট্টাধারিকে কেবল দখলীস্বত্ব দেওয়া যাইবেক সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক ইতি ১৮৯৫। ২৩শে আপ্রিল।

তপসীল।

লাটের নম্বর।	জেলা সব-ডিবিজান ও থানা।	রকবা।	চৌহদ্দী।
চক নলটোনা তৃতীয় খণ্ড।	বাখরগঞ্জ পটুয়াখালী গুলিসাখালী।	৩১৪০/০	উত্তর ;—নিশানবাড়ীয়া খাল হইতে গর্জ্জনবুনিয়া খাল পর্য্যন্ত ৯০ ব্যারিংএর একটী সরলরেখা এবং গর্জ্জনবুনিয়া খালের কিয়দংশ। পূর্ব্ব ;—নলটোনার দোন। দক্ষিণ ;—নলটোনার দোন হইতে পদ্মা জোলা খাল পর্য্যন্ত ২৮৬ ব্যারিংএর একটী সরলরেখা। পশ্চিম ;—পদ্মার জোলা খাল হইতে নিশানবাড়ীয়া খালের যে স্থান হইতে অত্র খণ্ডের উত্তর সীমানার লাইন আরম্ভ হইয়াছে সেই স্থান পর্য্যন্ত ৩২০ ব্যারিংএর একটী সরলরেখা। উপরোক্ত সীমানা সকল সুন্দরবন কমিশনর শ্রীযুত মেঃ পীঃ রস সাহেবের ১৮৯৪। ৯৫ সিজনের নক্সানুসারে লিখিত হইল।

P. Ross,
Commissioner, Sundarbans.

কাছারি কমিশনরি সুন্দরবন।

১৮৭৯ সালের নবেম্বর মাসের রুলের ১৯ ধারামতে নোটিস।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নক্সা সুন্দরবনের কমিশনর সাহেবের আপিসে দেখিবার নিমিত্ত আছে এতন্নিম্ন তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা সেক্রী মগদিগর পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন ইতি মধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়া নিষ্পত্ত্য করিবার বিধান করণার্থ আইনমতে) দাওয়া বা আপত্ত্য করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নীলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৯৫ সালের ৫ আগস্ট মোতাবেক বাঙ্গলা সন ১৩০২ সালের ২১ শ্রাবণ সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনর সাহেবের আপিসে বিক্রীত হইবেক।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগনা ও খুলনা ও বাকরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখের বিধিসংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবেক।

নিয়ম এই ;—

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগস্বত্বের নিয়মাধীনে থাকিবেক।

নৌকা গম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয় এমত প্রসস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবে।

পাট্টা বিলির সময়ে উক্ত ভূমিতে যে সকল জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমি আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না কিন্তু ঐ জ্বালানী কি গুড়ী কাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেণ্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবেক।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেণ্টের স্বত্ব থাকিবেক তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথস্বত্ব রক্ষা করার এবং যুক্তিসঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবেক ও উক্ত ভূমিতে গবর্ণমেণ্টের মালিকিস্বত্ব থাকিবেক ও পাট্টাধারিকে কেবল দখলীস্বত্ব দেওয়া যাইবেক সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক। ইতি ১৮৯৫। ২৩শে আপ্রিল।

তপসীল।

লাটের নম্বর।	জেলা, সবডিবিজান ও থানা।	রকবা।	চৌহদ্দী।
চক নলটোনা চতুর্থ খণ্ড।	বাকরগঞ্জ, পটুয়াখালী গুলিসাখালী।	৩২০০/০	উত্তর ;—নিশানবাড়ীয়া খাল। পূর্ব্ব ;—নিশানবাড়ীয়া খাল হইতে পত্মা জোলা খাল পর্য্যন্ত ১৪০ ব্যারিংএর একটী সরলরেখা অর্থাৎ চক নলটোনার তৃতীয় খণ্ডের পশ্চিম সীমানার লাইন এবং ঐ পত্মা জোলা খালের কিয়দংশ। দক্ষিণ ;—পত্মা জোলা খাল হইতে বিষখালী নদী পর্য্যন্ত ২৭০ ব্যারিংএর একটী সরলরেখা। পশ্চিম ;—বিষখালী নদী। উপরোক্ত সীমানা সকল সুন্দরবন কমিশনর শ্রীযুত মেঃ পীঃ রস সাহেবের ১৮৯৪। ৯৫ সিজনের নক্সা অনুসারে লিখিত হইল।

P. Ross,
Commissioner, Sundarbans.

কাছারি কমিশনরি সুন্দরবন।

১৮৭৯ সালের নবেম্বর মাসের রুলের ১৯ ধারামতে নোটিস।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নক্সা সুন্দরবনের কমিশনর সাহেবের আপিসে দেখিবার নিমিত্ত আছে এতদ্ভুক্ত তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা রাসবিহারি বসু পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন ইতি মধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়া নিষ্পত্য করিবার বিধান করণার্থ আইনমতে) দাওয়া বা আপত্য করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নীলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৯৫ সালের ৫ আগষ্ট মোতাবেক বাঙ্গলা সন ১৩০২ সালের ২১ শ্রাবণ সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনর সাহেবের আপিসে বিক্রীত হইবেক।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগনা ও খুলনা ও বাখরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখের বিধিসংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবেক।

নিয়ম এই ;—

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগস্বত্বের নিয়মাধীনে থাকিবেক।

নৌকা গম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয় এমত প্রসস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবে।

